ংসদ

466

বাংলা উচ্চারণ অভিধান

সুভাষ ভট্টাচার্য

সংসদ

বাংলা উচ্চারণ অভিধান

সুভাষ ভট্টাচার্য

সাহিত্য সংসদ
৩২এ আচার্য প্রফুল্লচন্দ্র রোড
কলিকাতা-৯

প্রচ্ছদ
প্রণবেশ মাইতি

প্রথম প্রকাশ
জানুয়ারি ১৯৯২

প্রকাশক
দেবজ্যোতি দত্ত
শিশু সাহিত্য সংসদ প্রা লিমিটেড
৩২এ আচার্য প্রফুল্লচন্দ্র রোড
কলকাতা-৭০০ ০০৯

টাইপ সেটিং
পেজমেকার্স
২৪বি, লেক রোড
কলকাতা-৭০০ ০২৯

মুদ্রাকর
কম্পু কালার
৬এ, আশুতোষ শীল লেন
কলকাতা-৭০০ ০০৯

মূল্য ঃ একশো টাকা মাত্র

প্রকাশকের নিবেদন

পৃথিবীর কোনও ভাষাই যেমন লেখা হয় তেমন উচ্চারিত হয় না। কিন্তু প্রায় সকল ভাষাতেই শব্দের বানান সুনির্দিষ্ট, ব্যতিক্রম বাংলা ভাষায়। আধুনিক বাংলা ভাষায় বহু শব্দের বানান সুনির্দিষ্ট নয়। এজন্য, বাংলা শব্দের উচ্চারণ আরও বেশি রকমে অনির্দিষ্ট।

উচ্চারণে সমস্যা থাকার জন্য ইংরেজি প্রভৃতি ভাষার উচ্চারণ-অভিধান রয়েছে। প্রাচীন সংস্কৃত অভিধানে শব্দের উচ্চারণ নির্দেশ ছিল না। বাংলা অভিধান সংকলকগণের মধ্যে জ্ঞানেন্দ্রমোহন দাস 'বাঙ্গালা ভাষার অভিধানে' (১৩২৩ বঙ্গাব্দ) শব্দের উচ্চারণ-সংকেত ব্যবহার করেন। সর্বপ্রথম 'বাংলা উচ্চারণ কোষ' সংকলন করেন ধীরানন্দ ঠাকুর (১৩৬১ বঙ্গাব্দ)। কয়েক বছর আগে ঢাকার জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট প্রায় ষোলো হাজার প্রয়োজনীয় শব্দের উচ্চারণ নির্দেশ করে 'ব্যাবহারিক বাংলা উচ্চারণ অভিধান' প্রকাশ করেছেন (১৩৯৪ বঙ্গাব্দ)।

শব্দের উচ্চারণ বোঝাবার জন্য International Phonetic Association অনেক আগেই কিছু সংকেতচিহ্ন উদ্ভাবন করেছেন। এই IPA সংকেতচিহ্ন অধিকতর বৈজ্ঞানিক, এজন্য পাশ্চাত্য দেশে সকল অভিধানে IPA সংকেতচিহ্ন ব্যবহার করা হয়ে থাকে। সংসদ **বাংলা উচ্চারণ অভিধান**-এ IPA সংকেতচিহ্ন এবং বাংলা সংকেতচিহ্ন উভয়ই ব্যবহার করা হল। ইতিপূর্বে কোনও বাংলা অভিধানে বা বাংলা উচ্চারণ অভিধানে IPA সংকেতচিহ্ন ব্যবহৃত হয়েছে বলে আমাদের জানা নেই।

যেমন অল্প সময়ে শ্রীসুভাষ ভট্টাচার্য প্রায় বাইশ হাজার শব্দের এই উচ্চারণ অভিধান সংকলন করেছেন, তেমন অবিশ্বাস্য অল্প সময়ে শ্রীবিশ্বরূপ ভৌমিক কমপিউটার যন্ত্রে IPA সংকেতচিহ্নগুলি এবং বিশেষ করে বাংলা শব্দের উচ্চারণের জন্য অতিরিক্ত কয়েকটি সংকেতচিহ্ন তৈরি করে দিয়েছেন এবং বইখানি আদ্যন্ত কম্পোজ করে দিয়েছেন।

১০ই জানুয়ারি, ১৯৯২

দেবজ্যোতি দত্ত

ভূমিকা

এই অভিধান আদর্শ বা মান্য কথ্য বাংলার (standard colloquial Bengali) উচ্চারণের অভিধান। স্বভাবতই কথ্য বাংলার মান্য উচ্চারণ নির্দেশ বা বিবৃত করাই এই অভিধানের উদ্দেশ্য। সাধারণভাবে ফরমাল বা আনুষ্ঠানিক বা পরিশীলিত উচ্চারণ দেখানো আমাদের উদ্দেশ্য নয়। স্ট্যান্ডার্ড বা মান্য উচ্চারণ বলতে বুঝি মোটামুটি শিক্ষিত বাঙালির সাধারণ কথোপকথনে ব্যবহৃত আঞ্চলিকতামুক্ত উচ্চারণকে। অন্যদিকে, সকলেই জানেন যে আবৃত্তিতে, সাহিত্য-সংস্কৃতি বিষয়ক ভাষণে কিংবা নাটকের সংলাপে এক ধরনের পরিশীলিত উচ্চারণ শোনা যায়। এই পরিশীলিত উচ্চারণকে বলতে পারি ফরমাল বা আনুষ্ঠানিক উচ্চারণ। বহুক্ষেত্রেই আমাদের স্ট্যান্ডার্ড উচ্চারণ থেকে এই পরিশীলিত উচ্চারণ আলাদা। সম্প্রতি কিছু কিছু শব্দের মান্য বা স্ট্যান্ডার্ড উচ্চারণের পাশাপাশি ফরমাল বা পরিশীলিত উচ্চারণও প্রচলিত হয়ে গেছে। সেসব ক্ষেত্রে আমরা অভিধানে দুই উচ্চারণই রেখেছি। পদ্ম শব্দের অনুনাসিকতা মান্য উচ্চারণে খুবই ক্ষীণ, প্রায় অশ্রুত—পদ্‌দো। কিন্তু পরিশীলিত উচ্চারণ—পদ্‌দোঁ। এক্ষেত্রে আমরা দুই উচ্চারণই বিবৃত করেছি। কিন্তু যেখানে ফরমাল বা পরিশীলিত উচ্চারণ যথেষ্ট প্রচলিত নয়, এবং তা মান্য উচ্চারণের বিকল্প বা প্রতিস্পর্ধী হয়ে ওঠেনি, সেখানে আমরা কেবল মান্য উচ্চারণই রেখেছি। আবার কিছু শব্দের মান্য উচ্চারণেও বিভিন্নতা আছে। সেসব ক্ষেত্রেও আমরা বিকল্প উচ্চারণ রেখেছি।

মান্য উচ্চারণ প্রায়ই বানানকে অনুসরণ করে না, প্রায়ই তা অর্থকেও অনুসরণ করে না। মান্য উচ্চারণে প্রধানত ধ্বনিতাত্ত্বিক প্রবণতাই ক্রিয়াশীল। অনন্ত শব্দের বানানানুগ বা অর্থানুসারী উচ্চারণ হওয়া উচিত অনন্‌ত বা অনন্‌তো। কিন্তু এর কোনোটিই বাঙালির স্বাভাবিক উচ্চারণ নয়। বাঙালির স্বাভাবিক মান্য উচ্চারণ অনোন্‌তো। এর অবশ্য একটি ধ্বনিতাত্ত্বিক কারণ আছে। প্রথম সিলেবলে ঝোঁক পড়ার জন্য দ্বিতীয় সিলেবলের নিহিত (inherent) অ ধ্বনি ও ধ্বনিতে পরিণত হয়েছে। যেহেতু এই অভিধানের নীতি বর্ণনামূলক (descriptive) তাই এখানে সাধারণভাবে বানানানুগ উচ্চারণ (spelling pronunciation) বিবৃত হয়নি। তবে, যেখানে ফরমাল উচ্চারণের মতো বানানানুগ উচ্চারণও প্রচলিত হয়ে গেছে সেখানে সেই উচ্চারণও বিকল্প হিসাবে দেখানো হয়েছে। লক্ষণীয় যে, প্রায়ই বানানানুগ উচ্চারণ ও ফরমাল উচ্চারণ অভিন্ন। লেজ শব্দের স্ট্যান্ডার্ড উচ্চারণ ল্যাজ্‌। কিন্তু বানানানুগ এবং ফরমাল উচ্চারণ লেজ্‌। দুই উচ্চারণই

প্রচলিত। তাই এই অভিধানে দুই উচ্চারণই দেখানো হয়েছে। অনুরূপভাবে অশ্লীল শব্দের অস্‌স্লিল্ এবং অশ্‌শ্লিল্ এই দুই উচ্চারণই দেখানো হয়েছে। আবার, উচ্ছৃঙ্খল শব্দের স্ট্যান্ডার্ড উচ্চারণ উস্‌স্রিংখল্। আমরা এই উচ্চারণই দেখিয়েছি।

নানান কারণে ভুল উচ্চারণও প্রচলিত হয়ে যায়। এই অভিধানে যেহেতু বর্ণনামূলক নীতি গ্রহণ করা হয়েছে সেইজন্য ধ্বনিতত্ত্বের নিয়মে যে-উচ্চারণ ভুল তাও যদি প্রচলিত হয়ে যায় এবং স্ট্যান্ডার্ড উচ্চারণ হিসাবে গণ্য হয়, তবে সেই 'ভুল' উচ্চারণই দেখানো হবে, যেহেতু সেটিই স্ট্যান্ডার্ড উচ্চারণ। অণিমা শব্দের ধ্বনিতত্ত্ব-সংগত উচ্চারণ ওনিমা। কিন্তু আধুনিক বাংলায় স্ট্যান্ডার্ড উচ্চারণ দাঁড়িয়ে গেছে অনিমা। অনিমা শব্দের অ-কে নঞর্থক উপসর্গ ধরে নেওয়ার জন্যই এই উচ্চারণ দাঁড়িয়েছে। আমরা অভিধানে ওই ভুল 'অনিমা' উচ্চারণই রেখেছি। আবার বলি, মান্য কথ্য বাংলায় শব্দ কীভাবে উচ্চারিত হয় সেটাই আমরা দেখাতে চাই। কীভাবে উচ্চারিত হওয়া উচিত তা দেখানো সাধারণভাবে এই অভিধানের উদ্দেশ্য নয়, যদিও এই উচ্চারণ বিবৃতির মধ্যেই একটা প্রচ্ছন্ন নির্দেশ বা prescription-এর ভাব থেকে যায়।

এই অভিধানে বাংলা হরফে এবং একই সঙ্গে আন্তর্জাতিক ধ্বনিমূলক চিহ্নে (International Phonetic Alphabet, সংক্ষেপে IPA) উচ্চারণ দেখানো হয়েছে। বাংলা হরফে উচ্চারণ দেখানো হয়েছে সাধারণ পাঠকের সুবিধার জন্য। কিন্তু বাংলায় উচ্চারণ-নির্দেশ নিখুঁত হতে পারে না। সেক্ষেত্রে আন্তর্জাতিক ধ্বনিমূলক চিহ্ন দেখলে সুবিধা হবে। কী সুবিধা হবে তা একটি উদাহরণ দিলেই বোঝা যাবে। বাংলায় খ ঘ ছ ঝ ঠ ঢ থ ধ ফ এই ধ্বনিগুলি শব্দের শেষে থাকলে মহাপ্রাণতা ক্ষীণ বা দুর্বল হয়ে যায়। কাঁধ শব্দের শেষে ধ্ যেন ধ্ নয়, একটু দুর্বল, যেন দ্ ও ধ্-এর মাঝামাঝি একটা ধ্বনি। বাংলা হরফে এই মহাপ্রাণতার ক্ষীণতা ঠিকঠিক দেখানো যায় না। সেক্ষেত্রে ধ্বনিমূলক চিহ্ন দেখে প্রকৃত উচ্চারণ বুঝতে হবে। এই অভিধানে কাঁধ শব্দের উচ্চারণ এইভাবে দেখানো হয়েছে—**কাঁধ** কাঁধ্ [kã:d(ɦ)] প্রথম বন্ধনীতে থাকবে খণ্ডিত, অর্ধোচ্চারিত, ক্ষীণ ধ্বনি এবং বৈকল্পিক ধ্বনি।

এই প্রথম একটি বাংলা উচ্চারণ অভিধান রচিত হল যাতে আন্তর্জাতিক ধ্বনিমূলক লিপি বা চিহ্ন (IPA) ব্যবহৃত হয়েছে। আন্তর্জাতিক ধ্বনিমূলক লিপিতে অনেক জটিলতা আছে। পাঠকের সুবিধার্থে আন্তর্জাতিক ধ্বনিমূলক লিপির কিছুটা সরলীকৃত রূপ এই অভিধানে ব্যবহার করা হয়েছে। ধ্বনিমূলক চিহ্নের ব্যাখ্যা মূল অভিধান আরম্ভের আগেই দেওয়া হয়েছে।

এই অভিধান রচনার বিভিন্ন পর্যায়ে শ্রীশঙ্খ ঘোষ, শ্রীপবিত্র সরকার এবং শ্রীঅশোক মুখোপাধ্যায়ের কাছ থেকে যে পরামর্শ ও নির্দেশনা পেয়েছি তা না পেলে এই অভিধান রচনা করা সম্ভবই হত না।

অনেক খুঁটিনাটি বিষয়ে পরামর্শ দিয়ে সাহায্য করেছেন শ্রীরমেন ভট্টাচার্য। সমস্ত রকমের অভিধান প্রকাশে সাহিত্য সংসদের যোগ্যতা, সুনাম ও মর্যাদা সুপ্রতিষ্ঠিত ও প্রতিদ্বন্দ্বীহীন। এই সংস্থা এই অভিধানটির প্রকাশে আগ্রহী হয়েছে বলেই এটি এইভাবে প্রকাশ করা সম্ভব হয়েছে। তার জন্য শ্রীদেবজ্যোতি দত্ত ও শ্রীমতী চন্দনা দত্তের কাছে আমি কৃতজ্ঞ। তাঁদের আগ্রহ ও নিষ্ঠার তুলনা নেই। মুদ্রণের প্রতিটি পদক্ষেপে তাঁরা ছিলেন সতর্ক ও যত্নশীল। পেজমেকার্স-এর শ্রীবিশ্বরূপ ভৌমিক IPA-র প্রতিটি চিহ্ন তৈরি করে অসাধ্য সাধন করেছেন। সাহিত্য সংসদের অক্লান্ত কর্মী শ্রীগৌতম সরকারকেও এই সুযোগে আমার ধন্যবাদ জানাই।

সুভাষ ভট্টাচার্য

কলিকাতা
জানুয়ারি ১৯৯২

বাংলা উচ্চারণের রূপরেখা

প্রত্যেক ভাষার উচ্চারণের কতকগুলি সাধারণ প্রবণতা থাকে। সেই প্রবণতাগুলি সম্পর্কে সুস্পষ্ট ধারণা না থাকলে সেই ভাষার উচ্চারণের চরিত্র বা বৈশিষ্ট্য সম্পর্কেও সুস্পষ্ট ও অভ্রান্ত ধারণা সম্ভব নয়। বাংলা উচ্চারণ অভিধানে কয়েক হাজার শব্দের উচ্চারণ বিবৃত হয়েছে। অভিধান থেকে একটি শব্দের উচ্চারণ জেনে নেওয়া যায়। কিন্তু তাতে বাংলা উচ্চারণের সাধারণ বৈশিষ্ট্য বা চরিত্র সম্পর্কে কিংবা প্রবণতা সম্পর্কে ধারণা হয় না। অথচ বাঙালিই হোন আর অবাঙালিই হোন, উচ্চারণ অভিধানের সমস্ত ব্যবহারকারীর পক্ষেই বাংলা উচ্চারণের প্রধান লক্ষণগুলিকে চিনে নেওয়া একান্তই কর্তব্য। আমাদের বর্ণমালা এবং মুখের ভাষায় উচ্চারিত ধ্বনির মধ্যে সম্পূর্ণ মিল বা ঐক্য নেই। আমাদের স্বরবর্ণ এগারোটি অথচ আদর্শ কথ্য ভাষায় মৌলিক স্বরধ্বনি আছে সাতটি। আমাদের মুখের ভাষায় অন্তত সতেরোটি যৌগিক স্বরধ্বনি বা diphthong আছে, অথচ বর্ণমালায় আছে মাত্র দুটি—ঐ, ঔ। আমাদের উচ্চারণে প্রচুর অর্ধস্বরের ব্যবহার আছে, অথচ বর্ণমালায় তার কোনো অস্তিত্ব নেই। আমাদের ব্যঞ্জনবর্ণ আছে পঁয়ত্রিশটি, কিন্তু মুখের ভাষায় ব্যঞ্জনধ্বনি আছে ত্রিশটি। এছাড়া স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির পরিবর্তন তো আছেই। এখানে বাংলা উচ্চারণ বিষয়ে কোনো বিশদ আলোচনা আমাদের উদ্দেশ্য নয়। এখানে কেবল বাংলা উচ্চারণের সাধারণ বৈশিষ্ট্য ও লক্ষণগুলি সংক্ষেপে বর্ণনা করা হচ্ছে।

বাংলা স্বরবর্ণ ও স্বরধ্বনি

১. বাংলা বর্ণমালায় এগারোটি স্বরবর্ণ আছে। প্রত্যেকটি বর্ণেরই উদ্ভাবন হয়েছিল এক-একটি ধ্বনির প্রতিনিধিত্ব করার জন্য। কিন্তু দেখা যাচ্ছে যে আ, ই, উ এবং ও এই চারটি বর্ণ মোটামুটিভাবে যথাক্রমে [a], [i], [u] এবং [o] ধ্বনির যথার্থ প্রতিনিধি। এগুলির দ্বিতীয় কোনো উচ্চারণ নেই। কিন্তু অ ঋ এ ঈ এবং ঊ-র উচ্চারণ সম্পর্কে বিশেষ আলোচনা প্রয়োজন। অ কখনো অ উচ্চারিত হয়, কখনো ও উচ্চারিত হয়। ঋ ব্যঞ্জবধ্বনির মতো উচ্চারিত হয়, ঈ এবং ঊ নামে দীর্ঘ-ঈ ও দীর্ঘ-ঊ হলেও হ্রস্ব-ই এবং হ্রস্ব-উ-র মতো উচ্চারিত হয়।

অ একটি নিম্নমধ্য অর্ধ-বিবৃত পশ্চাৎ ধ্বনি। এই জন্য তার পরে ই বা উ ধ্বনি

থাকলে অর্থাৎ উর্ধ্ব ধ্বনি থাকলে অ উর্ধ্বধ্বনিতে রূপান্তরিত হয়—অর্থাৎ ও ধ্বনিতে পরিণত হয়। এইজন্যই পট = পট্, কিন্তু পটি = পোটি, মশা = মশা কিন্তু মসী = মোশি। একইভাবে পশু, কলু, বঁটি, নদী প্রভৃতি অজস্র শব্দের বানানে অ (অর্থাৎ প, ক, বঁ, ন) থাকলেও উচ্চারণে ও হয়। অবশ্য একটি-দুটি ব্যতিক্রমও আছে। শব্দের গোড়ার অ যদি নঞর্থক উপসর্গ হয় তবে পরে ই বা উ ধ্বনি থাকলেও গোড়ার অ ও হয় না। যেমন অকুণ্ঠ, অটুট, অপুত্রক, অপূর্ব। দ্বিতীয়ত, আতিশয্যবাচক বা সহ অর্থে স-যুক্ত শব্দের স-য়ের নিহিত অ ধ্বনি ও হয় না, স শো হয় না। যেমন সচিত্র, সতীর্থ, সঠিক, সজীব। তৃতীয়ত, সৎ বা সদ্-যোগে গঠিত শব্দের নিহিত অ-ধ্বনি ও ধ্বনিতে পরিণত হয় না। যেমন সদুত্তর, সদুপদেশ।

নিহিত (inherent) অ ধ্বনির পরে ক্ষ (ক্খ) থাকলে অ ধ্বনি ও ধ্বনিতে পরিণত হয়। কক্ষ, পক্ষ, অক্ষ, দক্ষ প্রভৃতি শব্দে অ-য়ের পরে ই বা উ নেই বটে। তবু অ ও-ধ্বনিতে পরিণত হল ক্ষ অর্থাৎ ক্খ ধ্বনিগুচ্ছের প্রভাবে। শব্দের গোড়ায় র-ফলা-যুক্ত ব্যঞ্জন থাকলে সেই র-ফলা-যুক্ত ব্যঞ্জনের নিহিত অ-ধ্বনি ও ধ্বনিতে পরিণত হয়—গ্রহ, গ্রহণ, ক্রম, শ্রম, প্রথা, দ্রষ্টা, প্রথম। অবশ্য পরে য় থাকলে ও ধ্বনি হবে না—ক্রয়, ত্রয়।

২. আদর্শ কথ্য বাংলায় শব্দের শেষের নিহিত অ ধ্বনির লোপের একটা স্বাভাবিক ও সাধারণ প্রবণতা আছে। দাম, দমন, ফল, কমল, কলম, শ্রাবণ, শ্যাম, রাম প্রভৃতি শব্দের শেষের ব্যঞ্জনের সঙ্গে একটি করে নিহিত অ ধ্বনি ছিল। কিন্তু সেই অ ধ্বনিটি আমাদের উচ্চারণে লোপ পায়। আমরা এইরকম বহু শব্দকেই ব্যঞ্জনান্ত অর্থাৎ হলন্ত উচ্চারণ করি। এই প্রবণতার কথা সকলেই জানেন। কিন্তু এই নিয়মেরও কতগুলি ব্যতিক্রম আছে। সেগুলিরও উল্লেখ প্রয়োজন। প্রথমত, শেষ সিলেবলের আগে অনুস্বার থাকলে, সহজ করে বলতে গেলে, শেষ নিহিত অ-যুক্ত ব্যঞ্জনের আগে অনুস্বার থাকলে শেষ অ-ধ্বনি লোপ পায় না—কংস হংস বংশ ত্রিংশ। দ্বিতীয়ত, ত বা ইত প্রত্যয়ান্ত শব্দের শেষ ত-য় স্বরধ্বনি লোপ পায় না। নিবারিত, নত, পুলকিত, গত, আগত, ব্যাখ্যাত, মথিত। তৃতীয়ত, শেষে হ বা য় (অনীয় বা ঈয়/এয়) থাকলে স্বরধ্বনি লোপ পায় না— পেয়, মদীয়, পানীয়, নমনীয় ; দেহ, বহ, সহ, দাহ, কেহ, কলহ। এই ধরনের নিয়ম ও প্রবণতা আরো আছে। এখানে মাত্র কয়েকটিরই উল্লেখ করা হল।

৩. বাংলায় ঋ শব্দের গোড়ায় থাকলে তা রি উচ্চারিত হয়। র+ই এইভাবে ধরলে এই রি মোটেই স্বরধ্বনি নয়। আবার শব্দের মধ্যে স্বরধ্বনির পরে ঋ-কার থাকলে আদর্শ কথ্য বাংলায় ব্যঞ্জনের একটা দ্বিত্বের প্রবণতা লক্ষ করা যায়। আকৃষ্ট = আক্-ক্রিষ্টো, আদৃত = আদ্-দ্রিতো। কোনো বাঙালিই কথোপকথনে অর্থাৎ সাধারণ

আলাপে এগুলিকে আ-ক্রিষ্‌টো বা আ-দ্রিতো উচ্চারণ করেন না। তবে একথাও ঠিক যে পরিশীলিত উচ্চারণে অর্থাৎ ফরমাল, চেষ্টিত ও সচেতন উচ্চারণে ওই দ্বিত্ব এড়ানোরই চেষ্টা হয়। আমরা স্বাভাবিকভাবে উপকৃত শব্দটিকে উপোক্‌ক্রিতো বললেও আবৃত্তিতে বা নাটকের সংলাপে কেউ কেউ উপোক্রিতো বলার পক্ষপাতী। অভিধানে বাংলা হরফে আমরা দ্বিত্ব দেখাইনি বটে, তবে ধ্বনিলিপিতে দেখিয়েছি।

৪. বাংলা স্বরবর্ণ ও স্বরধ্বনির বিবোধের আর একটি বড় ক্ষেত্র হল এ। বহু শব্দ বানানে এ বা এ-কার হলেও উচ্চারণে অ্যা হয়। খেলা, চেলা, ভেড়া, একা, এগারো, বেড়া, এত, যেন, যেমন, লেজা, হেলাফেলা। কিছু বিদেশি, দেশি ও নবাগত শব্দ অবশ্য আজকাল অ্যা দিয়েই লেখা হচ্ছে। যেমন ন্যাতা, ন্যাকড়া, অ্যাসিড, জ্যাঠা, ক্যাবলা। কিন্তু এখনো অজস্র শব্দ আমাদের ভাষায় আছে যেগুলি বানানে এ বা এ-কার অথচ উচ্চারণে অ্যা। এক্ষেত্রে সমস্যার আংশিক সমাধান হতে পারে যদি এ উচ্চারণ এবং অ্যা উচ্চারণের ক্ষেত্রগুলিকে চিহ্নিত করা যায়। সাধারণত শব্দের মধ্যের ও শেষের এ-কার অ্যা উচ্চারিত হয় না। দ্বিতীয়ত, যুক্ত ব্যঞ্জনের এ-কার সর্বত্রই এ উচ্চারিত হয়—শ্রেয়, প্রেম, ক্রেতা, দ্বেষ। বিশেষ্য বা বিশেষণে য় বা হ-এর পূর্ববর্তী এ-কার এ উচ্চারিত হয়—দেহ, গেহ, কেহ ; দেয়, পেয়, গেয়। চতুর্থত, শব্দের দ্বিতীয় সিলেবলে ই বা উ ধ্বনি থাকলে প্রথম সিলেবলের এ বা এ-কার এ উচ্চারিত হয়। ফেন = ফ্যান্, কিন্তু ফেনিল = ফেনিল্, পেঁচানো = প্যাঁচানো, কিন্তু পেঁচিয়ে = পেঁচিয়ে।

৫. আদর্শ কথ্য বাংলায় অন্তত সতেরোটি যৌগিক স্বরধ্বনি বা diphthong আছে। ডিফথঙের বৈশিষ্ট্য এই যে তাতে একটি পূর্ণ স্বরধ্বনি এবং একটি অর্ধস্বরধ্বনি থাকে। আয়, যাই, খাই, চায়, শুই প্রভৃতি শব্দে এই ডিফথং আছে। আয় = আয়্, যাই = জাই্, খাই = খাই্, চায় = চায়্, শুই = শুই্। লক্ষ করার বিষয় যে এই দ্বিতীয় স্বরধ্বনিটি পূর্ণ নয়। তাই এগুলিকে ঠিক ঠিক দেখাতে গেলে একটি হস্-চিহ্ন চাই। ধ্বনিলিপিতে দেখানো হয় এইভাবে — ɑĕ, ɟʒaĭ, khaĭ, cʃaĕ, ʃuĭ অনুরূপভাবে দাও = দাও্ [daŏ].

৬. স্বরধ্বনি প্রসঙ্গে শেষ বক্তব্য এই যে, যদিও আমরা জানি যে বাংলায় কোনো বিশেষ স্বরধ্বনির দীর্ঘ উচ্চারণ নেই, যেমন নেই ঈ বা ঊ এর, তথাপি মনে রাখতে হবে যে এক সিলেবলের শব্দে স্বরধ্বনি সব সময়ই দীর্ঘ উচ্চারিত হয়। আম এবং আমি শব্দে আ একই মাত্রার নয়। আম শব্দের আ দীর্ঘ, তেমনই কুল শব্দের উ দীর্ঘ, এমন-কী গঁদ শব্দের অঁ দীর্ঘ। এই দীর্ঘতা [:] চিহ্ন দিয়ে বোঝানো হয়। আম = [ɑ:m], কুল = [ku:l], গঁদ = [gɔ̃:d]. এইভাবে দেখলে বাংলায় যে কোনো স্বরধ্বনিই দীর্ঘ উচ্চারিত হতে পারে, যদি সেই স্বরধ্বনি এক সিলেবলের শব্দের স্বরধ্বনি হয়।

বাংলা ব্যঞ্জনবর্ণ ও ব্যঞ্জনধ্বনি

১. আগেই বলা হয়েছে বাংলা বর্ণমালায় পঁয়ত্রিশটি ব্যঞ্জনবর্ণ থাকলেও ব্যঞ্জনধ্বনি আছে ত্রিশটি। ঞ-র কোনো নিজস্ব সুনির্দিষ্ট উচ্চারণ বাংলায় নেই। কখনো তার উচ্চারণ য়ঁ (মিঞা), কখনো তার উচ্চারণ ইয়ঁ (নঞর্থক), কখনো বা ন (বাঞ্ছা)। য বাংলায় জ উচ্চারিত হয়, মূর্ধন্য-ণ দন্তমূলীয় ন-য়ের মতো উচ্চারিত হয়। কয়েকটি সীমিত ক্ষেত্র ছাড়া মূর্ধন্য-ষ সাধারণভাবে শ উচ্চারিত হয়। য় বাংলায় একটি অর্ধস্বর বা semi-vowel হিসাবে বিবেচিত। বাকি ব্যঞ্জনবর্ণগুলির উচ্চারণ নিয়ে কোনো সংশয় বা অনিশ্চয়তা নেই, তাদের উচ্চারণে বিভিন্নতাও নেই। দন্ত্য-ন সম্পর্কে একটি প্রাসঙ্গিক মন্তব্য প্রয়োজন। এটিকে দন্ত্য-ন বলাই যদিও দীর্ঘকালের রীতি, বাংলায় দন্ত্য-ন প্রকৃতপক্ষে দন্ত্য (dental) ধ্বনি নয়, এটি একটি দন্তমূলীয় (alveolar) ধ্বনি। এছাড়া দন্ত্য-স নামে দন্ত্য হলেও এর দুটি ধ্বনি আছে। একটি তালব্য শ-য়ের মতো—সময়, সব, সমান। অন্যটি দন্তমূলীয় ধ্বনি, যা পাওয়া যায় ত-বর্গের সঙ্গে যুক্ত হলে—কাস্তে, ন্যস্ত, বিস্তার, দিস্তা, স্বাস্থ্য। এছাড়া অন্য ব্যঞ্জনবর্ণগুলির উচ্চারণ মোটামুটি সুনির্দিষ্ট।

২. বাংলা ব্যঞ্জনধ্বনির উচ্চারণের কিছু সমস্যা আছে যুক্তব্যঞ্জনের ক্ষেত্রে। তাই ব্যঞ্জনের উচ্চারণ প্রসঙ্গে যুক্তব্যঞ্জন সম্পর্কে দু-একটি কথা বলে নেওয়া দরকার।

ক. বাংলায় ক্ষ প্রকৃতপক্ষে একটি যুক্তব্যঞ্জন—ক্+ষ্। সংস্কৃতে এর ঠিক ওই রকম উচ্চারণই দস্তুর। কিন্তু বাংলায় ক্ষ-র দুরকম উচ্চারণ পাই এবং সেই দুটি উচ্চারণই সংস্কৃত উচ্চারণের চেয়ে অনেক আলাদা। শব্দের গোড়ায় ক্ষ খ উচ্চারিত হয়—ক্ষয়, ক্ষমা, ক্ষরণ। শব্দেয় মধ্যে ক্খ উচ্চারিত হয়—অক্ষর, কক্ষ, বীক্ষণ।

খ. জ্ঞ অর্থাৎ জ্+ঞ্ শব্দের গোড়ায় গ্ঁ উচ্চারিত হয়—জ্ঞান, জ্ঞাপন। শব্দের মধ্যে গ্ঁগঁ উচ্চারিত হয়—বিজ্ঞান, সজ্ঞান।

গ. ব-ফলার একাধিক উচ্চারণ পাওয়া যায়। শব্দের গোড়ায় ব-ফলার কোনো উচ্চারণ নেই—শ্বাস, শ্বাপদ, দ্বাপর, দ্বিজ, দ্বার। শব্দের মধ্যে ব-ফলা ব্যঞ্জনের দ্বিত্ব ঘটায়—বিদ্বান (বিদ্দান্), স্বত্ব (শৎতো)। ব-ফলাযুক্ত হ-এর উচ্চারণ বিশেষভাবে লক্ষণীয়। আহ্বান (আও্ভান্), বিহ্বল (বিউ্ভল্)। উদ্ উপসর্গ-যুক্ত শব্দে ব-ফলা ব উচ্চারিত হয়—উদ্বাস্তু, উদ্বুদ্ধ, উদ্বোধন।

ঘ. ম-ফলার তিনটি উচ্চারণ পাওয়া যায়। শব্দের গোড়ায় ম্ উচ্চারিত হয় না, তার পরিবর্তে একটা অনুনাসিকতা আসে—স্মিত (শিঁতো), স্মারক (শাঁরোক্)। শব্দের মধ্যে বা শেষে ম-ফলা থাকলে অনুনাসিকতা তো আসেই, উপরন্তু পরের ব্যঞ্জনটির দ্বিত্বও হয়—বিস্ময় (বিশ্শঁয়), রশ্মি (রোশ্শিঁ)। তৃতীয়ত, কোনো কোনো ক্ষেত্রে ম-

উচ্চারিত হয়, আর তা হয় বলেই দ্বিত্ব বা অনুনাসিকতা কোনোটিই আসে না—কাশ্মীর, তন্ময়, মৃন্ময়, বাল্মীকি, জ্যোতিষ্মান, চক্ষুষ্মান প্রভৃতি।

ঙ. য-ফলার পাঁচরকম উচ্চারণ আদর্শ কথ্য বাংলায় লক্ষ করা যায়। (এক) পরে ব্যঞ্জনধ্বনি কিংবা অ, আ, ও ধ্বনি থাকলে শব্দের আদ্য য-ফলা অ্যা উচ্চারিত হয়—ব্যবহার, ব্যক্ত, ব্যস্ত ; (দুই) পরে ই ধ্বনি থাকলে য-ফলা এ উচ্চারিত হয়—ব্যথিত, ব্যতিক্রম ; (তিন) শব্দের শেষে বা মধ্যে ব্যঞ্জনে য-ফলা থাকলে ব্যঞ্জনটির দ্বিত্ব হয়—সদ্য, পদ্য, কল্য, গদ্য ; (চার) শব্দের গোড়ায় য-ফলার সঙ্গে উ-কার, ঊকার বা ও-কার থাকলে য-ফলার উচ্চারণ হয় না—দ্যুতি, ন্যুব্জ, ব্যূহ, দ্যোতনা ; (পাঁচ) শব্দের শেষে আ-কার-যুক্ত য-ফলা দ্বিত্ব+আ উচ্চারিত হয়। হত্যা = হোৎতা (হোৎত্যা নয়), বিদ্যা = বিদ্‌দা (বিদ্‌দ্যা নয়)।

চ. রেফ এবং র-ফলার বৈশিষ্ট্য এই যে শব্দের মধ্যে বা শেষে এরা ব্যঞ্জনের দ্বিত্ব ঘটায়। গর্ব, দর্প, সর্ব প্রভৃতি শব্দের উচ্চারণ ঠিক গর্‌বো, দর্‌পো, শর্‌বো নয়। লিখতে হয় গর্‌ব্ বো দর্‌প্ পো শর্‌ব্ বো। তবে প্রথম ব্যঞ্জনটি খণ্ডিত। অর্থাৎ দ্বিত্ব আংশিক। সেইজন্য অভিধানে বাংলা হরফে দ্বিত্ব দেখানো হয়নি। দেখানো হয়েছে আন্তর্জাতিক ধ্বনিচিহ্নে, এইভাবে [gɔr(b)bò], [dɔr(p)pò], [ʃɔr(b)bò].

শব্দের মধ্যে ও শেষে র-ফলা সব সময়ই ব্যঞ্জনের দ্বিত্ব ঘটায়। ছাত্র = ছাৎত্রো [cʃhattrò], বিশ্রাম = বিস্‌স্রাম [bissram].

ছ. হ-য়ের সঙ্গে মূর্ধন্য-ণ, দন্ত্য-ন ও ম-ফলা যুক্ত হলে, উচ্চারণে হ পরে চলে যায়। অপরাহ্ণ = [ɔpòrannɦò], ব্রাহ্মণ = [brammɦòn]. হ-য় ব-ফলার উচ্চারণে হ ধ্বনি খণ্ডিত ও ধ্বনিতে পরিণত হয়। এবং ব-ধ্বনি ভ-ধ্বনিতে পরিণত হয়। আহ্বান = আও্‌ভান [aŏbɦan]. হ-য় য-ফলার উচ্চারণ জ্‌ঝ। সহ্য, বাহ্য, দাহ্য প্রভৃতির উচ্চারণ যথাক্রমে শোজ্‌ঝো, বাজ্‌ঝো, দাজ্‌ঝো।

৩. অনুনাসিকতা ও বিসর্গ

বাংলা ভাষায় অনুনাসিকতার একটি বিশেষ চরিত্র আছে। স্বরধ্বনির অনুনাসিকতা স্পষ্টই উচ্চারিত হয়। চাঁদ, কোঁচা, বাঁশি প্রভৃতি শব্দের অনুনাসিকতা খুবই স্পষ্ট। কিন্তু যুক্ত-ব্যঞ্জনে নাসিক্য ব্যঞ্জনের জন্য, বিশেষত ঞ-র জন্য বা ম-ফলার জন্য যেখানে অনুনাসিকতা আসে, সেখানে অনুনাসিকতা কোথাও স্পষ্ট, কোথাও ক্ষীণ, আবার কোথাও বা সম্পূর্ণ অশ্রুত। স্মারক, বিস্ময় প্রভৃতি শব্দে অনুনাসিকতা বেশ স্পষ্ট। স্মরণীয়, স্মরণ, পদ্ম, বিজ্ঞান প্রভৃতি শব্দে অনুনাসিকতা ক্ষীণ ; আবার লক্ষ্মী, সূক্ষ্ম প্রভৃতি শব্দে অনুনাসিকতা একেবারেই অশ্রুত।

বাংলায় বিসর্গের উচ্চারণ সম্পর্কে একটি কথাই স্মরণীয়। বিসর্গের উচ্চারণ নেই।

কেবল তার প্রভাবে পরবর্তী ব্যঞ্জনটির দ্বিত্ব হয়। দুঃখ = দুক্‌খো, অধঃপাত = অধোপ্‌পাৎ।

৪. শেষ ব্যঞ্জনের মহাপ্রাণতা

শব্দের শেষের মহাপ্রাণ ধ্বনি যদি ব্যঞ্জনান্ত উচ্চারিত হয়, তবে সেই মহাপ্রাণ ধ্বনির মহাপ্রাণতা লোপ পায় অথবা ক্ষীণ হয়ে যায়। কাঁধ, সাধ, বাঁধ প্রভৃতি শব্দের ধ ধ্‌ উচ্চারিত হয় না, এদের প্রকৃত উচ্চারণ অনেকটা দ্‌ ও ধ্‌ এর মাঝামাঝি। ধ্বনিচিহ্নে দেখানো যেতে পারে এইভাবে – [kæ̃:d(ɦ)], [ʃa:d(ɦ)], [bã:d(ɦ)]. আবার, লক্ষ করার বিষয় যে, শেষ মহাপ্রাণিত ধ্বনিটি যদি স্বরান্ত উচ্চারিত হয় তবে মহাপ্রাণতা লোপ পায় না। সাধা শব্দের উচ্চারণ শাধা [ʃadɦa]. এমন-কী শব্দের মধ্যে একটি মহাপ্রাণিত ব্যঞ্জন ও পরবর্তী ব্যঞ্জনের মধ্যে কোনো স্বরধ্বনি না থাকলে মহাপ্রাণিত ব্যঞ্জনটির মহাপ্রাণতা লোপ পায় কিংবা ক্ষীণ হয়ে যায়। আছড়ানো, গাছপালা, সাঁঝবেলা প্রভৃতি শব্দে ছ ও ঝ এর মহাপ্রাণতা খুবই ক্ষীণ, প্রায় অশ্রুত।

৫. পাশাপাশি ব্যঞ্জনের পরিবর্তন

সবশেষে ব্যঞ্জনধ্বনির বহির্বর্তী সন্ধির উল্লেখ করতে হয়। বাক্যে একটি শব্দের শেষ ব্যঞ্জনধ্বনির সঙ্গে পরের শব্দের প্রথম ব্যঞ্জনধ্বনির সন্ধি কথ্য ভাষার একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য। এই সন্ধি প্রধানত দু-রকমের— সমস্থানজাত বা homorganic এবং ভিন্নস্থানজাত বা heterorganic. এক গ্রাস (অ্যাগ্‌গ্রাশ্‌), দিক গাল (দিগ্‌গাল্‌), হাত ধরা (হাদ্‌ধরা), পিঠ ঢাকা (পিড্‌ঢাকা), মেঘ করেছে (মেক্‌ কোরেছে) প্রভৃতি সমস্থানজাত সন্ধির দৃষ্টান্ত। আবার পাক দেওয়া (পাগ্‌ দেওআ), পাঁচ ভাই (পাঁজ্‌ ভাই), এক ঢোক (অ্যাগ্‌ ঢোক্‌) প্রভৃতি ভিন্নস্থানজাত সন্ধির উদাহরণ। উচ্চারণ অভিধানে সব সময় এইসব প্রবণতা নিখুঁতভাবে দেখানো যায় না। কিন্তু মান্য কথ্য বাংলার এইসব প্রবণতা উপেক্ষা কিংবা অস্বীকার করাও যায় না। তবে লক্ষণীয় যে, পরিশীলিত বা ফরমাল উচ্চারণে এই ধরনের ধ্বনিগত পরিবর্তন সতর্কভাবে এড়াবারই চেষ্টা দেখা যায়।

অভিধানে ব্যবহৃত ধ্বনিচিহ্নের ব্যাখ্যা

ক. স্বরধ্বনি

ধ্বনিচিহ্ন	উচ্চারণের স্থান ও প্রকার	বাংলা ধ্বনি	উচ্চারণের স্থান ও প্রকার	বাংলা শব্দ	ধ্বনিলিপি	তুলনীয় ইংরেজি ধ্বনি
i	(high close front)	ই	(উর্ধ্বসংবৃত সম্মুখ)	দিন, দীন	[din]	i (fill)
ɑ	(low open central)	আ	(নিম্ন বিবৃত কেন্দ্রীয়)	বাসা	[bɑʃɑ]	a (father)
e	(high-mid half-close front)	এ	(উর্ধ্বমধ্য অর্ধ-সংবৃত সম্মুখ)	মেদিনী	[medini]	e (pet)
o	(high-mid half-close back)	ও	(উর্ধ্বমধ্য অর্ধ-সংবৃত পশ্চাৎ)	ভোমরা	[bɦomrɑ]	o (most)
ɔ	(low-mid half-open back)	অ	(নিম্নমধ্য অর্ধ-বিবৃত পশ্চাৎ)	বনানী	[bɔnani]	o (long)
æ	(low-mid half-open front)	অ্যা	(নিম্নমধ্য অর্ধ-বিবৃত সম্মুখ)	খেলা	[khælɑ]	a (bang)
u	(high close back)	উ	(উর্ধ্ব সংবৃত পশ্চাৎ)	পুকুর	[pukur]	oo(shook)

অর্ধস্বর ও হ্রস্বস্বর

ĭ	ই্	ভাই	[bɦaĭ]	ŏ	ও্	যাও, হাওয়া	[ɟʒaŏ, ɦaŏɑ]
ĕ	য়্	খায়	[khaĕ]	ŭ	উ্	ঝাউ	[ɟʒɦaŭ]
ò	ও	নতুন	[nòtun]				

অনুনাসিক স্বরধ্বনি

ĩ	ইঁ	ইঁদুর, সিঁথি	[ĩdur, ʃithi]	ɔ̃	অঁ	গঁদ	[gɔ̃d]
ã	আঁ	কাঁদা	[kãdɑ]	æ̃	অ্যাঁ	প্যাঁচা	[pæ̃cʃɑ]
ẽ	এঁ	কেঁচো	[kẽcʃo]	ũ	উঁ	ছুঁচো	[cʃhũcʃo]
õ	ওঁ	ভোঁদড়	[bɦõdòṛ]				

দ্বিস্বরধ্বনি (diphthongs)

স্ট্যাণ্ডার্ড কথ্য বাংলায় সতেরোটি দ্বিস্বরধ্বনি পাওয়া যায়। দ্বিস্বরধ্বনির ধ্বনিগত মাত্রা ১½, প্রথমটি পূর্ণ স্বর এবং দ্বিতীয়টি অর্ধস্বর।

iĭ	ইই্	দিই, নিই	[diĭ, niĭ]	oĭ	ওই্	তৈল	[doĭlò]
iŭ	ইউ্	পিউ, শিউলি	[piŭ, ʃiŭli]	oĕ	ওয়্	শোয়	[ʃoĕ]
ɑĭ	আই্	খাই	[khɑĭ]	oŏ	ওও্	ধোও	[dɦoŏ]
ɑĕ	আয়্	যায়	[ɟʒɑĕ]	oŭ	ওউ্	নৌকা	[noŭkɑ]
ɑŏ	আও্	দাও	[dɑŏ]	æĕ	অ্যায়্	দেয়	[dæĕ]
ɑŭ	আউ্	ঝাউ	[ɟʒɦɑŭ]	æŏ	অ্যাও্	ম্যাও	[mæŏ]
eĭ	এই্	সেই	[ʃeĭ]	uĭ	উই্	শুই	[ʃuĭ]
eŭ	এউ্	ঢেউ	[ḍɦeŭ]	ɔĕ	অয়্	ভয়	[bɦɔĕ]
ɔŏ	অও্	নও	[nɔŏ]				

খ. ব্যঞ্জনধ্বনির চিহ্ন

	ধ্বনিচিহ্ন	বাংলা ধ্বনি	বাংলা শব্দ	ধ্বনিলিপি	তুলনীয় ইংরেজি ধ্বনি
ওষ্ঠ্য (labial)					
অল্পপ্রাণ (unaspirated)	p	প্	পাকা	[paka]	pen শব্দে p
মহাপ্রাণ (aspirated)	ph	ফ্	ফল	[phɔl]	haphazard শব্দে ph
অল্পপ্রাণ (unaspirated)	b	ব্	বালি	[bali]	back শব্দে b
মহাপ্রাণ (aspirated)	bɦ	ভ্	ভীরু	[bɦiru]	pub-house শব্দে b-h
নাসিক্য (nasal)	m	ম্	মানুষ	[manuʃ]	man শব্দে m
দন্ত্য (dental)					
অল্পপ্রাণ (unaspirated)	t	ত্, ৎ	কাতলা	[katla]	তুলনীয় ধ্বনি নেই
মহাপ্রাণ (aspirated)	th	থ্	থমক	[thɔmòk]	thigh শব্দে th
অল্পপ্রাণ (unaspirated)	d	দ্	দাম	[dam]	them শব্দে th
মহাপ্রাণ (aspirated)	dɦ	ধ্	ধারা	[dɦara]	তুলনীয় ধ্বনি নেই
দন্তমূলীয় (alveolar)					
উষ্ম, শিস্ (fricative, sibilant)	s	স্	ইসলাম	[islam]	mass শব্দে ss
নাসিক্য (nasal)	n	ন্	নীলা	[nila]	name শব্দে n
রণিত (trill)	r	র	বিরাম	[biram]	very শব্দে r
পার্শ্বিক (lateral)	l	ল্	মালিনী	[malini]	large শব্দে l

মূর্ধন্য (retroflex, cerebra)	ধ্বনিচিহ্ন	বাংলা ধ্বনি	বাংলা শব্দ	ধ্বনিলিপি	তুলনীয় ইংরেজি ধ্বনি
অল্পপ্রাণ (unaspirated)	ṭ	ট্	বট	[bɔṭ]	but শব্দে t
মহাপ্রাণ (aspirated)	ṭh	ঠ্	কাঠুরে	[kaṭhure]	at home শব্দে t-h
অল্পপ্রাণ (unaspirated)	ḍ	ড্	ডুমুর	[ḍumur]	bad শব্দে d
মহাপ্রাণ (aspirated)	ḍɦ	ঢ্	ঢোল	[ḍɦol]	ad hoc শব্দে d-h
অল্পপ্রাণ, তাড়িত (unaspirated, flapped)	ṛ	ড়্	বড়	[bɔṛò]	তুলনীয় ধ্বনি নেই
মহাপ্রাণ, তাড়িত (aspirated, flapped)	ṛɦ	ঢ়্	দৃঢ়	[driṛɦò]	তুলনীয় ধ্বনি নেই
তালব্য (palatal)					
অল্পপ্রাণ (unaspirated)	cʃ	চ্	মুচি	[mucʃi]	much শব্দে ch
মহাপ্রাণ (aspirated)	cʃh	ছ্	ছাগল	[cʃhagòl]	much hope শব্দে ch-h
অল্পপ্রাণ (unaspirated)	ɟʒ	জ্	জল	[ɟʒɔl]	edge শব্দে dg
মহাপ্রাণ (aspirated)	ɟʒɦ	ঝ্	ঝাউ	[ɟʒɦaŭ]	badge-hunt শব্দে dge-h
উষ্ম, শিস্ (fricative, sibilant)	ʃ	শ্	মশা	[mɔʃa]	shout শব্দে sh
			ষাট	[ʃaṭ]	
			সময়	[ʃɔmɔĕ]	

কণ্ঠ্য (Velar)	ধ্বনিচিহ্ন	বাংলা ধ্বনি	বাংলা শব্দ	ধ্বনিলিপি	তুলনীয় ইংরেজি ধ্বনি
অল্পপ্রাণ (unaspirated)	k	ক্	কলম	[kɔlòm]	shake শব্দে k
মহাপ্রাণ (aspirated)	kh	খ্	শাখা	[ʃakha]	shake-hand শব্দে kh-h
অল্পপ্রাণ (unaspirated)	g	গ্	গম	[gɔm]	beg শব্দে g
মহাপ্রাণ (aspirated)	gɦ	ঘ্	বাঘা	[bagɦa]	big hole শব্দে g-h
নাসিক্য (nasal)	ŋ	ঙ(ং)	শংকর	[ʃɔŋkɔr]	bang শব্দে ng

কণ্ঠনালীয় (gutteral)					
উষ্ম (fricative)	ɦ	হ্	মহান	[mɔɦan]	haste শব্দে h

গ. চারটি যুক্তব্যঞ্জনের বিশেষ চিহ্ন

ccʃ	চ্চ্	বাচ্চা	[baccʃa]
ccʃh	চ্ছ্	কচ্ছপ	[kɔccʃhòp]
ɟɟʒ	জ্জ্	উজ্জ্বল	[uɟɟʒɔl]
ɟɟʒɦ	জ্ঝ্	কুজ্ঝটিকা	[kuɟɟʒɦòṭika]
		সহ্য	[ʃòɟɟʒɦò]

ঘ. কয়েকটি অতিরিক্ত চিহ্নের ব্যাখ্যা

( ) খণ্ডিত বা অর্ধোচ্চারিত ধ্বনি এবং বিকল্প ধ্বনি প্রথম বন্ধনীর মধ্যে থাকবে। রেফ-যুক্ত ব্যঞ্জনের দ্বিত্বের প্রবণতা এই বন্ধনী দিয়ে বোঝানো হয়েছে। গর্ব = গর্‌বো [gɔr(b)bò]

আবার কাঁধ শব্দে ধ ধ্বনির মহাপ্রাণতা দুর্বল। তাই এই শব্দের ধ্বনিলিপি এইরকম— [kã:d(ɦ)]

[:] এক সিলেবলের শব্দে স্বরধ্বনিমাত্রেই দীর্ঘ উচ্চারিত হয়। আম শব্দের আ দীর্ঘ, কুল শব্দের উ দীর্ঘ ; কম শব্দের অ দীর্ঘ। এই দীর্ঘতা ঃ চিহ্ন দিয়ে বোঝানো হয়েছে—[ɑ:m], [ku:l], [kɔ:m]

~ আনুনাসিকতা বোঝাতে স্বরধ্বনির মাথায় ~ চিহ্ন দেওয়া হয়েছে— কাঁদা [kãdɑ], পাঁক [pã:k]

বাংলা হরফে উচ্চারণ-নির্দেশ সম্পর্কে বক্তব্য

(১) বাংলা ব্যঞ্জনবর্ণে পঁয়ত্রিশটি বর্ণ থাকলেও তার মধ্যে উনত্রিশটি ব্যঞ্জনবর্ণ এক-একটি ধ্বনির প্রতিনিধিত্ব করে। অন্যগুলির পৃথক বা সুনির্দিষ্ট উচ্চারণ নেই। এই অভিধানে বাংলা হরফে উচ্চারণ নির্দেশ করার সময় সেই উনত্রিশটি ব্যঞ্জনবর্ণকে নেওয়া হয়েছে। এগুলি হল ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ট ঠ ড ঢ ত থ দ ধ ন প ফ ব ভ ম র ল শ ষ স হ।

(২) তবে হস্‌-যুক্ত ঙ-র বদলে ং ব্যবহার করা হয়েছে এবং হস্‌-যুক্ত ত্‌-এর বদলে ৎ ব্যবহার করা হয়েছে।

(৩) বাংলায় শ্‌-ধ্বনিই বেশি। কিছু শব্দে, বিশেষত, ত-বর্গের সঙ্গে যুক্ত শব্দে স (s) ধ্বনি পাওয়া যায়। সাধারণভাবে মূর্ধন্য-ষ এর পৃথক ধ্বনি হিসাবে উচ্চারণ আধুনিক বাংলায় নেই। কেবল ট, ও ঠ-র সঙ্গে যুক্ত হলে মূর্ধন্য-ষ এর উচ্চারণ পাওয়া যায়। যেহেতু ট ও ঠ মূর্ধন্য-ধ্বনি (retroflex), তাই তার অনুষঙ্গে শ-ধ্বনি কিছুটা মূর্ধন্যত্ব প্রাপ্ত হয়। এইজন্য বাংলা হরফে কেবল এইসব শব্দের ক্ষেত্রে ষ্‌ ব্যবহার করা হয়েছে। অষ্ট = অষ্‌টো।

(৪) য়-কে ব্যঞ্জনবর্ণের তালিকায় রাখা হলেও প্রকৃতপক্ষে এটি একটি অর্ধস্বর বা semi-vowel. এই অভিধানে অর্ধস্বর হিসাবে (ভয় = ভয়্‌) এবং য়-শ্রুতি (glide) বোঝাতে (ভয়াল = ভয়াল্‌) য় ব্যবহৃত হয়েছে।

সংসদ বাংলা উচ্চারণ অভিধান

অ

অ (বাংলা বর্ণমালার প্রথম স্বরবর্ণ) অ [ɔ:]

অঋণী (ঋণী নয় এমন) অরিনি [ɔrini]

অংশ (ভাগ ; খণ্ড) অংশো [ɔŋʃò] **অংশক** (জ্ঞাতি ; দিন) ~ক্ [~k] **অংশনীয়** (ভাগ করতে হবে এমন) ~ নিয়ো [~niò]

অংশী (ভাগীদার) ওংশি [òŋʃi] **অংশীদার** (ভাগীদার) ~দার্ [~dar] **অংশীদারি** (partnership) ~দারি [~dari]

অংশু (কিরণ ; প্রভা ;আঁশ) ওংশু [òŋʃu] **অংশুমান** (জ্যোতির্ময়) ~মান্ [~man] **অংশুমালী** (সূর্য) ~মালি [~mali]

অংস (কাঁধ) অংশো [ɔŋʃò] **অংসকুট** (hump of a bull) ~কুট্ [~kuṭ] **অংসফলক** ~ফলোক্ [~phɔlòk]

অকচ (কেশহীন) অকচো/ অকোচ্ [ɔkɔcʃò/ɔkòcʃ]

অকটবিকট (বিকৃত অঙ্গভঙ্গি) অকোট্‌বিকোট্/ অকট্‌বিকট্ [ɔkòṭbikòṭ/ɔkɔṭbikɔṭ]

অকঠিন (কোমল) অকোঠিন্ [ɔkòṭhin]

অকঠোর (সদয়) অকঠোর্ [ɔkɔṭhor]

অকথন (কুকথা ;অবক্তব্য) অকথোন্ [ɔkɔthòn] **অকথা** অকথা [ɔkɔtha] **অকথনীয়** (বলা উচিত নয় এমন) অকথোনিয়ো [ɔkɔthòniò] **অকথিত** (বলা হয়নি এমন) অকোথিতো [ɔkòthitò] **অকথ্য** অকোৎথো [ɔkòtthò]

অকপট (সরল) অকোপট্/ অকপট্ [ɔkòpɔṭ/ɔkɔpɔṭ]

অকম্প (নিশ্চল) অকম্‌পো [ɔkɔmpò] **অকম্পিত** (কম্পনহীন, স্থির) অকোম্‌পিতো [ɔkòmpitò]

অকম্প্র (কম্পনহীন) অকম্‌প্রো [ɔkɔmprò]

অকরণীয় (যা করা উচিত নয়) অকরোনিয়ো [ɔkɔrònio]

অকরুণ (নিষ্ঠুর) অকোরুন্ [ɔkòrun]

অকর্তব্য (অন্যায়, যা করা উচিত নয়) অকোর্‌তোব্‌বো/ অকর্‌তোব্‌বো [ɔkòr(t)tòbbò/ɔkɔr(t)tòbbò]

অকর্ম (কর্মের অভাব) অকর্‌মো [ɔkɔr(m)mò] **অকর্মা** (অকর্মণ্য) অকর্‌মা [ɔkɔr(m)ma] **অকর্মণ্য** (অক্ষম ; কাজের নয় এমন) অকোর্‌মোন্‌নো/ অকর্‌মোন্‌নো [ɔkòr(m)mònnò/ɔkɔr(m)mònnò]

অকলঙ্ক (নির্মল, নির্দোষ) অকলোংকো [ɔkɔlòŋkò]

অকলঙ্কিত (কলঙ্কহীন) অকলোংকিতো [ɔkɔlòŋkitò]

অকলুষ (নিষ্পাপ) অকোলুশ্ [ɔkòluʃ] **অকলুষিত** (কলুষহীন) অকোলুশিতো [ɔkòluʃitò]

অকল্পিত (যা ভাবা যায়নি) অকোল্‌পিতো [ɔkòlpitò]

অকল্যাণ (অমঙ্গল) অকোল্‌ল্যান্ [ɔkòllæn] **অকল্যাণকর** ~কর্ [~kɔr]

অকস্মাৎ (হঠাৎ) অকোশ্‌শাঁৎ [ɔkòʃʃãt]

অকাজ (বাজে কাজ) অকাজ্ [ɔkaɟʒ]

অকাট্য (যা খণ্ডন করা বা কাটা যায় না) অকাট্‌টো [ɔkaṭṭò]

অকাতর (নিঃশঙ্ক ; অকুণ্ঠ) অকাতোর্ [ɔkatòr] **অকাতরে** অকাতোরে/ অকাতরে [ɔkatòre/ɔkatɔre]

অকাম (নিষ্কাম) অকাম্ [ɔkam] **অকাম্য** অকাম্‌মো [ɔkammò]

অকারণ (অহেতুক) অকারোন্ [ɔkaròn]

অকার্য (অকাজ) অকার্‌জো[ɔkar(ɟ)ɟʒò] **অকার্যকর** (অকেজো) ~কর্ [~kɔr]

অকাল (অসময়) অকাল্ [ɔkal] **অকালকুষ্মাণ্ড** (অকর্মণ্য লোক) ~কুশ্‌শাঁন্‌ডো [~kuʃʃãndò] **অকালপক্ব** ~পক্‌কো [~pɔkkò] **অকালবোধন** (অসময়ের দুর্গাপূজা) ~বোধোন্ [~bodɦòn] **অকালমৃত্যু** ~ম্রিৎতু [~mrittu]

অকিঞ্চন (নিঃস্ব) অকিন্‌চন্/অকিন্‌চোন্ [ɔkincʃɔn/ɔkincʃòn]

অকিঞ্চিৎকর (তুচ্ছ) অকিন্‌চিৎকর্ [ɔkincʃitkɔr]

অকু (ঘটনা, দুর্ঘটনা) ওকু [òku] **অকুস্থল** ~স্‌থল্ [~sthɔl]

অকুণ্ঠ (কুণ্ঠা বা সংকোচহীন) অকুন্‌ঠো [ɔkunṭhò] **অকুণ্ঠিত** (অকাতর) অকুন্‌ঠিতো [ɔkunṭhitò]

অকুতোভয় (নির্ভীক) অকুতোভয়্ [ɔkutobɦɔĕ]

অকূল (অপার) অকুল্ [ɔkul]

অকৃত (যা করা হয়নি) অক্রিতো [ɔ(k)kritò] **অকৃতকার্য** ~কার্‌জো [~kar(ɟ)ɟʒò]

অকৃতজ্ঞ (কৃতঘ্ন) অক্রিতগ্‌গোঁ/অক্রিতোগ্‌গোঁ [ɔ(k)kritɔggõ/ɔ(k)kritòggõ]

অকৃতদার (অবিবাহিত পুরুষ) অক্রিতোদার্ [ɔ(k)kritòdar]

অকৃত্রিম (খাঁটি) অক্রিৎত্রিম্ [ɔ(k)krittrim]

অকৃপণ (উদার) অক্রিপোন্ [ɔ(k)kripòn]

অকেজো (কাজের নয় এমন) অকেজো [ɔkeɟʒo]

অক্রিয় (নিষ্ক্রিয়) অক্‌ক্রিয়ো [ɔkkriò] **অক্রিয়া** অক্‌ক্রিয়া [ɔkkria]

'অক্রূর' ওক্‌ক্রুর [òkkrur]

অক্রোধ (শান্ত ভাব) অক্‌ক্রোধ্ [ɔkkrod(ɦ)]

অক্লান্ত (ক্লান্তিহীন) অক্‌ক্লান্‌তো [ɔkklantò] **অক্লান্তকর্মা** ~কর্‌মা [~kɔr(m)ma]

অক্লেশ (কষ্টের অভাব) অক্‌ক্লেশ্ [ɔkkleʃ]

অক্ষ (axis; পাশা) অক্‌খো/ওক্‌খো [ɔkkhò/òkkhò] **অক্ষক্রীড়া** ~ক্‌ক্রিড়া [~kkriṛa] **অক্ষদণ্ড** (axis) ~দন্‌ডো [~dɔnḍò] **অক্ষরেখা** (parallel of latitude) ~রেখা [~rekha]

অক্ষত (ক্ষত বা আহত নয় এমন) অক্‌খতো [ɔkkhɔtò]

অক্ষম (দুর্বল) অক্‌খোম্/অক্‌খম্ [ɔkkhòm/ɔkkhɔm] **অক্ষমতা** (দুর্বলতা) অক্‌খমোতা/অক্‌খোমোতা [ɔkkhɔmòta/ɔkkhòmòta]

অক্ষয় (যার ক্ষয় বা ধ্বংস নেই) অক্‌খয়্[ɔkkhɔĕ]

অক্ষর (বর্ণ, letter) ওক্‌খোর্ [òkkhòr] **অক্ষরবৃত্ত** (বাংলা ছন্দবিশেষ) ~ব্রিৎতো [~brittò]

অক্ষাংশ (degrees of latitude) অক্‌খাংশো/ওক্‌খাংশো [ɔkkhaŋʃò/òkkhaŋʃò]

অক্ষি (চোখ) ওক্‌খি[òkkhi] **অক্ষিকোটর** ~কোটোর্ [~koṭòr]

অক্ষীয় (কৌণিক) ওক্‌খিয়ো [òkkhiò]

অক্ষুণ্ণ (ক্ষুণ্ণ হয়নি এমন, অব্যাহত) অক্‌খুন্‌নো [ɔkkhunnò]

অক্ষৌহিণী (চতুরঙ্গ সৈন্যের সংখ্যাবিশেষ) অক্‌খৌহিনি [ɔkkhoŭɦini]

অখণ্ড (আস্ত, গোটা ; integral) অখন্‌ডো/অখোন্‌ডো [ɔkɦɔnḍò/ɔkhònḍò] **অখণ্ডনীয়** (অকাট্য) ~নিয়ো [~niò] **অখণ্ডিত** (অবিভক্ত) অখোন্‌ডিতো [ɔkhònḍitò]

অখদ্যে (বাজে) অখোদ্‌দে [ɔkhòdde]

অখাত (যা খনন করা হয়নি) অখাতো [ɔkhatò]

অখাদ্য (খাওয়া যায় না এমন, বাজে) অখাদ্‌দো [ɔkhaddò]

অখিল (বিশ্ব) অখিল্ [ɔkhil]

অখিলেশ (ভগবান) অখিলেশ্ [ɔkhileʃ]

অখুশি (অসন্তুষ্ট) অখুশি [ɔkhuʃi]

অখ্যাত (অপরিচিত) অক্‌খ্যাতো [ɔkkhætò] **অখ্যাতি** অক্‌খ্যাতি [ɔkkhæti]

অগড়-বগড় (আবোল-তাবোল) অগোড়্ বগোড়্ [ɔgòṛ bɔgòṛ]

অগণন (অসংখ্য) অগনোন্ [ɔgɔnòn] **অগণনীয়** অগনোনিয়ো [ɔgɔnòniò] **অগণিত** অগোনিতো [ɔgònitò] **অগণ্য** অগোন্‌নো [ɔgònnò]

অগতি (নিরুপায়) অগোতি [ɔgòti]

অগত্যা (বাধ্য হয়ে) অগোৎতা [ɔgòtta]

অগন্তব্য (যেখানে যাওয়া যায় না বা যাওয়া উচিত নয়) অগন্‌তোব্‌বো [ɔgɔntòbbò]

অগভীর (shallow, গভীর নয় এমন) অগোভির্ [ɔgòbɦir]

অগম্য (যেখানে যাওয়া যায় না) অগোম্মো [ɔgòmmò]

'অগস্ত্য' (মুনিবিশেষ) অগোস্তো/অগস্তো [ɔgòstò/ɔgɔstò]

অগাধ (তলহীন) অগাধ্ [ɔgad(ɦ)]

অগুনতি, অগুন্তি (অসংখ্য) অগুন্তি [ɔgunti]

অগুরু (গন্ধকাষ্ঠ) অগুরু [ɔguru]

অগোচর (অজ্ঞাত) অগোচর্ [ɔgocʃɔr]

অগোছাল (গোছানো বা বিন্যস্ত নয় এমন) অগোছালো [ɔgocʃhalò]

অগৌরব (অখ্যাতি) অগৌরব্ [ɔgoŭrɔb]

অগ্নি (আগুন) ওগ্নি [ògni] **অগ্নিকাণ্ড** ~কান্ডো [~kanḍò] **অগ্নিকুণ্ড** ~কুন্ডো [~kunḍò] **অগ্নিগর্ভ** (ভিতরে আগুন আছে এমন) ~গর্ভো [gɔr(b)bɦò] **অগ্নিদগ্ধ** ~দগ্ধো [~dɔgdɦò] **অগ্নিদেব** ~দেব্ [~deb] **অগ্নিপরীক্ষা** ~পোরিক্খা [~pòrikkha] **অগ্নিবাণ** ~বান্ [~ban] **অগ্নিবৃষ্টি** ~ব্রিষ্‌টি [~(b)briʃṭi] **অগ্নিমান্দ্য** ~মান্দো [~mandò] **অগ্নিমিত্র** ~মিৎত্রো [~mittrò] **অগ্নিমূর্তি** ~মুর্‌তি [~mur(t)ti] **অগ্নিশর্মা** ~শর্‌মা [~ʃɔr(m)ma] **অগ্নিসেবন** ~শেবোন্ [~ʃebòn] **অগ্নিহোত্রী** ~হোৎত্রি [~ɦòttri]

অগ্ন্যাশয় (pancreas) অগ্নাশয়্ / ওগ্নাশয়্ [ɔgnaʃɔĕ/ògnaʃɔĕ]

অগ্ন্যুৎপাত (আগ্নেয়গিরি থেকে আগুন বেরনো) ওগ্নুৎপাৎ [ògnutpat]

অগ্ন্যুৎসব (bonfire) ওগ্নুৎশব্ [ògnutʃɔb]

অগ্র (সম্মুখ ; শিখর ; প্রথম) অগ্গ্রো [ɔggrò] **অগ্রগণ্য** ~গোন্নো [~gònnò] **অগ্রগতি** (উন্নতি ; বৃদ্ধি) ~গোতি [~gòti] **অগ্রগমন** ~গমোন্ [~gɔmòn] **অগ্রগামী** (অগ্রবর্তী) ~গামি [~gami] **অগ্রজ** (জ্যেষ্ঠ ভ্রাতা) ~জো/~জ্ [~ɟʒò/~ɟʒ] **অগ্রণী** (নেতা, pioneer)~নি [~ni] **অগ্রদানী** ~দানি [~dani] **অগ্রদূত** (pioneer) ~দুৎ [~dut] **অগ্রদ্বীপ** ~দ্বিপ্ [~dip] **অগ্রবর্তী** ~বোর্‌তি [~bòr(t)ti] **অগ্রভাগ** ~ভাগ্ [~bɦag] **অগ্রসর** ~শর্ [~ʃɔr] **'অগ্রহায়ণ'** ~হায়োন্ [~ɦaĕòn]

অগ্রাধিকার (priority) অগ্গ্রাধিকার্ [ɔggradɦikar]

অগ্রাহ্য (বাতিল) অগ্গ্রাজ্‌ঝো [ɔggraɟɟʒɦò]

অগ্রিম (আগাম) ওগ্গ্রিম্ [òggrim]

অঘটন (অপ্রত্যাশিত ঘটনা) অঘটোন্ [ɔgɦɔṭòn]

'অঘাসুর' অঘাশুর্ [ɔgɦaʃur]

অঘোর (শিব ; শান্ত) অঘোর্ [ɔgɦor] **অঘোরপন্থী** ~পোন্‌থি [~pònthi]

অঘোষ (unvoiced, লঘুধ্বনিযুক্ত) অঘোশ্ [ɔgɦoʃ]

অঘ্রাত (ঘ্রাণ নেওয়া হয়নি এমন) অগ্ঘ্রাতো [ɔggɦratò]

অঘ্রান (অগ্রহায়ণ) অগ্ঘ্রান্ [ɔggɦran]

অঙ্ক (রাশি ; গণনা) অংকো [ɔŋkò] **অঙ্কবাচক** ~বাচোক্ [~bacʃòk] **অঙ্কশাস্ত্র** ~শাস্‌ত্রো [~ʃastrò] **অঙ্কীয়** ওংকিয়ো [òŋkiò]

অঙ্কন (চিহ্নিত করা ; আঁকা) অংকোন্ [ɔŋkòn] **অঙ্কিত** (চিহ্নিত) ওংকিতো [òŋkitò]

অঙ্কুর (মুকুল, germ; sprout) ওংকুর্ [òŋkur] **অঙ্কুরিত** ওংকুরিতো [òŋkuritò] **অঙ্কুরোদ্‌গম** ওংকুরোদ্‌গম্ [òŋkurodgɔm]

অঙ্কুশ (ডাঙশ, আঁকশি) ওংকুশ্ [òŋkuʃ]

অঙ্গ (শরীর ; শরীরের অংশ ; অংশ) অংগো [ɔŋgò] **অঙ্গচ্ছেদ** ~চ্ছেদ্ [~ccʃhed] **অঙ্গজ** (vegetative) ~জো [~ɟʒò] **অঙ্গপ্রত্যঙ্গ** ~প্রোৎতোংগো [~pròttòŋgò] **অঙ্গভঙ্গি** ~ভোংগি [~bɦòŋgi] **অঙ্গরাগ** (প্রসাধন) ~রাগ্ [~rag] **অঙ্গসংস্থান** ~শংস্থান্ [~ʃɔŋsthan] **অঙ্গসৌষ্ঠব** (দেহের সৌন্দর্য) ~শৌষ্‌ঠব্ [~ʃouʃṭhɔb] **অঙ্গহানি** (অঙ্গের বিকৃতি ; অনুষ্ঠানের ত্রুটি) ~হানি [~ɦani] **অঙ্গহীন** ~হিন্ [~ɦin]

'অঙ্গদ' (অলংকারবিশেষ ; বালির পুত্র) অংগোদ্ [ɔŋgòd]

অঙ্গন (উঠোন) অংগোন্ [ɔŋgòn]

অঙ্গনা (সুন্দরী নারী) অংগোনা [ɔŋgòna]

অঙ্গাঙ্গি (intimate, অচ্ছেদ্য) অংগাংগি [ɔŋgaŋgi] **অঙ্গাঙ্গিভাব** (অচ্ছেদ্য সম্পর্ক) ~ভাব্ [~bɦab]

অঙ্গার (কয়লা) অংগার্ [ɔŋgar] **অঙ্গারক** (carbon) ~অংগারোক্ [ɔŋgaròk]

'অঙ্গিরা' ওংগিরা [òŋgira]

অঙ্গী (অঙ্গযুক্ত) ওংগি [òŋgi] **অঙ্গীভূত** (অন্তর্গত) ~ভুতো [~bɦutò]

অঙ্গীকার (প্রতিজ্ঞা) ওংগিকার্ [òŋgikar]

অঙ্গুরি, অঙ্গুরী (আংটি, ring) ওংগুরি [òŋguri] **অঙ্গুরীয়** (আংটি) ওংগুরিয়ো [òŋguriò]

অঙ্গুলি (আঙুল) ওংগুলি [òŋguli] **অঙ্গুলিত্রাণ** ~ৎত্রান্ [~ttran] **অঙ্গুলিমেয়** (আঙুলে গোনা যায় এমন) ~মেয়ো [~meò]

অঙ্গুষ্ঠ (বুড়ো আঙুল) ওংগুশ্‌ঠো [òŋguʃṭhò]

অঙ্ঘ্রি (পা) ওংঘ্রি [òŋghri]

অচঞ্চল (স্থির) অচন্‌চল্ [ɔcʃɔncʃɔl]

অচরিতার্থ (ব্যর্থ) অচোরিতার্‌থো [ɔcʃòritar(t)thò]

অচর্চিত (অপূজিত) অচোর্‌চিতো [ɔcʃòr(c)cʃitò]

অচল (স্থির ; জাল, fake) অচল্ / অচোল্ [ɔcʃɔl/ɔcʃòl] **অচলা** (লক্ষ্মীদেবী) অচোলা/অচলা [ɔcʃòla/ɔcʃɔla] **অচলায়তন** (রক্ষণশীল প্রতিষ্ঠান) অচলায়োতন্/অচোলায়োতোন্ [ɔcʃɔla-ĕòtɔn/ɔcʃòlaĕòtòn] **অচলিত** (অপ্রচলিত) অচোলিতো [ɔcʃòlitò]

অচালনীয় (চালানো যায় না এমন) অচালোনিয়ো [ɔcʃalònið]

অচিকিৎসা (চিকিৎসার অভাব) অচিকিৎশা [ɔcʃikitʃa]

অচিকিৎস্য (দুরারোগ্য) অচিকিৎশো [ɔcʃikitʃò]

অচিকীর্ষা (করতে অনিচ্ছা) অচিকির্‌শা [ɔcʃikir(ʃ)ʃa]

অচিন (অচেনা) অচিন্ [ɔcʃin]

অচিন্তনীয় (ভাবা যায় না এমন) অচিন্‌তোনিয়ো [ɔcʃintònið] **অচিন্ত্য** (অচিন্তনীয়) অচিন্‌তো [ɔcʃintò]

অচির (দ্রুত) অচিরো [ɔcʃirò] **অচিরক্রিয়** (দ্রুত কাজ করে এমন) ~কক্রিয়ো [~kkriò] **অচিরাৎ** (শীঘ্র) অচিরাৎ [ɔcʃirat] **অচিরে** (শীঘ্র) অচিরে [ɔcʃire]

অচিহ্নিত (চিহ্ন দেওয়া হয়নি এমন) অচিন্‌ন্‌হিতো/অচিন্‌নিতো [ɔcʃinnɦitò/ɔcʃinn(ɦ)itò]

অচূর্ণ (চূর্ণিত নয় এমন, গোটা) অচুর্‌নো [ɔcʃur(n)nò]

অচেতন (চেতনাহীন ; অজ্ঞান) অচেতন্/অচেতোন্ [ɔcʃetɔn/ɔcʃetòn]

অচেনা (অপরিচিত, unknown) অচেনা [ɔcʃena]

অচেষ্ট (চেষ্টাহীন) অচেশ্‌টো [ɔcʃeʃṭò]

অচৈতন্য (চেতনাহীন) অচৈতোন্‌নো/অচৈতন্‌নো [ɔcʃòĭtònnò/ɔcʃòĭtɔnnò]

অচ্ছ (স্বচ্ছ) অচ্‌ছো [ɔccʃhò]

অচ্ছদ (অনাবৃত) অচ্‌ছদ্ [ɔccʃhɔd]

অচ্ছুত, অচ্ছুৎ (untouchable) অচ্ছুৎ [ɔccʃhut]

অচ্ছেদ্য (inseparable) অচ্‌ছেদ্‌দো [ɔccʃheddò]

অচ্ছোদ (স্বচ্ছ জলবিশিষ্ট) অচ্‌ছোদ্ [ɔccʃhod]

অচ্যুত (যার পরিবর্তন বা চ্যুতি নেই) অচ্‌চুতো [ɔccʃutò]

'অচ্যুত' অচ্‌চুৎ [ɔccʃut] **অচ্যুতানন্দ** অচ্‌চুতানন্‌দো [ɔccʃutanɔndò]

অছি (তত্ত্বাবধায়ক) ওছি [òcʃhi] **অছি পরিষদ** ~পোরিশদ্ [~pòriʃɔd] **অছিয়তনামা** ~য়ৎনামা [~ɔtnama]

অছিলা (ছল, ছুতা) অছিলা / ওছিলা [ɔcʃhila/òcʃhila]

অজ[1] (ছাগল ; জন্মহীন) অজো [ɔɟʒò]

অজ[2] (নিতান্ত) অজ্ [ɔːɟʒ]

অজগর (python) অজোগর্ / অজগর্ [ɔɟʒògɔr/ɔɟʒɔgɔr]

অজজীবক (ছাগল বা ভেড়া পালন করে এমন সম্প্রদায়) অজোজিবক্ / অজোজিবোক্ [ɔɟʒòɟʒibɔk/ɔɟʒòɟʒibòk]

অজন্ত (স্বরান্ত) অজোন্‌তো / অজন্‌তো [ɔɟʒòntò/ɔɟʒɔntò]

অজন্মা (দুর্ভিক্ষ, famine) অজন্‌মা / অজোন্‌মা [ɔɟʒɔnma/ɔɟʒònma]

অজপা (প্রাণবায়ু) অজোপা/অজপা [ɔɟʒòpa/ɔɟʒɔpa]

অজবীথি (আকাশের ছায়াপথ) অজোবিথি [ɔɟʒòbithi]

অজয় (পরাজয় ; অজেয়) অজয়্ [ɔɟʒɔĕ]

অজর (জরাহীন) অজর্/অজোর্ [ɔɟʒɔr/ɔɟʒòr] **অজরামর** (জরাহীন ও মৃত্যুহীন) অজরামর্/অজোরামর্/অজোরামোর্ [ɔɟʒɔramɔr/ɔɟʒòramɔr/ɔɟʒòramòr]

অজস্র (প্রচুর) অজোস্‌স্রো [ɔɟʒòssrò]

অজা (ছাগী) অজা [ɔɟʒa] **অজাযুদ্ধ** (ছাগলের লড়াই ; আড়ম্বরই বেশি, আসল কাজ কম) ~জুদ্‌ধো [~ɟʒuddɦò] **অজাগলস্তন** ~গলোস্‌তন্‌ [~gɔlòstɔn]

অজাত (যা জন্মায়নি) অজাতো [ɔɟʒatò] (অনাচরণীয় বা নীচ জাতি বা বংশ অর্থে) অজাৎ [ɔɟʒat] **অজাত-কুজাত** (ছোট বা নীচ জাত) অজাৎ কুজাৎ [ɔɟʒatkuɟʒat]

অজাতশত্রু (যার শত্রু নেই) অজাতোশোৎত্রু [ɔɟʒatòʃòttru]

অজাতশ্মশ্রু (যার দাড়ি গজায়নি) অজাতোশোস্‌স্রু/ অজাতোশোঁস্‌স্রু [ɔɟʒatòʃòssru/ɔɟʒatòʃõssru]

অজানত (না জেনে) অজানোতো [ɔɟʒanòtò]

অজানতে, অজান্তে (না জেনে ; অজ্ঞাতে) অজান্‌তে [ɔɟʒante]

অজানিত (অজ্ঞাত) অজানিতো [ɔɟʒanitò]

'অজামিল' অজামিল্‌ [ɔɟʒamil]

অজাযুদ্ধ অজা দ্র

অজিত (অপরাজিত) অজিতো [ɔɟʒitò] (নামের ক্ষেত্রে) অজিৎ [ɔɟʒit]

অজিন (মৃগচর্ম) অজিন্‌ [ɔɟʒin]

অজিফা (বৃত্তি) অজিফা [ɔɟʒipha]

অজীর্ণ (হজম হয়নি এমন) অজির্‌নো [ɔɟʒir(n)nò]

অজু, ওজু (হাত মুখ ধোয়া) ওজু [òɟʒu]

অজুহাত (ওজর, অছিলা) ওজুহাৎ [òɟʒuɦat]

অজেয় (যাকে পরাজিত করা যায় না) অজেয়ো/ অজেও [ɔɟʒeò]

অজৈব (inorganic) অজৈবো [ɔɟʒoĭbò]

অজ্ঞ (মূর্খ) অগ্‌গোঁ [ɔggõ] **অজ্ঞতা** ~তা [~ta]

অজ্ঞাত (অজানা) অগ্‌গ্যাঁতো [ɔggæ̃tò] **অজ্ঞাত-কুলশীল** (পরিচয় জানা নেই এমন) ~কুলোশিল্‌ [~kulòʃil] **অজ্ঞাতনামা** (নাম জানা নেই এমন) ~নামা [~nama] **অজ্ঞাতপূর্ব** ~পুর্‌বো [~pur(b)bò] **অজ্ঞাতবাস** (গোপনে বাস) ~বাশ্‌ [~baʃ] **অজ্ঞাতসারে** (চুপি চুপি) ~শারে [~ʃare] **অজ্ঞাতে** (গোপনে) অগ্‌গ্যাঁতে [ɔggæ̃te]

অজ্ঞান (চেতনাহীন ; চেতনাহীনতা) অগ্‌গ্যাঁন্‌ [ɔggæ̃n] **অজ্ঞানতা** অগ্‌গ্যাঁনোতা [ɔggæ̃nòta] **অজ্ঞানকৃত** (না বুঝে করা হয়েছে এমন) অগ্‌গ্যাঁনোক্রিতো [ɔggæ̃nò(k)kritò] **অজ্ঞানতিমির** (অজ্ঞতার অন্ধকার) অগ্‌গ্যাঁনোতিমির্‌/ অগ্‌গ্যাঁন্‌তিমির্‌ [ɔggæ̃nòtimir/ɔggæ̃ntimir] **অজ্ঞাবাদ** (agnosticism) অগ্‌গ্যাঁবাদ্‌/অগ্‌গাঁবাদ্‌ [ɔggæ̃bad/ɔggãbad]

অজ্ঞেয় (জানা যায় না এমন) অগ্‌গেঁয়ো [ɔggẽò]

অঝর (বিরামহীন) অঝোর্‌ [ɔɟʒɦòr]

অঞ্চল (আঁচল) অন্‌চল্‌/অন্‌চোল্‌ [ɔncʃɔl/ɔncʃòl]

অঞ্চিত (পূজিত) ওন্‌চিতো [ɔncʃitò]

অঞ্জন (কাজল) অন্‌জোন্‌ [ɔnɟʒòn] **অঞ্জনশলাকা** (কাজল-কাঠি) ~শলাকা [~ʃɔlaka]

'অঞ্জনা' অন্‌জোনা [ɔnɟʒòna]

অঞ্জলি (জোড়হাত ; জোড়হাতে দেওয়া ফুল) অন্‌জোলি [ɔnɟʒòli]

অটবি, অটবী (অরণ্য) [ɔṭòbi]

অটল (অনড়) অটল্‌/অটোল্‌ [ɔṭɔl/ɔṭòl]

অটুট (অক্ষুণ্ণ) অটুট্‌ [ɔṭuṭ]

অট্টরোল (অতি উচ্চ শব্দ) অট্‌টোরোল্‌ [ɔṭṭòrol]

অট্টহাসি (উচ্চ হাসি) অট্‌টোহাশি [ɔṭṭòɦaʃi]

অট্টালিকা (পাকা বাড়ি) অট্‌টালিকা [ɔṭṭalika]

অড়র (ডালবিশেষ) অড়োর্‌ [ɔṛòr] **অড়হর** (ডালবিশেষ) অড়্‌হর্‌/অড়্‌হোর্‌ [ɔṛɦɔr/ɔṛɦòr]

অঢেল (প্রচুর) অঢেল্‌ [ɔḍɦel]

অণিমা (সূক্ষ্মতা) অনিমা [ɔnima]

অণীক (তীরের ফলা) অনিক্‌/ওনিক্‌ [ɔnik/ònik]

অণু (molecule) ওনু [ònu] **অণুতরঙ্গ** ~তরোংগো [~tɔròŋgò] **অণুবীক্ষণ** (microscope) ~বিক্‌খোন্‌ [~bikkhòn] **অণুভা** (বিদ্যুৎ) ওনুভা [ònubɦa]

অণ্ড (ডিম) অন্‌ডো [ɔnḍò] **অণ্ডকোষ** (testes) ~কোশ্‌ [~koʃ] **অণ্ডজ** (ডিম থেকে উৎপন্ন) ~জো [~ɟʒò]

অত (ওই পরিমাণ) অতো [ɔtò] **অতশত** (অত প্রকার) ~শতো [~ʃɔtò]

অতএব (সুতরাং) অতোয়েব্‌ [~ɔtòeb]

অতঃপর (তারপর) অতোপ্‌পর্‌ [ɔtòppɔr]

অতনু (দেহহীন) অতোনু [ɔtònu]

অতন্দ্র (নিদ্রাহীন) অতন্‌দ্রো/অতোন্‌দ্রো [ɔtɔndrò/ɔtòndrò] **অতন্দ্রিত** (অতন্দ্র) অতোন্‌দ্রিতো [ɔtòndritò]

অতর্কিত (আচমকা) অতোর্‌কিতো [ɔtòr(k)kitò]
অতল (অথই) অতল্‌/অতোল্‌ [ɔtɔl/ɔtòl]
অতলস্পর্শ (অত্যন্ত গভীর) অতলোস্‌পর্‌শো/ অতোলোস্‌পর্‌শো [ɔtɔlòs-pɔr(ʃ)ʃò/ ɔtòlòspɔr(ʃ)ʃò] **অতলান্তিক** অতলান্‌তিক্‌/ অতোলান্‌তিক [ɔtɔlantik/ɔtòlantik]
অতশত অত দ্র
অতসী (ফুলবিশেষ) অতোশি [ɔtòʃi]
অতি (খুব ; খুব বেশি) ওতি [òti] **অতিকথন** (বেশি বলা) ~কথোন্‌ [~kɔthòn] **অতিকায়** (বিরাট, প্রকাণ্ড) ~কায়্‌ [~kaĕ] **অতিক্রম** (পার হওয়া) ~ক্‌ক্রোম্‌/~ক্‌ক্রম্‌ [~kkròm/~kkrɔm] **অতিক্রমণ** ~ক্‌ক্রোমোন্‌/ ক্‌ক্রমোন্‌ [~kkròmòn/ ~kkrɔmòn] **অতিক্রমণীয়** (পার হওয়া যায় এমন) ~ক্‌ক্রোমোনিয়ো/~ক্‌ক্রমোনিয়ো [~kkrò-mòniò/~kkrɔmòniò] **অতিক্রান্ত** ~ক্‌ক্রান্‌তো [~kkrantò] **অতিচালাক** ~চালাক [~cʃalak] **অতিপ্রাকৃত** (supernatural) ~প্‌প্রাক্রিতো [~ppra(k)kritò] **অতিবাহিত** (কেটে গেছে এমন) ~বাহিতো [~bahitò] **অতিবুদ্ধি** ~বুদ্‌ধি [~bud-dhi] **অতিবৃষ্টি** ~ব্রিষ্‌টি [~(b)briʃṭi] **অতিভক্তি** ~ভোক্‌তি [~bhòkti] **অতিভোজন** (over-eating) ~ভোজোন্‌ [~bhoɟʒòn] **অতিমানব** (মহাপুরুষ) ~মানোব্‌ [~manòb] **অতিরঞ্জন** (অত্যুক্তি) ~রন্‌জোন্‌ [~rɔnɟʒòn] **অতিরঞ্জিত** ~রোন্‌জিতো [~rònɟʒitò] **অতিরিক্ত** ~রিক্‌তো [~riktò] **অতিশয়** ~শয়্‌ [~ʃɔĕ] **অতিশয়োক্তি** (অত্যুক্তি) ~শয়োক্‌তি [~ʃɔĕokti] **অতিসার** (diarrhoea) ~শার্‌ [~ʃar]
অতিথি (guest) ওতিথি [òtithi] **অতিথিপরায়ণ** ~পরায়োন্‌ [~pɔraĕòn] **অতিথিবৎসল** ~বৎশোল্‌/~বৎশল্‌ [~bɔtʃòl/~bɔtʃɔl] **অতিথিশালা** ~শালা [~ʃala] **অতিথি সৎকার** ~শৎকার্‌ [~ʃɔtkar]
অতিভুজ (কর্ণ ; hypotenuse) ওতিভুজ্‌ [òtibhuɟʒ]
অতিষ্ঠ (অস্থির) অতিষ্‌ঠো [ɔtiʃṭhò]
অতীত (past) ওতিৎ [òtit] **অতীতকাল** ওতিতোকাল্‌/~কাল্‌ [òtitòkal/~kal]

অতীন্দ্রিয় (ইন্দ্রিয়ের অতীত) ওতিন্‌দ্রিয়ো [òtin-driò]
'অতীব' (অত্যন্ত) ওতিবো [òtibò]
অতীশ ওতিশ্‌/অতিশ্‌ [òtiʃ/ɔtiʃ]
অতুল (তুলনাহীন) অতুল্‌ [ɔtul] **'অতুল'** ওতুল্‌ [òtul] **অতুল্য** ওতুল্‌লো/অতুল্‌লো [òtullò/ ɔtullò]
অতৃপ্ত (আশা মেটেনি এমন) অত্রিপ্‌তো [ɔ(t)triptò]
অতৃপ্তি (তৃপ্তির অভাব) অত্রিপ্‌তি [ɔ(t)tripti]
অত্যধিক (খুব বেশি) ওৎতোধিক্‌ [òttòdhik]
অত্যন্ত (অতিশয়) ওৎতোন্‌তো [òttòntò]
অত্যয় (বিনাশ) অৎতয়্‌ [ɔttɔĕ]
অত্যল্প (খুব কম) ওৎতল্‌পো [òttɔlpò]
অত্যাচার (পীড়ন) ওৎতাচার্‌ [òttacʃar] **অত্যাচারী** (পীড়নকারী) ওৎতাচারি [òttacʃari]
অত্যাধুনিক (খুব আধুনিক) ওৎতাধুনিক্‌ [òt-tadhunik]
অত্যাবশ্যক (খুব দরকারি) ওৎতাবোশ্‌শক্‌/ ওৎতাবোশ্‌শোক্‌ [òttabòʃʃɔk/òttabòʃʃòk] **অত্যাবশ্যকীয়** (খুব দরকারি) ওৎতাবোশ্‌-শোকিয়ো/ ওৎতাবশ্‌শোকিয়ো [òttabòʃʃòkiò/ òttabɔʃʃòkiò]
অত্যাশ্চর্য (খুব বিস্ময়কর) ওৎতাশ্‌চোর্‌জো [òttaʃcʃòr(ɟ)ɟʒò]
অত্যুক্তি (অতিশয়োক্তি) ওৎতুক্‌তি [òttukti]
অত্যুজ্জ্বল (খুব উজ্জ্বল) ওৎতুজ্‌জল্‌ [òttuɟɟʒɔl]
অত্যুৎকৃষ্ট (খুব ভালো) ওৎতুৎক্রিষ্‌টো [òttutkriʃṭò]
অত্র (এখানে) অৎত্রো [ɔttrò] **অত্রত্য** (এখানকার) ~ৎতো [~ttò] **অত্রস্থ** (এখানকার) ~স্‌থো [~sthò]
'অত্রি' (মুনিবিশেষ) ওৎত্রি [òttri]
অথই, অথৈ (তলহীন) অথৈ [ɔthòi]
অথচ (তবু, কিন্তু) অথোচো [ɔthòcʃò]
অথবা (কিংবা) অথোবা [ɔthòba]
অথর্ব (জরাগ্রস্ত) অথোর্‌বো/ অথর্‌বো [ɔthòr(b)bò/ ɔthɔr(b)bò]
অথান্তর (বিপদ) অথান্‌তর্‌/ অথান্‌তোর্‌ [ɔthantɔr/ ɔthantòr]
অথৈ অথই দ্র
অদত্ত (যা দেওয়া হয়নি) অদৎতো [ɔdɔttò]

অদন্ত (দাঁতহীন) অদন্তো [ɔdɔntò]

অদমনীয় (দমন করা যায় না এমন) অদমোনিয়ো [ɔdɔmònið] **অদম্য** (অদমনীয়) অদোম্মো [ɔdòmmò]

অদরকারি (অপ্রয়োজনীয়) অদরকারি [ɔdɔrkari]

অদর্শন (চোখের আড়ালে থাকা) অদরশোন্ [ɔdɔr(ʃ)ʃòn]

অদলবদল (বদল) অদোল্বদোল্ [ɔdòlbɔdòl]

'অদিতি' (কশ্যপের পত্নী) অদিতি [ɔditi]

অদূর (নিকটবর্তী) অদুর [ɔdur] **অদূরদর্শী** (অবিবেচক) অদুরোদোরশি [ɔduròdòr(ʃ)ʃi] **অদূরবর্তী** অদুরোবোরতি [ɔduròbòr(t)ti] **অদূর-ভবিষ্যৎ** (near future) অদুরভোবিশ্‌শৎ [ɔdurbɦòbiʃʃɔt] **অদূরে** (কাছে) অদুরে [ɔdure]

অদৃশ্য (দেখা যায় না এমন) অদ্রিশ্‌শো [ɔ(d)driʃʃò]

অদৃষ্ট (ভাগ্য) অদ্রিষ্‌টো [ɔ(d)driʃṭò] **অদৃষ্টবাদী** ~বাদি [~badi]

অদেখা (না দেখা ; অগোচর) অদ্যাখা [ɔdækha]

অদেয় (যা দেওয়া যায় না) অদেয়ো [ɔdeò]

অদ্বয় (অদ্বিতীয়) অদ্দয় [ɔddɔè] **অদ্বয়বাদ** ~বাদ্ [~bad] **অদ্বয়বাদী** ~বাদি [~badi]

অদ্বিতীয় (দ্বিতীয়টি নেই এমন) অদ্দিতিয়ো [ɔdditiò]

অদ্বৈত (ব্রহ্ম) অদ্দৈতো [ɔddòitò] **অদ্বৈতবাদ** ~বাদ্ [~bad] **অদ্বৈতবাদী** ~বাদি [~badi]

অদ্ভুত (অসাধারণ ; বিস্ময়কর) অদ্ভুৎ [ɔdbɦut] **অদ্ভুতকর্মা** (অসাধারণ কাজ করতে পারে এমন) ~করমা [~kɔr(m)ma] **অদ্ভুতদর্শন** (অদ্ভুত দেখতে এমন) অদ্ভুদ্দরশোন্ [ɔdbɦuddɔr(ʃ)ʃòn]

অদ্য (আজ) ওদ্দো [òddò] **অদ্যকার** ~কার্ [~kar] **অদ্যাপি** (আজও) ওদ্দাপি [òddapi] **অদ্যাবধি** (আজ পর্যন্ত) ওদ্দাবোধি [òddabòdɦi]

অদ্রাব্য (insoluble) অদ্রাব্বো [ɔ(d)drabbò]

অদ্রি (পর্বত) ওদ্দ্রি [òddri]

অদ্রীশ (হিমালয়) ওদ্দ্রিশ/অদ্দ্রিশ [òddriʃ/ɔddriʃ]

অধঃক্রম (descending order) অধোক্‌ক্রোম্ [ɔdɦòkkròm]

অধঃপতন (নিম্নগতি) অধোপ্‌পতোন্ [ɔdɦòppɔtòn] **অধঃপাত** অধোপ্‌পাৎ [ɔdɦòppat]

অধম (নিকৃষ্ট, নীচ) অধোম্/অধম্ [ɔdɦòm/ɔdɦɔm] **অধমাঙ্গ** (পা) অধোমাংগো [ɔdɦòmaŋgò] **অধমাধম** অধোমাধোম্ [ɔdɦòmadɦòm]

অধমর্ণ (ঋণী) অধোমরনো [ɔdɦòmɔr(n)nò]

অধর (ঠোঁট ; নিচের ঠোঁট) অধর্/অধোর্ [ɔdɦɔr/ɔdɦòr]

অধরা (যাকে ধরা যায় না) অধরা/অধোরা [ɔdɦɔra/ɔdɦòra]

অধরামৃত (থুতু) অধরাম্রিতো/অধোরাম্রিতো [ɔdɦɔra(m)mritò/ɔdɦòra(m)mritò]

অধরোষ্ঠ (দুই ঠোঁট) অধরোষ্‌ঠো [ɔdɦɔroʃṭhò]

অধর্ম (পাপ) অধরমো [ɔdɦɔr(m)mò]

অধর্মাচরণ (পাপ কাজ ; নিন্দনীয় কাজ) অধরমাচরোন্ [ɔdɦɔr(m)macʃɔròn]

অধস্তন (অধীন) অধস্তনো/অধোস্তনো/অধোস্তন্ [ɔdɦɔstɔnò/ɔdɦòstɔnò/ɔdɦòstɔn]

অধার্মিক (পাপী) অধারমিক্ [ɔdɦar(m)mik]

অধিক ওধিক্ [òdɦik] **অধিকতম** (সবচেয়ে বেশি) ওধিকোতমো [òdɦikòtɔmò] **অধিকতর** (আরও বেশি) ওধিকোতরো [òdɦikòtɔrò] **অধিকন্তু** (আরও) ওধিকোন্তু [òdɦikòntu]

অধিকরণ (কারক-বিশেষ) ওধিকরোন্ [òdɦikɔròn]

অধিকর্তা (পরিচালক) ওধিকরতা [òdɦikɔr(t)ta]

অধিকর্ম (কর্তৃত্ব) ওধিকরমো [òdɦikɔr(m)mò]

অধিকাংশ (বেশির ভাগ) ওধিকাংশো [òdɦikaŋʃò]

অধিকার (স্বত্ব) ওধিকার্ [òdɦikar] **অধিকারচ্যুত** (স্বত্ব থেকে বঞ্চিত) ওধিকারোচ্‌চুতো [òdɦikaròccʃutò] **অধিকারী** (স্বত্ব আছে যার) ওধিকারি [òdɦikari] **অধিকারিণী** ওধিকারিনি [òdɦikarini]

অধিকৃত (দখলীকৃত ; আয়ত্ত) ওধিক্রিতো [òdɦi(k)kritò]

অধিক্রম (আক্রমণ) ওধিক্‌ক্রোম্ [òdɦikkròm]

অধিক্ষেপ (নিন্দা) ওধিক্‌খেপ্ [òdɦikkhep]

অধিগত (আয়ত্ত) ওধিগতো [òdɦigɔtò]

অধিগমন (প্রাপ্তি ; জ্ঞানলাভ) ওধিগমোন্ [òdɦigɔmòn]

অধিগম্য (জ্ঞেয় ; প্রাপ্তব্য) ওধিগোম্‌মো [òdɦigòmmò] **অধিগম্যতা** ~তা [~ta]

অধিগ্রহণ (take-over) ওধিগ্‌গ্রোহোন্ [òdɦiggròɦòn]

অধিত্যকা ওধিৎতকা [òdɦittɔka]

অধিদেব (অধিষ্ঠিত দেবতা) ওধিদেব্ [òdɦideb]

অধিদেবতা ওধিদেবোতা [òdɦidebòta]

অধিনায়ক (নেতা) ওধিনায়োক্ [òdɦinaĕòk]

অধিপ (প্রভু) ওধিপ্ [òdɦip] **অধিপতি** (প্রভু) ওধিপোতি [òdɦipòti]

অধিবাস (মাঙ্গলিক অনুষ্ঠানবিশেষ) ওধিবাশ্ [òdɦibaʃ]

অধিবাসন (অধিবাস সাধন) ওধিবাশোন্ [òdɦibaʃòn]

অধিবাসী (বাসিন্দা, নিবাসী) ওধিবাশি [òdɦibaʃi]

অধিবিদ্যা (metaphysics) ওধিবিদ্‌দা [òdɦibidda]

অধিবিদ্যক ওধিবিদ্‌দক/ওধিবিদ্‌দোক [òdɦibiddɔk/òdɦibiddòk]

অধিবেশন (সভা-সমিতির বৈঠক) ওধিবেশোন্ [òdɦibeʃòn]

অধিমাংস (ফোড়া) ওধিমাংশো [òdɦimaŋʃò]

অধিমাস (মলমাস) ওধিমাশ্ [òdɦimaʃ]

'অধিরথ' ওধিরথ্ [òdɦirɔt(h)]

অধিরাজ (সম্রাট) ওধিরাজ্ [òdɦiraɟʒ] **অধিরাজ্য** (dominion) ওধিরাজ্‌জো [òdɦiraɟɟʒò]

অধিরূঢ় (আরূঢ়) ওধিরুঢ়ো [òdɦiruɽɦò]

অধিরোহণ (আরোহণ) ওধিরোহোন্ [òdɦiroɦòn]

অধিশ্রয় (focus) ওধিস্‌স্রয়্ [òdɦissrɔĕ]

অধিশ্রয়ণী (উনুন) ওধিস্‌স্রয়োনি [òdɦissrɔĕòni]

অধিষ্ঠাতা (অধীশ্বর) ওধিষ্‌ঠাতা [òdɦiʃṭhata]

অধিষ্ঠাত্রী ওধিষ্‌ঠাৎত্রি [òdɦiʃṭhattri]

অধিষ্ঠান (অবস্থান) ওধিষ্‌ঠান্ [òdɦiʃṭhan]

অধিষ্ঠিত (অবস্থিত) ওধিষ্‌ঠিতো [òdɦiʃṭhitò]

অধিহার (বেশি দরে) ওধিহার্ [òdɦiɦar]

অধীত (পঠিত) ওধিতো [òdɦitò]

অধীন (আয়ত্ত ; অন্তর্ভুক্ত) ওধিন্ [òdɦin] **অধীনতা** ওধিনতা/ওধিনোতা [òdɦinɔta/òdɦinòta]

অধীর (অস্থির) অধির্ [ɔdɦir] **অধিরতা** অধিরতা/অধিরোতা [ɔdɦirɔta/ɔdɦiròta]

অধীশ্বর (প্রভু) ওধিশ্‌শর্ [òdɦiʃʃɔr]

অধুনা (আজকাল) ওধুনা [òdɦuna] **অধুনাতন** (আধুনিক) ~তনো/~তন্ [~tɔnò/~tɔn]

অধৃষ্য (অজেয়) অধ্রিশ্‌শো [ɔ(d)dɦriʃʃò]

অধৈর্য (অধীর) অধৈর্‌জো [ɔdɦoĭr(ɟ)ɟʒò]

অধোগতি (নিম্নগতি) অধোগোতি [ɔdɦogòti]

অধোগমন (অধঃপতন) অধোগমোন্ [ɔdɦogɔmòn]

অধোগামী অধোগামি [ɔdɦogami]

অধোদেশ (নিম্নাংশ) অধোদেশ্ [ɔdɦodeʃ]

অধোবদন (নতমুখ) অধোবদোন্ [ɔdɦobɔdòn]

অধোমুখ (নতমুখ) অধোমুখ্ [ɔdɦomuk(h)]

অধোমুখী অধোমুখি [ɔdɦomukhi]

অধ্যক্ষ (পরিচালক ; অধিপতি) ওদ্‌ধোক্‌খো [òddɦòkkhò]

অধ্যবসায় (বারবার চেষ্টা) ওদ্‌ধোবশায়্/ওদ্‌ধোবোশায়্ [òddɦòbɔʃaĕ/òddɦòbòʃaĕ]

অধ্যবসায়ী (অবিরাম চেষ্টা করে এমন) ওদ্‌ধোবশায়ি/ওদ্‌ধোবোশায়ি [òddɦòbɔʃai/òddɦòbòʃai]

অধ্যয়ন (পাঠ) ওদ্‌ধয়োন্ [òddɦɔĕòn]

অধ্যাত্ম (spiritual) ওদ্‌ধাৎতোঁ/ওদ্‌ধ্যাৎতোঁ [òddɦattõ/òddɦættõ] **অধ্যাত্মবাদ** ~বাদ্ [~bad]

অধ্যাত্মবাদী ~বাদি [~badi]

অধ্যাপক (professor) ওদ্‌ধাপক্ [òddɦapɔk]

অধ্যাপিকা ওদ্‌ধাপিকা [òddɦapika]

অধ্যাপনা (শিক্ষকতা, শিক্ষাদান) ওদ্‌ধাপোনা/ওদ্‌ধাপনা [òddɦapòna/òddɦapɔna]

অধ্যায় (গ্রন্থের পরিচ্ছেদ) ওদ্‌ধায়্ [òddɦaĕ]

অধ্যারূঢ় (আরূঢ়) ওদ্‌ধ্যারুঢ়ো/ওদ্‌ধারুঢ়ো [òddɦæruɽɦò/òddɦaruɽɦò]

অধ্যাস (illusion) ওদ্‌ধ্যাশ্ [òddɦæʃ]

অধ্যুষিত (অধিষ্ঠিত) ওদ্‌ধুশিতো [òddɦuʃitò]

অধ্রুব (অনিত্য) অধ্রুবো [ɔ(d)dɦrubò]

অনক্ষ (অন্ধ) অনক্‌খো/অনোক্‌খো [ɔnɔkkhò/ɔnòkkhò]

অনগ্রসর (অনুন্নত) অনগ্‌গ্রোশর্ [ɔnɔggròʃɔr]

অনগ্রসরতা অনগ্‌গ্রোশরোতা [ɔnɔggròʃɔròta]

অনঘ (নিষ্পাপ) অনোঘ্/অনোঘো [ɔnòg(ɦ)/ɔnògɦò]

অনঙ্গ (দেহহীন) অনংগো/অনোংগো [ɔnɔŋgò/ɔnòŋgò] **অনঙ্গমোহন** ~মোহোন্ [~moɦòn]

অনচ্ছ (অপরিস্কার, ঘোলা) অনচ্ছো / অনোচ্ছো [ɔnɔccʃhò/ɔnòccʃhò]
অনটন (অভাব) অনোটন্/অনটন্ [ɔnòṭɔn/ɔnɔṭɔn]
অনড় (স্থির) অনড়্/অনোড়্ [ɔnɔṛ/ɔnòṛ]
অনতিকাল (অল্প সময়) অনোতিকাল্ [ɔnòtikal]
অনতিদীর্ঘ (অল্প দীর্ঘ) অনোতিদির্ঘো [ɔnòtidir(g)gɦò]
অনতিক্রমণীয় (অতিক্রম করা যায় না এমন) অনোতিক্ক্রোমোনিয়ো/অনোতিক্ক্রমোনিয়ো [ɔnòtikkròmònið/ɔnòtikkrɔmònið]
অনতিক্রম্য (অনতিক্রমণীয়) অনোতিক্ক্রোম্মো [ɔnòtikkròmmò]
অনতিক্রান্ত অনোতিক্ক্রান্তো [ɔnòtikkrantò]
অনতিবিস্তৃত (বেশি বিস্তৃত নয় এমন) অনোতিবিস্ত্রিতো [ɔnòtibistritò]
অনধিক (অল্প) অনোধিক্ [ɔnòdɦik]
অনধিকার (অধিকার না থাকা) অনোধিকার্ [ɔnòdɦikar] **অনধিকারী** (যার অধিকার নেই) অনোধিকারি [ɔnòdɦikari] **অনধিকৃত** (অধিকার করা হয়নি এমন) অনোধিক্রিতো [ɔnòdɦi(k)kritò]
অনধিগম্য (বোঝা যায় না এমন) অনোধিগোম্মো [ɔnòdɦigòmmò]
অনধীত (অপঠিত) অনোধিতো [ɔnòdɦitò]
অনধ্যায় (পাঠে বিরতি) অনোদ্ধ্যায়্/অনদ্ধ্যায়্ [ɔnòddɦæĕ/ɔnɔddɦæĕ]
অননুকরণীয় (যা অনুকরণ বা নকল করা যায় না) অনোনুকরোনিয়ো [ɔnònukɔrònið]
অননুমোদিত (অসমর্থিত) অনোনুমোদিতো [ɔnònumoditò]
অনন্ত (শেষহীন) অনোন্তো [ɔnòntò] **অনন্তকাল** (চিরকাল) ~কাল্ [~kal] **অনন্তনিদ্রা** (যে নিদ্রা ভাঙে না) ~নিদ্দ্রা [~niddra] **অনন্তশয্যা** (বিষ্ণুর অনন্তনাগরূপ শয্যা) ~ শোজ্জা [~ʃòɟɟʒa]
অনন্তর (তারপর) অনোন্তর্ / অনন্তর্ [ɔnòntɔr/ɔnɔntɔr]
অনন্বয় (অন্বয়হীনতা, সংগতিহীনতা) অনোন্নয়্/অনন্নয়্ [ɔnònnɔĕ/ɔnɔnnɔĕ]
অনন্য (অদ্বিতীয় ; একক) অনোন্নো [ɔnònnò]
অনন্যকর্মা (একাগ্র) ~কর্মা [~kɔr(m)ma]
অনন্যগতি (অন্য গতি নেই এমন) ~গোতি [~gòti] **অনন্যচিত্ত** (একাগ্র) ~চিৎতো [~cʃittò]
অনন্য-সাধারণ (অসাধারণ) ~ শাধারোন্ [~ʃadɦaròn]
অনন্যোপায় (অনন্যগতি) অনোন্নোপায়্ [ɔnònnopaĕ]
অনপরাধ (অপরাধহীনতা) অনপোরাধ্/অনোপোরাধ্ [ɔnɔpòrad(ɦ)/ɔnòpòrad(ɦ)] **অনপরাধী** অনপোরাধি/ অনোপোরাধি [ɔnɔpòradɦi/ɔnòpòradɦi]
অনপেক্ষ (নিরপেক্ষ) অনপেক্খো/অনোপেক্খো [ɔnɔpekkhò/ɔnòpekkhò]
অনবকাশ (অবকাশের অভাব) অনবোকাশ্ [ɔnɔbòkaʃ]
অনবগত (অবিদিত) অনবোগতো/অনোবোগতো [ɔnɔbògɔtò/ɔnòbògɔtò]
অনবগুণ্ঠিত (অনাবৃত) অনবোগুন্ঠিতো/অনোবোগুন্ঠিতো [ɔnɔbògunṭhitò/ɔnòbògunṭhitò]
অনবচ্ছিন্ন (একটানা) অনবোচ্ছিন্নো/অনোবোচ্ছিন্নো [ɔnɔbòccʃhinnò/ɔnòbòccʃhinnò]
অনবদ্য (নির্দোষ) অনোবোদ্দো [ɔnòbòddò]
অনবধান (অসাবধান) অনোবোধান্/অনবোধান্ [ɔnòbòdɦan/ɔnɔbòdɦan] **অনবধানতা** অনোবোধানোতা [ɔnòbòdɦanòta]
অনবরত (অবিরাম) অনোবরোতো [ɔnòbɔròtò]
অনবসর (অবসর বা ছুটি নেই এমন) অনবোশর্ [ɔnɔbòʃɔr]
অনবহিত (অসতর্ক) অনবোহিতো [ɔnɔbòɦitò]
অনভিজাত (উচ্চবংশে জন্ম হয়নি এমন) অনোভিজাতো [ɔnòbɦiɟʒatò]
অনভিজ্ঞ (অভিজ্ঞতা নেই এমন) অনোভিগ্গোঁ [ɔnòbɦiggõ]
অনভিপ্রায় (অনিচ্ছা) অনোভিপ্প্রায়্ [ɔnòbɦippraĕ]
অনভিপ্রেত (চাওয়া হয়নি এমন) অনোভিপ্প্রেতো [ɔnòbɦippretò]
অনভিলাষ (অনিচ্ছা) অনোভিলাশ্ [ɔnòbɦilaʃ]
অনভ্যস্ত (অভ্যাস নেই এমন) অনোব্ভোস্তো/অনব্ভোস্তো [ɔnòbbɦòstò/ɔnɔbbɦòstò]

অনভ্যাস (অভ্যাস বা অনুশীলনের অভাব) অনোব্‌ভ্যাশ্ [ɔnòbbɦæʃ]

অনমনীয় (দৃঢ়) অনমোনিয়ো/অনোমোনিয়ো [ɔnɔmònið/ɔnòmònið]

অনর্গল (ক্রমাগত) অনরগোল্/অনোর্‌গোল্ [ɔnɔr(g)gòl/ɔnòr(g)gòl]

অনর্থ (অনিষ্ট ; ভুল অর্থ) অনরথো/অনোর্‌থো [ɔnɔr(t)thò/ɔnòr(t)thò] **অনর্থক** (অকারণ, মিছিমিছি) ~ক্ [~k]

অনল (আগুন) অনল্/অনোল্ [ɔnɔl/ɔnòl]

অনলস (অক্লান্ত) অনলশ্/অনোলশ্ [ɔnɔlɔʃ/ɔnòlɔʃ]

অনল্প (অধিক) অনল্‌পো [ɔnɔlpò]

অনশন (উপবাস) অনোশন্/অনশন্/অনোশোন্ [ɔnòʃɔn/ɔnɔʃɔn/ɔnòʃòn]

অনশ্বর (অক্ষয়) অনশ্‌শর্/অনশ্‌শোর্ [ɔnɔʃʃɔr/ɔnɔʃʃòr]

'অনসূয়া' অনোশুআ/অনশুআ [ɔnòʃua/ɔnɔʃua]

অনস্তিত্ব (non-existence, অস্তিত্বের অভাব) অনোস্‌তিৎতো/অনস্‌তিৎতো [ɔnòstittò/ɔnɔstittò]

অনস্বীকার্য (অস্বীকার করা যায় না এমন) অনোশ্‌শিকার্‌জো/অনশ্‌শিকার্‌জো [ɔnòʃʃikar(ɟ)ɟʒò/ɔnɔʃʃikar(ɟ)ɟʒò]

অনাক্রম্য (আক্রমণ করা যায় না এমন) অনাক্‌ক্রোম্‌মো [ɔnakkròmmò]

অনাগত (আগামী) অনাগতো/অনাগোতো [ɔnagɔtò/ɔnagòtò]

অনাঘ্রাত (ঘ্রাণ নেওয়া হয়নি এমন) অনাগ্‌ঘ্রাতো [ɔnaggɦratò]

অনাচার (অন্যায় আচরণ) অনাচার্ [ɔnacʃar] **অনাচারী** অনাচারি [ɔnacʃari]

অলখ (দৃষ্টির অগোচর) অলোখ্ [ɔlòk(h)] **অলখিতে** (অজ্ঞাতসারে) অলোখিতে [ɔlòkhite]

অলঙ্কার অলংকার দ্র

অলগ্ন (অবেলা ; বিচ্ছিন্ন হয়ে আছে এমন) অলগ্‌নো [ɔlɔgnò]

অলঙ্ঘন (লঙ্ঘন বা অবহেলা না করা) অলংঘোন্ [ɔlɔŋgfiòn] **অলঙ্ঘনীয়** (লঙ্ঘন করা যায় না এমন) অলংঘোনিয়ো/অলোংঘোনিয়ো [ɔlɔŋgfiònìò/ɔlòŋgfiònìò] **অলঙ্ঘিত** অলোংঘিতো [ɔlòŋgfiitò]

অলজ্জ (লজ্জাহীন) অলজ্‌জো [ɔlɔɟɟʒò]

অলপ্পেয়ে (গালিবিশেষ, স্বল্পায়ু) অলোপ্‌পেয়ে [ɔlòppe(ĕ)e]

অলব্ধ (যা পাওয়া যায়নি) অলব্‌ধো [ɔlɔbdfiò]

অলভ্য (অপ্রাপ্য) অলোব্‌ভো [ɔlòbbfiò]

'অলম্বুষ' (রাক্ষসবিশেষ) অলোম্‌বুশ্ [ɔlòmbuʃ]

অলস (কুঁড়ে) অলোশ্ [ɔlòʃ] **অলসতা** (কুঁড়েমি) অলোশতা [ɔlòʃɔta]

অলাত (জ্বলন্ত কয়লা) অলাৎ [ɔlat] **অলাতচক্র** (চক্রাকারে ঘুরন্ত আগুন) অলাতোচক্‌ক্রো [ɔla-tòcʃɔkkrò]

অলাবু (লাউ) অলাবু [ɔlabu]

অলাভ (ক্ষতি ; লাভহীনতা) অলাভ্ [ɔlab(fi)]

অলি, অলী (ভ্রমর) ওলি [òli] **অলিকুল** (ভ্রমরের দল) ~কুল্ [~kul]

অলিখিত (যা লেখা নেই) অলিখিতো [ɔlikhitò]

অলিগলি (সরু পথ) ওলিগোলি [òligòli]

অলিন্দ (বারান্দা) অলিন্‌দো/ওলিন্‌দো [ɔlindò/ òlindò]

অলীক (মিথ্যা, অসত্য) অলিক্ [ɔlik]

অলুক (যার লোপ নেই ; সমাসবিশেষ) অলুক্ [ɔluk]

অলোক (লোক বা পৃথিবীর অতীত) অলোক্ [ɔlok] **অলোকদৃষ্টি** (অতীন্দ্রিয় বস্তু দেখার ক্ষমতা) ~দ্রিষ্‌টি/ অলোকোদ্রিষ্‌টি [~driʃṭi/ɔlokò-(d)driʃṭi] **অলোকসামান্য** (অসাধারণ) ~শামান্‌নো/অলোকোশামান্‌নো [~ʃamannò/ ɔlokòʃamannò] **অলোকসুন্দর** (অসাধারণ সুন্দর) ~শুন্‌দোর্/অলোকোশুন্‌দর্ [~ʃundòr/ɔlokò-ʃundɔr]

অলৌকিক (লোকাতীত) অলৌকিক্ [ɔloŭkik]

অল্প (কম) অল্‌পো [ɔlpò] **অল্পক্ষণ** ~ক্‌খোন্ [~kkhòn] **অল্পজ্ঞ** (অল্প জ্ঞানসম্পন্ন) ~গ্‌গোঁ [~ggõ] **অল্পতা** ~তা [~ta] **অল্পপ্রাণ** (unaspirated) ~প্‌প্রান্ [~ppran] **অল্পবয়স্ক** ~বয়োশ্‌কো [~bɔĕòʃkò] **অল্পভাষী** (যে কম কথা বলে) ~ভাশি [~bɦaʃi] **অল্পমতি** ~মোতি [~mòti] **অল্পস্বল্প** ~শল্‌পো [~ʃɔlpò]

অল্পাধিক (কমবেশি) অল্‌পাধিক্ [ɔlpadɦik] **অল্পায়ু** (ক্ষীণজীবী) অল্‌পায়ু [ɔlpaĕu] **অল্পাশয়** অল্‌পাশয় [ɔlpaʃɔĕ] **অল্পাহার** অল্‌পাহার্ [ɔlpaɦar]

অশক্ত (অক্ষম ; শক্তিহীন) অশক্‌তো/অশোক্‌তো [ɔʃɔktò/ɔʃòktò]

অশক্য (অসাধ্য) অশোক্‌কো [ɔʃòkkò]

অশঙ্ক (শঙ্কা বা ভয় নেই এমন ; নির্ভীক) অশংকো [ɔʃɔŋkò] **অশঙ্কিত** (নির্ভীক) অশোংকিতো [ɔʃòŋkitò]

অশথ (অশ্বত্থ গাছ) অশোথ্ [ɔʃòt(h)]

অশন (আহার ; খাওয়া) অশোন্ [ɔʃòn]

অশনি (বজ্র) অশোনি [ɔʃòni] **অশনিপাত** ~পাৎ [~pat] **অশনিসংকেত** ~শংকেৎ [~ʃɔŋket]

অশরীরী (দেহহীন ; প্রেত) অশোরিরি [ɔʃòriri]

অশান্ত (অস্থির ; দুরন্ত) অশান্‌তো [ɔʃantò] **অশান্তি** (শান্তির অভাব) অশান্‌তি [ɔʃanti]

অশালীন (অশিষ্ট ; অশ্লীল) অশালিন্ [ɔʃalin]

অশাস্ত্রীয় (শাস্ত্র-বিরোধী) অশাস্‌ত্রিয়ো [ɔʃastriò]

অশিক্ষা (শিক্ষার অভাব) অশিক্‌খা [ɔʃikkha] **অশিক্ষিত** (শিক্ষা পায়নি এমন) অশিক্‌খিতো [ɔʃikkhitò]

অশিষ্ট (অভদ্র ; দুরন্ত) অশিষ্‌টো [ɔʃiʃṭò] **অশিষ্টতা** ~তা/অশিষ্‌টতা [~ta/ɔʃiʃṭɔta]

অশীতি (আশি) ওশিতি/অশিতি [òʃiti/ɔʃiti] **অশীতিপর** ~পর্ [~pɔr]

'অশীন' অশিন্ [ɔʃin]

অশুচি (অপবিত্র) অশুচি [ɔʃucʃi]

অশুদ্ধ (অপবিত্র ; ভ্রমপূর্ণ) অশুদ্‌ধো [ɔʃuddɦò] **অশুদ্ধি** অশুদ্‌ধি [ɔʃuddɦi]

অশুভ (অকল্যাণ) অশুভো [ɔʃubɦò] **অশুভকর** ~কর্ [~kɔr] **অশুভকামনা** ~কামোনা [~kamòna]

অশেষ (শেষহীন) অশেশ্ [ɔʃeʃ] **অশেষপ্রকার** (নানা রকম) ~প্রোকার্ [~pròkar]

অশোক (শোকহীন) অশোক্ [ɔʃok] **অশোককানন** ~কানোন্ [~kanòn] **অশোকবন** ~বোন্ [~bòn] **অশোকষষ্ঠী** ~শোষ্‌ঠি [~ʃòʃṭhi]

অশোধন (শোধনের অভাব) অশোধোন্ [ɔʃodɦòn] **অশোধিত** অশোধিতো [ɔʃodɦitò]

অশোভন (অসুন্দর ; বেমানান) অশোভোন্ [ɔʃob-ɦòn]

অশৌচ অশৌচ্ [ɔʃoucʃ] **অশৌচান্ত** (অশৌচের শেষ) অশৌচান্‌তো [ɔʃoŭcʃantò]

অশ্ব (ঘোড়া) অশ্‌শো [ɔʃʃò] **অশ্বখুরাকৃতি** ~খুরাক্রিতি [~khura(k)kriti] **অশ্বচালনা** ~চালোনা [~cʃalòna] **অশ্বডিম্ব** ~ডিম্‌বো [~ḍimbò] **অশ্বতর** (খচ্চর) ~তরো [~tɔrò] **অশ্বমেধ** (যজ্ঞবিশেষ) ~মেধ্ [~med(ɦ)]

অশ্বত্থ (গাছবিশেষ) অশ্‌শোৎথো/অশ্‌শৎথো [ɔʃʃòt-thò/ɔʃʃɔtthò]

অশ্বারোহণ (ঘোড়ায় চড়া) অশ্‌শারোহোন্ [ɔʃʃaroɦòn] **অশ্বারোহী** অশ্‌শারোহি [ɔʃʃaroɦi]

'অশ্বিনী' (নক্ষত্র-বিশেষ) ওশ্‌শিনি [òʃʃini] **'অশ্বিনীকুমার'** ~কুমার্ [~kumar]

অশ্ম (প্রস্তর, শিলা) অশ্‌শোঁ [ɔʃʃõ] **অশ্মীভবন** ওশ্‌শিঁভবোন্ [òʃʃĩbɦɔbòn] **অশ্মীভূত** ওশ্‌শিঁভুতো [òʃʃĩbɦutò]

অশ্রদ্ধা (অভক্তি) অস্স্রোদ্ধা [ɔssròddɦa] **অশ্রদ্ধেয়** অস্স্রোদ্ধেয়ো [ɔssròddɦeò]

অশ্রাব্য (শোনা যায় না এমন ; অশ্লীল) অস্স্রাব্বো [ɔssrabbò]

অশ্রু (চোখের জল) ওস্স্রু [òssru] **অশ্রুজল** ~জল্ [~ɟɟɔl] **অশ্রুপাত** (চোখের জল ফেলা) ~পাৎ [~pat] **অশ্রুপূর্ণ** (সজল, tearful) ~পুর্নো [~pur(n)nò] **অশ্রুরুদ্ধ** ~রুদ্ধো [~ruddɦò] **অশ্রুসজল** ~শজোল্ [~ʃɔɟɟòl]

অশ্রুত (শোনা যায় না বা যায়নি এমন) অস্স্রুতো [ɔssrutò]

অশ্লীল (অশিষ্ট) অস্স্লিল্/অশ্শ্লিল্ [ɔsslil/ɔʃʃlil]

অশ্লেষা (অশুভ নক্ষত্রবিশেষ) অস্স্লেশা/অশ্শ্লেশা [ɔssleʃa/ɔʃʃleʃa]

অষ্ট (আট) অশ্‌টো [ɔʃṭò] **অষ্টক** ~ক্ [~k] **অষ্টপ্রহর** (সারাদিন, সর্বক্ষণ) ~প্প্রোহোর্ [~ppròɦòr] **অষ্টবসু** (রাজা দক্ষের আট দৌহিত্র) ~বোশু [~bòʃu] **অষ্টমঙ্গলা** (দুর্গার মূর্তিবিশেষ) ~মোংগোলা [~mòŋgòla] **অষ্টরম্ভা** ~রম্ভা [~rɔmbɦa]

অষ্টাঙ্গ (দেহের আট অঙ্গ) অশ্‌টাংগো [ɔʃṭaŋgò] **অষ্টাদশ** অশ্‌টাদশ্ [ɔʃṭadɔʃ] **অষ্টাদশী** অশ্‌টাদোশি [ɔʃṭadòʃi] **অষ্টাবক্র** (মুনিবিশেষ) অশ্‌টাবক্ক্রো [ɔʃṭabɔkkrò]

অষ্টোত্তর (আটের বেশি) অশ্‌টোৎতর্/অশ্‌টোৎতোর্ [ɔʃṭottɔr/ɔʃṭottòr]

অসংকোচ (কুণ্ঠার অভাব) অশংকোচ্ [ɔʃɔŋkocʃ] **অসংকুচিত** অশোংকুচিতো [ɔʃòŋkucʃitò]

অসংখ্য (অগুনতি) অশোংখো [ɔʃòŋkhò]

অসংগত (অনুচিত ; সংগতিহীন) অশংগতো/অশোংগতো [ɔʃɔŋgɔtò/ɔʃòŋgɔtò] **অসংগতি** অশংগোতি/অশোংগোতি [ɔʃɔŋgòti/ɔʃòŋgòti]

অসংবৃত (আঢাকা ; অগোছালো) অশংব্রিতো/অশোংব্রিতো [ɔʃɔŋbritò/ɔʃòŋbritò]

অসংযম (উচ্ছৃঙ্খলতা) অশংজম্ [ɔʃɔŋɟɟɔm] **অসংযমী** অশংজোমি/অশোংজোমি [ɔʃɔŋɟɟòmi/ɔʃòŋɟɟòmi] **অসংযত** অশংজতো [ɔʃɔŋɟɟɔtò]

অসংলগ্ন (পরস্পর সম্পর্কহীন) অশংলগ্নো [ɔʃɔŋlɔgnò]

অসংশয় (নিঃসন্দেহ) অশংশয়্ [ɔʃɔŋʃɔĕ] **অসংশয়িত** অশংশোইতো [ɔʃɔŋʃòitò]

অসংশোধিত (সংশোধন হয়নি এমন) অশংশোধিতো [ɔʃɔŋʃodɦitò]

অসংস্কৃত (সংস্কার হয়নি এমন ; সংস্কৃত ভাষা ছাড়া অন্য) অশংশ্ক্রিতো [ɔʃɔŋʃkritò]

অসচ্চরিত্র (মন্দ স্বভাববিশিষ্ট) অশচ্চোরিৎত্রো [ɔʃɔccʃòrittrò]

অসজ্জন (মন্দ লোক) অশজ্জোন্ [ɔʃɔɟɟòn]

অসৎ (অসাধু) অশৎ [ɔʃɔt]

অসতর্ক (অসাবধান) অশতর্কো/ অশোতর্কো [ɔʃɔtɔrkkò/ɔʃòtɔrkkò] **অসতর্কতা** ~তা [~ta]

অসতী (কুলটা ; ভ্রষ্টা) অশোতি [ɔʃòti]

অসত্য (মিথ্যা) অশোৎতো [ɔʃòttò]

অসদাচরণ (অসৎ বা মন্দ ব্যবহার) অশদাচরোন্/অশোদাচরোন্ [ɔʃɔdacʃɔròn/ɔʃòdacʃɔròn]

অসদুদ্দেশ্য (মন্দ অভিপ্রায়, কু-মতলব) অশদুদ্দেশ্শো/অশোদুদ্দেশ্শো [ɔʃɔduddeʃʃò/ɔʃòduddeʃʃò]

অসদুপায় (অসৎ পন্থা) অশদুপায়্/অশোদুপায়্ [ɔʃɔdupaĕ/ɔʃòdupaĕ]

অসদ্ব্যবহার (অনুচিত বা মন্দ ব্যবহার) অশদ্ব্যাবোহার্/অশোদ্ব্যাবোহার্ [ɔʃɔdbæbòɦar/ɔʃòdbæbòɦar]

অসদ্ভাব (মনোমালিন্য ; বিবাদ) অশদ্ভাব্/অশোদ্ভাব্ [ɔʃɔdbɦab/ɔʃòdbɦab]

অসন্তুষ্ট (বিরক্ত) অশোন্তুশ্‌টো [ɔʃòntuʃṭò] **অসন্তোষ** (বিরক্তি) অশন্তোশ্/অশোন্তোশ্ [ɔʃɔntoʃ/ɔʃòntoʃ]

অসবর্ণ (ভিন্ন বর্ণ বা জাতির অন্তর্ভুক্ত) অশোবর্নো/অশবর্নো [ɔʃòbɔr(n)nò/ɔʃɔbɔr(n)nò]

অসভ্য (অমার্জিত ; বর্বর) অশোব্ভো [ɔʃòbbɦò] **অসভ্যতা** ~তা [~ta]

অসম (অসমান) অশমো/অশোমো [ɔʃɔmò/ɔʃòmò] **অসমসাহস** (অকুতোভয়তা) ~শাহোশ্ [~ʃaɦòʃ] **অসমসাহসী** (নির্ভীক ; দুঃসাহসী) ~শাহোশি/অশোম্‌শাহোশি [~ʃaɦòʃi/ɔʃòmʃaɦòʃi]

অসমতল (বন্ধুর) অশমোতল্ [ɔʃɔmòtɔl]

অসময় (অনুপযুক্ত সময়) অশোময়/অশময় [ɔʃòmɔĕ/ɔʃɔmɔĕ]

অসমর্থ (অক্ষম) অশমর্‌থো/অশোমর্‌থো [ɔʃɔmɔr(t)thò/ɔʃòmɔr(t)thò]

অসমর্থিত (অনুমোদিত নয় এমন) অশমোর্‌থিতো [ɔʃɔmòr(t)thitò]

অসমান (এক রকম বা সমান নয় এমন ; বাঁকা) অশোমান্‌/অশমান্‌ [ɔʃòman/ɔʃɔman]

অসমাপিকা (সম্পূর্ণ করে না এমন) অশমাপিকা/অশোমাপিকা [ɔʃɔmapika/ɔʃòmapika]

অসমাপ্ত (শেষ বা সম্পূর্ণ হয়নি এমন) অশমাপ্‌তো/অশোমাপ্‌তো [ɔʃɔmaptò/ɔʃòmaptò]

অসমীচীন (অনুচিত) অশোমিচিন [ɔʃòmicʃin]

অসম্পূর্ণ (অসমাপ্ত) অশোম্‌পুর্‌নো/অশম্‌পুর্‌নো [ɔʃòmpur(n)nò/ɔʃɔmpur(n)nò]

অসম্বদ্ধ (সংলগ্ন নয় এমন ; সম্বন্ধহীন) অশম্‌বদ্‌ধো/অশোম্‌বদ্‌ধো [ɔʃɔmbɔddɦò/ɔʃòmbɔddɦò]

অসম্বন্ধ (সম্বন্ধ বা সম্পর্ক নেই এমন ; অসংলগ্ন) অশম্‌বন্‌ধো [ɔʃɔmbɔndɦò]

অসম্ভব (যা ঘটে না বা ঘটতে পারে না) অশোম্‌ভব্‌/অশম্‌ভব্‌ [ɔʃòmbɦɔb/ɔʃɔmbɦɔb]

অসম্মত (রাজি নয় এমন) অশম্‌মতো/অশোম্‌মতো [ɔʃɔmmɔtò/ɔʃòmmɔtò]

অসম্মান (অপমান) অশোম্‌মান্‌/অশম্‌মান্‌ [ɔʃòmman/ɔʃɔmman] **অসম্মানিত** (অপমানিত) অশোম্‌মানিতো/ অশম্‌মানিতো [ɔʃòmmanitò/ɔʃɔmmanitò]

অসহ (অসহ্য) অশোহো/অশহো [ɔʃòɦò/ɔʃɔɦò] **অসহনীয়** (অসহ্য) ~নিয়ো [~niò]

অসহযোগ (সহযোগিতার অভাব) অশোহোজোগ্‌/অশহোজোগ্‌ [ɔʃòɦòɟʒog/ɔʃɔɦòɟʒog]

অসহায় (সহায়হীন, সম্বলহীন) অশোহায়্‌/অশহায়্‌ [ɔʃòɦaĕ/ɔʃɔɦaĕ]

অসহিষ্ণু (সহ্যশক্তিহীন) অশোহিশ্‌নু [ɔʃòɦiʃnu]

অসহ্য (সহ্য করা যায় না এমন) অশোজ্‌ঝো [ɔʃòɟɟʒɦò]

অসাড় (অনুভূতিহীন) অশাড়্‌ [ɔʃaɽ]

অসাধারণ (অসামান্য) অশাধারোন্‌ [ɔʃadɦaròn]

অসাধু (অসৎ) অশাধু [ɔʃadɦu]

অসাধ্য (সাধ্য বা ক্ষমতার অতীত) অশাদ্‌ধো [ɔʃaddɦò] **অসাধ্যসাধন** ~শাধোন্‌ [~ʃadɦòn]

অসাবধান (অসর্তক) অশাব্‌ধান্‌ [ɔʃabdɦan]

অসামাজিক (মেলামেশা করে না এমন) অশামাজিক্‌ [ɔʃamaɟʒik]

অসামান্য (অসাধারণ) অশামান্‌নো [ɔʃamannò]

অসাম্প্রদায়িক (বিশেষ কোনো দল বা সম্প্রদায় সম্পর্কে নিরপেক্ষ) অশাম্‌প্রোদাইক্‌ [ɔʃampròdaik]

অসাম্য (সমতার অভাব) অশাম্‌মো [ɔʃammò]

অসার (সারবস্তুর অভাব) অশার্‌ [ɔʃar] **অসারতা** অশারোতা [ɔʃaròta]

অসি (তরবারি) ওশি [òʃi] **অসিধারা** ~ধারা [~dɦara] **অসিযুদ্ধ** ~জুদ্‌ধো [~ɟʒuddɦò]

অসিত (কালো ; কৃষ্ণবর্ণ) অশিৎ [ɔʃit]

অসিদ্ধ (সিদ্ধ হয়নি এমন ; অশুদ্ধ) অশিদ্‌ধো [ɔʃiddɦò]

অসীম (সীমাহীন) অশিম্‌ [ɔʃim]

অসু (প্রাণ) ওশু [òʃu]

অসুখ (অসুস্থতা) অশুখ্‌ [ɔʃuk(h)] **অসুখী** (দুঃখিত ; দুঃখী) অশুখি [ɔʃukhi]

অসুবিধা (অস্বাচ্ছন্দ্য) অশুবিধা [ɔʃubidɦa]

অসুর[১] (পুরাণের দৈত্য, দানব) ওশুর্‌ [òʃur]

অসুর[২] (দেবতা নয় এমন) অশুর্‌ [ɔʃur]

অসুস্থ (পীড়িত) অশুস্‌থো [ɔʃusthò] **অসুস্থতা** ~তা [~ta]

অসূয়া (ঈর্ষা, হিংসা) অশুআ [ɔʃua]

অসৌজন্য (অভদ্রতা) অশৌজোন্‌নো [ɔʃoŭɟʒònnò]

অস্ত (শেষ, অবসান) অস্‌তো [ɔstò] **অস্তাচল** অস্‌তাচল্‌ [ɔstacʃɔl] **অস্তাচলগামী** (অস্ত যাচ্ছে এমন) অস্‌তাচলোগামি [ɔstacʃɔlògami] **অস্তোদয়** অস্‌তোদয়্‌ [ɔstodɔĕ] **অস্তোন্মুখ** ~ন্‌মুখ্‌ [~nmuk(h)]

অস্ত্র (হাতিয়ার) অস্‌ত্রো [ɔstrò] **অস্ত্রধারণ** ~ধারোন্‌ [~dɦaròn] **অস্ত্রশস্ত্র** ~শস্‌ত্রো [~ʃɔstrò] **অস্ত্রাগার** অস্‌ত্রাগার্‌ [ɔstragar]

অস্ত্রোপচার (শল্যচিকিৎসা, operation) অস্ত্রোপচার্/অস্ত্রোপোচার্ [ɔstropɔcʃar/ɔstropòcʃar]

অস্থানিক (বহিরাগত) অস্থানিক্ [ɔsthanik]

অস্থাবর (স্থানান্তরিত করা যায় না এমন) অস্থাবর্/অস্থাবোর্ [ɔsthabɔr/ɔsthabòr]

অস্থায়ী (অল্পকাল স্থায়ী) অস্থায়ি [ɔsthai]

অস্থি (হাড়) ওস্থি [òsthi] **অস্থিচর্মসার** ~চর্মোশার্ [~cʃɔrmmòʃar]

অস্থিতিস্থাপক (inelastic) অস্থিতিস্থাপোক্ [ɔsthitisthapòk]

অস্থির (চঞ্চল) অস্থির্ [ɔsthir] **অস্থিরতা** অস্থিরতা/অস্থিরোতা [ɔsthirɔta/ɔsthiròta] **অস্থিরমতি** ~মোতি [~mòti]

অস্থৈর্য (অস্থিরতা, ধৈর্যহীনতা) অস্থৈর্জো [ɔsthoĭr(ɟ)ɟʒò]

অস্পষ্ট (ঝাপসা; অপরিস্ফুট, আবছা) অশ্পষ্টো/অস্পষ্টো [ɔʃpɔʃṭò/ɔspɔʃṭò] **অস্পষ্টতা** ~তা [~ta]

অস্পৃশ্য (অশুচি, অচ্ছুত) অস্প্রিশ্শো [ɔspriʃʃò] **অস্পৃশ্যতা** ~তা [~ta]

অস্ফুট (অব্যক্ত; আধো আধো) অশ্ফুট্/অশ্ফুটো/অস্ফুট্/অস্ফুটো [ɔʃphuṭ/ɔʃphuṭò/ɔsphuṭ/ɔsphuṭò]

অস্বচ্ছ (ঘোলা, অনচ্ছ) অশচ্ছো [ɔʃɔccʃhò] **অস্বচ্ছতা** ~তা [~ta]

অস্বচ্ছন্দ (স্বচ্ছন্দ বা সাবলীল নয় এমন) অশ্চ্ছন্দো/অশচ্ছোন্দো [ɔʃɔccʃhɔndò/ɔʃɔccʃhòndò]

অস্বস্তি (স্বাচ্ছন্দ্যের অভাব) অশ্শোস্তি [ɔʃʃòsti]

অস্বাচ্ছন্দ্য (স্বাচ্ছন্দ্য বা সাবলীলতার অভাব) অশাচ্ছন্দো/অশাচ্ছোন্দো [ɔʃaccʃhɔndò/ɔʃaccʃhòndò]

অস্বাভাবিক (স্বাভাবিক বা প্রকৃতিগত নয় এমন) অশ্শাভাবিক্ [ɔʃʃabɦabik]

অস্বাস্থ্য (অসুস্থতা) অশাস্থো [ɔʃasthò] **অস্বাস্থ্যকর** ~কর্ [~kɔr]

অস্বীকার (না মানা; অসম্মতি) অশ্শিকার্ [ɔʃʃikar] **অস্বীকৃতি** (অসম্মতি) অশিক্রিতি [ɔʃi(k)kriti]

অস্মিতা (অহংকার; ব্যক্তিত্ব, personality) ওশ্মিতা/অশ্মিতা/অস্মিতা [òʃmita/ɔʃmita/ɔsmita]

অহং (অহংকার) অহোং [ɔɦòŋ] **অহংকার** ~কার্ [~kar] **অহংকারী** ~কারি [~kari] **অহংবাদী** ~বাদী [~badi]

অহমিকা (অহংকার) অহোমিকা [ɔɦòmika]

অহরহ (সর্বদা, নিত্য) অহোরহো [ɔɦòrɔɦò]

অহর্নিশ (দিনরাত, দিবারাত্র) অহোর্নিশ্ [ɔɦòr(n)niʃ] **অহর্নিশি** অহোর্নিশি [ɔɦòr(n)niʃi]

'অহল্যা' অহোল্লা [ɔɦòlla]

অহি (সাপ) ওহি [òɦi]

অহিংস (হিংসাহীন) অহিংশো [ɔɦiŋʃò] **অহিংসা** অহিংশা (হিংসার অভাব) [ɔɦiŋʃa]

অহিত (অমঙ্গল; ক্ষতি) অহিৎ/অহিতো [ɔɦit/ɔɦitò]

অহিফেন (আফিং) ওহিফেন্ [òɦiphen]

অহেতুক (অকারণ) অহেতুক্ [ɔɦetuk]

অহোরাত্র (দিনরাত) অহোরাৎত্রো [ɔɦoratrò]

আ

আ (বাংলা স্বরবর্ণবিশেষ) আ [aː]

আইচ (পদবি-বিশেষ) আইচ্/আয়িচ্ [aicʃ]

আইঢাই (হাঁসফাঁস) আই্ ঢাই্ [aĭdɦaĭ]

আইন (নিয়ম, বিধি) আইন্ [ain] **আইনকানুন** ~কানুন্ [~kanun] **আইনজীবী** ~জিবি [~ʒibi] **আইনব্যবসায়ী** (উকিল, ব্যারিস্টার প্রভৃতি) ~ব্যাবোশায়ি [~bæbòʃai] **আইনমাফিক** ~মাফিক্ [~maphik] **আইনসম্মত** ~শম্মতো/~শম্মোতো [~ʃɔmmɔtò/~ʃɔmmòtò] **আইনানুগ** আইনানুগ্/আইনানুগো [ainanug/ainanugò]

আইবুড়ো (অবিবাহিত) আই্বুড়ো [aĭburo]

আইমা (দিদিমা) আই্মা [aĭma]

আইসক্রিম আইস্ক্রিম/আয়িস্ক্রিম্ [aiskrim]

আউশ (ধানবিশেষ) আউশ্ [auʃ]

আওড়ানো (উচ্চারণ করা; আবৃত্তি করা) আও্ড়ানো [aŏrano]

আওতা (আশ্রয়, প্রভাব) আও্তা [aŏta]
আওয়াজ (শব্দ) আও্আজ্ [aŏaɟʒ]
আংটা, আঙটা (হাতল, কড়া) আংটা [aŋṭa]
আংটি, আঙটি (অঙ্গুরীয়, ring) আংটি [aŋṭi]
আংশিক (খানিক, কতক) আংশিক্ [aŋʃik]
আঁক (চিহ্ন ; অঙ্ক) আঁক্ [ā:k]
আঁকশি (লগা) আঁক্শি [ākʃi]
আঁকা (দাগ দেওয়া, চিহ্ন দেওয়া, অঙ্কন করা) আঁকা [āka] **আঁকা-জোঁকা** ~জোঁকা [~ɟʒōka]
আঁকাবাঁকা (বাঁকা) আঁকাবাঁকা [ākabāka]
আঁকুপাঁকু (হাঁকপাঁক) আঁকুপাঁকু [ākupāku]
আঁখি (চোখ) আঁখি [ākhi] **আঁখিজল** ~জল্ [~ɟʒɔl] **আঁখিঠার** (চোখের ইঙ্গিত) ~ঠার্ [~ṭhar] **আঁখিপাত** ~পাৎ [~pat]
আঁচ (আন্দাজ ; তাপ) আঁচ্ [ā:cʃ]
আঁচড় (রেখা, দাগ) আঁচোড়্ [ācʃòṛ]
আঁচল (অঞ্চল, শাড়ির প্রান্ত) আঁচোল্ [ācʃòl] **আঁচলা** আঁচ্লা [ācʃla]
আঁচিল (wart) আঁচিল্ [ācʃil]
আঁজনাই (আঞ্জনি) আঁজ্নাই/আজ্নাই [āɟʒnai/aɟʒnai]
আঁজলা (অঞ্জলি পরিমাণ, handful) আঁজলা [āɟʒla]
আঁটসাঁট আঁট্শাঁট্ [āṭʃāṭ] **আঁটিসাঁটি** আঁটিশাঁটি [āṭiʃāṭi]
আঁটকুড়, আঁটকুড়ো (নিঃসন্তান) আঁট্কুড়ো [āṭkuṛo]
আঁটনি (শক্ত বাঁধন) আঁটোনি [āṭòni] **আঁটুনি** আঁটুনি [āṭuni]
আঁটি (গুচ্ছ) আঁটি [āṭi]
আঁটুনি আঁটনি দ্র
আঁত (নাড়ি ; মতলব) আঁৎ [ā:t]
আঁতাঁত (entente) আঁতাঁৎ [ātāt]
আঁতুড় (সূতিকাগার) আঁতুড়্ [āturৃ]
আঁধার (অন্ধকার) আঁধার্ [ādɦar]
আঁধি (অন্ধকার) আঁধি [ādɦi]
আঁশ (রোঁয়া) আঁশ্ [ā:ʃ] **আঁশফল** ~ফল্ [~phɔl]
আঁষ (আমিষ) আঁশ্ [ā:ʃ]
আঁস্তাকুড় (আবর্জনা ফেলার জায়গা) আঁস্তাকুড়্ [āstakuṛ]

আকছার (সর্বদা) আক্ছার্ [akcʃhar]
আকণ্ঠ (কণ্ঠ পর্যন্ত) আকন্ঠো [akɔnṭhò]
আকথাকুকথা (মন্দ কথা) আকথা কুকথা [akɔtha kukɔtha]
আকন্দ (গাছবিশেষ) আকোন্দো/আকন্দো [akòndò/akɔndò]
'আকবর' আক্বর্ [akbɔr]
আকবরি (আকবরের, আকবরের আমলের) আক্বোরি [akbòri]
আকর (খনি ; আধার) আকর্/আকোর্ [akɔr/akòr]
আকর্ণ (কান পর্যন্ত) আকর্নো [akɔr(n)nò]
আকর্ষ (লতাতন্তু, tendril) আকর্শো [akɔr(ʃ)ʃò]
আকর্ষক (যা আকর্ষণ করে) আকোর্শক্ [akòr(ʃ)ʃɔk]
আকর্ষণ (টান) আকর্শোন্/আকোর্শোন্/আকোর্শন্ [akɔr(ʃ)ʃòn/akòr(ʃ)ʃòn/akòr(ʃ)ʃɔn]
আকাঙ্ক্ষা (ইচ্ছা) আকাংখা [akaŋkha]
আকার (আকৃতি, চেহারা) আকার্ [akar]
আকাল (দুর্ভিক্ষ) আকাল্ [akal]
আকাশ (গগন, sky) আকাশ্ [akaʃ]
আকাশকুসুম (অবাস্তব জিনিস) আকাশ্কুশুম্ [akaʃkuʃum]
আকাশপাতাল (স্বর্গ থেকে পাতাল পর্যন্ত) আকাশ্পাতাল্ [akaʃpatal]
আকাশপ্রদীপ (কার্তিক মাসে বাড়ির ছাদে বাঁশের ডগায় জ্বালানো প্রদীপ) আকাশ্প্রোদিপ্ [akaʃpròdip]
আকিঞ্চন (দৈন্য) আকিন্চন্/আকিন্চোন্ [akincʃɔn/akincʃòn]
আকীর্ণ (ছড়ানো) আকির্নো [akir(n)nò]
আকুল (অধীর) আকুল্ [akul]
আকুতি (আকুলতা) আকুতি [akuti]
আকৃতি (চেহারা, আকার) আক্রিতি [a(k)kriti]
আকৃষ্ট (প্রলুব্ধ, মুগ্ধ ; আকর্ষণ করা হয়েছে এমন) আক্রিষ্টো [a(k)kriʃṭò]
আক্কেল (কাণ্ডজ্ঞান) আক্কেল্ [akkel]
আক্রম (বিক্রম ; আক্রমণ) আক্ক্রম্/আক্ক্রোম্ [akkrɔm/akkròm]

আক্রমণ (হানা) আক্‌ক্রোমোন্ [akkròmòn]
আক্রমণাত্মক (জঙ্গি ; সংগ্রামী) আক্‌ক্রোমোনাৎতোঁক /আক্‌ক্রোমনাৎতোঁক্ [akkròmònattõk/ akkròmɔnattõk]
আক্রা (দুর্মূল্য) আক্‌ক্রা [akkra]
আক্রান্ত (আক্রমণ করা হয়েছে এমন) আক্‌ক্রান্‌তো [akkrantò]
আক্রোশ (ক্রোধ, বিদ্বেষ) আক্‌ক্রোশ্ [akkroʃ]
আক্ষরিক (অক্ষর অনুসারী, literal) আক্‌খোরিক্ [akkhòrik]
আক্ষেপ (তড়কা, fits; ক্ষোভ) আক্‌খেপ্ [akkhep]
আখ (ইক্ষু) আখ্ [a:k(h)]
আখগাছ (ইক্ষুর গাছ, sugar-cane) আখ্‌গাছ্/আগ্‌গাছ্ [ak(h)gacʃ(h)/aggacʃ(h)]
আখড়া (ব্যায়ামের কেন্দ্র ; আড্ডা) আখ্‌ড়া [ak(h)ṛa]
আখর (অক্ষর) আখোর্ [akhòr]
আখরোট (walnut) আখ্‌রোট্ [ak(h)roṭ]
আখের (পরিণাম, ভবিষ্যৎ) আখের্ [akher]
আখ্যা (সংজ্ঞা ; উপাধি) আক্‌খা [akkha]
আখ্যাত (কথিত) আক্‌খাতো/আক্‌খ্যাতো [akkhatò/akkhætò]
আখ্যান (কাহিনী) আক্‌খান্ [akkhan]
আখ্যায়িকা (কাহিনী) আক্‌খাইকা [akkhaika]
আগড়বাগড় (অর্থহীন কথা) আগোড়্‌বাগোড়্ [agòṛbagòṛ]
আগত (এসেছে এমন) আগতো/আগোতো [agɔtò/agòtò]
আগন্তুক (অতিথি ; নবাগত) আগোন্‌তুক্ [agòntuk]
আগম (আগমন ; import; শাস্ত্র) আগোম্/আগম্ [agòm/agɔm]
আগমন (আসা) আগোমোন্/আগমোন্ [agòmòn/agɔmòn]
আগমনী (দুর্গার পিত্রালয়ে আসার গান) আগোমোনি [agòmòni]
আগল (খিল) আগোল্ [agòl]
আগলা (খোলা) আগ্‌লা [agla]
আগাম (advance) আগাম্ [agam]
আগামী (ভবিষ্যৎ) আগামি [agami]
আগুন (অগ্নি, fire) আগুন্ [agun]
আগুয়ান (আগ্রসর, অগ্রবর্তী) আগুআন্ [aguan]
আগ্নেয় (আগুনসম্বন্ধীয়) আগ্‌নেও [agneò]
আগ্রহ (ব্যগ্রতা ; কৌতূহল) আগ্‌গ্রোহো [aggròɦò]
আঘাত (চোট, ঘা) আঘাৎ [agɦat]
আঘ্রাণ (গন্ধগ্রহণ) আগ্‌ঘ্রান্ [aggɦran]
আঙটা আংটা দ্র
আঙিনা, আঙ্গিনা (উঠান, অঙ্গন) আঙিনা [aŋina]
আঙুর (grapes) আঙুর্ [aŋur]
আঙুল (finger) আঙুল্ [aŋul]
আঙ্গিক (কলাকৌশল) আংগিক্ [aŋgik]
'আঙ্গিরস' (অঙ্গিরস মুনির পুত্র) আংগিরশ্ [aŋgirɔʃ]
আঙ্গুর আঙুর দ্র
আঙ্গুল আঙুল দ্র
আচকান (জামাবিশেষ) আচ্‌কান্ [acʃkan]
আচমকা (হঠাৎ) আচম্‌কা/আচোম্‌কা [acʃɔmka/acʃòmka]
আচমন (আঁচানো) আচ্‌মোন্/আচোমোন্ [acʃmòn/acʃòmòn]
আচম্বিতে (হঠাৎ) আচোম্‌বিতে [acʃòmbite]
আচরণ (চালচলন) আচোরোন্/আচরোন্ [acʃòròn/acʃɔròn] **আচরণীয়** (পালনীয়) আচোরোনিয়ো/আচরোনিয়ো [acʃòròniò/acʃɔròniò] **আচরিত** আচোরিতো [acʃòritò]
আচার (ক্রিয়াকর্ম ; অনুষ্ঠান ; sauce) আচার্ [acʃar]
আচার্য (গুরু) আচার্‌জো [acʃar(ɟ)ɟʒò] **আচার্যানী** আচার্‌জানি [acʃar(ɟ)ɟʒani]
আচ্ছন্ন (আবৃত) আচ্‌ছন্‌নো/আচ্‌ছোন্‌নো [accʃhɔnnò/accʃhònnò]
আচ্ছা (তাই হবে) আচ্‌ছা [accʃha]
আচ্ছাদন (আবরণ) আচ্‌ছাদোন্ [accʃhadòn] **আচ্ছাদিত** (আবৃত, ঢাকা) আচ্‌ছাদিতো [accʃhaditò]
আছড়ানো (আছাড় দেওয়া) আছ্‌ড়ানো [acʃ(h)ṛano]
আছাঁকা (ছাঁকা হয়নি এমন) আছাঁকা [acʃhãka]

আছাড় (জোরে নিচে নিক্ষেপ বা পতন) আছাড় [acʃhaṛ]
আছোলা (খোসা ছাড়ানো হয়নি এমন) আছোলা [acʃhola]
আজ (এই দিন, today) আজ্ [a:ɟʒ] **আজকাল** ~কাল্ [~kal]
আজগুবি (উদ্ভট) আজ্গুবি [aɟʒgubi]
আজনাই আঁজনাই দ্র
আজন্ম (জন্মাবধি) আজন্মো/আজোন্মো [aɟʒɔn-mò/aɟʒònmò]
আজব (অদ্ভুত) আজোব্/আজব্ [aɟʒòb/aɟʒɔb]
আজাদ (মুক্ত) আজাদ্ [aɟʒad] **আজাদি** (মুক্তি, স্বাধীনতা) আজাদি [aɟʒadi]
আজান (নামাজের আহ্বান) আজান্ [aɟʒan]
আজানু (হাঁটু অবধি) আজানু [aɟʒanu] **আজানুলম্বিত** ~লোম্বিতো [~lòmbitò]
আজীবন (সারাজীবন) আজিবোন্ [aɟʒibòn]
আজেবাজে (তুচ্ছ, অকেজো) আজেবাজে [aɟʒebaɟʒe]
আজ্ঞা (আদেশ) আগ্গাঁ [aggã] **আজ্ঞাধীন** ~ধিন্ [~dɦin] **আজ্ঞাবহ** ~বহো [~bɔɦò]
আজ্ঞে (আজ্ঞা করুন ; তাই হবে) আঁগ্গে/আগ্গেঁ [ãgge/aggẽ]
আঞ্চলিক (অঞ্চল সম্বন্ধীয়, স্থানীয়) আন্চোলিক্ [ancʃòlik]
আঞ্জনি (চোখের ব্রণ) আন্জোনি [anɟʒòni]
আঞ্জাম (বন্দোবস্ত) আন্জাম্ [anɟʒam]
আঞ্জুমান (সভা) আন্জুমান্ [anɟʒuman]
আট (eight) আট্ [a:ṭ]
আটঘাট (সব দিক) আট্ঘাট্/আড্ঘাট্ [aṭɡɦaṭ/aḍɡɦaṭ]
আটচালা (আটটি চালযুক্ত ঘরবিশেষ) আট্চালা [aṭcʃala]
আটপৌরে (সারাদিন পরা যায় এমন) আট্পৌরে [aṭpoŭre]
আটই (৮ই) আটোই [aṭoĭ]
আটক (বদ্ধ ; বন্দি) আটোক্ [aṭòk] **আটকা** আট্কা [aṭka] **আটকানো** আট্কানো [aṭkano]
আটা (coarse flour) আটা [aṭa]
আটাশ (২৮) আটাশ্ [aṭaʃ] **আটাশে** আটাশে [aṭaʃe]
আটাত্তর (৭৮) আটাৎতোর্ [aṭattòr]
আটানব্বই (৯৮) আটানব্বোই/আটানোব্বোই [aṭa-nɔbbòĭ/aṭanòbbòĭ]
আটান্ন (৫৮) আটান্নো [aṭannò]
আঠা (gum, glue) আঠা [aṭha] **আঠালো** আঠালো [aṭhalo]
আঠারো (১৮) আঠারো [aṭharo]
আড় (প্রস্থ ; বাঁকা) আড় [a:ṛ]
আড়ং (গঞ্জ ; হাট) আড়োং [aṛòŋ]
আড়মোড়া (আড়ষ্টতা দূর করার জন্য শরীর মোচড় দেওয়া) আড়্মোড়া [aṛmoṛa]
আড়ত, আড়ৎ (গোলা, depot) আড়োৎ [aṛòt]
আড়তদার ~দার্/আড়োদ্দার্ [~dar/aṛòddar]
আড়ম্বর (জাঁকজমক ; ঘটা) আড়োম্বর্ [aṛòmbɔr]
আড়ষ্ট (জড় ; অস্বচ্ছন্দ) আড়োষ্টো/আড়ষ্টো [aṛòʃṭò/aṛɔʃṭò]
আড়াআড়ি (কোনাকুনি) আড়াআড়ি [aṛa aṛi]
আড়াই ($2\frac{1}{2}$) আড়াই [aṛaĭ]
আড়াঠেকা (সংগীতের তালবিশেষ) আড়াঠেকা [aṛaṭheka]
আড়ানা (রাগিণীবিশেষ) আড়ানা [aṛana]
আড়াল (অন্তরাল ; আবরণ) আড়াল্ [aṛal]
আড়ি (আড়াল ; বিবাদ) আড়ি [aṛi]
আড্ডা (বাসস্থান ; গল্পগুজব) আড্ডা [aḍḍa]
আঢ্য (পদবিবিশেষ) আড্ঢো [aḍḍɦò]
আণবিক (অণু-সম্বন্ধীয়) আনোবিক্ [anòbik]
আণ্ডা (ডিম) আন্ডা [anḍa]
আতঙ্ক (ভয়) আতোংকো/আতংকো [atòŋkò/atɔŋkò]
আততায়ী (শত্রু ; আক্রমণকারী) আতোতাই [atò-tai]
আতপ (রৌদ্র) আতোপ্ [atòp]
আতর (সুগন্ধ পুষ্পসার) আতোর্ [atòr]
আতশ, আতস (আগুন) আতোশ্ [atòʃ]
আতা (ফলবিশেষ) আতা [ata]
আতান্তর (বিপদ) আতান্তর্/আতান্তোর্ [atantɔr/atantòr]

আতিথেয় (অতিথিসেবাপরায়ণ) আতিথেয়ো [atitheò] **আতিথেয়তা** ~তা [~ta]

আতিথ্য (অতিথিসেবা) আতিৎথো [atitthò]

আতিশয্য (আধিক্য) আতিশোজ্‌জো [atiʃòɟɟʒò]

আতুর (আর্ত ; অসুস্থ) আতুর্ [atur]

আত্তীকরণ (assimilation) আৎতিকরোন্ [at-tikɔròn]

আত্ম (নিজ) আৎতোঁ/আঁৎতো [attõ/ãttò] **আত্মকলহ** ~কলোহো [~kɔlòɦò] **আত্মকেন্দ্রিক** (স্বার্থপর) ~কেন্‌দ্রিক্ [~kendrik] **আত্মগরিমা** ~গোরিমা [~gòrima] **আত্মগ্লানি** ~গ্‌গ্লানি [~gglani] **আত্মঘাত** (আত্মহত্যা) ~ঘাৎ [~gɦat] **আত্মঘাতী** ~ঘাতি [~gɦati] **আত্মজ** (পুত্র) ~জো [~ɟʒò] **আত্মজীবনী** ~জিবোনি [~ɟʒibòni] **আত্মতৃপ্তি** ~ত্রিপ্‌তি [~(t)tripti] **আত্মত্যাগ** (স্বেচ্ছায় জীবনদান) ~ৎত্যাগ্ [~ttæg] **আত্মদর্শন** (নিজের চরিত্র সম্পর্কে বোধ) ~দর্‌শোন্ [~dɔr(ʃ)ʃòn] **আত্মনিয়োগ** ~নিয়োগ্ [~niog] **আত্মনেপদ** ~নেপদ্ [~nepɔd] **আত্মপ্রকাশ** ~প্‌প্রোকাশ্ [~ppròkaʃ] **আত্মপ্রতারণা** (নিজেকে ঠাকানো) ~প্‌প্রোতারোনা [~ppròtaròna] **আত্মপ্রত্যয়** (নিজের প্রতি আস্থা) ~প্‌প্রোৎতয় [~pprottɔĕ] **আত্মপ্রসাদ** (নিজের মনের তৃপ্তি) ~পপ্রোশাদ্ [~ppròʃad] **আত্মবিশ্বাস** ~বিশ্‌শাশ্ [~biʃʃaʃ] **আত্মম্ভরিতা** (দম্ভ) ~ম্‌ভোরিতা [~mbɦòrita] **আত্মশুদ্ধি** (প্রায়শ্চিত্ত) ~শুদ্‌ধি [~ʃuddɦi] **আত্মহত্যা** ~হোৎতা [~ɦòtta]

আত্মা (soul) আঁৎতা/আৎতাঁ [ãtta/attã] **আত্মাভিমান** ~ভিমান্ [~bɦiman] **আত্মারাম** (আত্মাপুরুষ ; প্রাণপাখি) ~রাম্ [~ram] **আত্মাহুতি** (আত্মদান) ~হুতি [~ɦuti] **আত্মীকরণ** (assimilation) আঁৎতিকরোন্/আৎতিঁকরোন্ [ãttikɔròn/at-tĩkɔròn]

আত্মীয় (পরিজন, স্বজন) আঁৎতিয়ো/আৎতিঁয়োঁ [ãttiò/attĩõ] **আত্মীয়তা** ~তা [~ta] **আত্মীয়স্বজন** ~শজোন্ [~ʃɔɟʒòn]

আত্মোন্নতি (নিজের উন্নতি) আঁৎতোন্‌নোতি [ãttonnòti]

আত্মোৎসর্গ (নিজেকে উৎসর্গ করা) আঁৎতোৎশরগো [ãttotʃɔr(g)gò]

আত্যন্তিক (অত্যধিক) আৎতোন্‌তিক্ [attòntik]

'আত্রেয়' (অত্রিমুনির পুত্র) আৎত্রেয়ো [attreò]

আদত (আসল) আদোৎ [adòt]

আদপে (আসলে) আদোপে [adòpe]

আদবকায়দা (ভদ্রতার রীতিনীতি) আদোব্ কায়্‌দা [adòb kaĕda]

আদম (প্রথম মানব) আদোম্ [adòm]

আদমশুমার (লোকগণনা) আদোম্‌শুমার্ [adòm-ʃumar]

আদমি (মানুষ) আদ্‌মি [admi]

আদর (সোহাগ ; যত্ন ; খাতির) আদোর্ [adòr] **আদরণীয়** (আদর পাবার যোগ্য) আদোরোনিয়ো [adòròniò] **আদরিণী** আদোরিনি [adòrini]

আদর্শ (অনুকরণীয় বিষয়, ideal) আদর্‌শো/আদোর্‌শো [adɔr(ʃ)ʃò/adòr(ʃ)ʃò]

আদল (মিল) আদোল্ [adòl]

আদা (ginger) আদা [ada]

আদাড় (আবর্জনা ফেলার জায়গা) আদাড়্ [adaṛ]

আদানপ্রদান (দেওয়া-নেওয়া) আদান্ প্রোদান্ [adan pròdan]

আদাব (সালাম) আদাব্ [adab]

আদায় (উসুল, সংগ্রহ) আদায়্ [adaĕ]

আদালত (court) আদালৎ [adalɔt]

আদি (আরম্ভ ; আদ্য, প্রথম) আদি [adi] **আদিকবি** ~কোবি [~kòbi] **আদিকাণ্ড** ~কান্‌ডো [~kanḍò] **আদিকাব্য** ~কাব্‌বো [~kabbò] **আদিনাথ** (মহাদেব) ~নাথ্ [~nat(h)] **আদিবাসী** (আদিম জাতি বা তাদের বংশধর) ~বাশি [~baʃi] **আদিরস** ~রশ্ [~rɔʃ]

আদিখ্যেতা (বাড়াবাড়ি) আদিক্‌খেতা [adikkheta]

আদিগন্ত (দিগন্ত পর্যন্ত) আদিগন্‌তো/আদিগোন্‌তো [adigɔntò/adigòntò]

আদিত্য (সূর্য) আদিৎতো [adittò] **আদিত্য নারায়ণ** ~নারায়োন্ [~naraĕòn]

আদিম (প্রথম ; প্রাচীন) আদিম্ [adim] **আদিমতা** আদিমোতা/আদিমতা [adimòta/adimɔta]

আদিষ্ট (আজ্ঞাপ্রাপ্ত) আদিষ্‌টো [adiʃṭò]

আদুড় (নগ্ন) আদুড়্ [aduṛ]

আদৃত (অভ্যর্থিত) আদ্রিতো [a(d)dritò]

আদেশ (হুকুম, আজ্ঞা) আদেশ্ [adeʃ]
আদৌ (মোটেই ; আদপেই) আদৌ [adoŭ]
আদ্য (প্রথম) আদ্‌দো [addò] **আদ্যন্ত** আদ্‌দন্‌তো/আদ্‌দোন্‌তো [addɔntò/addòntò] **আদ্যশ্রাদ্ধ** (মৃতের প্রথম শ্রাদ্ধ) ~স্‌স্রাদ্‌ধো [~ssraddɦò]
আদ্যাশক্তি (মহামায়া) আদ্‌দাশোক্‌তি [addaʃòkti]
আদ্যোপান্ত (আগাগোড়া) আদ্‌দোপান্‌তো [ad-dopantò]
আধকপালে (কপালের অর্ধাংশ জুড়ে যন্ত্রণা হয় এমন রোগ) আধ্‌কপালে/আদ্‌কপালে [ad(ɦ)kɔ-pale/adkɔpale]
আধপেটা (অর্ধেক পেট ভরে এমন) আধ্‌পেটা [ad(ɦ)peṭa]
আধবয়সী (মাঝবয়সী) আধ্‌বয়োশি [ad(ɦ)bɔĕòʃi]
আধলা (অর্ধেক ইট) আধ্‌লা/আদ্‌লা [ad(ɦ)la/adla]
আধাখেঁচড়া (অসম্পূর্ণ) আধাখ্যাঁচ্‌ড়া [adɦa-khæ̃cʃṛa]
আধার (পাত্র) আধার্ [adɦar]
আধিকারিক (officer) আধিকারিক্ [adɦikarik]
আধিক্য (বাহুল্য) আধিক্‌কো [adɦikkò]
আধিখ্যেতা (বাড়াবাড়ি) আধিক্‌খেতা [adɦikkheta]
আধিপত্য (প্রাধান্য) আধিপোৎতো [adɦipòttò]
আধুনিক (নব্য, নতুন, সাম্প্রতিক) আধুনিক্ [adɦunik]
আধুলি (আট আনি) আধুলি [adɦuli]
আধেয় (আধারস্থ বস্তু, content) আধেও [adɦeò]
আধ্যাত্মিক (আত্মাসম্বন্ধীয়, spiritual) আদ্‌ধাঁৎতিক্ [addɦãttik]
আনকোরা (নতুন) আন্‌কোরা [ankora]
আনচান (অস্থির) আন্‌চান্ [ancʃan]
আনন (মুখ) আনোন্ [anòn]
আনন্দ (তৃপ্তি ; সুখ) আনোন্‌দো [anòndò] **আনন্দদায়ক** ~দায়োক্ [~daĕòk] **আনন্দময়** ~ময় [~mɔĕ] **আনন্দময়ী** ~মোই [~mòi] **আনন্দিত** আনোন্‌দিতো [anònditò]
আনমন (অন্যমনস্ক) আন্‌মোন্ [anmòn]
আনমনা (অন্যমনস্ক) আন্‌মোনা [anmòna]
আনয়ন (আনা) আনয়োন্ [anɔĕòn]
আনাজ (সবজি) আনাজ্ [anaɟʒ]
আনাড়ি (অপটু) আনাড়ি [anaṛi]
আনারস (pineapple) আনারশ্ [anarɔʃ]
আনীত (আনা হয়েছে এমন) আনিতো [anitò]
আনুকূল্য (অনুগ্রহ) আনুকুল্‌লো [anukullò]
আনুগত্য (বাধ্যতা) আনুগোৎতো [anugòttò]
আনুপূর্ব (পরম্পরা) আনুপুর্‌বো [anupur(b)bò]
আনুপূর্বিক (আগাগোড়া) আনুপুর্‌বিক্ [anupur(b)bik]
আনুমানিক (আন্দাজি) আনুমানিক্ [anumanik]
আনুষঙ্গিক (সংলগ্ন ; সম্পর্কিত) আনুশোংগিক্ [anuʃòŋgik]
আনুষ্ঠানিক (অনুষ্ঠান-সম্পর্কিত) আনুশ্‌ঠানিক্ [anuʃṭhanik]
আন্তরিক (মনোগত ; অকপট) আন্‌তোরিক্ [an-tòrik]
আন্তরিকতা (অকপটতা, অকৃত্রিমতা, হৃদ্যতা) আন্‌তোরিকতা/আন্‌তোরিকোতা [antòrikɔta/antòrikòta]
আন্তর্জাতিক (international) আন্‌তোর্‌জাতিক্ [antòr(ɟ)ɟʒatik]
আন্দাজ (অনুমান) আন্‌দাজ্ [andaɟʒ]
আন্দোলন (আলোড়ন, বিক্ষোভ ; দোলন) আন্‌দোলন্/আন্‌দোলোন্ [andolɔn/andolòn]
আপজাত্য (সদ্‌গুণের অভাব) আপোজাৎতো [apòɟʒattò]
আপণ (দোকান) আপোন্ [apòn]
আপতন (আকস্মিক সংঘটন, accident) আপ-তোন্/আপোতোন্ [apɔtòn/apòtòn]
আপতিক (হঠাৎ ঘটেছে এমন, accidental) আপোতিক্ [apòtik]
আপত্তি (অসম্মতি) আপোৎতি [apòtti]
আপদ (বিপদ) আপোদ্ [apòd]
আপন (নিজ) আপোন্ [apòn]
আপনার (নিজের) আপ্‌নার্ [apnar]
আপনি (you, honorific) আপ্‌নি [apni]
আপশোস (অনুতাপ, ক্ষোভ) আপ্‌শোশ্ [apʃoʃ]
আপস (রফা) আপোশ্ [apòʃ]

আপসে (বন্ধুভাবে) আপোশে [apò∫e]
আপাত (উপস্থিত সময়) আপাতো [apatò] **আপাত-দৃষ্টিতে** ~dদ্রষ্‌টিতে [~dri∫ṭite]
আপাতত (প্রথম দর্শনে) আপাততো/আপাতোতো [apatɔtò/apatòtò]
আপাদমস্তক (পা থেকে মাথা পর্যন্ত) আপাদ্‌মস্‌তোক্‌ আপাদোমস্‌তোক্‌ [apadmɔstòk/apadòmɔstòk]
আপেক্ষিক (তুলনামূলক) আপেক্‌খিক্‌ [apekkhik]
আপ্তবাক্য (বেদের বিধান) আপ্‌তোবাক্‌কো [aptò-bakkò]
আপ্যায়ন (সমাদর) আপ্‌পায়োন্‌ [appaĕòn]
আপ্রাণ (প্রাণপণ) আপ্‌প্রান্‌ [appran]
আপ্লুত (সিক্ত) আপ্‌প্লুতো [applutò]
আফগান (Afghan) আফ্‌গান্‌ [ap(h)gan]
আফিঙ আফিং [aphiŋ]
আবছা (অস্পষ্ট) আব্‌ছা [abc∫ha]
আবছায়া (আবছা) আব্‌ছায়া [abc∫haĕa]
আবদার (বায়না) আব্‌দার [abdar]
আবরণ (আচ্ছাদন) আবোরোন্‌/আবোরন্‌ [abòròn/abòrɔn]
আবর্জনা (ময়লা ; বর্জন করার মতো জিনিস) আবোর্‌জোনা/আবোর্‌জনা [abòr(ɟ)ɟʒòna/abòr(ɟ)ɟʒɔna]
আবর্ত (ঘূর্ণিজল) আবোর্‌তো/আবর্‌তো [abbòr-(t)tò/abɔr(t)tò]
আবলুস (কালো রঙের কাঠবিশেষ) আব্‌লুশ্‌ [ablu∫]
আবশ্যক (প্রয়োজনীয়) আবোশ্‌শক্‌/আবোশ্‌শোক্‌ [abò∫∫ɔk/abò∫∫òk]
আবশ্যিক (অবশ্য গ্রহণীয় বা করণীয়, compulsory) আবোশ্‌শিক্‌ [abò∫∫ik]
আবহ (বায়ুমণ্ডল, atmosphere) আবোহো/আবহো [abòɦò/abɔɦò] cslydlPsg ~বিগ্‌গ্যান্‌ [~biggæ̃n] **আবহসংগীত** (background music) ~শোংগিৎ [~∫òŋgit]
আবহমান (চিরপ্রচলিত) আবোহোমান্‌/আবহোমান্‌ [abòɦòman/abɔɦòman]
আবহাওয়া (জলবায়ু) আবোহাওআ/আব্‌হাওআ [abòɦaŏa/abɦaŏa]
আবাদ (চাষ) আবাদ্‌ [abad] **আবাদী, আবাদি** আবাদি [abadi]
আবার (পুনরায়) আবার্‌ [abar]
আবালবৃদ্ধবনিতা (শিশু থেকে বৃদ্ধ ও স্ত্রীলোক সকলেই) আবাল্‌ব্রিদ্‌ধোবোনিতা [abalbriddɦò-bònita]
আবাল্য (শৈশব থেকে) আবাল্‌লো [aballò]
আবাস (বাসস্থান) আবাশ্‌ [aba∫]
আবাসন (গৃহনির্মাণ ব্যবস্থা) আবাশোন্‌/আবাশন্‌ [aba∫òn/aba∫ɔn]
আবাসিক (বসবাসকারী) আবাশিক্‌ [aba∫ik]
আবাহন (আমন্ত্রণ) আবাহোন্‌ [abaɦòn] **আবাহনী** আবাহোনি [abaɦòni]
আবির, আবীর NFs[M আবির্‌ [abir]
আবির্ভাব (উদয় ; অধিষ্ঠান) আবির্‌ভাব্‌ [abir(b)bɦab] **আবির্ভূত** আবির্‌ভুতো [abir(b)bɦutò]
আবিল (কলুষিত) আবিল্‌ [abil]
আবিষ্কার (উদ্ভাবন ; অপ্রকাশিত বা অজানা বিষয়ের সন্ধান) আবিশ্‌কার্‌ [abi∫kar] **আবিষ্কর্তা** আবিশ্‌কর্‌তা [abi∫kɔr(t)ta] **আবিষ্কৃত** আবিশ্‌ক্রিতো [abi∫kritò]
আবিষ্ট (অভিভূত) আবিষ্‌টো [abi∫ṭò]
আবীর আবির দ্র
আবৃত (ঢাকা) আব্রিতো [a(b)britò]
আবৃত্তি (পাঠ ; বারংবার পাঠ) আব্রিৎতি [a(b)britti] **আবৃত্ত** (পুনরাগত) আব্রিৎতো [a(b)brittò]
আবেগ (তীব্র ভাব বা বিহ্বলতা) আবেগ্‌ [abeg]
আবেদন (প্রার্থনা, নিবেদন) আবেদোন্‌/আবেদন্‌ [abedòn/abedɔn]
আবেশ (বিহ্বলতা) আবেশ্‌ [abe∫]
আবেষ্টন (ঘিরে রাখা) আবেষ্‌টন্‌/আবেষ্‌টোন্‌ [abe∫ṭɔn/abe∫ṭòn] **আবেষ্টনী** (বেষ্টনী ; বেড়া) আবেষ্‌টোনি [abe∫ṭòni]
আবোলতাবোল (অর্থহীন কথা) আবোল্‌ তাবোল্‌ [abol tabol]
আভরণ (অলংকার) আভোরোন্‌/আভোরন্‌ [abɦòròn/abɦòrɔn]
আভা (দীপ্তি) আভা [abɦa]

আভাষ (ভূমিকা) আভাশ্ [abɦaʃ]
আভাস (ইঙ্গিত) আভাশ্ [abɦaʃ]
আভিজাত্য (বংশমর্যাদা) আভিজাৎতো [abɦiɟʒatto̊]
আভিধানিক (অভিধান-সংক্রান্ত ; অভিধানকার) আভিধানিক্ [abɦidɦanik]
আভোগ (গানের চতুর্থ কলি) আভোগ্ [abɦog]
আভ্যন্তর (অভ্যন্তর-বিষয়ক) আব্ভোন্তর্ [abbɦo̊ntɔr] **আভ্যন্তরিক** আব্ভোন্তোরিক্ [abbɦo̊nto̊rik]
আভ্যুদয়িক (মাঙ্গলিক কর্মবিশেষ) আব্ভুদোইক্ [abbɦudo̊ik]
আম (mango) আম্ [a:m]
আম-আদা (আদা-বিশেষ) আম্আদা/আমাদা [amada]
আমচুর (আমসি) আমচুর্ [amcʃur]
আমড়া (hog-plum) আম্ড়া [amṛa]
'আমতা' আম্তা [amta]
আমদরবার (সর্বসাধারণের সভা) আম্দর্বার্ [amdɔrbar]
আমদানি (import) আম্দানি [amdani]
আমন (ধানবিশেষ) আমোন্ [amo̊n]
আমন্ত্রণ (আবাহান ; সম্ভাষণ, নিমন্ত্রণ) আমোন্ত্রোন্/আমোনত্রন্ [amo̊ntro̊n/amo̊ntrɔn] **আমন্ত্রিত** আমোন্ত্রিতো [amo̊ntrito̊]
আমবাত (nettle-rash) আম্বাৎ [ambat]
আমরণ (মৃত্যু পর্যন্ত) আমরোন্ [amɔro̊n]
আমরুল (শাকবিশেষ) আম্রুল্ [amrul]
আমল (যুগ) আমোল্ [amo̊l]
আমলকী (আমলাফল) আম্লোকি [amlo̊ki]
আমলা (সরকারি কর্মচারী) আম্লা [amla] **আমলাতন্ত্র** ~তন্ত্রো [~tɔntro̊]
আমসত্ত্ব (শুকানো আমের রসের খাবার) আম্শৎতো [amʃɔtto̊]
আমসি (আমচুর) আম্শি [amʃi]
আমানত (মজুত) আমানৎ [amanɔt]
আমানি (পান্তাভাতের জল) আমানি [amani]
আমার (মদীয়, my) আমার্ [amar]
আমাশয় (dysentery) আমাশয়্ [amaʃɔĕ]
আমাশা (dysentery) আমাশা [amaʃa]
আমিন (কর্মচারী-বিশেষ) আমিন্ [amin]
আমির, আমীর (সম্ভ্রান্ত মুসলমান) আমির্ [amir] **আমিরি, আমিরী** আমিরি [amiri]
আমিষ (মাছ মাংস প্রভৃতি জৈব খাদ্য) আমিশ্ [amiʃ]
আমুদে (রসিক ; আমোদপ্রিয়) আমুদে [amude]
আমূল (সম্পূর্ণ) আমুল্ [amul]
আমেজ (রেশ) আমেজ্ [ameɟʒ]
আমোদ (আনন্দ ; আহ্লাদ) আমোদ্ [amod] **আমোদপ্রমোদ** ~প্রোমোদ্ [~pro̊mod]
আম্মা (মা) আম্মা [amma]
আম্র (আম) আম্ম্রো [ammro̊]
আয় (উপার্জন) আয়্ [a:ĕ] **আয়কর** (income tax) ~কর্ [~kɔr] **আয়ব্যয়** ~ব্যায়্ [~bæĕ]
আয়ত (বিস্তৃত) আয়োতো [aĕo̊to̊] **আয়তক্ষেত্র** খেৎত্রো [~khettro̊]
আয়তন (পরিসর, area) আয়োতোন্/আয়োতন্ [aĕo̊to̊n/aĕo̊tɔn]
আয়ত্ত (অধিগত) আয়োৎতো [aĕo̊tto̊]
আয়না (দর্পণ) আয়্না [aĕna]
আয়া (দাই) আয়া [aĕa]
'আয়ান' (রাধিকার স্বামী) আয়ান্ [aĕan]
আয়াস (কষ্ট) আয়াশ্ [aĕaʃ] **আয়াসসাধ্য** ~শাদ্ধো [~ʃaddɦo̊]
আয়ু (জীবনকাল) আয়ু [aĕu]
আয়ুধ (অস্ত্র) আয়ুধ্ [aĕud(ɦ)]
আয়ুর্বেদ (কবিরাজি চিকিৎসা পদ্ধতি) আয়ুর্বেদ্ [aĕur(b)bed]
আয়ুষ্কাল (জীবনকাল) আয়ুশ্কাল্ [aĕuʃkal]
আয়ুষ্মান (দীর্ঘজীবী) আয়ুশ্মান্ [aĕuʃman]
আয়েশ, আয়েস (আরাম) আয়েশ্ [a(ĕ)eʃ]
'আয়েষা' আয়েশা [a(ĕ)eʃa]
আয়োজন (ব্যবস্থা ; উদ্যোগ) আয়োজোন্/আয়োজন্ [aĕoɟʒo̊n/aĕoɟʒɔn] **আয়োজিত** আয়োজিতো [aĕoɟʒito̊]
আয়োডিন (iodine) আয়োডিন্ [aĕoḍin]
আর (এবং, ও ; অন্য) আর্ [a:r] **আরও, আরো** আরো [aro]
আরক (নির্যাস, রস) আরোক্ [aro̊k]

আরক্ত (লাল) আরোক্তো/আরক্তো [aròktò/arɔktò] **আরক্তিম** (লাল, লালিমাযুক্ত) আরোক্তিম্ [aròktim]

আরক্ষা (পুলিস বিভাগ) আরোক্খা [aròkkha] **আরক্ষী** আরোক্খি [aròkkhi]

আরণ্য (বন্য) আরোন্নো [arònnò] **আরণ্যক** আরোন্নক্ / আরোন্নোক্ [arònnɔk/arònnòk]

আরতি (প্রদীপ ধূপ প্রভৃতি সহযোগে দেবমূর্তি বরণ) আরোতি [aròti]

আরদালি (পিয়ন, বেয়ারা) আরদালি [ardali]

আরব (Arab) আরব্ [arɔb] **আরবি, আরবী** (ভাষা) আরবি [arbi]

আরব্ধ (আরম্ভ হয়েছে এমন) আরব্ধো/আরোব্ধো [arɔbdɦò/aròbdɦò]

আরম্ভ (শুরু) আরোম্ভো/আরম্ভো [aròmbɦò/arɔmbɦò]

আরশি, আরসি (আয়না) আরশি [arʃi]

'আরাকান' (পর্বতবিশেষ) আরাকান্ [arakan]

আরাধনা (পূজা) আরাধোনা [aradɦòna] **আরাধ্য** আরাদ্ধো [araddɦò]

'আরাবল্লি' আরাবোল্লি [arabòlli]

আরাম (সুখ) আরাম্ [aram]

'আরামবাগ' আরাম্বাগ্ [arambag]

আরূঢ় (আরোহণ করেছে এমন) আরূঢ়ো/আরুড়ো [aruṛɦò/aruṛ(ɦ)ò]

আরেক (অন্য এক) আর্যাক্ [aræk] **আরেকটি** আরেক্টি [arekṭi]

আরোগ্য (রোগমুক্তি) আরোগ্গো [aroggò]

আরোপ (স্থাপন) আরোপ্ [arop] **আরোপণ** আরোপোন্/আরোপন্ [aropòn/aropɔn] **আরোপিত** আরোপিতো [aropitò]

আরোহণ (উপরে ওঠা) আরোহোন্/আরোহন্ [aroɦòn/aroɦɔn] **আরোহণী** (সিঁড়ি) আরোহোনি [aroɦòni] **আরোহী** (যে ওঠে) আরোহি [aroɦi]

আর্জুনি (অর্জুনের পুত্র) আর্জুনি [ar(ɟ)ɟʒuni]

আর্তি (যন্ত্রণা) আর্তি [ar(t)ti]

আর্থ (অর্থ-সম্বন্ধীয়) আর্থো [ar(t)thò] **আর্থিক** আর্থিক্ [ar(t)thik]

আর্থনীতিক (অর্থনীতি-সম্বন্ধীয়) আর্থোনিতিক্ [ar(t)thònitik]

আর্দ্র (ভেজা) আর্দ্রো [ar(d)drò]

আর্দ্রক (আদা) আর্দ্রক্ [ar(d)drɔk]

আর্য (আর্যভাষী প্রাচীন জাতিবিশেষ) আর্জো [ar(ɟ)ɟʒò] **আর্যাবর্ত** আর্জাবর্তো [ar(ɟ)ɟʒabɔr(t)tò]

আর্ষ (ঋষি-সম্বন্ধীয়) আর্শো [ar(ʃ)ʃò]

আল (জমির বাঁধ) আল্ [a:l]

আলকাতরা (coal tar) আল্কাৎরা [alkatra]

আলখাল্লা (লম্বা ঢিলা জামা) আল্খাল্লা [alkhalla]

আলগা (ঢিলা) আল্গা [alga]

আলগোছ (অসংলগ্ন ; আলতো) আল্গোছ্ [algocʃ(h)] **আলগোছে** আল্গোছে [algocʃhe]

আলংকারিক, আলঙ্কারিক (অলংকার-সম্বন্ধীয় ; অলংকার-শাস্ত্রজ্ঞ) আলোংকারিক্ [alòŋkarik]

আলজিভ (uvula) আল্জিভ্ [alɟʒib(ɦ)]

আলতা (লাক্ষারস) আল্তা [alta]

আলতারাফ (কবজাবিশেষ) আল্তারাফ্ [altarap(h)]

আলতো (আলগা) আল্তো [alto]

আলপাকা (ভেড়ার লোমের কাপড়) আল্পাকা [alpaka]

আলপিন (ছোট পিন) আল্পিন [alpin]

আলবাত (নিশ্চয়) আল্বাৎ [albat]

আলবোলা (গড়গড়া) আল্বোলা [albola]

'আলমগীর' আলোম্গির্/আলম্গির্ [alòmgir/alɔmgir]

আলমারি (almirah) আল্মারি [almari]

আলম্ব (আশ্রয়) আলম্বো/আলোম্বো [alɔmbò/alòmbò] **আলম্বিত** আলোম্বিতো [alòmbitò]

আলয় (গৃহ ; আবাস) আলয়্ [alɔĕ]

আলসে (অলস) আল্শে [alʃe]

আলস্য (অলসতা) আলোশ্শো [alòʃʃò]

আলাদা (পৃথক) আলাদা [alada]

আলান (গোঁজ ; খুঁটি) আলান্ [alan]

আলাপ (পরিচয় ; কথাবার্তা) আলাপ্ [alap] **আলাপচারী** (আলাপ) ~চারি/ আলাপোচারি [~cʃari/alapòcʃari] **আলাপন** (কথাবার্তা)

আলাপোন্/আলাপন্ [alapòn/alapɔn] **আলাপী** (পরিচিত ; আলাপপ্রিয়) আলাপি [alapi]

আলাল (ধনী) আলাল্ [alal]

আলিঙ্গন (কোলাকুলি) আলিংগন্ [aliŋgɔn] **আলিঙ্গনাবদ্ধ** আলিংগনাবদ্ধো [aliŋgɔnabɔddɦò]

আলু (potato) আলু [alu]

আলুনি (লবণহীন) আলুনি [aluni]

আলুবোখরা (কুলজাতীয় ফলবিশেষ) আলুবোখ্রা/আলুবোক্রা [alubok(h)ra/alubokra]

আলুলায়িত (আলুথালু) আলুলায়িতো [alulaitò]

আলেখ্য (চিত্র) আলেক্খো [alekkhò]

আলেয়া (will-o'-the-wisp) আলেয়া [alea]

আলো (আলোক, light) আলো [alo]

আলোক (আলো) আলোক্ [alok] **আলোকচিত্র** (photograph) ~চিৎত্রো [~cʃitrò] **আলোকচ্ছটা** আলোকোচ্ছটা [alokòccʃhɔṭa] **আলোকবিজ্ঞান** (optics) ~বিগ্গ্যাঁন্ [~biggæ̃n] **আলোকবর্ষ** (light year) ~বর্শো [~bɔr(ʃ)ʃò] **আলোকস্তম্ভ** (lighthouse) ~স্তম্ভো/আলোকোস্তম্ভো [~stɔmbɦò/alokòstɔmbɦò] **আলোকসজ্জা** ~শজ্জা [~ʃɔɟɟʒa] **আলোকিত** (দীপ্ত, উদ্ভাসিত) আলোকিতো [alokitò]

আলোচনা (বিচার, বিবেচনা, discussion) আলোচোনা/আলোচনা [alocʃòna/alocʃɔna] **আলোচিত** আলোচিতো [alocʃitò] **আলোচ্য** আলোচ্চো [aloccʃò]

আলোড়ন (আন্দোলন) আলোড়ন্/আলোড়োন্ [aloṛɔn/aloṛòn] **আলোড়িত** আলোড়িতো [aloṛitò]

আলোয়ান (চাদর) আলোআন্ [aloan]

আল্লা, আল্লাহ্ (ঈশ্বর) আল্লা [alla]

আশকারা (প্রশ্রয়) আশ্কারা [aʃkara]

আশঙ্কা (ভয়) আশোংকা [aʃòŋka]

আশপাশ (কাছাকাছি জায়গা) আশ্পাশ্ [aʃpaʃ]

আশা (পাবার জন্য অপেক্ষা, hope) আশা [aʃa] **আশাতীত** ~তিতো [~titò] **আশান্বিত** ~ন্নিতো [~nnitò] **আশাপ্রদ** ~প্প্রোদো [~ppròdò] **আশাবাদী** ~বাদি [~badi]

'আশাবরী' (রাগিণী-বিশেষ) আশাবোরি [aʃabòri]

আশিস, আশীষ (আশীর্বাদ) আশিশ্ [aʃiʃ]

আশীর্বচন (আশীর্বাদ) আশির্বচোন্ [aʃir(b)bɔcʃòn]

আশীর্বাদ (গুরুজনের শুভেচ্ছা) আশির্বাদ্ [aʃir(b)bad] **আশীর্বাদক** আশির্বাদোক্ [aʃir(b)badòk]

আশু (শীঘ্র) আশু [aʃu] **আশুতোষ** ~তোশ্ [~toʃ]

আশৈশব (ছোটবেলা থেকে) আশৈশব্ [aʃoi̯ʃɔb]

আশ্চর্য (বিস্ময় ; বিস্ময়কর) আশ্চোর্জো [aʃcʃòr(ɟ)ɟʒò]

আশ্বস্ত (ভরসা বা আশ্বাস পেয়েছে এমন) আশ্শোস্তো/আশ্শস্তো [aʃʃòstò/aʃʃɔstò] **আশ্বাস** (ভরসা, সান্ত্বনা) আশ্শাশ্ [aʃʃaʃ]

'আশ্বিন' আশ্শিন্ [aʃʃin]

আশ্রম (তপোবন, মুনিদের আবাস) আস্স্রম্/আস্স্রোম্ [assrɔm/assròm] **আশ্রমিক** আস্স্রোমিক্ [assròmik]

আশ্রয় (অবলম্বন) আস্স্রয় [assrɔe̯] **আশ্রিত** আস্স্রিতো [assritò]

আশ্লেষ (আলিঙ্গন) আস্স্লেশ্ [assleʃ] **আশ্লিষ্ট** আস্স্লিশ্টো [assliʃṭò]

'আষাঢ়' আশাড়্ [aʃaṛ] **আষাঢ়ে** আশাড়ে [aʃaṛe]

আষ্টেপৃষ্ঠে আষ্টেপ্রিষ্ঠে/আষ্টেপ্রিষ্টে [aʃṭe(p)priʃṭhe/aʃṭe(p)priʃṭe]

আসকে (পিঠে-বিশেষ) আশ্কে [aʃke]

আসক্ত (অনুরক্ত) আশোক্তো/আশক্তো [aʃòktò/aʃɔktò] **আসক্তি** আশোক্তি [aʃòkti]

আসঙ্গ (সঙ্গ ; সহবাস) আশংগো/আশোংগো [aʃɔŋgò/aʃòŋgò]

আসত্তি (মিলন ; নৈকট্য) আশোৎতি [aʃòtti]

আসন (বসার ভঙ্গি, বসার স্থান) আশোন্ [aʃòn]

আসন্ন (আগতপ্রায়) আশোন্নো/আশন্নো [aʃònnò/aʃɔnnò]

আসবাব (গৃহসজ্জার উপকরণ) আশ্বাব্ [aʃbab]

আসমান (আকাশ) আশ্মান্ [aʃman] **আসমানি, আসমানী** আশ্মানি [aʃmani]

আসমুদ্র (সমুদ্র পর্যন্ত) আশোমুদ্দ্রো [aʃòmuddrò]

আসমুদ্রহিমাচল (সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত) ~হিমাচল্ [~ɦimacʃɔl]
আসর (বৈঠক) আশোর্ [aʃòr]
আসল (প্রকৃত ; মূলধন) আশোল্ [aʃòl]
আসশেওড়া (গাছবিশেষ) আশ্শ্যাও্ড়া [aʃʃæŏṛa]
আসা (আগমন করা) আশা [aʃa] **আসা যাওয়া** ~জাও্আ [~ɟʒaŏa]
আসান (লাঘব) আশান্ [aʃan]
'আসাম' আশাম্ [aʃam]
আসামি (কয়েদি) আশামি [aʃami]
আসিদ্ধ (সিদ্ধ বা পক্ব নয় এমন) আশিদ্ধো [aʃiddɦò]
আসীন (অধিষ্ঠিত) আশিন্ [aʃin]
আসুর (অসুর-সম্বন্ধীয়) আশুর্ [aʃur] **আসুরিক** আশুরিক্ [aʃurik]
আস্কারা আশকারা দ্র
আস্ত (গোটা) আস্তো [astò]
আস্তরণ (আচ্ছাদন) আস্তোরন্/আস্তরোন্ [astò-rɔn/astɔròn]
আস্তানা (আড্ডা) আস্তানা [astana]
আস্তাবল (ঘোড়া রাখার জায়গা) আস্তাবল্ [astabɔl]
আস্তিক (ঈশ্বরে বিশ্বাসী) আস্তিক্ [astik]
আস্তিন (জামার হাতা) আস্তিন্ [astin]
আস্তীর্ণ (বিস্তীর্ণ) আস্তির্নো [astir(n)nò]
আস্তে (ধীরে) আস্তে [aste]
আস্থা (বিশ্বাস) আস্থা [astha]
আস্পদ (আধার) আশ্পদ্ [aʃpɔd]
আস্ফালন (দম্ভ প্রকাশ) আশ্ফালোন্ [aʃphalòn]
আস্ফোট (ঠোকাঠুকির শব্দ) আশ্ফোট্ [aʃphoṭ]
আস্বাদ (স্বাদ) আশ্শাদ্ [aʃʃad] **আস্বাদিত** আশ্শাদিতো [aʃʃaditò]
আস্য (মুখ) আশ্শো [aʃʃò]
আহব (যুদ্ধ) আহব্/আহোব্ [aɦɔb/aɦòb]
আহরণ (সংগ্রহ) আহোরোন্/আহোরন্/আহরন্ [aɦòròn/aɦòrɔn/aɦɔrɔn]
আহম্মক (নির্বোধ) আহম্মোক্/আহোম্মোক্ [aɦɔm-mòk/aɦòmmòk]
আহার (খাদ্য) আহার্ [aɦar] **আহার্য** (খাদ্য) আহার্জো [aɦar(ɟ)ɟʒò]
আহিত (ন্যস্ত) আহিতো [aɦitò] **আহিতকরণ** ~করোন্ [~kɔròn]
আহির, আহীর (গোপজাতি-বিশেষ) আহির্ [aɦir]
আহুতি (হোম) আহুতি [aɦuti]
আহৃত (সংগৃহীত) আর্হিতো [arɦitò]
আহ্নিক (দৈনিক) আন্নহিক্/আন্নিক্ [annɦik/annik]
আহ্বান (আবাহন, আমন্ত্রণ) আও্ভান্ [aŏbɦan]
আহ্বায়ক (আহ্বানকারী) আও্ভায়োক্ [aŏbɦaĕòk]
আহ্লাদ (হর্ষ ; আনন্দ) আল্ল্হাদ্/আল্লাদ [all(ɦ)ad/allad]

ই

ই (বাংলা ভাষার তৃতীয় স্বরবর্ণ) ই [i:]
ইউনানি (হাকিমি চিকিৎসা) ইয়ুনানি [iŭnani]
ইউরেশিয়ান (Eurasian) ইয়ুরেশিয়ান্ [iŭreʃian]
ইউরোপ (Europe) ইয়ুরোপ্ [iŭrop] **ইউরোপীয়** ইয়ুরোপিয়ো [iŭropiò]
ইংরেজ (the English nation) ইংরেজ্ [iŋreɟʒ]
ইংরেজি (English) ইংরেজি [iŋreɟʒi]
ইঁচড় (কাঁচা কাঁঠাল) ইঁচোড়্ [ĩcʃòṛ]
ইঁদারা (কূপ) ইঁদারা [ĩdara]
ইঁদুর (mouse, rat) ইঁদুর্ [ĩdur]
ইক্ষু (আখ) ইক্খু [ikkhu]
'ইক্ষ্বাকু' (প্রাচীন রাজবংশ) ইক্খাকু [ikkhaku]
ইঙ্গিত (ইশারা) ইংগিৎ [iŋgit]
ইচ্ছা (কামনা, বাসনা) ইচ্ছা [iccʃha] **ইচ্ছাময়ী** (পরমেশ্বরী) ~মোই [~mòi] **ইচ্ছামৃত্যু** (নিজের ইচ্ছানুযায়ী মৃত্যু) ~ম্রিৎতু [~(m)mrittu]
ইচ্ছুক (ইচ্ছাযুক্ত) ইচ্ছুক্ [iccʃhuk]
ইচ্ছে (ইচ্ছা) ইচ্ছে [iccʃhe]
ইজারা (লিজ) ইজারা [iɟʒara] **ইজারাদার** ~দার্ [~dar]

ইজের (দড়িবাঁধা হাফপ্যান্টবিশেষ) ইজের্ [iʒer]
ইজ্জত (সম্মান) ইজ্জৎ/ইজ্জোৎ [iɟɟɔt/iɟɟòt]
ইঞ্চি (inch) ইন্‌চি [incʃi]
ইঞ্জিন (engine) ইন্‌জিন্ [inɟʒin]
ইঞ্জিনিয়ার (engineer) ইন্‌জিনিয়ার্ [inɟʒiniar]
ইট (brick) ইট্/ইঁট্ [i:ṭ/ĩ:ṭ]
ইড়া (নাড়িবিশেষ) ইড়া [iṛa]
ইতর (নীচ) ইতোর/ইতর্ [itòr/itɔr]
ইতস্ততঃ, ইতস্তত (এদিক-ওদিক ; দ্বিধা) ইতোস্‌ততো/ইতস্‌ততো [itòstɔtò/ itɔstɔtò]
ইতি (এই ; শেষ) ইতি [iti] **ইতিকথা** (ইতিহাস) ~কথা [~kɔtha] **ইতিবৃত্ত** (ইতিহাস) ~ব্রিৎতো [~(b)brittò]
ইতিহাস (ইতিকথা, history) ইতিহাশ্ [itiɦaʃ]
ইতিপূর্বে (এর আগে) ইতিপুর্‌বে [itipur(b)be]
ইতিমধ্যে (এর মধ্যে, এর আগে) ইতিমোদ্‌ধে [itimòddɦe]
ইতু (সূর্য) ইতু [itu]
ইত্যবসরে (এই ফাঁকে) ইৎতবোশরে [ittɔbòʃɔre]
ইত্যাকার (এইসব, এই রকম) ইৎতাকার্ [ittakar]
ইত্যাদি (প্রভৃতি) ইৎতাদি [ittadi]
ইদ, ঈদ (মুসলমানদের পর্ববিশেষ) ইদ্ [i:d]
ইদানীং (আজকাল) ইদানিং [idaniŋ]
ইদানীন্তন (সাম্প্রতিক) ইদানিন্‌তন্/ইদানিন্‌তোন্ [idanintɔn/idanintòn]
ইনসান (মানুষ) ইন্‌সান্ [insan]
ইনসাফ (ন্যায় বিচার) ইন্‌সাফ্ [insap(h)]
ইনাম (পুরস্কার) ইনাম্ [inam]
ইন্দিরা (লক্ষ্মী দেবী) ইন্‌দিরা [indira]
ইন্দু (চন্দ্র) ইন্‌দু [indu] **ইন্দুভূষণ** ~ভুশোন্ [~bɦuʃòn] **ইন্দুমতী** ~মোতি [~mòti] **ইন্দুমুখী** ~মুখি [~mukhi] **ইন্দুলেখা** ~লেখা [~lekha]
'ইন্দ্র' (দেবরাজ) ইন্‌দ্রো [indrò] **ইন্দ্রজাল** (ম্যাজিক) ~জাল্ [~ɟʒal] **ইন্দ্রজিৎ** ~জিৎ [~ɟʒit] **ইন্দ্রধনু** ~ধোনু [~dɦònu] **ইন্দ্রনাথ** ~নাথ্ [~nat(h)] **ইন্দ্রপুরী** ~পুরি [~puri] **ইন্দ্রলুপ্ত** (টাক) ~লুপ্‌তো [~luptò] **ইন্দ্রলোক** (দেবলোক) ~লোক্ [~lok]
ইন্দ্রিয় (sense-organ) ইন্‌দ্রিয়ো [indriò] **ইন্দ্রিয়গোচর** (ইন্দ্রিয়ের দ্বারা যা বোঝা যায়) ~গোচর্/~গোচোর্ [~gocʃɔr/~gocʃòr] **ইন্দ্রিয়গ্রাহ্য** ~গ্রাজ্‌ঝো [~graɟɟʒɦò]
ইন্ধন (fuel) ইন্‌ধোন্/ইন্‌ধন্ [indɦòn/indɦɔn]
ইমন (সংগীতের রাগবিশেষ) ইমন্/ইমোন্ [imɔn/imòn]
ইমান (বিবেক) ইমান্ [iman]
ইমাম (ধর্মগুরু) ইমাম্ [imam] **ইমামবাড়া** ~বাড়া [~baṛa]
ইমারত (পাকা বাড়ি) ইমারৎ [imarɔt]
ইয়ত্তা (সংখ্যা ; সীমা) ইয়ৎতা/ইয়োৎতা [iɔtta/iòtta]
ইয়ার (বন্ধু) ইয়ার্ [iar] **ইয়ার্কি** ~কি [~ki] **ইয়ার বকশি** ~বোক্‌শি [~bòkʃi]
ইরম্মদ (বিদ্যুৎ) ইরম্‌মদ্/ইরোম্‌মদ্ [irɔmmɔd/iròmmɔd]
ইরা (পৃথিবী) ইরা [ira]
'ইরাক' ইরাক্ [irak] **ইরাকি, ইরাকী** ইরাকি [iraki]
'ইরান' ইরান্ [iran]
'ইরাবতী' ইরাবোতি [irabòti]
ইলশেগুঁড়ি (গুঁড়ি গুঁড়ি বৃষ্টি) ইল্‌শেগুঁড়ি/ইল্‌শেগুড়ি [ilʃegũṛi/ilʃeguṛi]
ইলা (পৃথিবী) ইলা [ila]
ইলাহি (ঈশ্বর) ইলাহি [ilaɦi]
ইলিশ (মাছবিশেষ) ইলিশ্ [iliʃ]
ইলেক (গণিতের চিহ্নবিশেষ) ইলেক্ [ilek]
'ইল্বল' (দৈত্যবিশেষ) ইল্‌লল্/ইল্‌লোল্ [illɔl/illòl]
ইশারা (ইঙ্গিত) ইশারা [iʃara]
ইষ্ট (মঙ্গল) ইশ্‌টো [iʃṭò]
ইষ্টক (ইট) ইশ্‌টক্ [iʃṭɔk]
ইষ্টি (যজ্ঞ) ইশ্‌টি [iʃṭi] **ইষ্টিকুটুম** ~কুটুম্ [~kuṭum]
ইসবগুল (শাকের বীজবিশেষ) ইশব্‌গুল্ [iʃɔbgul]
ইসলাম (মুসলমান ধর্ম) ইস্‌লাম্ [islam] **ইসলামি, ইসলামী** ইস্‌লামি [islami]
ইস্তক (পর্যন্ত ; থেকে) ইস্‌তোক্/ইস্‌তক্ [istòk/istɔk]
ইস্তফা (শেষ ; ক্ষান্তি) ইস্‌তফা/ইস্‌তোফা [istɔpha/istòpha]
ইস্তাহার (প্রচারপত্র) ইস্‌তাহার্ [istaɦar]

ইস্তিরি (কাচা কাপড় মসৃণ করার যন্ত্র) ইস্‌তিরি [istiri]
ইস্পাত (steel) ইশ্‌পাৎ [iʃpat]
ইহ (এই ; এই জগৎ) ইহো [iɦò] **ইহজগৎ** ~জগোৎ [~ɟɜɔgòt]

ঈ

ঈ (বাংলা ভাষার চতুর্থ স্বরবর্ণ) ই [i:]
ঈক্ষণ (দর্শন ; চক্ষু) ইক্‌খোন্/ইক্‌খন্ [ikkhòn/ikkhɔn]
ঈগল (eagle) ইগল্/ইগোল্ [igɔl/igòl]
ঈদ ইদ দ্র
ঈদৃশ (এরূপ) ইদ্রিশো [i(d)driʃò]
ঈপ্সা (বাসনা) ইপ্‌শা [ipʃa] **ঈপ্সিত** ইপ্‌শিতো [ipʃitò]
ঈর্ষা (হিংসা) ইর্‌শা [ir(ʃ)ʃa]
ঈশ (প্রভু ; ঈশ্বর) ইশো [iʃò]
ঈশা (লাঙলদণ্ড) ইশা [iʃa]
ঈশান (শিব) ইশান্ [iʃan]
ঈশিতা (প্রভুত্ব) ইশিতা [iʃita]
ঈশ্বর (ভগবান) ইশ্‌শর [iʃʃɔr] **ঈশ্বরী** ইশ্‌শোরি [iʃʃòri]
ঈষ (লাঙলদণ্ড) ইশ্ [i: ʃ]
ঈষৎ (সামান্য, অল্প) ইশৎ [iʃɔt]
ঈষদচ্ছ (কিছুটা স্বচ্ছ) ইশদচ্‌ছো [iʃɔdɔccʃhò]
ঈষদুষ্ণ (অল্প গরম) ইশদুশ্‌নো/ইশোদুশ্‌নো [iʃɔduʃnò/iʃòduʃnò]
ঈহা (ইচ্ছা) ইহা [iɦa]

উ

উ (বাংলা ভাষার পঞ্চম স্বরবর্ণ) উ [u:]
উই (white ant) উই্ [uĭ] **উইঢিবি** ~ঢিবি [~ɖɦibi]
উইল (ইচ্ছাপত্র) উইল্ [uil]
উঁকি (peeping) উঁকি [ũki] **উঁকিঝুঁকি** ~ঝুঁকি [~ɟɜɦũki]
উঁচু (উচ্চ) উঁচু [ũcʃu] **উঁচকপালী** উঁচ্‌কপালি [ũcʃkɔpali]
উকিল (ব্যবহারজীবী, advocate) উকিল্ [ukil]
উকুন (louse) উকুন্ [ukun]
উক্ত (কথিত, উল্লিখিত) উক্‌তো [uktò]
উখড়া (উপড়ানো) উখ্‌ড়া [uk(h)ɽa]
উগ্র (তীব্র ; রূঢ়) উগ্‌গ্রো [uggrò] **উগ্রক্ষত্রিয়** (আগুরি) ~খোৎত্রিয়ো [~khòttriò] **উগ্রচণ্ডা** ~চন্‌ডা [~cʃɔnḍa] **'উগ্রসেন'** ~শেন্ [~ʃen]
উচাটন (ব্যাকুলতা) উচাটোন্ [ucʃaṭòn]
উচিত (সংগত ; উপযুক্ত) উচিৎ [ucʃit]
উচ্চ (উঁচু) উচ্‌চো [uccʃò] **উচ্চনীচ** ~নিচ্ [~nicʃ] **উচ্চবাচ্য** (সাড়াশব্দ) ~বাচ্‌চো [~baccʃò]
উচ্চকিত (চমকিত) উচ্‌চোকিতো [uccʃòkitò]
উচ্চনীচ উচ্চ দ্র
উচ্চাঙ্গ (দেহের উর্ধ্ব অংশ ; উন্নত) উচ্‌চাংগো [uccʃaŋgò]
উচ্চাটন (উৎকণ্ঠা) উচ্‌চাটোন্ [uccʃaṭòn]
উচ্চারণ (বলা, কথন) উচ্‌চারোন্ [uccʃaròn] **উচ্চারণীয়** উচ্‌চারোনিয়ো [uccʃarònió] **উচ্চারিত** উচ্‌চারিতো [uccʃaritò] **উচ্চার্য** উচ্‌চার্‌জো [uccʃar(ɟ)ɟɜò]
উচ্চিংড়ে (পতঙ্গবিশেষ) উচ্‌চিংড়ে [uccʃiŋɽe]
'উচ্চৈঃশ্রবা' উচ্‌চোই্‌স্‌স্রোবা/উচ্‌চোই্‌স্‌স্রবা [uccʃoĭssròba/uccʃoĭssrɔba]
উচ্ছন্ন (অধঃপতিত) উচ্‌ছন্‌নো [uccʃhɔnnò]
উচ্ছল (উথলিত, ছাপিয়ে গেছে এমন) উচ্‌ছল্ [uccʃhɔl] **উচ্ছলিত** উচ্‌ছোলিতো [uccʃhòlitò]
উচ্ছিদ্যমান (যার বিনাশ হচ্ছে) উচ্‌ছিদ্‌দোমান্ [uccʃhiddòman]
উচ্ছিন্ন (উৎপাটিত) উচ্‌ছিন্‌নো [uccʃhinnò]
উচ্ছিষ্ট (এঁটো) উচ্‌ছিশ্‌টো [uccʃhiʃṭò]
উচ্ছৃঙ্খল (যথেচ্ছকারী) উস্‌স্রিংখল্ [ussriŋkhɔl]
উচ্ছে (তেতো সবজিফল বিশেষ) উচ্‌ছে [uccʃhe]
উচ্ছেদ (উৎপাটন) উচ্‌ছেদ্ [uccʃhed]
উচ্ছ্বসিত (উচ্ছলিত) উচ্‌ছোশিতো [uccʃhòʃitò]
উচ্ছ্বাস (প্রবল ভাবাবেগ) উচ্‌ছাশ্ [uccʃhaʃ]
উছল (উচ্ছল) উছল্/উছোল্ [ucʃhɔl/ucʃhòl]
উছলান (উথলে ওঠা) উছ্‌লানো [ucʃ(h)lanò]

উজাড় (শেষ) উজাড় [uɟʒar]
উজান (স্রোতের বিপরীত) উজান্ [uɟʒan]
উজির (মন্ত্রী) উজির্ [uɟʒir]
'উজ্জয়িনী' উজ্‌জোইনি [uɟɟʒòini]
উজ্জীবন (নবজীবন-সঞ্চার) উজ্‌জিবোন্/উজ্‌জিবন্ [uɟɟʒibòn/uɟɟʒibɔn]
উজ্জ্বল (দীপ্ত, উদ্ভাসিত) উজ্‌জল্ [uɟɟʒɔl]
উঞ্ছ (হীন জীবিকা) উন্‌ছো [uncʃhò] **উঞ্ছবৃত্তি** ~ব্রিৎতি [~(b)britti]
উট (camel) উট্ [u:ṭ]
উটজ (কুঁড়েঘর) উটজো/উটজ্ [uṭɔɟʒò/uṭɔɟʒ]
উঠতি (উঠছে এমন) উঠ্‌তি [uṭ(h)ti]
উঠন (অঙ্গন, আঙিনা) উঠোন্ [uṭhòn]
উড়নচণ্ডী (অপব্যয়ী) উড়োন্‌চোন্‌ডি [uṛòncʃònḍi]
উড্ডয়ন (ওড়া) উড্‌ডয়োন্ [uḍḍɔĕòn]
উড্ডীন (উড়ন্ত) উড্‌ডিন্ [uḍḍin]
'উতঙ্ক' উতংকো [utɔŋkò]
'উতথ্য' উতোৎথো [utòtthò]
উতরানো (অতিক্রম করা) উৎরানো [utrano]
উতরোল (কোলাহল ; অশান্ত) উতরোল্ [utɔrol]
উৎকট (তীব্র, উগ্র) উৎকট্ [utkɔṭ]
উৎকণ্ঠ (ব্যাকুল) উৎকন্‌ঠো [utkɔnṭhò] **উৎকণ্ঠা** উৎকন্‌ঠা [utkɔnṭha]
উৎকণ্ঠিত (ব্যাকুল) উৎকোন্‌ঠিতো [utkònṭhitò]
উৎকর্ণ উৎকরনো [utkɔr(n)nò]
উৎকর্ষ (উৎকৃষ্টতা) উৎকর্‌শো [utkɔr(ʃ)ʃò]
'উৎকল' (উড়িষ্যা) উৎকল্ [utkɔl]
উৎকলিত (উদ্ধৃত) উৎকোলিতো [utkòlitò]
উৎকীর্ণ (ক্ষোদিত) উৎকির্‌নো [utkir(n)nò]
উৎকৃষ্ট (শ্রেষ্ঠ ; ভালো) উৎক্রিশ্‌টো [utkriʃṭò]
উৎকোচ (ঘুস) উৎকোচ্ [utkocʃ]
উৎক্ষিপ্ত (উপরে নিক্ষিপ্ত) উৎখিপ্‌তো [utkhiptò]
উৎক্ষেপ (ঊর্ধ্বে নিক্ষেপ) উৎখেপ্ [utkhep] **উৎক্ষেপণ** উৎখেপন্/উৎখেপোন্ [utkhepɔn/utkhepòn]
উৎখাত (উৎপাটিত) উৎখাৎ [utkhat]
উত্তপ্ত (তপ্ত, গরম) উৎতপ্‌তো [uttɔptò]
উত্তম (ভালো) উৎতম্ [uttɔm] **উত্তমমধ্যম** (প্রহার) ~মোদ্‌ধোম্/~মোদ্‌ধম্ [~mòddɦòm/~mòddɦɔm]
উত্তমাঙ্গ (প্রধান অঙ্গ ; শরীরের উর্ধ্বাংশ) উৎতোমাংগো/উৎতমাংগো [uttòmaŋgò/uttɔmaŋgò]
'উত্তমাশা' (অন্তরীপ-বিশেষ) উৎতোমাশা/উৎতমাশা [uttòmaʃa/uttɔmaʃa]
উত্তর (জবাব ; পরবর্তী ; north) উৎতোর্ [uttòr] **উত্তরকাণ্ড**~কান্‌ডো [~kanḍò] **উত্তরকাল** (পরবর্তী কাল, ভবিষ্যৎ) ~কাল্ [~kal] **উত্তরপক্ষ**~পোক্‌খো [~pòkkhò] **উত্তরফাল্গুনী** ~ফালগুনি [~phalguni] **উত্তরমেরু** ~মেরু [~meru] **উত্তর সাধক** ~শাধোক্ [~ʃadɦòk]
উত্তরণ (পার বা অতিক্রান্ত হওয়া) উৎতোরোন্/উৎতরোন্ [uttòròn/uttɔròn]
'উত্তরপাড়া' উৎতোর্‌পাড়া [uttòrpaṛa]
উত্তরাধিকার (বংশের পরবর্তী সদস্যদের অধিকার) উৎতোরাধিকার্ [uttòradɦikar]
উত্তরাপথ (ভারতবর্ষের উত্তরাংশ, আর্যাবর্ত) উৎতোরাপথ্/উৎতরাপথ্ [uttòrapɔt(h)/uttɔrapɔt(h)]
উত্তরায়ণ (সূর্যের উত্তরে গমন) উৎতোরায়োন্ [uttòraĕòn]
'উত্তরাষাঢ়া' (নক্ষত্রবিশেষ) উৎতোরাশাড়া [uttòraʃaṛa]
উত্তরীয় (চাদর) উৎতোরিয়ো [uttòriò]
উত্তরোত্তর (ক্রমাগত) উৎতোরোৎতোর্ [uttòrottòr]
উত্তল (convex) উৎতল্ [uttɔl]
উত্তান (চিৎ) উৎতান্ [uttan]
উত্তাপ (তাপ, উষ্ণতা) উৎতাপ্ [uttap]
উত্তীর্ণ (অতিক্রান্ত) উৎতির্‌নো [uttir(n)nò]
উত্তুঙ্গ (খুব উঁচু) উৎতুংগো [uttuŋgò]
উত্তুরে (উত্তরের) উৎতুরে [utture]
উত্তেজক (উত্তেজনা সৃষ্টি করে এমন) উৎতেজক্/উৎতেজোক্ [utteɟʒɔk/utteɟʒòk]
উত্তেজনা (প্রবল চিত্তচাঞ্চল্য, উদ্দীপনা) উৎতেজনা/উৎতেজোনা [utteɟʒɔna/utteɟʒòna] **উত্তেজিত** উৎতেজিতো [utteɟʒitò]
উত্তোলন (তুলে ধরা) উৎতোলোন্/উৎতোলন্

[uttolòn/uttolɔn] **উত্তোলিত** উৎতোলিতো [uttolitò]

উত্ত্যক্ত (বিরক্ত) উৎতক্তো [uttɔktò]

উত্থান (ওঠা ; উন্নতি) উৎথান্ [utthan]

উত্থাপন (তোলা ; প্রস্তাব করা) উৎথাপোন্/উৎথাপন্ [utthapòn/utthapɔn] **উত্থাপিত** উৎথাপিতো [utthapitò]

উত্থিত (উঠেছে এমন) উৎথিতো [utthitò]

উৎপত্তি (উদ্ভব, জন্ম) উৎপোৎতি [utpòtti]

উৎপথ (কুপথ) উৎপথ্ [utpɔt(h)] **উৎপথগামী** উৎপথোগামি [utpɔthògami]

উৎপন্ন (জাত ; উদ্‌ভূত) উৎপন্নো [utpɔnnò]

উৎপল (পদ্ম) উৎপল্ [utpɔl]

উৎপাটন (উপড়ে ফেলা) উৎপাটোন্/উৎপাটন্ [utpaṭòn/utpaṭɔn]

উৎপাত (উপদ্রব) উৎপাৎ [utpat]

উৎপাদক (উৎপাদনকারী, নির্মাতা ; গুণনীয়ক) উৎপাদোক্ [utpadòk] **উৎপাদন** (নির্মাণ, সৃষ্টি) উৎপাদোন্ [utpadòn] **উৎপাদিকা** উৎপাদিকা [utpadika] **উৎপাদিত** উৎপাদিতো [utpaditò]

উৎপীড়ন (অত্যাচার, নিগ্রহ) উৎপিড়োন্/উৎপিড়ন্ [utpiṛòn/utpiṛɔn] **উৎপীড়ক** (অত্যাচারী) উৎপিড়ক্/উৎপিড়োক্ [utpiṛɔk/utpiṛòk]

উৎপ্রেক্ষা (অর্থালংকারবিশেষ) উৎপ্রেক্‌খা [utprekkha]

উৎফুল্ল (প্রফুল্ল, আনন্দিত) উৎফুল্লো [utphullò]

উৎস (মূল) উৎশো [utʃò] **উৎসমুখ** ~মুখ্ [~muk(h)]

উৎসব (আনন্দ-অনুষ্ঠান) উৎশব্ [utʃɔb]

উৎসর্গ (নিবেদন) উৎশর্‌গো [utʃɔr(g)gò] **উৎসর্গীকৃত** (নিবেদিত) উৎশোর্‌গিক্রিতো [utʃòr(g)gi(k)kritò]

উৎসর্জন (দান) উৎশর্‌জোন্ [utʃɔr(ɟ)ɟʒòn]

উৎসাদন (উচ্ছেদ) উৎশাদোন্ [utʃadòn]

উৎসার (দূর করা) উৎশার্ [utʃar] **উৎসারণ** উৎশারোন্ [utʃaròn] **উৎসারিত** উৎশারিতো [utʃaritò]

উৎসাহ (প্রেরণা, উদ্যম) উৎশাহো [utʃaɦò]

উৎসুক (ব্যগ্র) উৎশুক্ [utʃuk]

উথালপাথাল (ওলটপালট ; বিপর্যস্ত) উথাল্‌পাথাল্ [uthalpathal]

উদগ্র (তীব্র) উদগ্‌গ্রো/উদোগ্‌গ্রো [udɔggrò/udòggrò]

উদজান (hydrogen) উদোজান্ [udòɟʒan]

উদম (উলঙ্গ) উদোম্ [udòm]

উদয় (আবির্ভাব) উদয়্ [udɔĕ] **উদয়াচল** উদয়াচল্ [udɔĕacʃɔl] **উদয়াস্ত** উদয়াস্‌তো [udɔĕastò]

'উদয়ন' উদয়োন্ [udɔĕòn]

উদর (পেট) উদর্ [udɔr] **উদরাময়** উদরাময়্/উদোরাময়্ [udɔramɔĕ/udòramɔĕ]

উদরী (রোগবিশেষ) উদোরি [udòri]

উদাত্ত (উদার, মহান,দরাজ) উদাৎতো [udattò]

উদার (দরাজ, প্রশস্ত) উদার্ [udar] **উদারতা** উদারোতা/উদারতা [udaròta/udarɔta]

উদারা (সংগীতের নিম্নসপ্তক) উদারা [udara]

উদাস (উন্মনা) উদাশ্ [udaʃ] **উদাসী** উদাশি [udaʃi]

উদাসীন (নির্লিপ্ত) উদাশিন্ [udaʃin]

উদাহরণ (দৃষ্টান্ত) উদাহরোন্ [udaɦɔròn] **উদাহৃত** (উল্লিখিত) উদার্‌হিতো [udarɦitò]

উদিত (উদয় হয়েছে এমন) উদিতো [uditò]

উদীচী (উত্তর দিক) উদিচি [udicʃi]

উদীয়মান (উদিত হচ্ছে এমন) উদিয়োমান্ [udiòman]

উদুখল (হামানদিস্তা) উদুখল্ [udukhɔl]

উদো (নির্বোধ) উদো [udò]

উদোম উদম দ্র

উদ্‌গত (উৎপন্ন ; বহির্গত) উদ্‌গতো [udgɔtò]

উদ্‌গম (উদ্ভব) উদ্‌গম্ [udgɔm]

উদ্‌গাতা (বেদগানের গায়ক) উদ্‌গাতা [udgata]

উদ্‌গার (ঢেকুর) উদ্‌গার্ [udgar]

উদ্‌গিরণ (নির্গমন) উদ্‌গিরন্/উদ্‌গিরোন্ [udgirɔn/udgiròn]

উদ্‌গীর্ণ (বমি করে তুলে ফেলেছে এমন ; নিঃসৃত) উদ্‌গির্‌নো [udgir(n)nò]

উদ্‌গ্রীব (ব্যগ্র) উদ্‌গ্রিব্ [udgrib]

উদ্‌ঘাটন (প্রকাশ, উন্মোচন) উদ্‌ঘাটোন্ [udgɦaṭòn] **উদ্‌ঘাটিত** উদ্‌ঘাটিতো [udgɦaṭitò]

উদ্দণ্ড (মারমুখি) উদ্দন্‌ডো [uddɔnḍò]

উদ্দাম (প্রবল, অসংযত) উদ্‌দাম্ [uddam] **উদ্দামতা** উদ্‌দামোতা [uddamòta]

উদ্দিষ্ট (লক্ষ্য) উদ্‌দিষ্‌টো [uddiʃṭò]

উদ্দীপন (প্রজ্বলন) উদ্‌দিপোন্/উদ্‌দিপন্ [uddipòn/uddipɔn]

উদ্দীপনা (উৎসাহ, প্রেরণা) উদ্‌দিপনা [uddipɔna] **উদ্দীপিত** উদ্‌দিপিতো [uddipitò] **উদ্দীপ্ত** উদ্‌দিপ্‌তো [uddiptò]

উদ্দেশ (খোঁজ ; সন্ধান) উদ্‌দেশ্ [uddeʃ]

উদ্দেশ্য (অভিপ্রায়, মতলব) উদ্‌দেশ্‌শো [uddeʃʃò]

উদ্ধত (দুর্বিনীত) উদ্‌ধতো [uddɦɔtò]

'উদ্ধব' (শ্রীকৃষ্ণের মন্ত্রী) উদ্‌ধব্ [uddɦɔb]

উদ্ধার (ত্রাণ) উদ্‌ধার্ [uddɦar]

উদ্ধৃত (সংকলিত) উদ্‌ধ্রিতো [uddɦritò] **উদ্ধৃতি** (quotation) উদ্‌ধ্রিতি [uddɦriti]

উদ্বন্ধন (ফাঁসি) উদ্‌বন্‌ধোন্ [udbɔndɦòn]

উদ্বর্তন (উন্নতি) উদ্‌বর্‌তোন্ [udbɔr(t)tòn]

উদ্বায়ী (উবে যায় এমন) উদ্‌বাই [udbai]

উদ্বাস্তু (নিজ বাসস্থান থেকে যে উৎখাত হয়েছে) উদ্‌বাস্‌তু [udbastu]

উদ্বাহ (বিবাহ) উদ্‌বাহো [udbaɦò]

উদ্বাহু (উর্ধ্ববাহু) উদ্‌বাহু [udbaɦu]

উদ্বিগ্ন (ব্যাকুল) উদ্‌বিগ্‌নো [udbignò]

উদ্বিড়াল, উদ্‌বিড়াল (otter) উদ্‌বিড়াল্ [udbiṛal]

উদ্বুদ্ধ (অনুপ্রাণিত) উদ্‌বুদ্‌ধো [udbuddɦò]

উদ্বৃত্ত (বাড়তি, surplus) উদ্‌ব্রিৎতো [udbrittò]

উদ্বেগ (উৎকণ্ঠা) উদ্‌বেগ্ [udbeg]

উদ্বেজক (উদ্‌বেগজনক) উদ্‌বেজোক্/উদ্‌বেজক্ [udbeɟʒòk/udbeɟʒɔk] **উদ্বেজিত** (উত্ত্যক্ত) উদ্‌বেজিতো [udbeɟʒitò]

উদ্বেল (উচ্ছলিত) উদ্‌বেল্ [udbel] **উদ্বেলিত** উদ্‌বেলিতো [udbelitò]

উদ্বোধন (সূচনা) উদ্‌বোধোন্ [udbodɦòn] **উদ্বোধক** (উদ্বোধনকারী) উদ্‌বোধোক্/উদ্‌বোধক্ [udbodɦòk/udbodɦɔk]

উদ্ভট (অদ্ভুত) উদ্‌ভট্ [udbhɔṭ] **উদ্ভট্টি** (অদ্ভুত) উদ্‌ভোট্‌টি [udbɦòṭṭi]

উদ্ভব (উৎপত্তি) উদ্‌ভব্ [udbɦɔb]

উদ্ভাবন (আবিষ্কার ; সৃষ্টি) উদ্‌ভাবোন্ [udbɦabon] **উদ্ভাবনা** উদ্‌ভাবোনা [udbɦabòna] **উদ্ভাবক** উদ্‌ভাবোক্ [udbɦabòk] **উদ্ভাবিত** উদ্‌ভাবিতো [udbɦabitò]

উদ্ভাস (বিকাশ) উদ্‌ভাশ্ [udbɦaʃ] **উদ্ভাসিত** (দীপ্ত, আলোকিত) উদ্‌ভাশিতো [udbɦaʃitò]

উদ্ভিজ্জ (উদ্ভিদ থেকে প্রস্তুত) উদ্‌ভিজ্‌জো [udbɦiɟɟʒò]

উদ্ভিদ (গাছপালা ও তৃণাদি যা মাটি ভেদ করে ওঠে) উদ্‌ভিদ্ [udbɦid]

উদ্ভূত (উৎপন্ন) উদ্‌ভুতো [udbɦutò]

উদ্ভেদ (প্রকাশ) উদ্‌ভেদ্ [udbɦed]

উদ্‌ভ্রান্ত (বিহ্বল ; দিশাহারা) উদ্‌ভ্রান্‌তো [udbɦrantò]

উদ্যত (উন্মুখ) উদ্‌দতো [uddɔtò]

উদ্যম (উৎসাহ ; উদ্যোগ) উদ্‌দম্ [uddɔm] **উদ্যমী** উদ্‌দোমি [uddòmi]

উদ্যান (বাগান) উদ্‌দান্ [uddan]

উদ্‌যাপন (পালন) উদ্‌জাপোন্/উজ্‌জাপোন্ [udɟʒapòn/uɟɟʒapòn]

উদ্‌যোগ (উদ্যোগ ; প্রচেষ্টা) উদ্‌জোগ্/উজ্‌জোগ্ [udɟʒog/uɟɟʒog]

উদ্যোগ (উদ্যম ; প্রচেষ্টা) উদ্‌দোগ্ [uddog] **উদ্যোগী** উদ্‌দোগি [uddogi]

উদ্রিক্ত (সঞ্চারিত) উদ্‌দ্রিক্‌তো [uddriktò]

উদ্রেক (সঞ্চার) উদ্‌দ্রেক্ [uddrek]

উধাও (ধাবমান ; অন্তর্হিত) উধাও [udɦaŏ]

উনপাঁজুরে (অলক্ষুণে) উন্‌পাঁজুরে [unpãɟʒure]

উনান (চুলা) উনান্ [unan]

উনি (তিনি) উনি [uni]

উনিশ (১৯) উনিশ্ [uniʃ] **উনিশে** (১৯ তারিখ) উনিশে [uniʃe]

উনুন (চুলা) উনুন্ [unun]

উন্নত (উঁচু ; সমৃদ্ধ) উন্‌নতো [unnɔtò] **উন্নতি** উন্‌নোতি [unnòti]

উন্নয়ন (উন্নতি) উন্‌নয়োন্ [unnɔèòn] **উন্নয়নশীল** (উন্নত নয় কিন্তু উন্নতি করছে এমন) ~শিল্ [~ʃil]

উন্নাসিক (অহংকারী) উন্‌নাশিক্ [unnaʃik] **উন্নাসিকতা** উন্‌নাশিকতা/উন্‌নাশিকোতা [unnaʃikɔta/unnaʃikòta]

উন্মত্ত (মত্ত, ক্ষিপ্ত) উন্‌মৎতো [unmɔttò] **উন্মত্ততা** ~তা [~ta]

উন্মন (আনমনা) উন্‌মোন্ [unmòn] **উন্মনা** উন্‌মোনা/উন্‌মনা [unmòna/unmɔna]

উন্মাদ (পাগল) উন্‌মাদ্ [unmad]

উন্মাদনা (উত্তেজনা) উন্‌মাদোনা [unmadòna] **উন্মাদিনী** উন্‌মাদিনি [unmadini]

উন্মার্গ (অসৎ পথ) উন্‌মার্‌গো [unmar(g)gò] **উন্মার্গগামী** ~গামি [~gami]

উন্মীলন (উন্মেষ) উন্‌মিলন্/উন্‌মিলোন্ [unmilɔn/unmilòn]

উন্মুক্ত (অবারিত) উন্‌মুক্‌তো [unmuktò]

উন্মূলন (উচ্ছেদ) উন্‌মুলন্/উন্‌মুলোন্ [unmulɔn/unmulòn] **উন্মূলিত** উন্‌মুলিতো [unmulitò]

উন্মেষ (প্রকাশ) উন্‌মেশ্ [unmeʃ]

উন্মোচন (খোলা) উন্‌মোচোন্/উন্‌মোচন্ [unmocʃòn/unmocʃɔn] **উন্মোচিত** (অনাবৃত, প্রকাশিত) উন্‌মোচিতো [unmocʃitò]

উপকণ্ঠ (নিকট) উপোকন্‌ঠো [upòkɔnṭhò]

উপকথা (গল্প, রূপকথা) উপোকথা [upòkɔtha]

উপকরণ (উপাদান) উপোকরোন্ [upòkɔròn]

উপকার (হিতসাধন, সাহায্য) উপোকার্ [upòkar] **উপকারী** উপোকারি [upòkari] **উপকারিতা** উপোকারিতা [upòkarita] **উপকৃত** উপোক্রিতো [upò(k)kritò]

উপকূল (তীরের নিকটবর্তী স্থান, coast) উপোকুল্ [upòkul]

উপক্রম উপোক্‌ক্রোম্ [upòkkròm]

উপক্ষার (alkaloid) উপোক্‌খার্ [upòkkhar]

উপগত (আসক্ত) উপোগতো [upògɔtò]

উপগ্রহ (planet) উপোগ্‌গ্রোহো [upòggròɦò]

উপচয় (শ্রীবৃদ্ধি ; সংগ্রহ) উপোচয়্ [upòcʃɔĕ] **উপচিত** (সংগৃহীত) উপোচিতো [upòcʃitò]

উপচর্যা (চিকিৎসা) উপোচর্‌জা/উপোচোর্‌জা [upòcʃɔr(ɟ)ɟʒa/upòcʃòr(ɟ)ɟʒa]

উপচার (পূজার উপকরণ) উপোচার্ [upòcʃar]

উপচিকীর্ষা (উপকার করার ইচ্ছা) উপোচিকির্‌শা [upòcʃikir(ʃ)ʃa]

উপচিত উপচয় দ্র

উপচীয়মান (সঞ্চিত হচ্ছে এমন) উপোচিয়োমান্ [upòcʃiòman]

উপচ্ছায়া (penumbra) উপোচ্‌ছায়া [upòccʃhaĕa]

উপজাত (by-product) উপোজাতো [upòɟʒatò]

উপজাতি (tribe) উপোজাতি [upòɟʒati]

উপজিহ্বা (আলজিভ) উপোজিউ্‌ভা [upòɟʒiŭbɦa]

উপজীবিকা (জীবিকা) উপোজিবিকা [upòɟʒibika]

উপজীব্য (অবলম্বন) উপোজিব্‌বো [upòɟʒibbò]

উপঢৌকন (উপহার, ভেট) উপোঢৌকোন্/উপোঢৌকন্ [upòḍɦoŭkòn/upòḍɦoŭkɔn]

উপত্যকা (valley) উপোৎতকা [upòttɔka]

উপদংশ (যৌনরোগবিশেষ) উপোদংশো [upòdɔŋʃò]

উপদিষ্ট (উপদেশ দেওয়া হয়েছে এমন) উপোদিষ্‌টো [upòdiʃṭò]

উপদেশ (পরামর্শ, advice) উপোদেশ্ [upòdeʃ] **উপদেশক** উপোদেশক্ [upòdeʃɔk] **উপদেষ্টা** উপোদেষ্‌টা [upòdeʃṭa]

উপদ্বীপ (peninsula) উপোদ্‌দিপ্ [upòddip]

উপদ্রব (উৎপাত) উপোদ্‌দ্রোব্ [upòddròb] **উপদ্রুত** (অত্যাচারিত) উপোদ্‌দ্রুতো [upòddrutò]

উপধা (শব্দের শেষ বর্ণের আগের বর্ণ) উপোধা [upòdɦa]

উপনগর (ছোট শহর) উপোনগোর্ [upònɔgòr]

উপনদ (tributary) উপোনদ্ [upònɔd] **উপনদী** উপোনদি [upònòdi]

উপনয়ন (পৈতা) উপোনয়োন্ [upònɔĕòn]

উপনিবেশ (colony) উপোনিবেশ্ [upònibeʃ]

উপনিবিষ্ট (উপনিবেশে স্থিত) উপোনিবিষ্‌টো [upònibiʃṭo]

উপনিষদ (প্রাচীন ভারতীয় গ্রন্থবিশেষ, বেদান্ত) উপোনিশদ্ [upòniʃɔd]

উপনীত (উপস্থিত) উপোনিতো [upònitò]

উপনেত্র (চশমা) উপোনেৎত্রো [upònettrò]

উপন্যাস (novel) উপোন্‌নাশ্ [upònnaʃ]

উপপত্তি (যুক্তি ; মীমাংসা) উপোপোৎতি [upòpòtti]

উপপত্নী (রক্ষিতা) উপোপোৎনি [upòpòtni]

উপপদ (সমাসের পূর্বপদ) উপোপদ্ [upòpɔd]

উপপাদ্য (প্রমাণ বা প্রতিপাদন করতে হবে এমন ; theorem) উপোপাদ্‌দো [upòpaddò]

উপবন (বাগান) উপোবোন্ [upòbòn]
উপবাস (অনশন) উপোবাশ্ [upòbaʃ] **উপবাসী** উপোবাশি [upòbaʃi]
উপবিষ্ট (বসেছে এমন) উপোবিশ্‌টো [upòbiʃṭò]
উপবীত (পৈতা) উপোবিতো/উপোবিৎ [upòbitò/upòbit]
উপবেশন (বসা ; আসনগ্রহণ) উপোবেশোন্ [upòbeʃòn] **উপবিষ্ট** উপবিষ্ট দ্র
উপভাষা (dialect) উপোভাশা [upòbɦaʃa]
উপভোগ (ভোগ ; সম্ভোগ) উপোভোগ্ [upòbɦog] **উপভোগ্য** উপোভোগ্‌গো [upòbɦoggò]
উপমা (তুলনা, সাদৃশ্য) উপোমা [upòma] **উপমান** উপোমান্ [upòman] **উপমিত** উপোমিতো [upòmitò] **উপমেয়** উপোমেয়ো [upòmeò]
উপযাচক (স্বতঃপ্রবৃত্ত) উপোজাচোক্ [upòɟʒacʃòk]
উপযুক্ত (যোগ্য) উপোজুক্‌তো [upòɟʒuktò]
উপযোগ (উপযুক্ততা) উপোজোগ্ [upòɟʒog]
উপযোগী (উপযুক্ত) উপোজোগি [upòɟʒogi] **উপযোগিতা** ~তা [~ta]
উপর (উর্ধ্বভাগ) উপোর্ [upòr] **উপরওয়ালা** (উপরে যে রয়েছে ; ভগবান) ~ওআলা [~oala] **উপরচালাক** ~চালাক্ [~cʃalak]
উপরতি (বৈরাগ্য) উপোরোতি [upòròti]
উপরন্তু (তাছাড়া ; অধিকন্তু) উপোরোন্‌তু [upòròntu]
উপরি (বাড়তি) উপোরি [upòri]
উপরিস্থিত (উপরে আছে এমন) উপোরিস্‌থিতো [upòristhitò]
উপরোক্ত (উপরে কথিত) উপোরোক্‌তো [upòroktò]
উপরোধ (অনুরোধ) উপোরোধ্ [upòrod(ɦ)]
উপর্যুক্ত (উপরে কথিত) উপোর্‌জুক্‌তো [upòr(ɟ)ɟʒuktò]
উপর্যুপরি (পরপর) উপোর্‌জুপোরি [upòr(ɟ)ɟʒupòri]
উপল (পাথর) উপল্/উপোল্ [upɔl/upòl]
উপলক্ষ, উপলক্ষ্য (উদ্দেশ্য ; ছুতা) উপোলোক্‌খো [upòlòkkhò]
উপলব্ধ (প্রাপ্ত ; লব্ধ) উপোলব্‌ধো [upòlɔbdɦò]
উপলব্ধি (বোধ) উপোলোব্‌ধি [upòlòbdɦi]
উপশম (শান্তি ; নিবৃত্তি) উপোশোম্ [upòʃòm]
উপশিষ্য (শিষ্যের শিষ্য) উপোশিশ্‌শো [upòʃiʃʃò]
উপসংহার (সমাপ্তি) উপোশংহার্ [upòʃɔŋɦar]
উপসর্গ (মূল রোগের আনুষঙ্গিক অন্য রোগ ; prefix) উপোশর্‌গো [upòʃɔr(g)gò]
উপসাগর (gulf; bay) উপোশাগোর্ [upòʃagòr]
'উপসুন্দ' (অসুরবিশেষ) উপোশুন্‌দো [upòʃundò]
উপস্ত্রী (রক্ষিতা) উপোস্‌ত্রি [upòstri]
উপস্থাপন (উত্থাপন ; প্রস্তাবন) উপোস্‌থাপোন্ [upòsthapòn]
উপস্থিত (হাজির ; বর্তমান) উপোস্‌থিৎ [upòsthit] **উপস্থিতি** উপোস্‌থিতি [upòsthiti] **উপস্থিতবুদ্ধি** (প্রত্যুৎপন্নমতিত্ব) ~বুদ্‌ধি [~buddɦi]
উপস্বত্ব (সম্পত্তি থেকে আয়) উপোশৎতো [upòʃɔttò]
উপহসিত (যাকে নিয়ে উপহাস বা বিদ্রূপ করা হয়েছে) উপোহোশিতো [upòɦòʃitò]
উপহার (উপঢৌকন) উপোহার্ [upòɦar]
উপহাস (বিদ্রূপ) উপোহাশ্ [upòɦaʃ]
উপাখ্যান (কাহিনী) উপাক্‌খান্ [upakkhan]
উপাঙ্গ (অপ্রধান অঙ্গ ; প্রত্যঙ্গ) উপাংগো [upaŋgò]
উপাচার্য (vice-chancellor) উপাচার্‌জো [upacʃar(ɟ)ɟʒò]
উপাত্ত (data) উপাৎতো [upattò]
উপাদান (উপকরণ) উপাদান্ [upadan]
উপাদেয় (উপভোগ্য) উপাদেয়ো [upadeò]
উপাধান (বালিশ) উপাধান্ [upadɦan]
উপাধি (আখ্যা) উপাধি [upadɦi] **উপাধিধারী** ~ধারি [~dɦari]
উপাধ্যায় (উপাধি-বিশেষ ; শাস্ত্র অধ্যয়নকারী) উপাদ্‌ধায় [upaddɦaĕ]
উপান্ত (প্রান্ত) উপান্‌তো [upantò]
উপায় (কার্যসাধনের পথ ; আয়) উপায় [upaĕ] **উপায়ক্ষম** উপায়োক্‌খোম্/উপায়োক্‌খমো [upaĕòkkhòm/upaĕòkkhɔmò] **উপায়ান্তর**

(অন্য উপায়) উপায়ান্তর্/উপায়ান্তোর্ [upaĕantɔr/upaĕantòr]

উপারম্ভ (আরম্ভ) উপারম্ভো/উপারোম্ভো [upa-rɔmbɦò/uparòmbɦò]

উপার্জন (আয়) উপারজোন্ [upar(ɟ)ɟʒòn] **উপার্জিত** উপারজিতো [upar(ɟ)ɟʒitò]

উপাসনা (অর্চনা, পূজা) উপাশোনা/উপাশনা [upaʃòna/upaʃɔna]

উপাস্থি (cartilage) উপাস্থি [upasthi]

উপাস্য (আরাধ্য) উপাশ্শো [upaʃʃò]

উপুড় (বুক নিচের দিকে রেখে অবস্থিত) উপুড় [upuṛ]

উপেক্ষা (তাচ্ছিল্য) উপেক্খা [upekkha] **উপেক্ষিত** উপেক্খিতো [upekkhitò]

'উপেন্দ্র' (ইন্দ্রের ভ্রাতা) উপেন্দ্রো [upendrò]

উপোস (উপবাস) উপোশ্ [upoʃ]

উপ্ত (বপন করা হয়েছে এমন) উপ্তো [uptò]

উভচর (জল ও স্থলে বিচরণকারী) উভোচর্ [ubɦòcɔr]

উভয় (দুই) উভয় [ubɦɔĕ]

উভলিঙ্গ (androgynous) উভোলিংগো [ubɦò-liŋgò]

উমাপতি (শিব) উমাপোতি [umapòti]

উমেদার (প্রার্থী) উমেদার্ [umedar]

উমেশ (শিব) উমেশ্ [umeʃ]

উরস (বুক) উরশ্/উরোশ্ [urɔʃ/uròʃ]

উরু (thigh) উরু [uru]

উর্দি (uniform) উরদি [urdi]

উর্দু (ভাষাবিশেষ) উরদু [ur(d)du]

উর্বর (উৎপাদন শক্তিসম্পন্ন) উরবর [ur(b)bɔr]

'উর্বশী' (অপ্সরাবিশেষ) উরবোশি [ur(b)bòʃi]

উর্বী (পৃথিবী) উরবি [ur(b)bi]

উলকি (tattoo) উল্কি [ulki]

উলঙ্গ (নগ্ন) উলংগো/উলোংগো [ulɔŋgò/ulòŋgò]

উলটপালট (উলটা-পালটা) উলোট্ পালোট্ [ulòṭ palòṭ]

উলটা (বিপরীত) উল্টা [ulṭa] **উলটো** উল্টো [ulṭo] **উলটোপালটা** উল্টোপাল্টা [ulṭo palṭa]

উলুখাগড়া (reed) উলুখাগ্ড়া [ulukhagṛa]

'উলুবেড়িয়া' উলুবেড়িয়া [uluberia]

উলূক (প্যাঁচা) উলুক্ [uluk] **উলূকী** উলুকি [uluki]

উল্কি (tattoo) উল্কি [ulki]

উল্লঙ্ঘন (অতিক্রম) উল্লংঘোন্ [ullɔŋgɦòn] **উল্লঙ্ঘিত** উল্লোংঘিতো [ullòŋgɦitò]

উল্লম্ব (খাড়া) উল্লম্বো [ullɔmbò]

উল্লাস (হর্ষ, আনন্দ) উল্লাশ্ [ullaʃ] **উল্লসিত** উল্লোশিতো [ullòʃitò]

উল্লুক (gibbon) উল্লুক্ [ulluk]

উল্লেখ (প্রসঙ্গ সম্পর্কে বলা) উল্লেখ্ [ullek(h)] **উল্লেখযোগ্য** ~জোগ্গো [~ɟʒoggò] **উল্লিখিত** উল্লিখিতো [ullikhitò]

'উশনা' (শুক্রগ্রহ) উশোনা/উশনা [uʃòna/uʃɔna]

উশীর (খসখস) উশির্ [uʃir]

উষসী (উষা) উশোশি [uʃòʃi]

উষা, ঊষা (ভোর) উশা [uʃa]

উষ্ট্র (উট) উশ্ট্রো [uʃṭrò]

উষ্ণ (গরম) উশ্নো [uʃnò] **উষ্ণতা** ~তা [~ta] **উষ্ণবীর্য** (উত্তেজক) ~বির্জো [~bir(ɟ)ɟʒò]

উষ্ণীষ (পাগড়ি) উশ্নিশ্ [uʃniʃ]

উষ্মবর্ণ (fricatives) উশ্শোঁবরনো/উশ্মোবরনো [uʃʃõbɔr(n)nò/uʃmòbɔr(n)nò]

উষ্মা (ক্রোধ ; উত্তেজনা) উশ্মা/উশ্শাঁ [uʃma/uʃʃã]

উসকানি (প্ররোচনা) উশ্কানি [uʃkani]

উসখুস (চঞ্চলতা, অস্থিরতা) উশ্খুশ্ [uʃkhuʃ]

উসুল, উশুল (আদায়) উশুল্ [uʃul]

উহা (তাহা, তা) উহা [uɦa]

উহ্যমান (যা বহন করা হচ্ছে) উজ্ঝোমান্ [uɟɟʒɦòman]

ঊ

ঊ (বাংলা ভাষার ষষ্ঠ স্বরবর্ণ) উ [u:]

ঊঢ় (বিবাহিত) উড়্হো [uṛɦò]

ঊন (কম) উনো [unò] **ঊনবিংশ** উনোবিংশো [unòbiŋʃò]

ঊরু (thigh) উরু [uru] **ঊরুস্তম্ভ** ~স্তম্ভো [~stɔmbɦò]

উর্ণনাভ, উর্ণনাভ (মাকড়সা) উর্নোনাভো [ur(n)nònabɦò]
উর্ধ্ব (উপর ; উপরদিক) উর্ধো [ur(d)dɦò] **উর্ধ্বগামী** ~গামি [~gami] **উর্ধ্বমুখ** ~মুখ্ [~muk(h)] **উর্ধ্বমুখী** ~মুখি [~mukhi] **উর্ধ্বশ্বাস** ~শ্শাশ্ [~ʃʃaʃ]
উর্মি (ঢেউ) উর্মি [ur(m)mi] **উর্মিমালা** ~মালা [~mala]
'উর্মিলা' উর্মিলা [ur(m)mila]
উষর (অনুর্বর) উশর্ [uʃɔr]
উহ্য (অনুক্ত) উজ্ঝো [uɟɟʒɦò]

ঋ

ঋ (বাংলা ভাষার সপ্তম স্বরবর্ণ) রি [ri:] **ঋকার** ~কার্ [~kar]
ঋক্ (ঋগ্বেদ) রিক্ [ri:k]
ঋক্ষ (ভল্লুক) রিক্খো [rikkhò]
ঋগ্বেদ (বেদবিশেষ) রিগ্বেদ্ [rigbed]
ঋজু (সোজা) রিজু [riɟʒu] **ঋজুরেখা** ~রেখা [~rekha]
ঋণ (ধার ; দেনা) রিন্ [ri:n] **ঋণগ্রস্ত** রিনোগ্গ্রোস্তো/~গ্রোস্তো [rinòggròstò/~gròstò] **ঋণপত্র** ~পৎত্রো [~pɔttrò]
ঋত (সত্য) রিতো [ritò] **ঋতজিৎ** ~জিৎ [~ɟʒit] **ঋতব্রত** ~ব্ব্রোতো [~bbròtò]
ঋতু (season; স্ত্রীরজঃ) রিতু [ritu] **ঋতু পরিবর্তন** ~পোরিবর্তোন্ [~pòribɔr(t)tòn] **ঋতুমতী** (রজস্বলা) ~মোতি [~mòti] **ঋতুস্নান** ~স্স্নান্ [~ssnan]
ঋত্বিক, ঋত্বিক্ (যাজক) রিৎতিক্ [rittik]
ঋদ্ধ (সম্পন্ন) রিদ্ধো [riddɦò]
ঋদ্ধি (উন্নতি) রিদ্ধি [riddɦi] **ঋদ্ধিমান** ~মান্ [~man]
ঋষভ (দ্বিতীয় স্বর) রিশভ্/রিশভো [riʃɔb(ɦ)/riʃɔbɦò]
ঋষ্য (হরিণ) রিশ্শো [riʃʃò] **ঋষ্যমূক** ~মুক্ [~muk] **'ঋষ্যশৃঙ্গ'** ~স্রিংগো [~(s)sriŋgò]

এ

এ (বাংলা ভাষার অষ্টম স্বরবর্ণ) এ [e:]
এই (ইহা, this) এই [ei]
এইসা (এই রকম) এইসা [eisa]
এঁচড় (ইচঁড়) এঁচোড় [ẽcʃòr]
এঁটুলি (ছোট কীটবিশেষ) এঁটুলি [eʈuli]
এঁটেল (আঠালো) এঁটেল্ [eʈel]
এঁটো (উচ্ছিষ্ট) এঁটো [eʈo]
এঁড়ে (বলদ ; পুরুষজাতীয়) এঁড়ে [eɽe]
এঁদো (অন্ধকার) এঁদো [ẽdo]
এক (১ সংখ্যা ; একটি ; অভিন্ন) অ্যাক্ [æ:k] **একআধটা** অ্যাকাধ্টা/অ্যাকাদ্টা [ækad(ɦ)ʈa] **একক** (unit) একক্ [ekɔk] **এককলমি** (সংবাদপত্রে একটি স্তম্ভের লেখক) ~কলোমি [~kɔlòmi] **এককাট্টা** ~কাট্টা [~kaʈʈa] **এককালীন** ~কালিন্ [~kalin] **একগলা** অ্যাগ্গলা [æggɔla] **একগাছা** অ্যাগ্গাছা [æggacʃha] **একগাল** (গাল-ভরা) অ্যাগ্গাল্ [æggal] **একগুঁয়ে** (অবাধ্য) অ্যাগ্গুঁয়ে/অ্যাগ্গুঁয়েঁ [æggũe/æggũẽ] **একঘরে** অ্যাগ্ঘোরে [æggɦòre] **একঘেয়ে** অ্যাগ্ঘেয়ে [æggɦe(ẽ)e] **একচোট** (যথেষ্ট) ~চোট্ [~cʃoʈ] **একচ্ছত্র** (অখণ্ডপ্রতাপ) একোচ্ছৎত্রো [ekòccʃhɔttrò] **একটি** এক্টি [ekʈi] **একতন্ত্রী** একোতোন্ত্রি [ekòtòntri] **একতরফা** (একপক্ষীয়, exparte) ~তর্ফা [~tɔrpha] **একতা** অ্যাকোতা/একোতা [ækòta/ekòta] **একতান** একোতান্ [ekòtan] **একতারা** ~তারা [~tara] **একত্র** একোৎত্রো/ অ্যাকোৎত্রো [ekòttrò/ækòttrò] **একত্রিত** একোৎত্রিতো/অ্যাকোৎত্রিতো [ekòttritò/ækòttritò] **একত্ব** একোৎতো/অ্যাকোৎতো [ekòttò/ækòttò] **একদৃষ্টে** ~দ্রিষ্টে [~driʃʈe] **একদেশদর্শী** (পক্ষপাতদুষ্ট) একোদেশোদোর্শি [ekòdeʃòdòrʃ(ʃ)i] **একনজরে** ~নজোরে [~nɔɟʒòre] **একনাগাড়ে**~নাগাড়ে [~nagaɽe] **একপেশে** ~পেশে [~peʃe] **একবচন** বচোন্ [~bɔcʃòn] **একবগ্গা**

(একরোখা) ~বগ্‌গা [~bɔgga] **একবস্ত্র** ~বস্‌ত্রো [~bɔstrò] **একবিধ** একোবিধো [ekòbidɦò] **একযোগে** ~জোগে [~ɟʒoge] **একশ, একশো** ~শো [~ʃo] **একশেষ** (চূড়ান্ত) ~শেশ্ [~ʃeʃ]

একরার (স্বীকার) এক্‌রার্ [ekrar]

'একলব্য' একোলোব্‌বো [ekòlòbbò]

একলা (একা) অ্যাক্‌লা [ækla]

একসা, একশা (একাকার) অ্যাক্‌শা [ækʃa]

একশিরা (রোগবিশেষ) অ্যাক্‌শিরা [ækʃira]

একষট্টি (৬১) অ্যাক্‌শোট্‌টি/এক্‌শোট্‌টি [ækʃòṭṭi/ekʃòṭṭi]

একহারা (কৃশকায়) অ্যাক্‌হারা [ækɦara]

একা (একক ; একলা) অ্যাকা [æka]

একাংশ (একটি অংশ বা ভাগ) অ্যাকাংশো/একাংশো [ækaŋʃò / ekaŋʃò]

একাকার (মিশ্রিত) অ্যাকাকার্ [ækakar]

একাকী (একা ; নিঃসঙ্গ) অ্যাকাকি/ একাকি [ækaki / ekaki]

একাগ্র (অনন্যমনা) একাগ্‌গ্রো/অ্যাকাগ্‌গ্রো [ekaggrò / ækaggrò]

একাঘ্নী (পৌরাণিক অস্ত্রবিশেষ) একাঘ্‌নি [ekag(ɦ)ni]

একাত্তর (৭১) অ্যাকাৎতোর্/একাৎতোর্ [ækattòr/ekattòr]

একাত্মতা (এক মনের ভাব ; অভিন্ন হৃদয়ের ভাব) একাৎতঁতা [ekattõta]

একাত্মা (একমন) একাৎতাঁ/অ্যাকাৎতাঁ/একাঁৎতা [ekattã/ækattã/ekãtta]

একাদশ (১১) অ্যাকাদশ্/একাদশ্ [ækadɔʃ/ekadɔʃ] **একাদশী** (তিথিবিশেষ) অ্যাকাদোশি/একাদোশি [ækadòʃi/ekadòʃi]

একাদিক্রমে (একনাগাড়ে) অ্যাকাদিক্‌ক্রোমে/ একাদিক্‌ক্রোমে [ækadikkròme/ekadikkròme]

একাধারে (একসঙ্গে) অ্যাকাধারে/একাধারে [ækadɦare/ekadɦare]

একাধিক (একের বেশি) অ্যাকাধিক্/একাধিক্ [ækadɦik/ekadɦik]

একাধিপতি (সার্বভৌম প্রভু) একাধিপোতি/ অ্যাকাধিপোতি [ekadɦipòti/ækadɦipòti] **একাধিপত্য** একাধিপোৎতো/অ্যাকাধিপোৎতো [ekadɦipòttò/ækadɦipòttò]

একানব্বই (৯১) অ্যাকানোব্‌বোই/একানব্‌বোই [ækanòbbòĭ/ekanɔbbòĭ]

একান্ত (নিতান্ত ; নিজস্ব) অ্যাকান্‌তো/একান্‌তো [ækantò/ekantò]

একান্ন (৫১) অ্যাকান্‌নো/একান্‌নো [ækannò/ekannò]

একান্নবর্তী (যৌথ পরিবারভুক্ত) অ্যাকান্‌নোবোর্‌তি/একান্‌নোবোর্‌তি [ækannòbòr(t)ti/ekannòbòr(t)ti]

এ-কার (এ স্বরবর্ণ যোগ) একার্ [ekar]

একার (একজনের) অ্যাকার্ [ækar]

একাশি (৮১) অ্যাকাশি/একাশি [ækaʃi/ekaʃi]

একাসন (অপরিবর্তিত আসন) একাশোন্/ অ্যাকাশোন্ [ekaʃòn/ækaʃòn]

একাহারী (সারাদিনে মাত্র একবার খায় এমন) একাহারি/অ্যাকাহারি [ekaɦari/ækaɦari]

একীভবন (এক হওয়া) একিভবোন্ [ekibɦɔbòn] **একীভূত** একিভুতো [ekibɦutò]

একুশ (২১) একুশ্ [ekuʃ]

একে একে (একের পর এক, এই ভাবে) অ্যাকেঅ্যাকে [æke(ẽ)æke]

একেশ্বর (সার্বভৌম) অ্যাকেশ্‌শর্ [ækeʃʃɔr] **একেশ্বরবাদ** ~বাদ্ [~bad]

এক্কা (একটি ঘোড়ায় টানা গাড়িবিশেষ) এক্‌কা [ekka]

এক্তিয়ার, এখতিয়ার (ক্ষমতা) এক্‌তিয়ার্ [ektiar]

এক্ষণ (এই সময়) এক্‌খন্ [ekkhɔn]

এখন (এই সময়ে ; এবার) অ্যাখোন্ [ækhòn] **এখনই, এখনি** অ্যাখোনি/ এখোনি [ækhòni/ekhòni] **এখনও, এখনো** অ্যাখোনো [ækhòno]

এখান (এইস্থান) এখান্ [ekhan]

এগনো (এগিয়ে যাওয়া) এগোনো [egòno]

এগারো (১১) অ্যাগারো [ægaro]

এজন্য (এই জন্য) এজোন্‌নো [eɟʒònnò] **এজন্যে** এজোন্‌নে [eɟʒònne]

এজমালি (যৌথ) এজ্‌মালি [eɟʒmali]
এজলাস (আদালত) এজ্‌লাশ্ [eɟʒlaʃ]
এজাহার (মামলার বিবৃতি) এজাহার্ [eɟʒaɦar]
এটর্নি (আইনজীবী-বিশেষ) অ্যাটোর্‌নি [æṭòrni]
এড়ানো (পরিহার করা ; ছাড়ানো) অ্যাড়ানো [æṛano]
এণাক্ষী (হরিণনয়না) এনাক্‌খি [enakkhi]
এণ্ডা (ডিম ; ছোট ছেলেমেয়ে) অ্যান্‌ডা [ænḍa] **এণ্ডাবাচ্চা** ~বাচ্‌চা [~baccʃa]
এণ্ডি (তসরবিশেষ) এন্‌ডি [enḍi]
এত (এই পরিমাণ) অ্যাতো [ætò] **এতটুকু** ~টুকু [~ṭuku]
এতদবস্থা (এমন অবস্থা) এতদবোস্‌থা [etɔdɔbòstha]
এতদুদ্দেশ্যে (এই উদ্দেশ্যে, এইজন্য) এতদুদ্‌দেশ্‌শে/ এতোদুদ্‌দেশ্‌শে [etɔduddeʃʃe/etòduddeʃʃe]
এতদ্দেশীয় (এই দেশের) এতদ্‌দেশিয়ো/ এতোদ্‌দেশিয়ো [etɔddeʃiò/etòddeʃiò]
এতবার (বহুবার) অ্যাতোবার্ [ætòbar]
এতাদৃশ (এমন) এতাদ্রিশো [eta(d)driʃò]
এতাবৎ (আজ পর্যন্ত) এতাবোৎ/এতাবৎ [etabòt/ etabɔt]
এত্তেলা (খবর) এৎতেলা [ettela]
এদ্দিন (এত দিন) অ্যাদ্‌দিন্ [æddin]
এধার (এই দিক) এধার্ [edɦar] **এধারওধার** ~ওধার্ [~odɦar]
এনতার, এন্তার (প্রচুর) এন্‌তার্ [entar]
এনামেল (enamel) এনামেল্ [enamel]
এবং (আর ; ও) এবোং/এবং [ebòŋ/ebɔŋ] **এবংবিধ** ~বিধো [~bidɦò]
এবড়োখেবড়ো (অসমতল ; বন্ধুর) এব্‌ড়োখেব্‌ড়ো [ebṛokhebṛo]
এবার (এই বার) এবার্ [ebar] **এবারকার** ~কার্ [~kar] **এবারের** এবারের্ [ebarer]
এমন (এই রকম) অ্যামোন্[æmòn] **এমনই** অ্যামোনি [æmòni] **এমনি** এম্‌নি [emni] **এমনিতর** এম্‌নিতরো [emnitɔrò]
এযাবৎ (আজ পর্যন্ত) এজাবোৎ [eɟʒabòt]
এয়ো (সধবা) এয়ো [e(ẽ)o] **এয়োতী** ~তি [~ti] **এয়োস্ত্রী** ~স্‌ত্রি [~stri]
এরণ্ড (ভেরেণ্ডাগাছ) এরন্‌ডো/ এরোন্‌ডো [erɔnḍò/ erònḍò]
এরূপ (এই রকম, এমন) এরুপ্ [erup]
এরোপ্লেন (aeroplane) এরোপ্‌প্লেন্/ অ্যারোপ্‌প্লেন্ [eropplen/æropplen]
এল, এলো (আগমন করল) এলো [elo]
এলাকা (সীমা, চৌহদ্দি ; অঞ্চল) এলাকা [elaka]
এলাচ (cardamom) এলাচ্ [elacʃ]
এলাচি (এলাচ) এলাচি [elacʃi]
এলেম (বিদ্যা ; দক্ষতা) এলেম্ [elem]
এলোপাতাড়ি (বিশৃঙ্খলভাবে, বেধড়ক) এলোপাতাড়ি [elopataṛi]
এলোপ্যাথি (আধুনিক পাশ্চাত্য চিকিৎসা-পদ্ধতি) অ্যালোপ্যাথি [ælopæthi]
'এশিয়া' 'এসিয়া' এশিয়া [eʃia]
এষণা (অন্বেষণ) এশোনা/ এশনা [eʃòna/eʃɔna]
এষা (অন্বেষণ ; ইচ্ছা) এশা [eʃa]
এসপার-ওসপার (চরম নিষ্পত্তি) এস্‌পার ওস্‌পার/এস্‌পারোস্‌পার্ [esparospar]
এসরাজ (বাদ্যযন্ত্রবিশেষ) এস্‌রাজ্ [esraɟʒ]
এসিড (acid) অ্যাসিড্ [æsiḍ]
এহেন (এই রকম) এহেনো/ এহ্যানো [eɦenò/ eɦænò]

ঐ

ঐ (বাংলাভাষার নবম স্বরবর্ণ) ওই্ [oĭ]
ঐকতান (বাদ্যবৃন্দ) ঐকোতান্ [oĭkòtan]
ঐকমত্য (মতের মিল) ঐকোমোৎতো [oĭkòmòttò]
ঐকান্তিক (প্রগাঢ়) ঐকান্‌তিক্ [oĭkantik]
ঐকার (ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঐ বর্ণ যোগ) ঐকার্ [oĭkar]
ঐকাহিক (একদিনস্থায়ী) ঐকাহিক্ [oĭkaɦik]
ঐক্য (একতা) ঐক্‌কো [oĭkkò]
ঐচ্ছিক (ইচ্ছাধীন) ঐচ্‌ছিক্ [oĭccʃhik]
ঐতরেয় (ঋগ্বেদের অংশবিশেষ) ঐতোরেয়ো [oĭtòreò]
ঐতিহাসিক (ইতিহাস-সম্বন্ধীয় ; ইতিহাসবিদ) ঐতিহাশিক্ [oĭtiɦaʃik]

ঐতিহ্য (পরম্পরাগত চিন্তা বা প্রথা) ঐতিজ্ঝো [oĭtiɟɟʒɦò]
ঐন্দ্র (ইন্দ্রসম্বন্ধীয়) ঐন্‌দ্রো [oindrò]
ঐন্দ্রজালিক (জাদুকর) ঐন্‌দ্রোজালিক্ [oindròɟʒalik]
'ঐরাবত' (ইন্দ্রের হস্তী) ঐরাবৎ [oĭrabɔt]
ঐরূপ (ওই রকম) ঐরুপ্ [oĭrup]
ঐশী (ঐশ্বরিক) ঐশি [oĭʃi]
ঐশ্বরিক (ঈশ্বর-সম্বন্ধীয়) ঐশ্‌শোরিক্ [oiʃʃòrik]
ঐশ্বর্য (বৈভব ; সম্পদ) ঐশ্‌শোর্‌জো/ঐশ্‌শর্‌জো [oiʃʃòr(ɟ)ɟʒò/oiʃʃɔr(ɟ)ɟʒò] **ঐশ্বর্যশালী** ~শালি [~ʃali]
ঐহিক (ইহলোক সম্বন্ধীয়) ঐহিক্ [oĭɦik]

ও

ও (বাংলাভাষার দশম স্বরবর্ণ) ও [o :]
ওআড়, ওয়াড় (বালিশ লেপ প্রভৃতির খোল) ওআড়্ [oaṛ]
ওঁছা (বাজে) ওঁছা/ওঁচা [õcʃha/õcʃ(h)a]
ওঁৎ, ওঁত (শিকারের জন্য অপেক্ষা) ওঁৎ [õ:t]
ওকার (ব্যঞ্জনবর্ণের সঙ্গে ও-বর্ণ যোগ) ওকার্ [okar]
ওকালতনামা (power of attorney) ওকালৎনামা [okalɔtnama]
ওকালতি (উকিলের কাজ) ওকালোতি [okalòti]
ওখান (ওই জায়গা) ওখান্ [okhan]
ওগরানো (বমি করা, উগরে দেওয়া) ওগ্‌রানো [ograno]
ওঙ্কার (ওঁ ধ্বনি) ওংকার্ [oŋkar]
ওজন (ভার ; তৌল) ওজোন্ [oɟʒòn]
ওজর (আপত্তি ; অজুহাত) ওজোর্ [oɟʒòr]
ওজস্বী (তেজস্বী) ওজোশ্‌শি [oɟʒòʃʃi] **ওজস্বিতা** ~তা [~ta]
ওজুহাত অজুহাত দ্র
ওজোগুণ (রচনার গাম্ভীর্য) ওজোগুন্ [oɟʒogun]
ওঝা (রোজা) ওঝা [oɟʒɦa]
ওড়না (মেয়েদের উত্তরীয়) ওড়্‌না [oṛna]
ওড়িয়া (ওড়িশার ভাষা বা অধিবাসী) ওড়িয়া [oṛia]

'ওড্র' ওড্‌ড্রো [oḍḍrò]
ওত (শিকারের জন্য প্রতীক্ষা) ওৎ [o:t]
ওতপ্রোত (পরস্পরজড়িত) ওতোপ্‌প্রোতো [otòpprotò]
ওদন (অন্ন ; ভাত) ওদোন্/ওদন্ [odòn/odɔn]
ওদিক (ওই দিক) ওদিক্ [odik]
ওধার (ওই দিক) ওধার্ [odɦar]
ওপড়ানো (উপড়ে ফেলা) ওপ্‌ড়ানো [opṛano]
ওপর (উপর) ওপোর্ [opòr]
ওমরাহ (অভিজাত) ওম্‌রাহো/ওম্‌রা [omraɦò/omra]
ওয়াক (বমির শব্দ) ওআক্ [oak]
ওয়াকিবহাল (অভিজ্ঞ) ওআকিবহাল্/ওআকিব্‌হাল্ [oakibɔɦal/oakibɦal]
ওয়াড় ওআড় দ্র
ওয়ারিশ (উত্তরাধিকারী) ওআরিশ্ [oariʃ] **ওয়ারিশান** ওআরিশান্ [oariʃan]
ওয়াহাবি (ধর্মসংস্কারক ওয়াহাব-এর অনুগামী) ওআহাবি [oaɦabi]
ওরফে (নামান্তরে) ওরোফে [oròphe]
ওল (ভোজ্য কন্দবিশেষ) ওল্ [o:l] **ওলকপি** ~কোপি [~kòpi]
ওলটপালট (বিশৃঙ্খল ; এলোমেলো) ওলোট্‌পালোট্ [olòtpalòt]
ওলন (খাড়াই নির্ণয়ের সুতা) ওলোন্ [olòn]
ওলাইচণ্ডী (কলেরা রোগের অধিষ্ঠাত্রী দেবীবিশেষ) ওলাইচোন্‌ডি [olaĭcʃònḍi]
ওলাওঠা (কলেরা) ওলাওঠা/ওলাওঠা [olaoṭha/olaŏṭha]
ওষধি (যে গাছ একবার ফল দিয়েই মরে যায়) ওশোধি [oʃòdɦi]
ওষুধ (ঔষধ) ওশুধ্ [oʃud(ɦ)]
ওষ্ঠ (ঠোঁট) ওষ্‌ঠো [oʃṭhò] **ওষ্ঠাগত** ওষ্‌ঠাগতো [oʃṭhagɔtò] **ওষ্ঠাধর** ওষ্‌ঠাধর্ [oʃṭhadɦɔr] **ওষ্ঠ্য** ওষ্‌ঠো [oʃṭhò]
ওস্তাগর (দরজি) ওস্‌তাগর্ [ostagɔr]
ওস্তাদ (গুরু ; দক্ষ) ওস্‌তাদ্ [ostad] **ওস্তাদি, ওস্তাদী** ওস্‌তাদি [ostadi]

ঔ

ঔ (বাংলাভাষার একাদশ স্বরবর্ণ) ওউ্ [oŭ]
ঔচিত্য (ন্যায্যতা) ঔচিৎতো [oŭcʃittò]
ঔজ্জ্বল্য (উজ্জ্বলতা, দীপ্তি) ঔজ্‌জোল্‌লো্ [ouɟɟʒòllò]
ঔড়ব (পঞ্চসুরযুক্ত রাগরাগিণীর আলাপ) ঔড়ব্/ঔড়োব্ [oŭṛɔb/oŭṛòb]
ঔৎসুক্য (আগ্রহ) ঔৎশুক্‌কো [outʃukkò]
ঔদরিক (পেটুক) ঔদোরিক্ [oŭdòrik]
ঔদার্য (উদারতা) ঔদার্‌জো [oŭdar(ɟ)ɟʒò]
ঔদাসীন্য (অনাসক্তি) ঔদাশিন্‌নো [oŭdaʃinnò]
ঔদাস্য (উদাসীনতা) ঔদাশ্‌শো [oŭdaʃʃò]
ঔদ্ধত্য (ধৃষ্টতা) ঔদ্‌ধোৎতো [ouddɦòttò]
ঔপনিবেশিক (উপনিবেশ-সম্বন্ধীয় ; উপনিবেশে বাসকারী) ঔপোনিবেশিক্ [oŭpònibeʃik]
ঔপন্যাসিক (novelist) ঔপোন্‌নাশিক/ঔপোন্ন্যাশিক্ [oŭpònnaʃik/oŭpònnæʃik]
ঔপপত্তিক (প্রামাণিক) ঔপোপোৎতিক্ [oŭpòpòttik]
ঔরস (পিতৃত্ব ; বীর্য) ঔরশ্ [oŭrɔʃ]
ঔষধ (ওষুধ, medicine) ঔশধ্ [oŭʃɔd(ɦ)] **ঔষধালয়** ঔশধালয়্/ ঔশোধালয়্ [oŭʃɔdɦalɔĕ/oŭʃòdɦalɔĕ]
ঔষ্ঠ্য (ওষ্ঠ্য) ঔশ্‌ঠো [ouʃṭhò]

ক

ক (বাংলাভাষার প্রথম ব্যঞ্জনবর্ণ) ক [kɔ:]
কই (মাছবিশেষ) কোই্ [kòĭ]
কওয়া (বলা) কও্আ [kɔŏa] **কও** কও্ [kɔŏ] **কই** কোই্ [kòĭ] **কয়** কয়্ [kɔĕ]
কংগ্রেস (সভা ; সঙ্ঘ) কংগ্রেস্/কংগ্‌রেস্ [kɔŋgres/kɔŋ(g)res] **কংগ্রেসি** কংগ্রেসি/কংগ্‌রেসি [kɔŋgresi/kɔŋ(g)resi]
'কংস' (শ্রীকৃষ্ণের মাতুল) কংশো [kɔŋʃò]
কংসবণিক (কাঁসারি) কংশোবোনিক্ [kɔŋʃòbònik]
কংসারি (শ্রীকৃষ্ণ) কংশারি [kɔŋʃari]
ককুদ (ষাঁড়ের কাঁধের ঝুঁটি) কোকুদ্ [kòkud]
ককুভ (রাগিণীবিশেষ) কোকুভ্ [kòkub(ɦ)]
কক্ষ (ঘর ; গ্রহের পরিভ্রমণ পথ) কোক্‌খো [kòkkhò] **কক্ষচ্যুত** ~চ্চুতো [~ccʃutò] **কক্ষভ্রষ্ট** ~ব্‌ভ্রোষ্‌টো [~bbɦròʃṭò]
কক্ষনো (কোনো সময়, কখনো) কক্‌খোনো [kɔkkhòno]
কক্ষান্তর (অন্য কক্ষ) কোক্‌খান্তর্/কোক্‌খান্‌তোর্ [kòkkhantɔr/ kòkkhantòr]
কখন (কোন সময়) কখোন্ [kɔkhòn] **কখনই, কখনোই** কখোনোই [kɔkhònoi] **কখনও, কখনো** কখোনো [kɔkhòno] **কখনসখন** (মাঝে মধ্যে) কখোনোশখোনো [kɔkhònòʃɔkhòno]
কঙ্ক (কাঁক পাখি) কংকো [kɔŋkò]
কঙ্কণ (কাঁকন ; বালা) কংকোন্ [kɔŋkòn]
কঙ্কর (কাঁকর) কংকোর্ [kɔŋkòr]
কঙ্কাল (হাড় পাঁজরা, skeleton) কংকাল্ [kɔŋkal] **কঙ্কালসার** ~শার্ [~ʃar]
'কচ' (বৃহস্পতির পুত্র) কচ্ [kɔ:cʃ]
কচরমচর (শক্ত জিনিস চিবানোর শব্দ) কচোর্‌মচোর্ [kɔcʃòrmɔcʃòr]
কচলানো (রগড়ানো) কচ্‌লানো [kɔcʃlanò]
কচি (অতি কাঁচা) কোচি [kòcʃi]
কচু (কন্দবিশেষ) কোচু [kòcʃu] **কচুকাটা** ~কাটা [~kaṭa] **কচুপোড়া** (কিছুই নয়) ~পোড়া [~poṛa]
কচুরি, কচুরী (লুচি জাতীয় খাবারবিশেষ) কোচুরি [kòcʃuri]
কচুরিপানা (water-hyacinth) কোচুরিপানা [kòcʃuripana]
কচ্ছ (জলময় স্থান) কচ্‌ছো [kɔccʃhò] **কচ্ছটিকা** ~টিকা [~ṭika]
কচ্ছপ (কাছিম) কচ্‌ছোপ্ [kɔccʃhòp]
কজ্জল (কাজল) কজ্‌জল্/কজ্‌জোল্ [kɔɟɟʒɔl/kɔɟɟʒòl]
কজ্জলী (কবিরাজি ওষুধবিশেষ) কজ্‌জোলি [kɔɟɟʒòli]
কঞ্চি (বাঁশের সরু ডাল) কোন্‌চি [kòncʃi]

কঞ্চুক (বর্ম ; কাঁচুলি) কোনচুক্ [kòncʃuk]
কঞ্চুকী (খোজা প্রহরী) কোনচুকি [kòncʃuki]
কঞ্জুস (কৃপণ) কোন্জুশ্ [kònɟʒuʃ]
কট (শব্দবিশেষ) কট্ [kɔːṭ]
কটকটে (উৎকট ; কর্কশ) কট্‌কোটে [kɔṭkòṭe]
'কটক' কটোক্ [kɔṭòk]
কটকি (কটকে তৈরি) কোট্‌কি [kòṭki]
কটমট (কঠিন ; ক্রুদ্ধ চোখের ভাব) কট্‌মট্ [kɔṭmɔṭ]
কটা (পিঙ্গল) কটা [kɔṭa]
কটাক্ষ (আড় দৃষ্টি) কটাক্‌খো [kɔṭakkhò]
কটাহ (কড়াই) কটাহো [kɔṭaɦò]
কটি (কোমর) কোটি [kòṭi]
কটিবন্ধ (কোমরবন্ধ, belt) কোটিবন্‌ধো [kòṭibɔndɦò]
কটু (তীব্র ; উগ্র) কোটু [kòṭu]
কটুকাটব্য (গালিগালাজ) কোটুকাটোব্‌বো [kòṭuka-ṭòbbò]
কটুভাষী (কটু কথা বলে এমন) কোটুভাশি [kòṭubɦaʃi]
কটূক্তি (মন্দ বা কড়া কথা) কোটুক্‌তি [kòṭukti]
কঠিন (শক্ত ; দৃঢ় ; কর্কশ) কোঠিন্ [kòṭhin]
কঠোর (কঠিন ; দৃঢ়) কঠোর্ [kɔṭhor]
কঠোরতা কঠোরতা/কঠোরোতা [kɔṭhorɔta/kɔṭhoròta]
কড়কচ (লবণ বিশেষ) কড়্‌কোচ্ [kɔṛkòcʃ]
কড়াই (কড়া, কটাহ) কড়াই্ [kɔṛai̯]
কড়ি (কপর্দক) কোড়ি [kòṛi]
কড়ে (কনিষ্ঠ) কোড়ে [kòṛe]
কণা (অতিক্ষুদ্র অংশ) কনা [kɔna]
'কণাদ' (মুনিবিশেষ) কনাদ্ [kɔnad]
কণিকা (কণা) কোনিকা [kònika]
কণ্টক (কাঁটা) কন্‌টোক্ [kɔnṭòk]
কণ্টকশয্যা (অস্বস্তিকর অবস্থা, যন্ত্রণা) কন্‌টোক্‌শোজ্‌জা/কন্‌টোকোশোজ্‌জা [kɔnṭòk-ʃɔɟɟʒa/kɔnṭòkòʃòɟɟʒa]
কণ্টকাকীর্ণ (কাঁটায় পূর্ণ) কন্‌টোকাকির্‌নো [kɔnṭòkakir(n)nò]
কণ্টকিত (বিঘ্নময়) কন্‌টোকিতো [kɔnṭòkitò]
কণ্টিকারী (ভেষজ গাছ) কোন্‌টিকারি [kònṭikari]
কণ্ঠ (গলা ; গ্রীবা) কন্‌ঠো [kɔnṭhò] **কণ্ঠনালী** ~নালি [~nali] **কণ্ঠবদ্ধ** ~বদ্‌ধো [~bɔddɦò] **কণ্ঠলগ্ন** ~লগ্‌নো [~lɔgnò] **কণ্ঠরোধ** ~রোধ্ [~rod(ɦ)] **কণ্ঠস্থ** ~স্‌থো [~sthò]
কণ্ঠা (কণ্ঠের পাশের অস্থি) কন্‌ঠা [kɔnṭha]
কণ্ঠি, কণ্ঠী (বৈষ্ণবদের গলার মালাবিশেষ) কোন্‌ঠি [kònṭhi]
কণ্ঠিবদল (বৈষ্ণবদের মালাবদল করে বিবাহ) কোন্‌ঠিবদোল্ [kònṭhibɔdòl]
কণ্ঠ্য (কণ্ঠে উচ্চারিত) কন্‌ঠো [kɔnṭhò]
কণ্ডূয়ন (চুলকানো) কোন্‌ডুয়ন্ [kònḍuĕɔn]
'কণ্ব' (শকুন্তলার পালকপিতা) কন্‌নো [kɔnnò]
কত (কতটা ; অনেক) কতো [kɔto]
কতক (খানিক) কতোক্ [kɔtòk]
কতকটা (কিছুটা) কতোক্‌টা [kɔtòkṭa]
কতল (মুণ্ডচ্ছেদ) কতোল্/কোতোল্ [kɔtòl/kòtòl]
কতশত (অসংখ্য) কতোশতো [kɔtoʃɔto]
কতিপয় (কয়েকটি) কোতিপয়্ [kòtipɔĕ]
কথক (পুরাণ পাঠক ; বক্তা) কথোক্ [kɔthòk]
কথকতা কথোকতা/কথোকোতা [kɔthòkɔta/kɔthòkòta]
কথঞ্চিৎ (কিঞ্চিৎ) কথোন্‌চিৎ [kɔthòncʃit]
কথা (উক্তি ; বক্তব্য) কথা [kɔtha]
কথাকলি (নৃত্যবিশেষ) কথাকোলি [kɔthakòli]
কথান্তর (ঝগড়া) কথান্‌তর্/কথান্‌তোর্ [kɔthantɔr/kɔthantòr]
কথাবার্তা (নানা কথা ; আলাপ) কথাবার্‌তা [kɔthabar(t)ta]
কথাসাহিত্য (উপন্যাস, গল্প ইত্যাদি) কথাশাহিৎতো [kɔthaʃaɦittò]
কথিত (উক্ত) কোথিতো [kòthitò]
কথোপকথন (আলাপ, কথাবার্তা) কথোপোকথোন্ [kɔthopòkɔthòn]
কথ্য (মৌখিক) কোৎথো [kòtthò]
কদবেল (টকাস্বাদ বেলবিশেষ) কদ্‌বেল্ [kɔdbel]
কদভ্যাস (কু-অভ্যাস) কদোব্‌ভ্যাশ্/কদোব্‌ভাশ্ [kɔdòbbɦæʃ/kɔdòbbɦaʃ]

কদম (গাছবিশেষ ; পা ফেলা) কদোম্ [kɔdòm]
কদমা (গোল মিঠাইবিশেষ) কদ্‌মা [kɔdma]
কদম্ব (কদম গাছ) কদোম্‌বো [kɔdòmbò]
কদর (খাতির) কদোর্ [kɔdòr]
কদর্থ (বিকৃত অর্থ) কদর্‌থো/কদোর্‌থো [kɔdɔr-(t)thò/kɔdòr(t)thò]
কদর্য (কুৎসিত) কদোর্‌জো [kɔdòr(ɟ)ɟʒò]
কদলী (কলা) কদোলি [kɔdòli]
কদাকার (কুৎসিত) কদাকার্ [kɔdakar]
কদাচ (কখনো) কদাচো [kɔdacʃò]
কদাচিৎ (খুব কম ; কখনো কখনো) কদাচিৎ [kɔdacʃit]
কদাপি (কখনো) কদাপি [kɔdapi]
কদু (লাউ) কোদু [kòdu]
'কদ্রু' কোদ্‌দ্রু [kòddru]
কনক (সোনা) কনোক্ [kɔnòk]
কনকচাঁপা (সোনালি রঙের চাঁপাফুল) কনোক্‌চাঁপা [kɔnòkcʃãpa]
কনকন (তীব্র ঠাণ্ডার ভাব) কন্‌কন্ [kɔnkɔn] কনকনে কন্‌কোনে [kɔnkòne]
কনিষ্ঠ (সবচেয়ে ছোট) কোনিষ্‌ঠো [kòniʃṭhò]
কনীনিকা (চোখের মণি) কোনিনিকা [kòninika]
কনুই (হাত ও বাহুর সন্ধিস্থান, elbow) কোনুই [kònuĭ]
কনে (বিয়ের পাত্রী) কোনে [kòne]
কন্দ (মাটির নিচের মূল) কন্‌দো [kɔndò]
কন্দর (গুহা) কন্‌দোর্/কন্‌দর্ [kɔndòr/kɔndɔr]
কন্দর্প (কামদেব) কন্‌দর্‌পো/কন্‌দোর্‌পো [kɔndɔr-(p)pò/kɔndòr(p)pò]
কন্দু (কড়াই ; তাওয়া) কোন্‌দু [kòndu]
কন্দুক (ভাঁটা) [kònduk]
কন্ধকাটা (মস্তকহীন) কন্‌ধোকাটা [kɔndɦòkaṭa]
কন্যকা (কুমারী কন্যা) কোন্‌নোকা [kònnòka]
কন্যা (দুহিতা, মেয়ে) কোন্‌না [kònna]
কন্যাকর্তা (বিবাহে পাত্রীপক্ষের কর্তা) কোন্‌নাকর্‌তা [kònnakɔr(t)ta]
কন্যাদান (কন্যা সম্প্রদান ; মেয়ের বিয়ে দেওয়া) কোন্‌নাদান্ [kònnadan]
কন্যাদায় (মেয়ের বিয়ের দায়িত্ব) কোন্‌নাদায় [kònnadaĕ]
কন্যাপক্ষ (পাত্রীর পক্ষ) কোন্‌নাপোক্‌খো [kònna-pòkkhò]
কন্যাযাত্রী (পাত্রীর সঙ্গীসাথি) কোন্‌নাজাৎত্রি [kònnaɟʒattri]
কপচানো (আওড়ানো ; বকবক করা) কপ্‌চানো [kɔpcʃano]
কপট (শঠ, চাতুরীপূর্ণ) কপোট্ [kɔpòṭ] কপটতা কপোটোতা/কপোটতা [kɔpòṭòta/kɔpòṭɔta]
কপর্দক (কড়ি) কপোর্‌দোক্/কপোর্‌দক্ [kɔpòr-(d)dòk/kɔpòr(d)dɔk] কপর্দকহীন ~হিন্ [~ɦin]
কপাট (দরজা) কপাট্ [kɔpaṭ]
কপাটি (খেলাবিশেষ) কপাটি [kɔpaṭi]
কপালী (ভাগ্যবান ; মহাদেব) কপালি [kɔpali]
কপি (বাঁদর ; আনাজবিশেষ) কোপি [kòpi]
কপিকল (pulley) কোপিকল্ [kòpikɔl]
'কপিঞ্জল' (মুনিবিশেষ) কোপিন্‌জল্ [kòpinɟʒɔl]
কপিত্থ (কয়েতবেল) কোপিৎথো [kòpitthò]
কপিধ্বজ (অর্জুনের রথ) কোপিদ্‌ধজ্ [kòpiddɦɔɟʒ]
কপিল (পিঙ্গলবর্ণ) কোপিল্ [kòpil]
'কপিলা' (কামধেনু) কোপিলা [kòpila]
কপিশ (মেটে রং) কোপিশ্ [kòpiʃ]
কপোত (পায়রা) কপোৎ [kɔpot]
'কপোতাক্ষ' (নদীবিশেষ) কপোতাক্‌খো [kɔpo-takkhò]
কপোল (গণ্ডদেশ) কপোল্ [kɔpol]
কফ (শ্লেষ্মা) কফ্ [kɔ:p(h)]
কফিন (মৃতদেহের বাক্স) কফিন্ [kɔphin]
কবচ (বর্ম ; মাদুলি) কবোচ্ [kɔbòcʃ]
কবজা (আয়ত্ত) কব্‌জা [kɔbɟʒa]
কবজি (মণিবন্ধ, wrist) কোব্‌জি [kòbɟʒi]
কবন্ধ (মুণ্ডহীন) কবোন্‌ধো/কবন্‌ধো [kɔbòndɦò/kɔbɔndɦò]
কবর (সমাধি) কবোর্ [kɔbòr] কবরখানা ~খানা [~khana]
কবরী (খোঁপা) কবোরি [kɔbòri]
কবর্গ (ক থেকে ঙ পর্যন্ত পাঁচটি বর্ণ) কবর্‌গো [kɔbɔr(g)gò]

কবল (গ্রাস ; দখল) কবোল্ [kɔbòl] **কবলিত** কবোলিতো [kɔbòlitò]

কবি (কবিতা-রচয়িতা) কোবি [kòbi] **কবিত্ব** ~ৎতো [~ttò] **কবিপ্রসিদ্ধি** (দীর্ঘপ্রচলিত কল্পনা বা রীতি) প্‌প্রোশিদ্‌ধি [~pprò∫iddɦi]

কবিতা (পদ্য ; কাব্য) কোবিতা [kòbita]

কবিরাজ (বৈদ্য) কোবিরাজ্ [kòbiraɟʒ]

'কবীর' (ধর্মসংস্কারক-বিশেষ) কোবির্ [kòbir]

কবীরপন্থী (কবীরের অনুগামী) কোবির্‌পোন্‌থি [kòbirpònthi]

কবুতর (পায়রা) কোবুতর্/কোবুতোর্ [kòbutɔr/ kòbutòr]

কবুল (স্বীকার) কোবুল্ [kòbul]

কবুলিয়ত (খাজনার স্বীকৃতিপত্র) কোবুলিয়ৎ [kòbuliɔt]

কবে (বলবে ; কোন দিন) কবে [kɔbe]

কবোষ্ণ (ঈষৎ উষ্ণ) কবোশ্‌নো [kɔbo∫nò]

কভু (কখনো) কোভু [kòbɦu]

কম (অল্প) কম্ [kɔːm]

কমতি (অল্পতা) কোম্‌তি [kòmti]

কমজোরি (দুর্বল) কম্‌জোরি [kɔmɟʒori]

কমবেশি (অল্পাধিক) কম্‌বেশি [kɔmbe∫i]

কমঠ (কচ্ছপ) কমোঠ্ [kɔmòṭ(h)]

কমণ্ডলু (সন্ন্যাসীর জলপাত্রবিশেষ) কমোন্‌ডোলু [kɔmònḍòlu]

কমনীয় (সুন্দর) কমোনিয়ো [kɔmòniò] **কমনীয়তা** ~তা [~ta]

কমল (পদ্ম) কমোল্ [kɔmòl]

কমল (হ্রাস পেল) কোম্‌লো [kòmlò]

কমলা (orange, কমলালেবু) কমোলা/কম্‌লা [kɔmòla/kɔmla]

কমলালয় (লক্ষ্মীর আবাস) কমোলালয় [kɔmò-lalɔĕ]

কমলালেবু (orange) কম্‌লালেবু/কমোলালেবু [kɔmlalebu/kɔmòlalebu]

কমলিনী (পদ্মিনী) কমোলিনি [kɔmòlini]

কমা (হ্রাস) কমা [kɔma]

কম্প (কাঁপুনি) কম্‌পো [kɔmpò] **কম্পন** ~ন্ [~n] **কম্পমান** ~মান্ [~man]

কম্পাস (compass) কম্‌পাশ্ [kɔmpa∫]

কম্পিত (কাঁপছে এমন) কোম্‌পিতো [kòmpitò]

কম্প্র (কম্পিত) কম্‌প্রো [kɔmprò]

কম্বল (মোটা পশমি চাদর, blanket) কম্‌বোল্ [kɔmbòl]

কম্বু (শঙ্খ) কোম্‌বু [kòmbu]

'কম্বোজ' কম্‌বোজ্ [kɔmboɟʒ]

কম্র (কামুক ; কমনীয়) কম্‌ম্রো [kɔmmrò]

কয়লা (অঙ্গার, coal) কয়্‌লা [kɔĕla]

কয়াল (শস্য সংরক্ষক) কয়াল্ [kɔĕal]

কয়েক (কতক, কিছুসংখ্যক) কয়েক্ [kɔ(ĕ)ek] **কয়েকটি** ~টি [~ṭi]

কয়েতবেল (কদবেল, কপিত্থ) কয়েৎবেল্/কয়েদ্‌বেল্ [kɔ(ĕ)etbel/kɔ(ĕ)edbel]

কয়েদ (জেলখানা) কয়েদ্ [kɔ(ĕ)ed] **কয়েদখানা** ~খানা [~khana] **কয়েদি, কয়েদী** কয়েদি [kɔ(ĕ)edi]

কর[১] (রশ্মি) কর্ [kɔːr]

কর[২] (হাত) কর্ [kɔːr] **করকমল** (পদ্মের মতো হাত) করোকমোল্ [kɔròkɔmòl] **করকবলিত** (হস্তগত) করোকবোলিতো [kɔròkɔbòlitò] **করজোড়ে** করোজোড়ে [kɔròɟʒoɽe] **করতল** (হাতের চেটো) করোতল্ [kɔròtɔl] **করতলগত** করোতল্‌গতো/করোতলোগতো [kɔròtɔlgɔtò/ kɔròtɔlògɔtò] **করতালি** করোতালি [kɔròtali] **করপুট** (জোড়হাত) করোপুট্ [kɔròpuṭ]

কর[৩] (খাজনা) কর্ [kɔːr] **করদাতা** ~দাতা [~data] **করমুক্ত** ~মুক্‌তো/করোমুক্‌তো [~muktò/ kɔròmuktò]

কর[৪] (পদবিবিশেষ) কর্ [kɔːr]

করকচ (লবণবিশেষ) কর্‌কোচ্ [kɔrkòc∫]

করকর (কাঁকরের ঘষার ভাব) কর্‌কর্ [kɔrkɔr] **করকরে** কর্‌কোরে [kɔrkòre]

করকা (শিলা) করোকা [kɔròka]

করচা (দিনলিপি) কর্‌চা [kɔrc∫a]

করঞ্জ (করমচা) করোন্‌জো [kɔrònɟʒò] **করঞ্জক** (করমচা) করোন্‌জোক্/করোন্‌জক্ [kɔrònɟʒòk/ kɔrònɟʒɔk] **করঞ্জা** (করমচা) করোন্‌জা [kɔrònɟʒa]

করণ (কার্য) করোন্ [kɔròn] **করণকারক** ~কারোক্ [~karòk]
করণিক (কেরানি) করোনিক্ [kɔrònik]
করণী (অমূলদ রাশি) করোনি [kɔròni]
করণীয় (করা উচিত এমন) করোনিয়ো [kɔrònio̊]
করণ্ড (মৌচাক) করোন্‌ডো [kɔrònd̩ò]
করতাল (দুই হাতে বাজাবার বাদ্যযন্ত্র-বিশেষ) কর্‌তাল্/করোতাল্ [kɔrtal/kɔròtal]
'করতোয়া' (নদীবিশেষ) করোতোআ [kɔròtoa]
করদ (যে কর দেয়) করোদ্ [kɔròd]
করবাল (খড়্গ) করোবাল্ [kɔròbal]
করবী (ফুলবিশেষ) করোবি [kɔròbi]
করমচা (ছোট টকাস্বাদ ফল) করোম্‌চা [kɔròmcʃa]
করমর্দন (হাতে হাত ধরে প্রীতি বা অভিনন্দন জানানো) করোমর্‌দোন্ [kɔròmɔr(d)dòn]
করলা (বড় উচ্ছে) করোলা [kɔròla]
করা (সাধন বা সম্পাদন) করা [kɔra] **করছি** কোর্‌ছি [kòrcʃhi] **করছ** কোর্‌ছো [kòrcʃhò] **করব** কোর্‌বো [kòrbò] **করল** কোর্‌লো [kòrlò] **করি** কোরি [kòri] **করে** করে [kɔre] **কর, করো** করো [kɔro]
করাঘাত (হাত দিয়ে আঘাত) করাঘাৎ [kɔraghat]
করাত (কাঠ চেরাইয়ের যন্ত্র) করাৎ [kɔrat]
করানো (অন্যকে দিয়ে সম্পাদন) করানো [kɔrano]
করায়ত্ত (হস্তগত) করায়োৎতো [kɔraĕòtto̊]
করাল (ভয়ানক) করাল্ [kɔral] **করালবদনা** করালোবদোনা/~বদোনা [kɔralòbɔdòna/~bɔdòna] **করালী** করালি [kɔrali]
করিতকর্মা (চৌকস) কোরিৎকর্‌মা [kòritkɔr(m)ma]
'করিমপুর' কোরিমপুর্ [kòrimpur]
করী (হাতি) কোরি [kòri]
করীষ (ঘুঁটে) কোরিশ্ [kòriʃ]
করুণ (শোকাবহ, দুঃখজনক) কোরুন্ [kòrun]
করুণা (দয়া) কোরুনা [kòruna] **করুণানিদান** (দয়াময়) ~নিদান্ [~nidan] **করুণাময়** ~ময় [~mɔĕ] **করুণাময়ী** ~মোয়ি [~mòi]
করোটি, করোটী (মাথার খুলি) করোটি [kɔroṭi]
কর্কট (কাঁকড়া) কর্‌কোট্ [kɔr(k)kòṭ] **কর্কটক্রান্তি** ~ক্রান্‌তি [~kranti]
কর্কটি (কাঁকুড়) কর্‌কোটি [kɔr(k)kòṭi]
কর্কশ (রূঢ়) কর্‌কোশ্ [kɔr(k)kòʃ]
কর্জ (ধার ;ঋণ) কর্‌জো [kɔr(ɟ)ɟʒò]
কর্ণ[১] (কান) কর্‌নো [kɔr(n)nò] **কর্ণকুহর** (কানের ফুটো) ~কুহর্/~কুহোর্ [~kuɦɔr/~kuɦòr] **কর্ণগোচর** ~গোচর্/~গোচোর্ [~gocʃɔr/~gocʃòr] **কর্ণমূল** ~মূল্ [~mul] **কর্ণশূল** (কানের ব্যথা) ~শূল্ [~ʃul]
কর্ণ[২] (হাল, অরিত্র) কর্‌নো [kɔr(n)ò] **কর্ণধার** ~ধার্ [~dɦar]
'কর্ণফুলি' কর্‌নোফুলি [kɔr(n)nòphuli]
'কর্ণাটক', 'কর্নাটক' কর্‌নাটক্/কর্‌নাটোক্ [kɔr(n)naṭɔk/kɔr(n)naṭòk]
কর্ণিক (রাজমিস্ত্রির যন্ত্রবিশেষ) কোর্‌নিক্ [kòr(n)nik]
কর্তন (কাটা) কর্‌তোন্ [kɔr(t)tòn] **কর্তনী** কর্‌তোনি [kɔr(t)tòni]
কর্তব্য (করা উচিত এমন) কর্‌তোব্‌বো [kɔr(t)tòbbò]
কর্তা (প্রভু ; যে করে) কর্‌তা [kɔr(t)ta] **কর্তাব্যক্তি** ~বেক্‌তি [~bekti]
কর্তিত (কাটা হয়েছে এমন) কোর্‌তিতো [kòr(t)tito̊]
কর্তৃক (দ্বারা) কোর্‌ত্রিক্ [kòr(t)trik]
কর্তৃকারক (nominative case) কোর্‌ত্রিকারোক্ [kòr(t)trikaròk]
কর্তৃত্ব (প্রভুত্ব, আধিপত্য) কোর্‌ত্রিৎতো [kòr(t)tritto̊]
কর্তৃপক্ষ (পরিচালকবর্গ) কোর্‌ত্রিপোক্‌খো [kòr(t)tripòkkhò]
কর্তৃবাচ্য (active voice) কোর্‌ত্রিবাচ্‌চো [kòr(t)tribaccʃò]
কর্ত্রী (কর্মসম্পাদনকারিণী ; গৃহিণী) কোর্‌ত্রি [kòrtri]
কর্দম (কাদা) কর্‌দোম্ [kɔr(d)dòm]
কর্পূর (camphor) কোর্‌পুর্ [kòr(p)pur]
কর্ম[১] (কাজ ; উপযোগিতা) কর্‌মো [kɔr(m)mò] **কর্মক্ষম** ~ক্‌খোম্ [~kkhòm] **কর্মক্ষেত্র** ~খেৎত্রো [~khettrò] **কর্মচারী** ~চারি [~cʃari] **কর্মঠ** (কাজে পটু) ~ঠো [~ṭhò] **কর্মদোষ** (পাপ) ~দোশ্ [~doʃ] **কর্মনাশা** (কাজ বন্ধ করে এমন) ~নাশা [~naʃa] **কর্মফল** ~ফল্ [~phɔl] **কর্মবাদ** ~বাদ্ [~bad] **কর্মবিরতি** (cease-work) ~বিরোতি [~biròti] **কর্মভোগ** ~ভোগ্ [~bɦog] **কর্মযোগ** (শাস্ত্রোক্ত

কর্মসাধন) ~জোগ্ [~ɟʒog] **কর্মযোগী** ~জোগি [~ɟʒogi] **কর্মসচিব** ~শোচিব্ [~ʃòcʃib] **কর্মস্থল** ~স্থল্ [~sthɔl] **কর্মাধ্যক্ষ** (কাজের পরিচালক) কর্‌মাদ্‌ধোক্‌খো [kɔr(m)maddɦòkkhò]

কর্ম[২] (ব্যাকরণের কর্মপদ, কর্মকারক) কর্‌মো [kɔr(m)mò] **কর্মকারক** ~কারোক্ [~karòk] **কর্মধারয়** ~ধারয়্ [~dɦarɔĕ] **কর্মবাচ্য** ~বাচ্‌চো [~baccʃò]

কর্মকার (কামার) কর্‌মোকার্ [kɔr(m)mòkar]

কর্মী (যে কর্ম করে) কোর্‌মি [kòr(m)mi]

কর্ষণ (কৃষি, চাষ) কর্‌শোন্ [kɔr(ʃ)ʃòn] **কর্ষণযোগ্য** ~জোগ্‌গো [~ɟʒoggò] **কর্ষণীয়** কর্‌শোনিয়ো [kɔr(ʃ)ʃòniò]

কল (যন্ত্র) কল্ [kɔ:l] **কলকব্জা** ~কব্‌জা [~kɔbɟʒa]

কলকণ্ঠ (অস্পষ্ট মধুর স্বর) কলোকন্‌ঠো [kɔlò-ˌkɔnṭhò]

কলকলানি (কলকল শব্দ) কল্‌কলানি [kɔlkɔlani]

কলকা (কাপড়ের নকশাবিশেষ) কল্‌কা [kɔlka]

কলকে (ছিলিম) কোল্‌কে [kòlke]

কলঙ্ক (দুর্নাম ; নিন্দা) কলোংকো [kɔlòŋkò]

কলঙ্কিত (কলঙ্কযুক্ত) কলোংকিতো [kɔlòŋkitò]

কলতান (মধুর ধ্বনি) কলোতান্ [kɔlòtan]

কলত্র (পত্নী) কলোৎত্রো [kɔlòttrò]

কলধ্বনি (মধুর ধ্বনি) কলোদ্‌ধোনি [kɔlòddɦòni]

কলপ (মাড় ; চুল কালো করার রং) কলোপ্ [kɔlòp]

কলম (লেখনী, pen) কলোম্ [kɔlòm]

কলমচি (copyist) কলোম্‌চি [kɔlòmcʃi]

কলমি, কলমী (শাকবিশেষ) কোল্‌মি [kòlmi]

কলরব (বহুজনের মিলিত ধ্বনি) কলোরব্ [kɔlòrɔb]

কলস (কলসি) কলোশ্ [kɔlòʃ]

কলসি, কলসী (জলপাত্রবিশেষ, pitcher) কোল্‌শি [kòlʃi]

কলহ (ঝগড়া) কলোহো [kɔlòɦò]

কলহংস (রাজহাঁস) কলোহংশো [kɔlòɦɔŋʃò]

কলহপরায়ণ (ঝগড়াটে) কলোহোপরায়োন্ [kɔlòɦòpɔraĕòn]

কলা (শিল্প ; চাঁদের অংশ ; কদলী) কলা [kɔla]

কলাই (ডালবিশেষ) কলাই্ [kɔlaĭ]

কলাবিদ্যা (শিল্পবিদ্যা) কলাবিদ্‌দা [kɔlabidda]

কলাপ (ময়ূরপুচ্ছ) কলাপ্ [kɔlap]

কলাপী (ময়ূর) কলাপি [kɔlapi]

কলাবউ (নবপত্রিকা) কলাবোউ্ [kɔlaboŭ]

কলি (কুঁড়ি) কোলি [kòli]

কলিকা (কুঁড়ি) কোলিকা [kòlika]

'কলিঙ্গ' কোলিংগো [kòliŋgò]

কলিযুগ (পুরাণোক্ত চতুর্থ বা শেষ যুগ) কোলিজুগ্ [kòliɟʒug]

কলু (তৈলকার) কোলু [kòlu]

কলুষ (পাপ) কোলুশ্ [kòluʃ] **কলুষিত** কোলুশিতো [kòluʃitò]

কলেজ (college) কলেজ্ [kɔleɟʒ]

কলেবর (শরীর) কলেবর্ [kɔlebɔr]

কলেরা (ওলাওঠা, cholera) কলেরা [kɔlera]

কলোনি (উপনিবেশ) কলোনি [kɔloni]

কল্ক (খইল ; পাপ) কল্‌কো [kɔlkò]

কল্কা, কলকা (শাড়ি ইত্যাদিতে ফুলের নকশা বিশেষ) কল্‌কা [kɔlka]

কল্কি (বিষ্ণুর অবতারবিশেষ) কোল্‌কি [kòlki]

কল্কে, কলকে কলকে দ্র

কল্প (বেদাঙ্গগ্রন্থ ; শাস্ত্রীয় বিধি) কল্‌পো [kɔlpò]

কল্পতরু (সর্বকামনা পূরণকারী স্বর্গীয় গাছ) কল্‌পোতোরু [kɔlpòtòru]

কল্পন (চিন্তা ; সংকল্প) কল্‌পোন্ [kɔlpòn]

কল্পনা (চিন্তা ; অনুমান) কল্‌পোনা [kɔlpòna]

কল্পলোক (চিন্তার জগৎ ; মানসলোক) কল্‌পোলোক্ [kɔlpòlok]

কল্পিত (ভাবিত ; মনগড়া) কোল্‌পিতো [kòlpitò]

কল্মষ (পাপ) কল্‌মোশ্ [kɔlmòʃ]

কল্য (কাল) কোল্‌লো [kòllò]

কল্যাণ (মঙ্গল) কোল্‌ল্যান্ [kòllæn] **কল্যাণকর** ~কর্ [~kɔr] **কল্যাণময়** ~ময়্ [~mɔĕ] **কল্যাণীয়** কোল্‌ল্যানিয়ো [kòllæniò] **কল্যাণীয়াসু** কোল্‌ল্যানিয়াশু [kòllæniaʃu] **কল্যাণীয়েষু** কোল্‌ল্যানিয়েশু [kòllænieʃu]

'কল্যাণী' (নদীয়া জেলার শহরবিশেষ) কোল্‌ল্যানি [kòllæni]

কল্লোল (শব্দকারী তরঙ্গ ; আনন্দ) কল্‌লোল্ [kɔllol] **কল্লোলিত** কল্‌লোলিতো [kɔllolitò] **কল্লোলিনী** (নদী) কল্‌লোলিনি [kɔllolini]
কশ (ঠোঁটের দুই প্রান্ত) কশ্ [kɔ:ʃ]
কশা, কষা (চাবুক) কশা [kɔʃa] **কশাঘাত** ~ঘাৎ [~gɦat]
কশি, কষি (দাগ, লম্বা দাগ) কোশি [kòʃi]
কশেরু (মেরুদণ্ড) কশেরু [kɔʃeru] **কশেরুকা** ~কা [~ka]
কষ (রস) কশ্ [kɔ:ʃ]
কষা (কষায় ; অঙ্কপাত করা ; এঁটে বাঁধা) কশা [kɔʃa]
কষায় (কটুরস) কশায়্ [kɔʃaĕ]
কষি (লম্বা দাঁড়ি ; দাগ) কোশি [kòʃi]
কষ্ট (পরিশ্রম ; অসুবিধা) কষ্‌টো [kɔʃṭò] **কষ্টকর** ~কর্ [~kɔr] **কষ্টকল্পনা** ~কল্‌পোনা [~kɔlpòna] **কষ্টার্জিত** কষ্‌টার্‌জিতো [kɔʃṭar(ɟ)ɟʒitò]
কষ্টি (কালো পাথরবিশেষ) কোষ্‌টি [kòʃṭi] **কষ্টিপাথর** ~পাথোর্ [~pathòr]
কষ্টেসৃষ্টে (অতিকষ্টে) কষ্‌টেস্রিষ্‌টে [kɔʃṭesriʃṭe]
'কসবা' কশ্‌বা [kɔʃba]
কসবি, কসবী (বেশ্যা) কোশ্‌বি [kòʃbi]
কসম (শপথ) কশোম্ [kɔʃòm]
কসরত (কৌশল) কস্‌রৎ/কশ্‌রৎ [kɔsrɔt/kɔʃrɔt]
কসাই (মাংস বিক্রেতা) কশাই্ [kɔʃaĭ]
কসুর (দোষ ;ত্রুটি) কোশুর্ [kòʃur]
কস্তা (লাল) কস্‌তা [kɔsta] **কস্তাপেড়ে** ~পেড়ে [~peṛe]
কস্তুরী (মৃগনাভি) কোস্‌তুরি [kòsturi]
কস্মিনকালে (কোনোদিন, কোনোকালে) কোশ্‌শিঁন্‌কালে/কোশ্‌মিন্‌কালে [kòʃʃĩnkale/kòʃminkale]
কস্য (কার ; কাহার) কোশ্‌শো [kòʃʃò]
কহ, কহো (বল, বলো) কহো [kɔɦo]
কহতব্য (বলার মতো) কহোতোব্‌বো [kɔɦòtòbbò]
কহ্লার (শ্বেতপদ্ম) কল্‌হার্ [kɔlɦar]
কাউকে (কোনো ব্যক্তিকে) কাউ্‌কে [kaŭke]
কাউর (চর্মরোগবিশেষ) কাউর্ [kaur]
কাওয়া (কফির মতো গন্ধ) কাও্‌আ [kaŏa]
কাওয়াজ (যুদ্ধকৌশল) কাও্‌আজ্ [kaŏaɟʒ]
কাওয়ালি, কাওয়ালী (ভজন গানবিশেষ) কাও্‌আলি [kaŏali]
কাংস্য, কাংস (কাঁসা) কাংশো [kaŋʃò] **কাংস্যবণিক, কাংসবণিক** ~বোনিক্ [~bònik]
কাঁইবিচি, কাঁইবীচি (তেঁতুলের বীজ) কাঁই্‌বিচি [kãĭbicʃi]
কাঁক (কঙ্ক পাখি) কাঁক্ [kã:k]
কাঁকড়া (crab) কাঁক্‌ড়া [kãkṛa]
কাঁকন (কঙ্কণ) কাঁকোন্ [kãkòn]
কাঁকর (পাথর কুচি) কাঁকোর্ [kãkòr]
কাঁকরোল (আনাজবিশেষ) কাঁক্‌রোল্ [kãkrol]
কাঁকলাস (গিরগিটি) কাঁক্‌লাশ্/কাক্‌লাশ্ [kãklaʃ/kaklaʃ]
কাঁকুড় (ফুটিবিশেষ) কাঁকুড়্ [kãkuṛ]
কাঁচ কাচ দ্র
কাঁচকলা (কাঁচাকলা) কাঁচ্‌কলা [kãcʃkɔla]
কাঁচপোকা (উজ্জ্বল নীল রঙের পতঙ্গবিশেষ) কাঁচ্‌পোকা [kãcʃpoka]
কাঁচলি (স্তনাবরণ) কাঁচোলি [kãcʃòli]
কাঁচা (অপক্ব) কাঁচা [kãcʃa]
কাঁচি (কাগজ কাপড় ইত্যাদি কাটার দুই ফলাযুক্ত যন্ত্র) কাঁচি [kãcʃi]
কাঁচুমাচু (জড়সড়) কাঁচুমাচু [kãcʃumacʃu]
কাঁচুয়া (কাঁচলি) কাঁচুআ [kãcʃua]
কাঁচুলি (কাঁচলি) কাঁচুলি [kãcʃuli]
কাঁজি (পান্তাভাতের জল) কাঁজি [kãɟʒi]
কাঁটা (কণ্টক, thorn) কাঁটা [kãṭa]
কাঁঠাল (পনস) কাঁঠাল্ [kãṭhal]
কাঁথা (পাতবার বা গায়ে দেবার মোটা চাদরবিশেষ) কাঁথা [kãtha]
'কাঁথি' কাঁথি [kãthi]
কাঁদন (কান্না) কাঁদোন্ [kãdòn]
কাঁদা (রোদন করা) কাঁদা [kãda]
কাঁদি (ছড়া ; গোছা) কাঁদি [kãdi]
কাঁদুনি (কান্না ; কাতরোক্তি) কাঁদুনি [kãduni]
কাঁদুনে (ঘ্যানঘেনে) কাঁদুনে [kãdune]
কাঁধ (স্কন্ধ) কাঁধ্ [kã:d(ɦ)] **কাঁধ দেওয়া** কাঁদ্‌দেও্‌আ [kãddeŏa]

কাঁপন (কম্পন) কাঁপোন্ [kãpòn]

কাঁপা (কম্পিত হওয়া) কাঁপা [kãpa]

কাঁসর (বাদ্যযন্ত্রবিশেষ) কাঁশোর্ [kãʃòr]

কাঁসা (কাংস্য) কাঁশা [kãʃa] **কাঁসারি, কাঁসারী** কাঁশারি [kãʃari]

কাঁসি, কাঁসী (কাঁসর) কাঁশি [kãʃi]

কাঁহাতক (কতক্ষণ, কত আর) কাঁহাতোক্/কাহাতোক্ [kãɦatòk/kaɦatòk]

কাক (বায়স, crow) কাক্ [ka:k] **কাকচক্ষু** ~চোক্খু [~cʃòkkhu] **কাকজ্যোৎস্না** ~জোৎস্না [~ɟʒotsna] **কাকতালীয়** কাকোতালিয়ো [kakòtaliò] **কাকবন্ধ্যা** (যে নারী মাত্র একবার গর্ভধারণ করেছে) কাকোবন্ধা/কাক্বন্ধা/কাকোবোন্ধা [kakòbɔndɦa/kakbɔndɦa/kakòbòndɦa]

কাকলি (কলধ্বনি) কাকোলি [kakòli]

কাকা (uncle) কাকা [kaka] **কাকি** (aunt) কাকি [kaki] **কাকিমা** কাকিমা [kakima] **কাকু** কাকু [kaku]

কাকুতি (মিনতি) কাকুতি [kakuti] **কাকুতিমিনতি** ~মিনোতি [~minòti]

'কাকুৎস্থ' (পৌরাণিক রাজাবিশেষ) কাকুৎস্থো [kakutsthò]

কাকোদর (সাপ) কাকোদর্ [kakodɔr]

কাগজ (paper, newspaper) কাগোজ্ [kagòɟʒ] **কাগুজে** কাগুজে [kaguɟʒe]

কাঙাল, কাঙ্গাল (নিঃস্ব) কাঙাল্ [kaŋal] **কাঙালি** কাঙালি [kaŋali] **কাঙালিনী** কাঙালিনি [kaŋalini] **কাঙালীচরণ** কাঙালিচরোন্ [kaŋalicʃɔròn]

কাঙ্ক্ষা (আকাঙ্ক্ষা) কাংখা [kaŋkha] **কাঙ্ক্ষণীয়** কাংখোনিয়ো [kaŋkhòniò] **কাঙ্ক্ষিত** কাংখিতো [kaŋkhitò]

কাঙ্গাল কাঙাল দ্র

কাচ কাঁচ/কাচ্ [kã:cʃ/ka:cʃ]

কাচা (কাপড় ধোয়া) কাচা [kacʃa]

কাচ্চাবাচ্চা (কচিকচি ছেলেমেয়ে) কাচ্চাবাচ্চা [kaccʃabaccʃa]

কাছ (নিকট) কাছ্ [ka:cʃ(h)]

কাছা (কোমরের পিছনে গোঁজা ধুতির অংশ) কাছা [kacʃha]

কাছাকাছি (নিকটবর্তী) কাছাকাছি [kacʃhakacʃhi]

কাছারি, কাছারী (অফিস, কার্যালয়) কাছারি [kacʃhari]

কাছি (মোটা দড়ি) কাছি [kacʃhi]

কাছিম (কচ্ছপ) কাছিম্ [kacʃhim]

কাজ (কার্য ; প্রয়োজন) কাজ্ [ka:ɟʒ] **কাজকর্ম** ~কর্মো [~kɔr(m)mò]

কাজরি (সংগীতের সুরবিশেষ) কাজ্রি/কাজোরি [kaɟʒri/kaɟʒòri]

কাজল (অঞ্জন, চোখের প্রসাধনবিশেষ) কাজোল্ [kaɟʒòl] **কাজলা** কাজ্লা [kaɟʒla] **কাজলি** (মাছবিশেষ) কাজ্লি [kaɟʒli]

কাজিয়া (বিবাদ) কাজিয়া [kaɟʒia]

কাজী, কাজি (বিচারক) কাজি [kaɟʒi]

কাজু (বাদামবিশেষ) কাজু [kaɟʒu]

কাঞ্চন (সোনা) কান্চোন্ [kancʃòn]

'কাঞ্চনজঙ্ঘা' কান্চোন্জংঘা [kancʃònɟʒɔŋgɦa]

'কাঞ্চি' 'কাঞ্চী' কান্চি [kancʃi]

কাটখোট্টা (নীরস ; গোঁয়ার) কাট্খোট্টা [kaṭkhoṭṭa]

কাটছাঁট (ছাঁটাই) কাট্ছাঁট্ [kaṭcʃhãṭ]

কাটনি (সুতা কাটার মজুরি) কাট্নি [kaṭni]

কাটরা (কাঠের ঘর) কাট্রা [kaṭra]

কাটান (রেহাই) কাটান্ [kaṭan]

কাটারি (দা) কাটারি [kaṭari]

'কাটিহার' কাটিহার্ [kaṭiɦar]

'কাটোয়া' কাটোআ [kaṭoa]

কাঠ (কাষ্ঠ) কাঠ্ [ka:ṭ(h)] **কাঠগড়া** কাট্গড়া [kaṭgɔṛa] **কাঠগোলাপ** কাট্গোলাপ্ [kaṭgolap] **কাঠঠোকরা** (পাখিবিশেষ) কাট্ঠোক্রা [kaṭṭhokra] **কাঠপিঁপড়ে** কাট্পিঁপ্ড়ে [kaṭpĩpṛe] **কাঠবিড়ালী** (গাছে বিচরণকারী ছোট জন্তুবিশেষ) কাট্বিড়ালি [kaṭbiṛali]

কাঠা (জমির পরিমাণবিশেষ) কাঠা [kaṭha]

কাঠামো (ছাঁচ ; structure) কাঠামো [kaṭhamo]

কাঠি (ছোট কাঠের টুকরো) কাঠি [kaṭhi]

কাঠিন্য (কঠিনতা ; নির্দয়তা) কাঠিন্নো [kaṭhinnò]

কাঠিম (সুতার লাটাই) কাঠিম্ [kaṭhim]

কাঠুরিয়া (কাঠ কাটা যার পেশা) কাঠুরিয়া [kaṭhuria] **কাঠুরে** কাঠুরে [kaṭhure]

কাড়া (ছিনিয়ে নেওয়া) কাড়া [kaṛa] **কাড়াকাড়ি** ~কাড়ি[~kaṛi]

কাণ্ড (ব্যাপার, ঘটনা) কান্ডো[kanḍò] **কাণ্ডকারখানা** ~কার্খানা [~karkhana] **কাণ্ডজ্ঞান** ~গ্গাঁন্/~গ্গ্যান্ [~ggæ̃n/~ggæn]

কাণ্ডার (নৌকার হাল) কান্ডার্ [kanḍar] **কাণ্ডারি, কাণ্ডারী** (মাঝি) কান্ডারি [kanḍari]

কাত, কাৎ (আড়, একপেশে) কাৎ[ka:t]

কাতর (আর্ত ; ব্যাকুল) কাতোর্[katòr] **কাতরতা** কাতোরোতা/কাতোরতা [katòròta/katòrɔta] **কাতরানো** কাৎরানো [katrano] **কাতরোক্তি** কাতোরোক্তি[katòrokti]

কাতলা, কাৎলা (রুইজাতীয় মাছবিশেষ) কাৎলা [katla]

কাতান (দা ; কাটারি) কাতান্[katan]

কাতার (বড় দল) কাতার্[katar]

'কাত্যায়ন' (মুনিবিশেষ) কাৎতায়োন্[kattaĕòn] **কাত্যায়নী** (দুর্গা) কাৎতায়োনি [kattaĕòni]

'কাদম্বরী' (সংস্কৃত গ্রন্থবিশেষ) কাদোম্বোরি [kadòmbòri]

কাদম্বিনী (মেঘপুঞ্জ) কাদোম্বিনি [kadòmbini]

কাদা (পাঁক, কর্দম) কাদা[kada] **কাদাখোঁচা** ~খোঁচা [~khõcʃa]

কান (কর্ণ, শ্রবণেন্দ্রিয়) কান্[ka:n] **কানকাটা** ~কাটা [~kaṭa] **কানাকানি** (কানে কানে কথা) কানাকানি [kanakani]

কানকো কান্কো[kanko]

কানন (বন) কানোন্ [kanòn]

কানা (অন্ধ) কানা [kana] **কানাকড়ি** ~কোড়ি[~kòṛi] **কানামাছি** ~মাছি[~macʃhi]

'কানাই' (কৃষ্ণ) কানাই্ [kanaĭ]

কানাচ (বাড়ির পিছন দিক) কানাচ্[kanacʃ]

কানাড়া (রাগিণীবিশেষ) কানাড়া [kanaṛa]

কানাত (তাঁবু) কানাৎ [kanat]

কানীন (কুমারীর গর্ভজাত) কানিন্ [kanin]

'কানু' (কানাই) কানু [kanu]

কানুন (নিয়ম) কানুন্ [kanun]

কানুনগো (জমিজরিপকারী কর্মচারী) কানুন্গো [kanungo]

কানেস্তারা (টিনের বড় পাত্র) কানেস্তারা[kanes-tara]

কান্ত (রমণীয় ; প্রভু) কান্তো [kantò]

কান্তা (প্রেমিকা) কান্তা [kanta]

কান্তার (ঘন বন) কান্তার্ [kantar]

কান্তি (সৌন্দর্য) কান্তি[kanti] **কান্তিবিদ্যা** (নন্দনতত্ত্ব, aesthetics) ~বিদ্দা [~bidda] **কান্তিময়** ~ময় [~mɔĕ]

'কান্দি' কান্দি [kandi]

কান্না (কাঁদন) কান্না [kanna]

'কান্যকুব্জ' কান্নোকুব্জো [kannòkubɟʒò]

কাপ (ছলনা ; ছদ্মবেশী ; পেয়ালা) কাপ্ [ca:p]

কাপট্য (কপটতা) কাপোট্টো [kapòṭṭò]

কাপড় (বস্ত্র) কাপোড়্[kapòṛ]

কাপালিক (তন্ত্রসাধকবিশেষ) কাপালিক্[kapalik]

কাপুরুষ (ভীরু) কাপুরুশ্ [kapuruʃ] **কাপুরুষতা** কাপুরুশোতা/কাপুরুশতা [kapuruʃòta/kapu-ruʃɔta]

কাফরি, কাফ্রী (নিগ্রোজাতি) কাপ্ফ্রি[ka(p)phri]

কাফি (রাগবিশেষ) কাফি [kaphi]

কাফের (ইসলাম-বিরোধী) কাফের্ [kapher]

কাবলি, কাবলী (কাবুলি) কাব্লি [kabli]

কাবাব (সেঁকা মাংস) কাবাব্ [kabab]

কাবার (শেষ) কাবার্ [kabar]

কাবু (দুর্বল) কাবু [kabu]

কাবুলি, কাবুলী (কাবুলের অধিবাসী ; কাবুল দেশীয়) কাবুলি[kabuli] **কাবুলিওয়ালা** ~ওআলা [~ŏala]

কাব্য (পদ্যসাহিত্য) কাব্বো[kabbò] **কাব্যকলা** ~কলা [~kɔla] **কাব্যরস** ~রশ্ [~rɔʃ] **কাব্যালোচনা** কাব্বালোচোনা/কাব্বালোচনা [kabbalocʃòna/kabbalocʃɔna]

কাম (ভোগেচ্ছা) কাম্ [ka:m] **কামকলা** (রতিশাস্ত্র) ~কলা/কামোকলা [~kɔla/kamòkɔla] **কামক্ষুধা** (সম্ভোগের ইচ্ছা) কামোখুধা/~খুধা [kamòkhudɦa/~khudɦa] **কামজ** (কাম থেকে উৎপন্ন) কামোজো [kamòɟʒò] **কামজ্বর** ~জর্ [~ɟʒɔr] **কামদা** (অভীষ্টদায়িনী) কামোদা[kamòda] **'কামদেব'** ~দেব্[~deb] **'কামরূপ'** ~রুপ্ [~rup] **কামশাস্ত্র** কামোশাস্ত্রো/~শাস্ত্রো [kamòʃas-

trò/~ʃastrò] **কামসূত্র** (কাম সম্পর্কিত শাস্ত্র) কামোশূৎত্রো/~শূৎত্রো [kamòʃuttrò/~ʃuttrò]
কামাতুর (কামাসক্ত) কামাতুর্ [kamatur] **কামার্ত** (কামাতুর) কামার্তো [kamar(t)tò]
কাম (কাজ) কাম্ [ka :m]
কামঠ (কচ্ছপ-সম্বন্ধীয়) কামোঠ্ [kamòṭ(h)]
কামড় (দাঁতের আঘাত ; দংশন) কামোড়্ [kamòṛ] **কামড়ানো** কাম্‌ড়ানো [kamṛano]
কামদানি (এমব্রয়ডারি) কাম্‌দানি [kamdani]
কামনা (ইচ্ছা) কামোনা [kamòna]
কামরা (ঘর) কাম্‌রা [kamra]
কামরাঙা, কামরাঙ্গা (টকাস্বাদ ফলবিশেষ) কাম্‌রাঙা [kamraŋa]
কামলা (রোগবিশেষ) কাম্‌লা [kamla]
কামাই (অনুপস্থিতি) কামাই [kamaĭ]
কামাক্ষী (কামাখ্যা দেবী) কামাক্‌খি [kamakkhi]
কামাখ্যা (দেবীবিশেষ ; কামাখ্যাদেবীর পীঠস্থান) কামাক্‌খা [kamakkha]
কামান (তোপ) কামান্ [kaman]
কামার (কর্মকার) কামার্ [kamar] **কামারশালা** ~শালা [~ʃala]
'কামারপুকুর' কামার্‌পুকুর্ [kamarpukur]
কামাল (জয় ; সাফল্য) কামাল্ [kamal]
কামিজ (জামা) কামিজ্ [kamiɟʒ]
কামিন (দাসী) কামিন্ [kamin]
কামিনী (রমণী) কামিনি [kamini]
কামুক (কামাতুর) কামুক্ [kamuk]
'কামোদ' (রাগবিশেষ) কামোদ্ [kamod]
কামোদ্দীপক (কামেচ্ছা জাগায় এমন) কামোদ্‌দিপক্ [kamoddipɔk]
কাম্য (বাঞ্ছনীয়) কাম্‌মো [kammò]
কায় (দেহ) কায়্ [ka : ĕ] **কায়ক্লেশে** (অতিকষ্টে) কায়োক্‌ক্লেশে [kaĕòkkleʃe] **কায়মনোবাক্যে** (সমস্ত মনপ্রাণ দিয়ে) ~মোনোবাক্‌কে [~mònobakke]
কায়দা (কৌশল) কায়্‌দা [kaĕda]
কায়স্থ (হিন্দু জাতিবিশেষ) কায়োস্‌থো [kaĕòsthò]
কায়া (দেহ ; মূর্তি) কায়া [kaĕa]
কায়িক (শারীরিক) কায়িক্/কাইক্ [kaik]
কায়েম (দৃঢ় ; পাকা) কায়েম্ [kaem] **কায়েমি, কায়েমী** কায়েমি [kaemi]
কার (কাহার ; সুতো ; মুশকিল) কার্ [ka : r]
কারক (কর্মসাধক ; ক্রিয়ার সঙ্গে যার অন্বয়) কারোক্ [karòk]
কারখানা (শিল্প-উৎপাদন কেন্দ্র) কার্‌খানা [karkhana]
কারচুপি (কৌশল) কারচুপি [karcʃupi]
কারণ (হেতু, নিমিত্ত) কারোন্ [karòn]
কারণ্ডব (হাঁসবিশেষ) কারোন্‌ডোব্/কারোন্‌ডব্ [karòndòb/karòndɔb]
কারতুজ, কার্তুজ (টোটা) কার্‌তুজ্ [kartuɟʒ]
কারদানি (কৃতিত্ব) কার্‌দানি [kardani]
কারনিস, কার্নিস (ছাদের বাইরের দিকে বেরিয়ে থাকা অংশ) কার্‌নিশ্ [karniʃ]
কারপেট, কার্পেট (গালিচা) কার্‌পেট্ [karpeṭ]
কারবন, কার্বন (অঙ্গার, carbon) কার্‌বোন্ [karbòn]
কারবার (কাণ্ড ; ব্যাবসা) কার্‌বার্ [karbar]
কারসাজি (চালাকি) কার্‌শাজি [karʃaɟʒi]
কারাগার (কয়েদখানা, জেল) কারাগার্ [karagar]
কারি, কারী (মাছমাংসের ঝোল) কারি [kari]
কারিকা (পদ্যবিশেষ) কারিকা [karika]
কারিকুরি (কৌশল) কারিকুরি [karikuri]
কারিগর (মিস্ত্রি) কারিগর্ [karigɔr] **কারিগরি** কারিগোরি [karigòri]
কারু (কারিগর) কারু [karu] **কারুকার্য** ~কার্‌জো [~kar(ɟ)ɟʒò] **কারুশিল্প** ~শিল্‌পো [~ʃilpò] **কারুশিল্পী** ~শিল্‌পি [~ʃilpi]
কারুণ্য (অনুকম্পা) কারুন্‌নো [karunnò]
'কার্তিক' কার্‌তিক্ [kar(t)tik] **'কার্তিকেয়'** কার্‌তিকেও [kar(t)tikeò]
কার্পণ্য (কৃপণতা) কার্‌পোন্‌নো [kar(p)pònnò]
কার্পাস (তুলাবিশেষ) কার্‌পাশ্ [kar(p)paʃ]
কার্মুক (ধনুক) কার্‌মুক্ [kar(m)muk]
কার্য (কাজ, কর্ম) কার্‌জো [kar(ɟ)ɟʒò **কার্যকর** ~কর্ [~kɔr] **কার্যকরী** ~কোরি [~kòri] **কার্যকারী** (কাজের উপযোগী) ~কারি [~kari] **কার্যক্রম** (programme) ~ক্‌ক্রোম্ [~kkròm] **কার্যগতিকে**

(কাজের তাগিদে) ~গোতিকে [~gòtike] **কার্যত** ~তো [~tò] **কার্যপরম্পরা** ~পরোম্‌পরা [~pɔròmpɔra] **কার্যবশত** ~বশোতো [~bɔʃòtò] **কার্যোদ্ধার** (কাজ হাসিল) ~দ্‌ধার্ [~ddɦar]

কার্ষাপণ (১৬ পণ) কার্‌শাপোন্ [kar(ʃ)ʃapòn]

কার্ষ্ণ (কৃষ্ণবিষয়ক) কার্‌শ্‌নো [karʃnò]

'কার্সিয়াং' কার্‌শিয়াং [karʃiaŋ]

কাল[১] (ঠাণ্ডা) কাল্ [ka:l]

কাল[২] (কল্য) কাল্ [ka:l]

কাল[৩], **কালো** (কৃষ্ণবর্ণ) কালো [kalo] **কালচিটে** কাল্‌চিটে [kalcʃiṭe] **কালচে** কাল্‌চে [kalcʃe] **কালনাগ** কাল্‌নাগ্ [kalnag] **কালনাগিনী** কাল্‌নাগিনি [kalnagini] **কালশিটে** কাল্‌শিটে [kalʃiṭe] **কালশিরা** কাল্‌শিরা [kalʃira]

কাল[৪] (সময়) কাল্ [ka:l] **কালকূট** (তীব্র বিষবিশেষ) ~কুট্ [~kuṭ] **কালক্রমে** কালোক্‌ক্রোমে [kalòkkròme] **কালক্ষেপ** (সময় ব্যয়) কালোক্‌খেপ্ [kalòkkhep] **কালঘাম** (মৃত্যুকালীন ঘাম ; দারুণ কষ্টের জন্য ঘাম) ~ঘাম্ [~gɦam] **কালঘুম** (শেষ ঘুম, যে ঘুম ভাঙবে না) ~ঘুম্ [~gɦum] **কালচক্র** কালোচক্‌ক্রো/~চক্‌ক্রো [kalòcʃɔkkrò/~cʃɔkkrò] **কালজ্ঞ** (দৈবজ্ঞ) কালোগ্‌গোঁ [kalòggõ] **কালনিদ্রা** ~নিদ্‌দ্রা [~niddra] **কালপুরুষ** ~পুরুশ্ [~puruʃ] **কালবেলা** ~ব্যালা [~bæla] **কালবৈশাখী** ~বৈশাখি [~boĭʃakhi] **কালভৈরব** ~ভৈরব্ [~bɦoĭrɔb] **কালরাত্রি** (ভয়ংকর রাত) ~রাৎত্রি [~rattri] **কালসমুদ্র** ~শোমুদ্‌দ্রো/কালোশোমুদ্‌দ্রো [~ʃòmuddrò/kalòʃòmuddrò] **কালস্রোত** (সময়ের গতি) কালোস্‌স্রোৎ [kalòssrot] **কালহরণ** (সময় যাপন) ~হরোন্/কালোহরোন্ [~ɦɔròn/kalòɦɔròn]

'কালনা' কাল্‌না [kalna]

'কালনেমি' (রাবণের মামা) কাল্‌নেমি [kalnemi]

কালপেঁচা (অমঙ্গলসূচক পেঁচাবিশেষ) কাল্‌প্যাঁচা [kalpæ̃cʃa]

কালবোস (মাছবিশেষ) কাল্‌বোশ্ [kalboʃ]

কালমেঘ (গাছবিশেষ) কাল্‌মেঘ্ [kalmeg(ɦ)]

কালা (শ্রীকৃষ্ণ ; কালো) কালা [kala] **কালাচাঁদ** ~চাঁদ্ [~cʃãd]

কালাজ্বর (রোগবিশেষ) কালাজর্ [kalaɟʒɔr]

কালাতিপাত (সময় যাপন) কালাতিপাৎ [kalatipat]

কালানুক্রম (সময়ের পরম্পরা) কালানুক্‌ক্রোম্ [kalanukkròm]

কালান্তক (যম) কালান্‌তোক্ [kalantòk]

কালান্তর (অন্য কাল ; যুগান্তর) কালান্‌তর্/কালান্‌তোর্ [kalantɔr/kalantòr]

কালাপানি (সমুদ্র) কালাপানি [kalapani]

কালাপাহাড় (প্রচলিত ধর্ম ও সংস্কারের বিরোধী ব্যক্তি) কালাপাহাড়্ [kalapaɦaṛ]

কালাশুদ্ধি (অশুভ সময়) কালাশুদ্‌ধি [kalaʃuddɦi]

কালাশৌচ (পিতামাতার মৃত্যুতে বর্ষব্যাপী অশৌচ) কালাশৌচ্ [kalaʃoŭcʃ]

কালি (মসি ; মালিন্য) কালি [kali] **কালিঝুলি** ~ঝুলি [~ɟʒɦuli]

কালিকা (কালীদেবী) কালিকা [kalika] **কালিকাপুরাণ** ~পুরান্ [~puran]

'কালিদহ' কালিদহো [kalidɔɦò]

'কালিদাস' কালিদাশ্ [kalidaʃ]

'কালিন্দী' (যমুনা নদী) কালিন্‌দি [kalindi]

কালিমা (মালিন্য) কালিমা [kalima]

'কালিম্পং' কালিম্‌পং [kalimpɔŋ]

'কালিয়', 'কালীয়' (নাগবিশেষ) কালিয়ো [kaliò] **কালীয়দমন** ~দমোন্ [~dɔmòn]

কালিয়া (ব্যঞ্জনবিশেষ) কালিয়া [kalia]

'কালিয়াচক' কালিয়াচক্ [kaliacʃɔk]

কালী (কালিকা দেবী) কালি [kali] **'কালীঘাট'** ~ঘাট্ [~gɦaṭ]

কালীয় কালিয় দ্র

কালোচিত (সময়োচিত) কালোচিতো [kalocʃitò]

কালোয়াত (উচ্চাঙ্গ সংগীতে পারদর্শী ব্যক্তি) কালোআৎ [kaloat] **কালোয়াতি, কালোয়াতী** কালোআতি [kaloati]

কাল্পনিক (মনগড়া) কাল্‌পোনিক্ [kalpònik]

কাশ[১] (ফুলবিশেষ) কাশ্ [ka : ʃ]

কাশ[২] (কাশি) কাশ্ [ka:ʃ] **কাশি** কাশি [kaʃi]

'কাশী' (বারাণসী) কাশি [kaʃi] **কাশীধাম** ~ধাম্ [~dɦam] **কাশীনাথ** ~নাথ্ [~nat(h)] **কাশীশ্বর** ~শ্শর্ [~ʃʃɔr]

'কাশ্মীর' কাশ্মির্ [kaʃmir] **কাশ্মীরি** কাশ্মিরি [kaʃmiri]

'কাশ্যপ' (মুনিবিশেষ) কাশ্শপ্/কাশ্শোপ্ [kaʃʃɔp/kaʃʃòp]

কাশ্যপেয় (কশ্যপের সন্তান, গরুড়) কাশ্শোপেয়ো/ কাশ্শপেয়ো [kaʃʃòpeò/ kaʃʃɔpeò]

কাষায় (গৈরিক) কাশায়্ [kaʃaĕ]

কাষ্ঠ (কাঠ) কায্ঠো [kaʃṭhò]

কাষ্ঠাসন (কাঠের তৈরি আসন) কায্ঠাশোন্[kaʃṭ-haʃòn]

কাসন (কাসুন্দি) কাশোন্ [kaʃòn]

কাসুন্দি (আচারবিশেষ) কাশুন্দি [kaʃundi]

কাস্তে (ধান কাটার দা-বিশেষ) কাস্তে [kaste]

কাহন, কাহণ (১৬ পণ) কাহোন্ [kaɦòn]

কাহারবা (সংগীতের তাল-বিশেষ) কাহার্বা [kaɦar-ba]

কাহিনী (গল্প, উপাখ্যান) কাহিনি [kaɦini] **কাহিনীকার** ~কার্ [~kar]

কাহিল (দুর্বল) কাহিল্ [kaɦil]

কি, কী (কোন, কোনটি ; কেমন, কত) কি [ki:]

কিংকর, কিঙ্কর (চাকর) কিংকর্ [kiŋkɔr]

কিংকর্তব্যবিমূঢ় (হতবুদ্ধি) কিংকর্তোব্বোবিমুঢ়ো [kiŋkɔr(t)tòbbòbimuṛ(ɦ)ò]

কিংখাব (নকশাকাটা রেশমি কাপড়) কিংখাব্ [kiŋkhab]

কিংবদন্তি, কিংবদন্তী (জনশ্রুতি, গুজব) কিংবদোন্তি [kiŋbɔdònti]

কিংবা (অথবা, বা) কিংবা [kiŋba]

কিংশুক (পলাশ) কিংশুক্ [kiŋʃuk]

কিছু (কয়েক, অল্প) কিছু [kicʃhu]

কিঞ্চিৎ (কিছু) কিন্চিৎ [kincʃit]

কিঞ্জল (ফুলের রেণু) কিন্জল্ [kinɟʒɔl]

কিতব (শঠ) কিতব্ [kitɔb]

কিতাব (বই) কিতাব্ [kitab]

কিনা (নাকি, whether) কিনা [kina]

কিনার (প্রান্ত) কিনার্ [kinar] **কিনারা** কিনারা [kinara]

কিন্তু (পরন্তু, but; দ্বিধা)কিন্তু [kintu]

কিন্নর (ভৃত্য) কিন্নর্ [kinnɔr] **কিন্নরী** কিন্নোরি [kinnòri]

কিপটে (কৃপণ) কিপ্টে [kipṭe]

কিবা (কি, অথবা, কেমন) কিবা [kiba]

কিমা (খণ্ডিত মাংস) কিমা [kima]

কিমাকার (কিরূপ ; কুৎসিত) কিমাকার্[kimakar]

কিম্ভূত (অদ্ভুত) কিম্ভুৎ [kimbɦut]

কিয়ৎ (কিছু) কিয়ৎ/কিয়োৎ [kiɔt/kiòt] **কিয়দ্দূর** কিয়দ্দুর্/কিয়োদ্দুর্ [kiɔddur/kiòddur]

কিরণ (রশ্মি) কিরোন্/কিরন্ [kiròn/kirɔn]

'কিরণময়' ~ময়্ [~mɔĕ] **কিরণময়ী** ~মোয়ি [~mòi] **কিরণশংকর** ~শংকর্/~শংকোর্ [~ʃɔŋkɔr/~ʃɔŋkòr]

কিরাত (ব্যাধ) কিরাৎ [kirat]

কিরীট (মুকুট) কিরিট্[kiriṭ] **কিরীটী** (অর্জুন) কিরিটি [kiriṭi]

কিরূপ, কীরূপ (কেমন, কী রকম) কিরুপ্ [kirup]

'কির্নাহার', 'কীর্ণাহার' কির্নাহার্ [kirnaɦar]

কিল (মুষ্ট্যাঘাত) কিল্ [ki:l]

কিলোগ্রাম (ওজনের পরিমাণবিশেষ, ১০০০ গ্রাম) কিলোগ্গ্রাম্ [kiloggram]

কিশমিশ কিসমিস দ্র

কিশলয় (কচিপাতা) কিশোলয়্ [kiʃòlɔĕ]

কিশোর (বাল্য ও যৌবনের মধ্যবর্তী বয়সী) কিশোর্ [kiʃor] **কিশোরী** কিশোরি [kiʃori]

'কিশোরগঞ্জ' কিশোর্গন্জ/কিশোর্গন্জো [kiʃor-gɔnɟʒ/kiʃorgɔnɟʒò]

কিষাণ, কিষান (কৃষক) কিশান্ [kiʃan]

'কিষ্কিন্ধ্যা' কিশ্কিন্ধা [kiʃkindɦa]

কিসমত (ভাগ্য) কিস্মৎ [kismɔt]

কিসমিস (শুকানো বীজহীন আঙুর) কিস্মিস্/কিশ্মিশ্ [kismis/kiʃmiʃ]

কিস্তি (দফা, খেপ) কিস্তি [kisti]

কী (কোন) কি [ki:]

'কীচক' (মহাভারতের চরিত্রবিশেষ) কিচক্/কিচোক্ [kicʃɔk/kicʃòk]

কীট (পোকা) কিট্ [ki : ṭ] **কীটাণু** কিটানু [kiṭanu]

'কীর্ণাহার' 'কির্নাহার' দ্র

কীর্তন (গুণবর্ণনা ; রাধাকৃষ্ণের গান) কির্তোন্ [kir(t)tòn] **কীর্তনাঙ্গ** কির্তোনাংগো [kir(t)tònaŋgò] **কীর্তনীয়া** কির্তোনিয়া [kir(t)tònia] **কীর্তিত** কির্তিতো [kir(t)titò]

কীর্তি (খ্যাতি ; কৃতিত্বের কাজ) কির্তি [kir(t)ti] **কীর্তিকলাপ** ~কলাপ্ [~kɔlap] **কীর্তিস্তম্ভ** ~স্তম্ভো [~stɔmbɦò]

কীলক (গোঁজ ; খোঁটা) কিলক্/কিলোক্ [kilɔk/kilòk]

কুঁকড়ো (মোরগ) কুঁক্ড়ো [kũkṛo]

কুঁচ (গুঞ্জাফল) কুঁচ্ [kũ:cʃ]

কুঁচকি কুঁচ্কি [kũcʃki]

কুঁজ (পিঠের বক্রতা, hump) কুঁজ্ [kũ:ɟʒ]

কুঁজো (কুঁজবিশিষ্ট) কুঁজো [kũɟʒo]

কুঁড়ে (অলস) কুঁড়ে [kũṛe]

কুঁড়ো (চালের গায়ের সূক্ষ্ম পরদা) কুঁড়ো [kũṛo]

কুঁদ (ছুতোরের যন্ত্র) কুঁদ্ [kũ:d]

কুকথা (মন্দ কথা) কুকথা [kukɔtha]

কুকর্ম (মন্দ কাজ) কুকর্মো [kukɔr(m)mò]

কুকাজ (মন্দ কাজ) কুকাজ্ [kukaɟʒ]

কুকুর (সারমেয়) কুকুর্ [kukur] **কুকুরকুণ্ডলী** (কুকুরের মতো গোল হয়ে শোবার ভঙ্গি) ~কুন্ডোলি [~kunḍòli]

কুক্কুট (মোরগ) কুক্কুট্ [kukkuṭ]

কুক্ষণ (অশুভ সময়) কুক্খোন্/কুক্খন্ [kukkhòn/kukkhɔn]

কুক্ষিগত (অধিকৃত) কুক্খিগতো [kukkhigɔtò]

কুখ্যাত (নিন্দিত) কুক্খ্যাতো [kukkhætò] **কুখ্যাতি** কুক্খ্যাতি [kukkhæti]

কুগ্রহ (উৎপাত ; অশুভ গ্রহ) কুগ্গ্রোহো [kuggròɦò]

কুচ (নারীর স্তন) কুচ্ [ku:cʃ]

কুচকাওয়াজ (সৈনিকদের প্যারেড) কুচ্কাও্আজ্ [kucʃkaŏaɟʒ]

কুচকুচে (ঘোর কালো রঙের ভাব) কুচ্কুচে [kucʃkucʃe]

কুচক্রী (ষড়যন্ত্রী, চক্রান্তকারী) কুচোক্ক্রি [kucʃòkkri]

কুচফল (ডালিম) কুচ্ফল্ [kucʃphɔl]

'কুচবিহার' কুচ্বিহার্ [kucʃbiɦar]

কুচিন্তা (অসৎ চিন্তা) কুচিন্তা [kucʃinta]

কুচুটে (হিংসুটে) কুচুটে [kucʃuṭe]

কুজো (সোরাই) কুজো/কুঁজো [kuɟʒo/kũɟʒo]

কুজ্ঝটিকা (কুয়াশা) কুজ্ঝোটিকা [kuɟɟʒɦòṭika]

কুঞ্চন (সংকোচন) কুন্চন্/কুন্চোন্ [kuncʃɔn/kuncʃòn] **কুঞ্চিত** কুন্চিতো [kuncʃitò]

কুঞ্জ (উপবন) কুন্জো [kunɟʒò] **কুঞ্জকানন** ~কানোন্ [~kanòn]

কুঞ্জর (হাতি) কুন্জর্/কুন্জোর্ [kunɟʒɔr/kunɟʒòr]

কুটনা (রান্নার জন্য কাটবার তরকারি) কুট্না [kuṭna]

কুটির, কুটীর (কুঁড়েঘর) কুটির্ [kuṭir]

কুটিল (খল, কপট) কুটিল্ [kuṭil] **কুটিলা** কুটিলা [kuṭila]

কুটুম (আত্মীয়) কুটুম্ [kuṭum]

কুটুম্ব (আত্মীয়) কুটুম্বো [kuṭumbò] **কুটুম্বিতা** কুটুম্বিতা [kuṭumbita]

কুঠার (কুড়ুল) কুঠার্ [kuṭhar]

কুঠি (ব্যবসায়ীর কার্যালয় ; বাংলো) কুঠি [kuṭhi]

কুঠুরি (ছোট ঘর) কুঠুরি [kuṭhuri]

কুড়চি (গাছবিশেষ) কুড়্চি [kuṛcʃi]

কুড়নো (সংগ্রহ করা, মাটি থেকে তুলে নেওয়া) কুড়োনো [kuṛòno]

কুড়ানি (যে কুড়োয়) কুড়ানি [kuṛani]

কুড়াল (কুঠার) কুড়াল্ [kuṛal] **কুড়ুল** কুড়ুল্ [kuṛul]

কুড়ি (২০ সংখ্যা) কুড়ি [kuṛi]

কুণ্ঠা (সংকোচ) কুন্ঠা [kunṭha] **কুণ্ঠিত** (লজ্জিত) কুন্ঠিতো [kunṭhitò]

কুণ্ড (গর্ত ; জলাশয়) কুন্ডো [kunḍò]

কুণ্ডল (অলংকার-বিশেষ) কুন্ডল্/কুন্ডোল্ [kunḍɔl/kunḍòl] **কুণ্ডলী** কুন্ডোলি [kunḍòli]

কুণ্ডু (পদবি-বিশেষ) কুন্ডু [kunḍu]

কুতর্ক (বাজে তর্ক) কুতর্কো [kutɔr(k)kò]

কুতূহল (কৌতূহল) কুতুহল্ [kutuɦɔl] **কুতূহলী** কুতুহোলি [kutuɦòli]

কুত্তা (কুকুর) কুৎতা [kutta]

কুত্রাপি (কোথাও) কুৎত্রাপি [kuttrapi]
কুৎসা (নিন্দা) কুৎশা [kutʃa]
কুৎসিত (বিশ্রী, কদর্য) কুৎশিৎ [kutʃit]
কুদরত (ক্ষমতা ; বাহাদুরি) কুদ্রৎ [kudrɔt] **কুদরতি** কুদ্রোতি [kudròti]
কুদর্শন (কুৎসিত) কুদর্শোন্ [kudɔr(ʃ)ʃòn]
কুদৃষ্টি (অশুভ দৃষ্টি) কুদ্রিষ্‌টি [ku(d)driʃṭi]
কুনকী, কুনকি (পালিত হস্তিনী যার সাহায্যে বুনো হাতি ধরা যায়) কুন্‌কি [kunki]
কুনীতি (অনুচিত নীতি) কুনিতি [kuniti]
কুনো (অমিশুক) কুনো [kuno] **কুনোব্যাঙ** ~ব্যাং [~bæŋ]
কুন্তল (চুল) কুন্‌তল্ [kuntɔl] **কুন্তলা** কুন্‌তলা/কুন্‌তোলা [kuntɔla/kuntòla] **কুন্তলিনী** কুন্‌তোলিনি [kuntòlini]
'কুন্তি', 'কুন্তী' কুন্‌তি [kunti]
কুন্থন (কোঁথা) কুন্‌থন্/কুন্‌থোন্ [kunthɔn/kunthòn]
কুন্দ (ফুল-বিশেষ) কুন্‌দো [kundò] **কুন্দনন্দিনী** ~নোন্‌দিনি [~nòndini]
কুপথ (অসৎ পথ) কুপথ্ [kupɔt(h)]
কুপথ্য (অনিষ্টকর খাদ্য) কুপোৎথো [kupòtthò]
কুপন (coupon) কুপোন্ [kupòn]
কুপাত্র (অযোগ্য পাত্র) কুপাৎত্রো [kupattrò]
কুপি, কুপী (ছোট প্রদীপ) কুপি [kupi]
কুপিত (ক্রুদ্ধ) কুপিতো [kupitò]
কুপুত্র (অবাধ্য ছেলে) কুপুৎত্রো [kuputtrò]
কুপোকাত (ধরাশায়ী) কুপোকাৎ [kupokat]
কুফল (মন্দ পরিণাম) কুফল্ [kuphɔl]
কুবক্তা (অপটু বক্তা) কুবক্‌তা [kubɔkta]
কুবলয় (নীল পদ্ম) কুবলয়্/কুবোলয়্ [kubɔlɔĕ/kubòlɔĕ]
কুবিচার (অন্যায় বিচার) কুবিচার্ [kubicʃar]
কুবিন্দু (nadir) কুবিন্দু [kubindu]
কুবুদ্ধি (দুর্বুদ্ধি) কুবুদ্‌ধি [kubuddɦi]
'কুবের' (যক্ষরাজ) কুবের্ [kuber]
কুব্জ (কুঁজো) কুব্‌জো [kubɟʒò]
কুমকুম (কুঙ্কুম) কুম্‌কুম্ [kumkum]
কুমড়ো (আনাজবিশেষ, কুষ্মাণ্ড) কুম্‌ড়ো [kumṛo]
কুমতি (দুর্বুদ্ধি) কুমোতি [kumòti]
কুমতলব (অসৎ উদ্দেশ্য) কুমৎলোব্ [kumɔtlòb]
কুমন্ত্রণা (অসৎ বা দুষ্ট পরামর্শ) কুমন্‌ত্রোনা/কুমোন্‌ত্রোনা [kumɔntròna/kumòntròna]
কুমাতা (অবিবেচক মাতা) কুমাতা [kumata]
কুমার (অবিবাহিত পুরুষ) কুমার্ [kumar] **কুমারী** কুমারি [kumari]
'কুমারিকা' (অন্তরীপ-বিশেষ) কুমারিকা [kumarika]
কুমারীব্রত (ব্রতবিশেষ) কুমারিব্‌ব্রোতো [kumaribbròtò]
কুমির, কুমীর (কুম্ভীর) কুমির্ [kumir]
'কুমিল্লা' কুমিল্‌লা [kumilla]
কুমুদ (পদ্ম) কুমুদ্ [kumud] **কুমুদনাথ** ~নাথ্ [~nat(h)] **কুমুদিনী** কুমুদিনি [kumudini]
কুমেরু (দক্ষিণমেরু) কুমেরু [kumeru]
কুম্ভ (কলসি) কুম্‌ভো [kumbɦò] **কুম্ভকার** (কুমোর) ~কার্ [~kar] **কুম্ভমেলা** (বিখ্যাত মেলাবিশেষ) ~ম্যালা [~mæla]
কুম্ভক (যোগ-বিশেষ) কুম্‌ভোক্/কুম্‌ভক্ [kumbɦòk/kumbɦɔk]
'কুম্ভকর্ণ' (রাবণের ভাই) কুম্‌ভোকর্‌নো [kumbɦòkɔr(n)nò]
কুম্ভকার কুম্ভ দ্র
কুম্ভমেলা কুম্ভ দ্র
কুম্ভিলক, কুম্ভীলক (যে অন্যের রচনা নিজের বলে চালায়) কুম্‌ভিলক্ [kumbɦilɔk]
কুম্ভীপাক (নরক-বিশেষ) কুম্‌ভিপাক্ [kumbɦipak]
কুম্ভীর (কুমির) কুম্‌ভির্ [kumbɦir] **কুম্ভীরাশ্রু** (মায়াকান্না) কুম্‌ভিরাস্‌স্রু [kumbɦirassru]
কুয়া (পাতকুয়ো) কুআ [kua] **কুয়ো** কুও [kuo]
কুয়াশা (fog) কুআশা [kuaʃa]
কুরঙ্গ (হরিণ) কুরংগো [kurɔŋgò] **কুরঙ্গম** কুরংগোম্ [kurɔŋgòm] **কুরঙ্গী** কুরোংগি [kuròŋgi]
কুরসি (চেয়ার) কুর্‌শি [kurʃi]
'কুরু' কুরু [kuru] **'কুরুক্ষেত্র'** কুরুক্‌খেৎত্রো [kurukkhettrò]
কুরুবক (ঝাঁটি ফুল) কুরুবক্ [kurubɔk]
কুরুবিন্দ (পদ্মরাগমণি) কুরুবিন্‌দো [kurubindò]

কুর্তা (জামা) কুর্‌তা [kurta]
কুর্নিশ (সেলাম) কুর্‌নিশ্ [kur(n)niʃ]
কুল[১] (বংশ) কুল্ [ku:l] **কুলকন্টক** (বংশের কলঙ্ক) কুলোকন্‌টোক্ [kulòkɔnṭòk] **কুলকলঙ্ক** কুলোকলোংকো [kulòkɔlòŋkò] **কুলক্ষয়** (বংশনাশ) কুলোক্‌খয়্ [kulòkkhɔĕ] **কুলগুরু** কুলোগুরু [kulòguru] **কুলজি, কুলজী** (বংশ পরিচয়) কুলোজি [kulòɟʒi] **কুলতিলক** (বংশের গৌরব) কুলোতিলক্/কুলোতিলোক্[kulòtilɔk/kulòtilòk] **কুলত্যাগ** কুলোৎত্যাগ্ [kulòttæg] **কুলপঞ্জি** কুলোপোন্‌জি [kulòpònɟʒi] **কুলবধূ** কুলোবোধু [kulòbòdɦu] **কুলভূষণ** কুলোভুশোন্/কুলোভুশন্ [kulòbɦuʃòn/kulòbɦuʃɔn] **কুললক্ষ্মী** কুলোলোক্‌খি [kulòlòkkhi]
কুল[২] (ফল-বিশেষ) কুল্ [ku:l]
কুলকুণ্ডলিনী (দেহে বিরাজিতা জীবগণের পরমা শক্তি) কুলোকুন্‌ডোলিনি [kulòkunḍòlini]
কুলকুল (জলধারার শব্দ) কুল্‌কুল্ [kulkul]
কুলটা (ভ্রষ্টা) কুলোটা [kulòṭa]
কুলপি (জমাট বরফের মিঠাইবিশেষ) কুল্‌পি [kulpi]
কুলাঙ্গার (বংশের কলঙ্ক) কুলাংগার্ [kulaŋgar]
কুলাচার (বংশের নিয়ম) কুলাচার্ [kulacʃar]
কুলাচার্য (কুলগুরু) কুলাচার্‌জো [kulacʃar(ɟ)ɟʒò]
কুলায় (পাখির বাসা) কুলায়্ [kulaĕ]
কুলি, কুলী (মুটে) কুলি [kuli]
কুলীন (উচ্চবংশীয়) কুলিন্ [kulin]
কুলুপ (তালা) কুলুপ্ [kulup]
কুশ (তীক্ষ্ণাগ্র তৃণ) কুশ্ [ku:ʃ]
কুশণ্ডিকা (যজ্ঞ-বিশেষ) কুশোন্‌ডিকা [kuʃòn-ḍika]
কুশপুত্তলিকা (ঘাস খড় ইত্যাদিতে তৈরি মূর্তি) কুশোপুৎতোলিকা [kuʃòputtòlika] **কুশপুত্তলী** কুশোপুৎতোলি [kuʃòputtòli]
কুশল (মঙ্গল) কুশল্ [kuʃɔl] **কুশলী** কুশোলি [kuʃòli]
কুশাগ্র (কুশের ডগা) কুশাগ্‌গ্রো [kuʃaggrò]
কুশাঙ্কুর (কুশের ফলা) কুশাংকুর্ [kuʃaŋkur]
কুশাসন (কুশের আসন) কুশাশোন্ [kuʃaʃòn]
কুশি (অত্যন্ত কচি ফল) কুশি [kuʃi]
কুশীলব (লব ও কুশ; নাটকের পাত্রপাত্রী) কুশিলব্ [kuʃilɔb]
কুষ্ঠ (রোগ-বিশেষ) কুষ্‌ঠো [kuʃṭhò]
কুষ্ঠী (কোষ্ঠী) কুষ্‌ঠি [kuʃṭhi]
কুষ্মাণ্ড (কুমড়ো) কুশ্‌শাঁন্‌ডো [kuʃʃãnḍò]
কুসংসর্গ (অসৎ বা মন্দ সঙ্গ) কুশংশর্‌গো [kuʃɔŋʃɔr(g)gò]
কুসংস্কার (অন্ধ বিশ্বাস) কুশংশ্‌কার্[kuʃɔŋʃkar]
কুসঙ্গ (অসৎ সঙ্গ) কুশংগো [kuʃɔŋgò]
কুসীদ (সুদ) কুশিদ্ [kuʃid] **কুসীদজীবী** ~জিবি [~ɟʒibi]
কুসুম (ফুল) কুশুম্ [kuʃum] **কুসুমমালিকা** (ফুলের মালা) কুশুমোমালিকা [kuʃumòmalika] **কুসুমাস্তীর্ণ** (ফুল-বিছানো) কুশুমাস্‌তির্‌নো [kuʃumastirnò] **কুসুমিত** কুশুমিতো [kuʃumitò]
কুস্তি (মল্লযুদ্ধ) কুস্‌তি [kusti] **কুস্তিগির** ~গির্ [~gir]
কুহক (মায়া; ছলনা) কুহক্/কুহোক্ [kuɦɔk/kuɦòk] **কুহকিনী** কুহোকিনি [kuɦòkini]
কুহর (গর্ত) কুহর্/কুহোর্ [kuɦɔr/kuɦòr] **কুহরিত** কুহোরিতো [kuɦòritò]
কুহু (কোকিলের ডাক) কুহু [kuɦu]
কুহেলিকা (কুয়াশা) কুহেলিকা [kuɦelika] **কুহেলি** কুহেলি [kuɦeli]
কূজন (পাখির ডাক) কুজোন্/কুজন্ [kuɟʒòn/kuɟʒɔn]
কূট (জটিল) কুট্ [ku:ṭ]
কূটজ (কুড়চি গাছ) কুটজো/কুটোজ্ [kuṭɔɟʒò/kuṭòɟʒ]
কূটনীতি (কুটিল নীতি; diplomacy) কুট্‌নিতি [kuṭniti]
কূপ (কুয়ো) কুপ্ [ku:p] **কূপমণ্ডূক** কুপোমোন্‌ডুক্ [kupòmònḍuk]
কূর্ম (কচ্ছপ) কুর্‌মো [kur(m)mò]
কূল (তীর; পার) কুল্ [ku:l] **কূলকিনারা** ~কিনারা [~kinara]
কৃকলাস, কৃকলাশ (গিরগিটি) ক্রিকোলাশ্ [krikòlaʃ]
কৃচ্ছ্র (শারীরিক কষ্ট) ক্রিচ্‌ছ্রো [kriccʃ(h)rò] **কৃচ্ছ্রসাধন** ~শাধোন্ [~ʃadɦòn]

কৃত (করা হয়েছে এমন) ক্রিতো [kritò]
কৃতকর্ম (কৃত কাজ ; সফল) ক্রিতোকর্‌মো [kritò-kɔr(m)mò]
কৃতকার্য (সফল) ক্রিতোকার্‌জো [kritòkar(ɟ)ɟʒò]
কৃতঘ্ন (অকৃতজ্ঞ) ক্রিতঘ্‌নো/ক্রিতোঘ্‌নো [kritɔg(ɦ)-nò/kritòg(ɦ)nò]
কৃতজ্ঞ (ঋণী) ক্রিতগ্‌গোঁ/ক্রিতোগ্‌গোঁ [kitɔggõ/kritòggõ]
কৃতদার (বিবাহিত) ক্রিতোদার্‌ [kritòdar]
কৃতনিশ্চয় (স্থিরসংকল্প) ক্রিতোনিশ্‌চয়্‌ [kritòn-iʃcʃɔĕ]
'কৃতবর্মা' ক্রিতোবর্‌মা [kritòbɔr(m)ma]
কৃতবিদ্য (বিদ্বান) ক্রিতোবিদ্‌দো [kritòbiddò]
কৃতসংকল্প (বদ্ধপরিকর) ক্রিতোশংকল্‌পো/ক্রিতোশংকোল্‌পো [kritòʃɔŋkɔlpò/kri-tòʃɔŋkòlpò]
কৃতাঞ্জলি (জোড়হাত) ক্রিতান্‌জোলি [kritanɟʒòli]
'কৃতান্ত' (যম) ক্রিতান্‌তো [kritantò]
কৃতার্থ (ধন্য) ক্রিতার্‌থো [kritar(t)thò] **কৃতার্থম্মন্য** ~ম্‌মোন্‌নো [~mmònnò]
কৃতি (সাধনা ; রচনা) ক্রিতি [kriti] **কৃতিত্ব** ~ৎতো [~ttò]
কৃতী (কৃতকার্য) ক্রিতি [kriti]
কৃত্তি (বাঘছাল) ক্রিৎতি [kritti]
কৃৎ (প্রত্যয়-বিশেষ) ক্রিৎ [kri:t]
'কৃত্তিকা' ক্রিৎতিকা [krittika]
'কৃত্তিবাস' ক্রিৎতিবাশ্‌ [krittibaʃ] **কৃত্তিবাসী** ক্রিৎতিবাশি [krittibaʃi]
কৃত্য (করণীয়) ক্রিৎতো [krittò] **কৃত্যক** ক্রিৎতক্‌/ক্রিৎতোক্‌ [krittɔk/krittòk]
কৃত্রিম (নকল ; মেকি) ক্রিৎত্রিম্‌ [krittrim]
কৃদন্ত (কৃৎপ্রত্যয়ান্ত) ক্রিদন্‌তো/ক্রিদোন্‌তো [kridɔn-tò/kridòntò]
কৃন্তক (কর্তনকারী) ক্রিন্‌তক্‌/ক্রিন্‌তোক্‌ [krintɔk/krintòk]
'কৃপ' ক্রিপো [kripò] **'কৃপাচার্য'** ক্রিপাচার্‌জো [kripacʃar(ɟ)ɟʒò]
কৃপণ (কঞ্জুস) ক্রিপোন্‌ [kripòn] **কৃপণতা** ক্রিপোনোতা/ক্রিপনতা [kripònòta/kripɔnɔta]
কৃপা (দয়া) ক্রিপা [kripa]
কৃপাণ (তরবারি) ক্রিপান্‌ [kripan]
কৃমি, ক্রিমি (পোকা, কীট) ক্রিমি [krimi]
কৃশ (শীর্ণ) ক্রিশো [kriʃò] **কৃশতা** ~তা [~ta]
কৃশাঙ্গ (ক্ষীণকায়) ক্রিশাংগো [kriʃaŋgò]
কৃশানু (অগ্নি) ক্রিশানু [kriʃanu]
কৃশোদর (যার উদর সরু) ক্রিশোদর্‌ [kriʃodɔr]
কৃষক (চাষী) ক্রিশক্‌ [kriʃɔk]
কৃষাণ (কৃষক) ক্রিশান্‌ [kriʃan]
কৃষি (কর্ষণ, চাষ) ক্রিশি [kriʃi] **কৃষিকর্ম** ~কর্‌মো [~kɔr(m)mò] **কৃষিজাত** (কৃষির দ্বারা উৎপন্ন) ~জাতো [~ɟʒatò] **কৃষিজীবী** (কৃষি যার জীবিকা) ~জিবি [~ɟʒibi]
কৃষ্ট (চষা) ক্রিষ্‌টো [kriʃṭò]
কৃষ্টি (সংস্কৃতি) ক্রিষ্‌টি [kriʃṭi]
কৃষ্ণ (বিষ্ণুর অবতার-বিশেষ ; কালো) ক্রিশ্‌নো [kriʃnò] **কৃষ্ণকলি** (ফুলবিশেষ) ~কোলি [~kòli] **কৃষ্ণচূড়া** ~চুড়া [~cʃuṛa] **'কৃষ্ণদ্বৈপায়ন'** ~দৈপায়োন্‌ [~doĭpaĕòn] **কৃষ্ণপক্ষ** (পূর্ণিমার পরবর্তী পক্ষকাল) ~পোক্‌খো [~pòkkhò] **কৃষ্ণসর্প** ~শর্‌পো [~ʃɔr(p)pò] **কৃষ্ণসার** ~শার্‌ [~ʃar]
'কৃষ্ণনগর' ক্রিশ্‌নোনগোর্‌ [kriʃnònɔgòr]
কৃষ্ণা (দ্রৌপদী ; নদীবিশেষ) ক্রিশ্‌না [kriʃna]
কৃষ্ণাষ্টমী (তিথিবিশেষ) ক্রিশ্‌নাষ্‌টোমি [kriʃnaʃ-ṭòmi]
কেউ (কেহ) কেউ্‌ [keŭ] **কেউকেটা** ~কেটা [~keṭa]
কেউটে (বিষধর সাপবিশেষ) কেউ্‌টে [keŭṭe]
কেওড়া (কেয়াফুল) ক্যাওড়া [kæŏṛa]
কেঁচো (earthworm) কেঁচো [kẽcʃo]
কেক (cake) কেক্‌ [ke:k]
কেকা (ময়ূরের ডাক) কেকা [keka]
কেচ্ছা (কুৎসা) কেচ্‌ছা [keccʃha]
কেজো (কাজে দক্ষ) কেজো [keɟʒo]
কেটলি (kettle) কেট্‌লি [keṭli]
কেতকী (কেয়াফুল) কেতোকি [ketòki]
কেতন (পতাকা) কেতোন্‌ [ketòn]
কেতা (কায়দা) কেতা [keta] **কেতাদুরস্ত** ~দুরোস্‌তো/ ~দুরস্‌তো [~duròstò/~durɔstò]

কেতাব (বই) কেতাব্ [ketab] **কেতাবি** কেতাবি [ketabi]
কেতু (গ্রহ-বিশেষ ; পতাকা) কেতু [ketu] **'কেতুগ্রাম'** ~গ্‌গ্রাম্ [~ggram]
কেদার (রাগ-বিশেষ) কেদার্ [kedar] **কেদারা** কেদারা [kedara]
কেন (কীজন্য) ক্যানো [kænò] **কেননা** ~না [~na]
কেনা (ক্রয় করা) কেনা [kena] **কেনাবেচা** ~ব্যাচা [~bæcʃa]
কেন্দ্র (বৃত্তের মধ্যবিন্দু ; প্রধান কার্যালয়) কেন্‌দ্রো [kendrò] **কেন্দ্রবিন্দু** ~বিন্দু [~bindu] **কেন্দ্রানুগ** কেন্‌দ্রানুগ্ [kendranug] **কেন্দ্রীভূত** কেন্‌দ্রিভুতো [kendribɦutò] **কেন্দ্রীয়** (কেন্দ্রে অবস্থিত) কেন্‌দ্রিয়ো [kendriò]
কেবল (মাত্র, শুধু) কেবোল্ [kebòl]
কেবলা, ক্যাবলা (বোকা) ক্যাব্‌লা [kæbla]
কেমন (কীরকম) ক্যামোন্ [kæmòn]
কেয়া (ফুল-বিশেষ) কেয়া [kea]
কেয়াবাত (খুশির ব্যাপার ; বাহবা) কেয়াবাৎ [keabat]
কেয়ার (যত্ন) কেয়ার্ [kear]
কেয়ারি, কেয়ারী (সযত্ন-বিন্যাস) কেয়ারি [keari]
কেয়ূর (বাজু) কেয়ুর্ [keur]
কেরদানি (বাহাদুরি) ক্যার্‌দানি/কের্‌দানি [kærdani/kerdani]
'কেরল' (Kerala) কেরল্ [kerɔl]
কেরানি, কেরানী (clerk) কেরানি [kerani]
কেরামত (বাহাদুরি) কেরামৎ/ক্যারামৎ [keramɔt/kæramɔt] **কেরামতি, কেরামতী** (বাহাদুরি) কেরামোতি/ক্যারামোতি [keramòti/kæramòti]
কেরোসিন (kerosene oil) কেরোশিন্ [keroʃin]
কেলাস (crystal) কেলাশ্ [kelaʃ] **কেলাসন** কেলাশোন্ [kelaʃòn] **কেলাসিত** কেলাশিতো [kelaʃitò]
কেলি (প্রমোদ) কেলি [keli]
কেলেঙ্কারি (কলঙ্ক) কেলেংকারি [keleŋkari]
কেল্লা (দুর্গ) কেল্‌লা [kella]
কেশ (চুল) কেশ্ [ke:ʃ] **কেশদাম** কেশোদাম্ [keʃòdam] **কেশতৈল** কেশ্‌তৈল্ [keʃtòil]
কেশবিন্যাস কেশোবিন্‌ন্যাশ্ [keʃòbinnæʃ]
'কেশব' (শ্রীকৃষ্ণ) কেশব্/কেশোব্ [keʃɔb/keʃòb]
কেশর (সিংহ বা ঘোড়ার ঘাড়ের চুল) কেশোর্/কেশর্ [keʃòr/keʃɔr] **কেশরী** কেশোরি [keʃòri]
কেশাকর্ষণ (চুল ধরে টানা) কেশাকর্‌শোন্ [keʃakɔr-(ʃ)ʃòn]
কেশাগ্র (চুলের আগা) কেশাগ্‌গ্রো [keʃaggrò]
কেষ্ট (কৃষ্ণ) কেষ্‌টো [keʃṭò] **কেষ্টবিষ্টু** (হোমরা চোমরা লোক) ~বিষ্‌টু [~biʃṭu]
কেহ (কেউ) কেহো [keɦò]
কৈ কই দ্র
'কৈকেয়ী' কৈকেয়ি [koikei]
'কৈটভ' (অসুরবিশেষ) কৈটভ্/কৈটোভ্ [koiṭɔb(ɦ)/koiṭòb(ɦ)]
কৈতব (কপটতা) কৈতব্/কৈতোব্ [koitɔb/koitòb]
কৈফিয়ত, কৈফিয়ৎ (কারণ দর্শানো) কৈফিয়ৎ/কৈফিঅৎ [koiphiɔt]
কৈবল্য (মোক্ষ) কৈবোল্‌লো [koibòllò]
'কৈলাস' কৈলাশ্ [koilaʃ] **কৈলাসনাথ** (শিব) ~নাথ্ [~nat(h)] **কৈলাশেশ্বর** কৈলাশেশ্‌শর্ [koilaʃeʃʃɔr]
কৈশিক (capillary) কৈশিক্ [koiʃik]
কৈশোর (কিশোর কাল) কৈশোর্ [koiʃor]
কোঁক (উদর ; গর্ভ) কোঁক্ [kõ:k]
কোঁকড়া (কোঁচকানো) কোঁক্‌ড়া [kõkṛa] **কোঁকড়ানো** ~নো [~no]
কোঁচ (মাছ মারার অস্ত্রবিশেষ) কোঁচ্ [kõ:cʃ]
কোঁচকানো কোঁচ্‌কানো [kõcʃkano]
কোঁচড় (পরিহিত কাপড়ের যে অংশ থলির মতো ব্যবহৃত হয়) কোঁচোড়্ [kõcʃòṛ]
কোঁচা (ধুতির লম্বা অগ্রভাগ) কোঁচা [kõcʃa]
কোঁত (কুন্থন) কোঁৎ [kõ:t] **কোঁতকা** কোঁৎকা [kõtka]
কোঁদল (ঝগড়া) কোঁদোল্ [kõdòl]
কোক (পোড়ানো কয়লা) কোক্ [ko:k]
কোকনদ (লাল পদ্ম) কোকোনদ্ [kokònɔd]

কোকিল (পিক, কোয়েল) কোকিল্ [kokil]
'কোঙার' (পদবি-বিশেষ) কোঁআর্ [kõar]
কোচ (ধীবর জাতি-বিশেষ) কোচ্ [ko:cʃ]
কোচওয়ান (ঘোড়ার গাড়ির চালক) কোচোআন্ [kocʃoan]
'কোচবিহার' কোচ্‌বিহার্ [kocʃbiɦar]
কোজাগর (লক্ষ্মী পূর্ণিমা) কোজাগর্/কোজাগোর্ [koɟʒagɔr/koɟʒagòr] **কোজাগরী** কোজাগোরি [koɟʒagòri]
কোটনা (কুটনা) কোট্‌না [koṭna]
কোটর (গর্ত) কোটোর্ [koṭòr]
কোটাল (নগরপাল) কোটাল্ [koṭal]
কোটি (ক্রোর) কোটি [koṭi] **কোটিপতি** ~পোতি [~pòti]
কোঠা (বড় বাড়ি) কোঠা [koṭha]
কোণ (ঘর ইত্যাদির পাশ ; angle) কোন্ [ko:n] **কোণঠাসা** ~ঠাশা [~ṭhaʃa]
কোণাকুণি, কোনাকুনি (কোণ বরাবর) কোনাকুনি [konakuni]
'কোতরং' কোৎরং [kotrɔŋ]
কোতোয়াল (নগর রক্ষক) কোতোআল্ [kotoal]
কোথা (কোন জায়গা) কোথা [kotha] **কোথাকার** ~কার্ [~kar]
কোথায় (কোন স্থানে) কোথায় [kothaĕ]
কোদণ্ড (ধনুক) কোদন্‌ডো [kodɔnḍò]
কোদলানো (কোদাল দিয়ে কোপানো) কোদ্‌লানো [kodlano]
কোদাল (মাটি কাটার অস্ত্রবিশেষ) কোদাল্ [kodal]
কোন (কী, কে) কোন্ [ko:n]
কোনও, কোনো (একটিও) কোনো [kono]
কোনা, কোণা (কোণ) কোনা [kona]
কোনাচে (কোনাকুনি) কোনাচে [konacʃe]
'কোন্নগর' কোন্‌নগোর্ [konnɔgòr]
কোপ (রাগ) কোপ্ [ko:p]
কোপন (রাগী) কোপোন্ [kopòn]
কোপানল (প্রচণ্ড রাগ) কোপানল্ [kopanɔl]
কোপানো (কোদাল দিয়ে কাটা) কোপানো [kopano]
কোপ্তা (মাছ বা মাংসের খাবারবিশেষ) কোপ্‌তা [kopta]
কোবিদ (পণ্ডিত) কোবিদ্ [kobid]
কোমর (মাজা, কটি) কোমোর্ [komòr] **কোমরবন্ধ** ~বন্‌ধো [~bɔndɦò]
কোমল (নরম, মৃদু) কোমোল্ [komòl]
কোমলায়ন (annealing) কোমোলায়োন্ [komòlaĕòn]
কোয়া (কোষ) কোআ [koa]
কোয়াশিয়া (ভেষজ গাছবিশেষ) কোআশিয়া [koaʃia]
কোয়েল (কোকিল) কোয়েল্ [koel] **কোয়েলা** কোয়েলা [koela]
কোরক (কুঁড়ি) কোরক্/কোরোক্ [korɔk/koròk]
কোরণ্ড (মুস্কবৃদ্ধি) কোরোন্‌ডো [koròndò]
কোরবানি (পশুবলি) কোর্‌বানি [korbani]
কোরা (নতুন) কোরা [kora]
'কোরান', 'কোরআন' কোরান্ [koran]
কোরাল (মাছ-বিশেষ) কোরাল্ [koral]
কোর্তা (জামা) কোর্‌তা [korta]
কোর্মা (মাছ-মাংসের কালিয়া) কোর্‌মা [korma]
কোল (ক্রোড় ; আদিম জাতি) কোল্ [ko:l]
কোলন (বিরাম চিহ্নবিশেষ) কোলোন্ [kolòn]
কোলা (মাটির জালা ; মোটা) কোলা [kola]
কোলাকুলি (আলিঙ্গন) কোলাকুলি [kolakuli]
কোলাহল (চেঁচামেচি) কোলাহল্ [kolaɦɔl]
কোশ, কোষ (অভিধান) কোশ্ [ko:ʃ]
'কোশল' (প্রাচীন রাজ্যবিশেষ) কোশোল্/কোশল্ [koʃòl/koʃɔl]
কোষ (আধার, পাত্র) কোশ্ [ko:ʃ]
কোষা (তাম্রপাত্র-বিশেষ) কোশা [koʃa] **কোষাকুষি** ~কুশি [~kuʃi]
কোষাগার (ধনভাণ্ডার) কোশাগার্ [koʃagar]
কোষাধ্যক্ষ (treasurer) কোশাদ্‌ধোক্‌খো [koʃaddɦòkkhò]
কোষ্ঠ (ঘর ; জলাশয়) কোষ্‌ঠো [koʃṭhò] **কোষ্ঠকাঠিন্য** (constipation) ~কাঠিন্‌নো [~kaṭhinnò] **কোষ্ঠবদ্ধতা** (constipation) ~বদ্‌ধোতা [~bɔddɦòta]
কোষ্ঠী (জন্মপত্রিকা) কোষ্‌ঠি [koʃṭhi]
কোহিনূর (মহামূল্য হীরা-বিশেষ) কোহিনুর্ [koɦinur]

কৌটা (ছোট পাত্রবিশেষ) কৌটা [koŭṭa] **কৌটো** কৌটো [koŭṭo]

'কৌটিল্য' (চাণক্য) কৌটিল্লো [koŭṭillò]

কৌণিক (কোণ-সম্বন্ধীয়) কৌনিক্ [koŭnik]

কৌতুক (মজা) কৌতুক্ [koŭtuk] **কৌতুকাবহ** কৌতুকাবহো [koŭtukabɔɦò]

কৌতূহল (জানার আগ্রহ) কৌতুহল্ [koŭtuɦɔl] **কৌতূহলী** কৌতুহোলি [koŭtuɦòli]

কৌন্তেয় (কুন্তীর পুত্র) কৌন্তেয়ো [kounteò]

কৌপীন (ল্যাঙট) কৌপিন্ [koŭpin]

কৌমার্য (অবিবাহিত অবস্থা) কৌমার্জো [koŭmar(ɟ)ɟʒò]

কৌমুদী (জ্যোৎস্না) কৌমুদি [koŭmudi]

কৌরব (কুরুর বংশধর) কৌরব্ [koŭrɔb]

কৌলীন্য (কুলমর্যাদা ; কুলীনত্ব) কৌলিন্নো [koŭlinnò]

কৌশল (নিপুণতা) কৌশল্ [koŭʃɔl] **কৌশলী** কৌশোলি [koŭʃòli]

'কৌশল্যা' কৌশোল্লা/কৌশল্লা [koŭʃòlla/koŭʃɔlla]

'কৌশাম্বী' (প্রাচীন নগরবিশেষ) কৌশাম্বি [koŭʃambi]

'কৌশিক' (বিশ্বামিত্র) কৌশিক্ [koŭʃik]

কৌস্তুভ (মণি-বিশেষ) কৌস্তুভ্ [koustub(ɦ)]

ক্বচিৎ (কখনো, কদাচিৎ) কোচিৎ [kòcʃit]

ক্বাথ (নির্যাস) কাথ্ [ka:t(h)]

ক্যাঁচ (আওয়াজ-বিশেষ) ক্যাঁচ্ [kæ̃:cʃ]

ক্যাঙ্গারু, ক্যাঙারু (অস্ট্রেলিয়ার জন্তুবিশেষ) ক্যাঙারু [kæŋaru]

ক্রতু (যজ্ঞ) ক্রোতু [kròtu]

ক্রন্দন (কান্না, রোদন) ক্রোন্দোন্/ক্রোন্দন্ [kròndòn/kròndɔn]

ক্রন্দসী (স্বর্গমর্ত্য) ক্রোন্দোশি [kròndòʃi]

ক্রব্য (কাঁচা মাংস) ক্রোব্বো [kròbbò]

ক্রম (পরম্পরা ; পদ্ধতি) ক্রোম্ [krò:m] **ক্রমবর্ধমান** (ক্রমশ বাড়ছে এমন) ক্রোমোবর্ধোমান্ [kròmòbɔr(d)dɦòman] **ক্রমবিকাশ** ক্রোমোবিকাশ্ [kròmòbikaʃ] **ক্রমশ** ক্রোমোশো [kròmòʃò]

ক্রমাগত ক্রোমাগতো/ক্রোমাগোতো [kròmagɔtò/kròmagòtò] **ক্রমান্বয়** (পারম্পর্য) ক্রোমান্নয় [kròmannɔĕ] **ক্রমিক** ক্রোমিক্ [kròmik] **ক্রমোন্নতি** ক্রোমোন্নোতি [kròmonnòti]

ক্রয় (কেনা) ক্রয় [krɔ:ĕ] **ক্রয়বিক্রয়** ~বিক্ক্রয় [~bikkrɔĕ]

ক্রান্ত (ব্যাপ্ত) ক্রান্তো [krantò] **ক্রান্তদর্শী** (সর্বজ্ঞ) ~দোর্শি [~dòr(ʃ)ʃi]

ক্রান্তি (অগ্রগতি) ক্রান্তি [kranti]

ক্রান্তীয় (tropical) ক্রান্তিয়ো [krantiò]

ক্রিমি কৃমি দ্র

ক্রিয়া (কার্য ; অনুষ্ঠান) ক্রিয়া [kria] **ক্রিয়াকর্ম** ~কর্মো [kɔr(m)mò] **ক্রিয়াকলাপ** ~কলাপ্ [~kɔlap] **ক্রিয়াকাণ্ড** ~কান্ডো [~kanḍò] **ক্রিয়াবাচক** ~বাচোক্ [~bacʃòk] **ক্রিয়াশীল** ~শিল্ [~ʃil]

ক্রীড়নক (খেলার সামগ্রী, পুতুল) ক্রিড়োনক্/ক্রিড়োনোক্ [kriṛònɔk/kriṛònòk]

ক্রীড়া (খেলা) ক্রিড়া [kriṛa]

ক্রীত (যাকে কেনা হয়েছে) ক্রিতো [kritò] **ক্রীতদাস** ~দাশ্ [~daʃ] **ক্রীতদাসী** ~দাশি [~daʃi]

ক্রুদ্ধ (কুপিত) ক্রুদ্ধো [kruddɦò]

ক্রুশ (cross) ক্রুশ্ [kru:ʃ]

ক্রুশকাঠি (পশম বোনার শলাকা) ক্রুশ্কাঠি [kruʃkaṭhi]

ক্রূর (হিংস্র) ক্রুর্ [kru:r] **ক্রূরকর্মা** ক্রুরোকর্মা [kruròkɔr(m)ma]

ক্রেতব্য (ক্রয় করার যোগ্য) ক্রেতোব্বো [kretòbbò]

ক্রেতা (যে ক্রয় করে) ক্রেতা [kreta] **ক্রেত্রী** ক্রেৎত্রি [krettri]

ক্রেয় (ক্রয়যোগ্য) ক্রেয়ো [kr(ĕ)ò]

ক্রোক (সম্পত্তি আটক) ক্রোক্ [kro:k]

ক্রোটন (গাছ-বিশেষ) ক্রোটোন্ [kroṭòn]

ক্রোড়[1] (কোল, অঙ্ক) ক্রোড় [kro:ṛ] **ক্রোড়পত্র** ক্রোড়োপৎত্রো [kroṛòpɔttrò]

ক্রোড়[2] (কোটি) ক্রোড় [kro:ṛ] **ক্রোড়পতি** ক্রোড়োপোতি [kroṛòpòti]

ক্রোধ (রাগ) ক্রোধ্ [kro:d(ɦ)] **ক্রোধান্ধ** ক্রোধান্ধো

[krodɦandɦò] **ক্রোধান্বিত** (ক্রুদ্ধ) ক্রোধান্‌নিতো [krodɦannitò] **ক্রোধী** ক্রোধি [krodɦi]

ক্রোর (কোটি) ক্রোর্‌ [kro:r]

ক্রোশ (পথের দৈর্ঘ্যবিশেষ) ক্রোশ্‌ [kro:ʃ]

ক্রৌঞ্চ (কোঁচবক) ক্রৌন্‌চো [krounc͡ʃò] **ক্রৌঞ্চমিথুন** (জোড়া ক্রৌঞ্চ) ~মিথুন্‌ [~mithun]

ক্লম (ক্লান্তি) ক্লোম্‌ [klò:m]

ক্লান্ত (শ্রান্ত) ক্লান্‌তো [klantò] **ক্লান্তি** ক্লান্‌তি [klanti]

ক্লাব (club) ক্লাব্‌ [kla:b]

ক্লাস (class) ক্লাশ্‌ [kla:ʃ]

ক্লিন্ন (ক্লেদাক্ত) ক্লিন্‌নো [klinnò]

ক্লিশিত (ক্লেশপ্রাপ্ত) ক্লিশিতো [kliʃitò] **ক্লিশ্যমান** ক্লিশ্‌শোমান্‌ [kliʃʃòman] **ক্লিষ্ট** ক্লিষ্‌টো [kliʃtò]

ক্লীব (পৌরুষহীন) ক্লিব্‌ [kli:b] **ক্লীবত্ব** ক্লিবোৎতো [klibòttò] **ক্লীবলিঙ্গ** (স্ত্রী-পুরুষ কিছুই বোঝায় না এমন লিঙ্গ) ক্লিবোলিংগো/~লিংগো [klibòliŋgò/~liŋgò]

ক্লেদ (ময়লা) ক্লেদ্‌ [kle:d] **ক্লেদাক্ত** ক্লেদাক্‌তো [kledaktò]

ক্লেশ (কষ্ট) ক্লেশ্‌ [kle:ʃ]

ক্লৈব্য (ক্লীবত্ব) ক্লৈব্‌বো [kloibbò]

ক্লোম (পিত্তকোষ) ক্লোম্‌ [klo:m] **ক্লোমনালিকা** ক্লোমোনালিকা [klomònalika] **ক্লোমশাখা** ক্লোমোশাখা [klomòʃakha]

ক্ষণ (সময় ; অতি অল্প সময়) খন্‌/খোন্‌ [khɔ:n/khò:n] **ক্ষণকাল** খনোকাল্‌ [khɔnòkal] **ক্ষণজন্মা** (ভাগ্যবান) খনোজন্‌মা [khɔnòɟʒɔnma] **ক্ষণপ্রভা** (বিদ্যুৎ) খনোপ্‌প্রোভা [khɔnòppròbɦa] **ক্ষণস্থায়ী** খনোস্‌থায়ি [khɔnòsthai] **ক্ষণিক** খোনিক্‌ [khònik] **ক্ষণেক** খনেক্‌ [khɔnek] **ক্ষণেক্ষণে** (মুহুর্মুহু, বারবার) খনেখনে/খনেক্‌খনে [khɔnekhɔne/khɔnekkhɔne]

ক্ষত (ঘা) খতো [khɔtò] **ক্ষতচিহ্ন** ~চিন্‌নহো [~c͡ʃinnɦò] **ক্ষতবিক্ষত** ~বিক্‌খতো [~bikkhɔtò]

ক্ষতি (হানি, অনিষ্ট) খোতি [khòti] **ক্ষতিগ্রস্ত** খোতিগ্‌গ্রোস্‌তো [khòtiggròstò] **ক্ষতিপূরণ** ~পুরোন্‌ [~puròn]

ক্ষত্র (ক্ষত্রিয়জাতি) খৎত্রো [khɔttrò] **ক্ষত্রধর্ম** ~ধর্‌মো [~dɦɔr(m)mò]

ক্ষত্রিয় (চতুর্বর্ণের দ্বিতীয়টি) খোৎত্রিয়ো [khòttriò]

'ক্ষপণক' খপোনক্‌/খপোনোক্‌ [khɔpònɔk/khɔpònòk]

ক্ষম (সমর্থ) খমো [khɔmò]

ক্ষমতা (শক্তি ; সামর্থ্য) খমোতা [khɔmòta] **ক্ষমতাবান** ~বান্‌ [~ban] **ক্ষমতাশালী** ~শালি [~ʃali] **ক্ষমতাশালিনী** ~শালিনি [~ʃalini]

ক্ষমা (সহ্যগুণ) খমা [khɔma] **ক্ষমাগুণ** ~গুন্‌ [~gun] **ক্ষমাধর্ম** ~ধর্‌মো [~dɦɔr(m)mò] **ক্ষমা-ঘেন্না** ~ঘেন্‌না [~gɦenna] **ক্ষমার্হ** (ক্ষমার যোগ্য) খমার্‌হো [khɔmarɦò]

ক্ষয় (বিনাশ ; অপচয়) খয়্‌ [khɔ:ĕ] **ক্ষয়প্রাপ্ত** ~প্রাপ্‌তো [~praptò] **ক্ষয়িত** খোয়িতো [khòitò] **ক্ষয়িষ্ণু** খোয়িশ্‌নু [khòiʃnu]

ক্ষরণ (নিঃসরণ) খরোন্‌ [khɔròn] **ক্ষরিত** খোরিতো [khòritò]

ক্ষাত্র (ক্ষত্রিয়-সম্বন্ধীয়) খাৎত্রো [khattrò] **ক্ষাত্রধর্ম** ~ধর্‌মো [~dɦɔr(m)mò]

ক্ষান্ত (বিরত, নিবৃত্ত) খান্‌তো [khantò] **ক্ষান্তি** খান্‌তি [khanti]

ক্ষার (alkali) খার্‌ [kha:r] **ক্ষারিত** (স্রাবিত) খারিতো [kharitò] **ক্ষারীয়** (alkaline) খারিয়ো [khariò]

ক্ষালন (শোধন) খালোন্‌ [khalòn]

ক্ষিতি (পৃথিবী) খিতি [khiti] **ক্ষিতিজ** খিতিজো [khitiɟʒò] **ক্ষিতীশ** খিতিশ্‌ [khitiʃ]

ক্ষিপ্ত (ক্রুদ্ধ) খিপ্‌তো [khiptò]

ক্ষিপ্যমাণ (নিক্ষিপ্ত হচ্ছে এমন) খিপ্‌পোমান্‌ [khippòman]

ক্ষিপ্র (দ্রুত) খিপ্‌প্রো [khipprò] **ক্ষিপ্রগতি** ~গোতি [~gòti] **ক্ষিপ্রগামী** ~গামি [~gami] **ক্ষিপ্রতা** ~তা [~ta]

ক্ষীণ (মৃদু) খিন্‌ [khi:n] **ক্ষীণজীবী** খিনোজিবি [khinòɟʒibi]

ক্ষীয়মাণ (ক্ষয় হচ্ছে এমন) খিয়োমান্‌ [khiòman]

ক্ষীর (দুধ ঘন করে জ্বাল দিয়ে প্রস্তুত মিঠাই) খির্‌ [khi:r] **ক্ষীরদ্রুম** খিরোদ্‌দ্রুম্‌ [khiròddrum] **ক্ষীরমোহন** (মিঠাইবিশেষ) ~মোহোন্‌ [~moɦòn] **ক্ষীরসমুদ্র** (পৌরাণিক সমুদ্রবিশেষ)

~শোমুদ্‌দ্রো/খিরোশোমুদ্‌দ্রো [~ʃòmuddrò/khi-rò ʃòmuddrò]

ক্ষীরা (শশা) খিরা [khira]

ক্ষীরোদ (ক্ষীরসমুদ্র) খিরোদ্ [khirod]

ক্ষুণ্ণ (দুঃখিত ; ক্ষুব্ধ) খুন্‌নো [khunnò]

ক্ষুৎপিপাসা (ক্ষুধা-তৃষ্ণা) খুৎপিপাশা [khutpipaʃa]

'ক্ষুদিরাম', 'খুদিরাম' খুদিরাম্ [khudiram]

ক্ষুদ্র (ছোট ; অনুদার) খুদ্‌দ্রো [khuddrò] **ক্ষুদ্রতা** ~তা [~ta] **ক্ষুদ্রাশয়** (নীচমনা) খুদ্‌দ্রাশয় [khuddraʃɔĕ]

ক্ষুধা (খাবার প্রবৃত্তি, খিদে) খুধা [khudɦa] **ক্ষুধার্ত** ~র্‌তো [r(t)tò] **ক্ষুধিত** খুধিতো [khudɦitò]

ক্ষুন্নিবৃত্তি (ক্ষুধার উপশম ; খাওয়া) খুন্‌নিব্রিৎতি [khunni(b)britti]

ক্ষুব্ধ (ব্যথিত ; ক্ষুণ্ণ) খুব্‌ধো [khubdɦò]

ক্ষুর, খুর (দাড়ি কামানোর অস্ত্রবিশেষ) খুর্ [khu:r] **ক্ষুরধার** খুরোধার্ [khuròdɦar]

ক্ষুরপ্র (অস্ত্র-বিশেষ) খুরোপ্‌প্রো/খুরপ্‌প্রো [khuròp-prò/khurɔpprò]

ক্ষেত, খেত (ক্ষেত্র ; চাষের জমি) খেৎ [khe:t]

ক্ষেত্র (চাষের জমি ; এলাকা) খেৎত্রো [khettrò] **ক্ষেত্রজ** ~জো [~ɟʒò] **ক্ষেত্রজ্ঞ** ~গ্‌গোঁ [~ggõ] **ক্ষেত্রপাল** ~পাল্ [~pal] **ক্ষেত্রফল** (পরিমাণ ফল, কালি) ~ফল্ [~phɔl] **ক্ষেত্রী** খেৎত্রি [khettri]

ক্ষেপক (নিক্ষেপকারী) খেপক্/খেপোক্ [khepɔk/khepòk]

ক্ষেপণ (নিক্ষেপ ; ছোঁড়া) খেপোন্/খেপন্ [khepòn/khepɔn] **ক্ষেপণীয়** খেপোনিয়ো [khepònió]

ক্ষেপা, খ্যাপা (ক্ষিপ্ত ; পাগল) খ্যাপা [khæpa]

ক্ষেম (শুভ) খেম্ [khe:m] **ক্ষেমঙ্কর** খেমোংকর্ [khemòŋkɔr] **ক্ষেমঙ্করী** খেমোংকোরি [khe-mòŋkòri]

ক্ষোদিত (খোদাই-করা) খোদিতো [khoditò]

ক্ষোভ (দুঃখ ; অভিমান) খোভ্ [kho:b(ɦ)] **ক্ষোভিত** খোভিতো [khobɦitò]

ক্ষৌণি, ক্ষৌণী (পৃথিবী) খৌনি [khoŭni] **ক্ষৌণীশ** খৌনিশ্ [khoŭniʃ]

ক্ষৌম (পট্টবস্ত্র) খৌমো [khoŭmò]

ক্ষৌর (দাড়ি গোঁফ কামানো) খৌরো [khoŭrò] **ক্ষৌরিক** খৌরিক্ [khoŭrik] **ক্ষৌরী** (দাড়ি গোঁফ কামানো) খৌরি [khoŭri]

খ

খ[১] (বাংলার দ্বিতীয় ব্যঞ্জনবর্ণ) খ [khɔ:]

খ[২] (আকাশ) খ [khɔ:]

খই (ধান ভেজে তৈরি খাবারবিশেষ) খোই্ [khòĭ]

খইনি, খৈনি (তামাক) খোই্নি [khoĭni]

খইল (তিল সরষে ইত্যাদির ছিবড়া) খোই্ল্ [khòil]

খক (কাশির শব্দ) খক্ [khɔ:k]

খগ (পাখি) খগো [khɔgò] **খগরাজ** ~রাজ্ [~raɟʒ] **খগেন** খগেন্ [khɔgen] **খগেন্দ্র** খগেন্‌দ্রো [khɔgen-drò]

খগোল (নভোমণ্ডল) খগোল্ [khɔgol]

খচ (কাটার বা বেঁধার শব্দ) খচ্ [khɔ:cʃ]

খচমচ (শব্দবিশেষ) খচ্‌মচ্/খচোমচো [khɔcʃmɔcʃ/khɔcʃòmɔcʃò]

খচিত (শোভিত) খোচিতো [khòcʃitò]

খচ্চর (অশ্বতর ; বদমাশ) খচ্‌চোর্ [khɔccʃòr]

খঞ্জ (খোঁড়া) খন্‌জো [khɔnɟʒò]

খঞ্জন (পাখিবিশেষ) খন্‌জোন্ [khɔnɟʒòn] **খঞ্জনা** খন্‌জোনা [khɔnɟʒòna]

খঞ্জনি, খঞ্জনী (বাদ্যযন্ত্রবিশেষ) খন্‌জোনি [khɔnɟʒòni]

খঞ্জর (ছোরাবিশেষ) খন্‌জোর্ [khɔnɟʒòr]

খটকা (সংশয়) খট্‌কা [khɔʈka]

খটাশ, খটাস (polecat) খটাশ্ [khɔʈaʃ]

খড় (বিচালি) খড়্ [khɔ :ɽ] **খড়ো** খোড়ো [khòɽo]

খড়কে (দাঁত পরিষ্কার করার কাঠি) খোড়্‌কে [khòɽke]

খড়খড়ি (জানলার কপাটবিশেষ) খড়্‌খোড়ি [khɔɽk-hòɽi]

খড়ম (কাঠের পাদুকা) খড়োম্ [khɔɽòm]

খড়ি (chalk) খোড়ি [khòṛi]
'খড়িবাড়ি' খোড়িবাড়ি [khòṛibaṛi]
খড়িশ (গোখরো সাপ) খোড়িশ্ [khòṛiʃ]
খড়ো খড় দ্র
খড়্গ (খাঁড়া) খড়্গো [khɔṛgò] **খড়্গহস্ত** ~ হস্‌তো [~ɦɔstò]
'খড়্গপুর' খড়্গোপুর্/খড়োগ্‌পুর্ [khɔṛgòpur/ khɔṛògpur]
খণ্ড (অংশ ; টুকরো) খন্‌ডো [khɔnḍò] **খণ্ডকাব্য** ~কাব্‌বো [~kabbò] **খণ্ডন** খন্‌ডোন্ [khɔnḍòn] **খণ্ডনীয়** খন্‌ডোনিয়ো [khɔnḍònió] **খণ্ডশঃ, খণ্ডশ** খন্‌ডোশো [khɔnḍòʃò] **খণ্ডিত** খোন্‌ডিতো [khònḍitò]
'খণ্ডঘোষ' খন্‌ডোঘোশ্ [khɔnḍògɦoʃ]
খত (চিঠি, আঁচড়) খৎ [khɔ:t]
খতম (শেষ ; বিনাশ) খতোম্ [khɔtòm]
খতিয়ান (হিসাবের বই বা খাতা) খোতিয়ান্ [khòtian]
খদ্দর (হাতে-কাটা সুতোয় তৈরি কাপড়) খদ্‌দোর্ [khɔddòr]
খদ্দের (ক্রেতা) খোদ্‌দের্ [khòdder]
খদ্যোত (জোনাকী) খদ্‌দোৎ [khɔddot]
খনক (খননকারী) খনোক্ [khɔnòk]
খনন (খোঁড়া) খনোন্ [khɔnòn] **খনিত** খোনিতো [khònitò]
'খনা' খনা [khɔna]
খনি (আকর ; mine) খোনি [khòni] **খনিজ** খোনিজো [khòniɟʒò]
খনিত্র (খন্তা) খোনিৎত্রো [khònittrò]
খন্তা (মাটি খোঁড়ার অস্ত্রবিশেষ) খন্‌তা [khɔnta]
খন্দ (গর্ত) খন্‌দো [khɔndò]
খপোত (এরোপ্লেন) খপোৎ [khɔpot]
খপ্পর (কবল) খপ্‌পোর্ [khɔppòr]
খবর (সংবাদ) খবোর্ [khɔbòr] **খবরদার** ~দার্ [~dar]
খবিশ, খবিস (নোংরা) খোবিশ্ [khòbiʃ]
খমধ্য (zenith) খমোদ্‌ধো [khɔmòddɦò]
খয়রা (মাছবিশেষ) খয়্‌রা [khɔĕra]
খয়রাত (দান) খয়্‌রাৎ [khɔĕrat] **খয়রাতী, খয়রাতি** খয়্‌রাতি [khɔĕrati]
খয়ের (পানের উপকরণবিশেষ, catechu) খয়ের্/খএর্ [khɔ(ĕ)er] **খয়েরি, খয়েরী** খয়েরি/খএরি [khɔ(ĕ)eri]
'খর' (রাক্ষসবিশেষ) খর্ [khɔ:r]
খর (তীক্ষ্ণ) খরো [khɔrò] **খরতর** ~তরো [~tɔrò] **খরস্রোতা** ~স্‌স্রোতা [~ssrota]
খরগোশ (শশক) খর্‌গোশ্ [khɔrgoʃ]
খরচ (ব্যয়) খরোচ্ [khɔròcʃ] **খরচপত্র** ~পৎত্রো [~pɔttrò] **খরচা** খর্‌চা [khɔrcʃa]
খরজ (সংগীতের প্রথম সুর) খরোজ্ [khɔròɟʒ]
খরমুজ (ফুটি) খোর্‌মুজ্ [khòrmuɟʒ]
খরা (অনাবৃষ্টি) খরা [khɔra]
খরিদ (ক্রয়) খোরিদ্ [khòrid]
খরোষ্ঠী (প্রাচীন লিপিবিশেষ) খরোশ্‌ঠি [khɔròʃṭhi]
খর্পর (খাপরা ;চোর) খর্‌পোর্ [khɔr(p)pòr]
খর্ব (বেঁটে ; ক্ষুণ্ণ, হ্রাসপ্রাপ্ত) খর্‌বো [khɔr(b)bò]
খল (কপট) খল্ [khɔ:l]
খলশে (মাছবিশেষ) খোল্‌শে [khòlʃe] **খলিশা** খোলিশা [khòliʃa]
খলিফা (মুসলমান ধর্মনেতাবিশেষ ; দরজি) খোলিফা [khòlipha]
খস (আওয়াজবিশেষ) খশ্ [khɔ:ʃ] **খসখসে** খশ্‌খোশে [khɔʃkhòʃe]
খসড়া (মুসাবিদা, draft) খশ্‌ড়া [khɔʃṛa]
খসা (স্খলিত হওয়া) খশা [khɔʃa] **খসে** খশে [khɔʃe] **খসল** খোশ্‌লো [khòʃlò] **খসবে** খোশ্‌বে [khòʃbe] **খসেছে** খোশেছে [khòʃecʃhe]
খাই (আহার করি ; গর্ত) খাই্ [khaĭ]
খাওয়া (আহার করা) খাও্‌আ [khaŏa] **খায়** খায়্ [khaĕ] **খেল** খেলো [khelò] **খাবে** খাবে [khabe]
খাঁ (পদবি বা উপাধিবিশেষ) খাঁ [khã:]
খাঁই (আকাঙ্ক্ষা, লোভ) খাঁই্ [khãĭ]
খাঁকতি (লোভ) খাঁক্‌তি [khãkti]
খাঁচা (পিঞ্জর) খাঁচা [khãcʃa]
খাঁজ (ভাঁজ) খাঁজ্ [khã:ɟʒ]
খাঁটি (সত্য ; বিশুদ্ধ) খাঁটি [khãṭi]
খাঁড়ি (মোহানা) খাঁড়ি [khãṛi]

খাক (ছাই) খাক্ [kha:k] **খাকি, খাকী** খাকি [khaki]

খাগ (খাগড়ার নল) খাগ্ [kha:g]

'খাগড়া' খাগ্ড়া [khagra] **খাগড়াই** খাগ্ড়াই্ [khagraĭ]

খাজনা (কর) খাজ্না [khaɟʒna]

খাজা (ময়দার খাবারবিশেষ) খাজা [khaɟʒa]

খাজাঞ্চি (treasurer) খাজান্চি [khaɟʒancʃi]

খাট[১] (পালঙ্ক) খাট্ [kha:ṭ]

খাট[২]**, খাটো** (ছোট ; বেঁটে) খাটো [khaṭo]

খাটা (পরিশ্রম করা) খাটা [khaṭa] **খাটানো** খাটানো [khaṭano]

খাটাল (গোয়াল) খাটাল্ [khaṭal]

খাটিয়া (দড়ির খাট) খাটিয়া [khaṭia]

খাটুনি (পরিশ্রম) খাটুনি [khaṭuni]

খাড়ব (ছয় সুরের রাগ) খাড়োব্/খাড়ব্ [khaṛòb/khaṛɔb]

খাড়া (সোজাভাবে দণ্ডায়মান) খাড়া [khaṛa] **খাড়াই** খাড়াই্ [khaṛaĭ]

'খাণ্ডব' (বনবিশেষ) খান্ডব/খান্ডোব্ [khanḍɔb/khanḍòb]

খাণ্ডার (দজ্জাল, ঝগড়াটে) খান্ডার্ [khanḍar]

খাত (গর্ত) খাৎ [kha:t]

খাতক (দেনদার ; ঋণী) খাতোক্ [khatòk]

খাতা (লেখার বই) খাতা [khata]

খাতির (সমাদর) খাতির্ [khatir]

খাতুন (মুসলমান মহিলাদের উপাধিবিশেষ) খাতুন্ [khatun]

খাদ (গর্ত ; খনি) খাদ্ [kha:d]

খাদক (ভক্ষক ; ভোক্তা) খাদোক্ [khadòk]

খাদি (খদ্দর) খাদি [khadi]

খাদিত (ভক্ষিত) খাদিতো [khaditò]

খাদিম (ভৃত্য) খাদিম্ [khadim]

খাদ্য (আহার্য) খাদ্দো [khaddò]

খান (স্থান ; খানা ; টুকরা) খান্ [kha:n]

খানকি (বেশ্যা) খান্কি [khanki]

খানদান (আভিজাত্য) খান্দান্ [khandan]

খানসামা (পরিচারক) খান্শামা [khanʃama]

খানা (গর্ত ; খাবার) খানা [khana]

খানাতল্লাস (অনুসন্ধান) খানাতল্লাশ্ [khanatɔllaʃ]

খানাপিনা (খাওয়া দাওয়া) খানাপিনা [khanapina]

খানিক (কিছু) খানিক্ [khanik]

খানুম (মুসলমান মহিলাদের উপাধি) খানুম্ [khanum]

খাপ (কোষ ; আধার ; পাত্র) খাপ্ [kha:p]

খাপছাড়া (বেখাপ, বেমানান) খাপ্ছাড়া [khapcʃhaṛa]

খাপরা (ঘর ছাওয়ার খোলা) খাপ্রা [khapra]

খাপ্পা (ক্রুদ্ধ) খাপ্পা [khappa]

খাবল (থাবা ; খাবলা) খাবোল্ [khabòl] **খাবলানো** খাব্লানো [khablano]

খাবার (খাদ্য) খাবার্ [khabar]

খাবি (হা-করে নিঃশ্বাস নেবার চেষ্টা) খাবি [khabi]

খাম (লেফাফা ; খুঁটি) খাম্ [kha:m]

খামকা (অকারণ) খামোকা [khamòka]

খামখেয়াল (অদ্ভুত খেয়াল) খাম্খেয়াল্ [khamkheal] **খামখেয়ালি** খাম্খেয়ালি [khamkheali]

খামচানো (থাবা ; নখ দিয়ে আঁচড়ানো) খাম্চানো [khamcʃano]

খামচি (খাবল ; খিমচি) খাম্চি [khamcʃi]

খামার (খেত ; শস্য রাখার জায়গা) খামার্ [khamar]

খাম্বা (থাম) খাম্বা [khamba]

খাম্বাজ (রাগিণীবিশেষ) খাম্বাজ্ [khambaɟʒ]

খারাপ (মন্দ) খারাপ্ [kharap]

খারিজ (বাতিল) খারিজ্ [khariɟʒ]

খাল (সরু জলপ্রণালী ; চামড়া) খাল্ [kha:l]

খালসা (শিখসম্প্রদায়বিশেষ) খাল্শা [khalʃa]

খালাস (মুক্তি) খালাশ্ [khalaʃ]

খালাসি (জাহাজের নিম্নশ্রেণীর কর্মচারী) খালাশি [khalaʃi]

খালি (শূন্য ; কেবল) খালি [khali]

খালুই (মাছ রাখার খাঁচা) খালুই্ [khaluĭ]

খাস (নিজস্ব) খাশ্ [kha:ʃ]

খাসমহল (সরকারি জমি) খাশ্মহোল্ [khaʃmɔhòl]

খাসি (ছিন্নমুষ্ক ছাগ) খাশি [khaʃi]

খাস্তা (মুচমুচে ভাজা) খাস্তা [khasta]

খিঁচনো (দাঁত বার করে তিরস্কার করা) খিঁচোনো [khĩcʃòno]

খিঁচ্ (টান ; অঙ্গের আক্ষেপ) খিঁচ্ [khĩ:cʃ]

খিচিমিচি (বকাবকি) খিচিমিচি [khicʃimicʃi]

খিচুড়ি (চালেডালে প্রস্তুত খাদ্যবিশেষ) খিচুড়ি [khicʃuṛi]

খিটিমিটি (ঝগড়াঝাঁটি) খিটিমিটি [khiṭimiṭi]

খিড়কি (পিছন দরজা) খিড়্কি [khiṛki]

খিদমত (সেবা) খিদ্মৎ [khidmɔt]

খিদে (ক্ষুধা, খাওয়ার ইচ্ছা) খিদে [khide]

খিন্ন (দুঃখিত ; ক্লান্ত) খিন্‌নো [khinnò]

খিমচা (খামচানো) খিম্চা [khimcʃa] **খিমচানো** খিম্চানো [khimcʃano] **খিমচি** খিম্চি [khimcʃi]

খিল (হুড়কো) খিল্ [khi:l]

খিলাত (সম্মানসূচক পোশাক) খিলাৎ [khilat]

খিলান (arch) খিলান্ [khilan] **খিলেন** খিলেন্ [khilen]

খিলি (সাজা পান) খিলি [khili]

খিস্তি (গালাগালি) খিস্‌তি [khisti]

খুঁট (কাপড়ের প্রান্ত) খুঁট্ [khũ:ṭ]

খুঁটো (গোঁজ) খুঁটো [khũṭo] **খোঁটা** খোঁটা [khõṭa]

খুঁটি (কাঠের থাম) খুঁটি [khũṭi]

খুঁটিনাটি (ছোটখাট ব্যাপার) খুঁটিনাটি [khũṭinaṭi]

খুঁত (ত্রুটি) খুঁৎ [khũ:t] **খুঁতখুঁতে** ~খুঁতে [~khũte] **খুঁত ধরা** খুঁৎধরা/খুঁদ্ধরা [khũtdɦɔra/khũddɦɔra]

খুঁয়া, খুঁঞা (রেশমি বা শণের কাপড়) খুঁআ/খুঁআঁ/খুঁঙা [khũa/khũã/khũŋa]

খুকি (ছোট মেয়ে) খুকি [khuki]

খুঙ্গি, খুঙি (বাঁশের ঝাঁপি) খুংগি/খুঙি [khuŋgi/khuŋi]

খুচরা (ছোট ছোট ; ভাঙানো টাকা) খুচ্‌রা [khucʃra] **খুচরো** খুচ্‌রো [khucʃro]

খুঞা খুঁয়া দ্র

খুঞ্চি (বারকোশ) খুন্‌চি [khuncʃi]

খুড়া (কাকা) খুড়া [khuṛa] **খুড়ো** খুড়ো [khuṛo] **খুড়ি** খুড়ি [khuṛi] **খুড়তুতো** খুড়্তুতো [khuṛtuto]

খুড়শ্বশুর (শ্বশুরের ভাই) খুড়্শোশুর্ [khuṛʃòʃur]

খুদ (শস্যের কণা) খুদ্ [khu:d] **খুদকুঁড়ো** ~কুঁড়ো [~kũṛo]

খুন (হত্যা ; রক্ত) খুন্ [khu:n] **খুনি** খুনি [khuni] **খুনে** খুনে [khune] **খুনখারাপি** ~খারাপি [~kharapi] **খুনোখুনি** খুনোখুনি [khunokhuni]

খুনসুটি (তুচ্ছ ঝগড়াঝাঁটি) খুন্‌শুটি [khunʃuṭi]

খুন্তি (রান্নার উপযোগী ছোট খন্তা) খুন্‌তি [khunti]

খুপরি (ছোট ঘর) খুপ্‌রি [khupri]

খুব (যথেষ্ট) খুব্ [khu:b]

খুবসুরত (সুন্দর) খুব্‌শুরোৎ/খুব্‌শুরৎ [khubʃuròt/khubʃurɔt]

খুবানি (ফলবিশেষ) খুবানি [khubani]

খুর ক্ষুর দ্র

খুরপি (খন্তা) খুর্‌পি [khurpi]

খুরি (মাটির ভাঁড়) খুরি [khuri]

খুর্মা (শুকানো খেজুর) খুর্‌মা [khurma]

'খুলনা' খুল্‌না [khulna]

খুলি (করোটি) খুলি [khuli]

খুল্লতাত (কাকা) খুল্‌লোতাতো [khullòtatò]

'খুল্লনা' খুল্‌লোনা/খুল্‌লনা [khullòna/khullɔna]

খুশকি, খুস্কি (মাথার মরামাস) খুশ্‌কি [khuʃki]

খুশি, খুশী, খুসি (আনন্দিত) খুশি [khuʃi]

'খৃষ্ট', 'খ্রিষ্ট', 'খৃস্ট', 'খ্রিস্ট' খ্রিষ্‌টো [khriʃṭò]

খেই (সূত্র ; প্রসঙ্গ) খেই [khei̯]

খেউড় (গালাগালি) খেউড় [kheuṛ]

খেউরি (দাড়ি কামানো) খেউ্‌রি [kheŭri]

খেংরা, খেঙরা (ঝাঁটা) খ্যাংরা [khæŋra]

খেঁক (শিয়ালের বিরক্তিসূচক শব্দ) খ্যাঁক্ [khæ̃:k] **খেঁকশিয়াল** ~শিয়াল্ [~ʃial]

খেঁকী, খেঁকি (রাগী) খেঁকি [khẽki]

খেঁচা (খিঁচানো) খ্যাঁচা [khæ̃cʃa]

খেঁচাখেঁচি (ঝগড়াঝাঁটি) খ্যাঁচাখেঁচি [khæ̃cʃakhẽcʃi]

খেঁদা (বোঁচা) খ্যাঁদা [khæ̃da] **খেঁদি** খেঁদি [khẽdi]

খেচর (পাখি) খেচর্ [khecʃɔr]

খেচাখেচি (ঝগড়াঝাঁটি) খ্যাচাখেচি [khæcʃakhecʃi]

খেচামেচি (ঝগড়াঝাঁটি) খ্যাচামেচি [khæcʃamecʃi]

খেজুর (খর্জুর) খেজুর্ [kheɟʒur] **খেজুরে** খেজুরে [kheɟʒure]

খেটে[১] (লাঠি) খেটে [kheṭe]

খেটে[২] (পরিশ্রম করে) খেটে [kheṭe]

খেড় (খড়-এর গ্রাম্যরূপ) খ্যাড় [khæ:ṛ]

খেত (চাষের জমি) খেৎ [khe:t]
খেতাব (উপাধি ; শিরোপা) খেতাব্ [khetab]
খেদ (দুঃখ) খেদ্ [khe:d]
খেদা (হাতি ধরার ফাঁদ) খেদা/খ্যাদা [kheda/ khæda]
খেদা (তাড়ানো) খ্যাদা [khæda] **খেদানো** ~নো [~no]
খেপ (দফা) খেপ্ [khe:p]
খেপা (পাগল) খ্যাপা [khæpa] **খেপানো** ~নো [~no] **খেপী** খেপি [khepi]
খেমটা (তালবিশেষ) খ্যাম্টা [khæmṭa]
খেয়া (নদী পারাপারের নৌকা) খেয়া/খেআ [khea]
খেয়াল (মর্জি ; মার্গ সংগীতবিশেষ) খেয়াল্/খেআল্ [kheal] **খেয়ালি** খেয়ালি/ খেআলি [kheali]
খেয়োখেয়ি (ঝগড়া-বিবাদ) খেয়োখেয়ি/খেওখেই [kheokhei]
খেরো (মোটা কাপড়বিশেষ) খেরো [khero]
খেলনা (পুতুল) খ্যাল্না [khælna]
খেলা (ক্রীড়া) খ্যালা [khæla]
খেলাত (খিলাত) খেলাৎ [khelat]
খেলাপ (অন্যথা, ব্যত্যয়) খেলাপ্ [khelap]
খেলুড়ে (খেলোয়াড়) খেলুড়ে [kheluṛe]
খেলো (তুচ্ছ ; বাজে) খেলো [khelo]
খেলোয়াড় (যে খেলে) খ্যালোআড় [khæloaṛ] **খেলোয়াড়ি** খ্যালোআড়ি [khæloaṛi]
খেসারত (ক্ষতিপূরণ) খেশারৎ/খ্যাশারৎ [kheʃarɔt/ khæʃarɔt]
খেসারি (ডালবিশেষ) খ্যাশারি [khæʃari]
খোঁচ (কাঁটা) খোঁচ্ [khõ:cʃ]
খোঁচা (তীক্ষ্ণ বস্তুর আঘাত) খোঁচা [khõcʃa]
খোঁজ (সন্ধান) খোঁজ্ [khõ:ɟʒ] **খোঁজখবর** ~খবোর্ [~khɔbòr] **খোঁজা** খোঁজা [khõɟʒa]
খোঁটা (গঞ্জনা) খোঁটা [khõṭa]
খোঁদল (গর্ত) খোঁদোল্ [khõdòl]
খোঁপা (কবরী) খোঁপা [khõpa]
খোঁয়াড় (শুয়োর ভেড়া রাখার জায়গা) খোঁআড় [khõaṛ]
খোকন (খোকা) খোকোন্ [khokòn]
খোকা (ছোট ছেলে) খোকা [khoka]
খোক্কস (রূপকথার কাল্পনিক প্রাণী) খোক্কোশ্ [khokkòʃ]
খোজা (নপুংসক) খোজা [khoɟʒa]
খোট্টা খোট্টা [khoṭṭa]
খোদকারি (খোদাই ; মাতব্বরি) খোদ্কারি [khod-kari]
খোদা (ভগবান) খোদা [khoda]
খোদাই (উৎকীর্ণ করা) খোদাই [khodai̯]
খোদাবন্দ (হুজুর) খোদাবন্দ্ [khodabɔnd]
খোনা (নাকি) খোনা [khona]
খোপ (ঘর ; খুপরি) খোপ্ [kho:p]
খোয়া[১] (ক্ষীর) খোআ [khoa]
খোয়া[২] (হারিয়ে ফেলা) খোআ [khoa] **খোয়ানো** ~নো [~no]
খোয়াব (স্বপ্ন) খোআব্ [khoab]
খোয়ার (ক্ষতি ; দুর্গতি) খোআর্ [khoar]
খোরপোশ (অন্নবস্ত্র) খোর্পোশ্ [khorpoʃ]
খোরাক (খাদ্য) খোরাক্ [khorak] **খোরাকি** (খাবার খরচ) খোরাকি [khoraki]
খোল (আবরণ ; বাদ্যযন্ত্রবিশেষ) খোল্ [kho:l]
খোলতাই (চাকচিক্য) খোল্তাই [kholtai̯]
খোলস (আবরণ) খোলোশ্ [kholòʃ]
খোলসা (অকপট) খোল্শা [kholʃa]
খোলা (অনাবৃত) খোলা [khola] **খোলাখুলি** ~খুলি [~khuli]
খোলামকুচি (খাপরা ; তুচ্ছ জিনিস) খোলাম্কুচি [kholamkucʃi]
খোশ (প্রীতিকর) খোশ্ [kho:ʃ] **খোশগল্প** (হালকা বা মজার গল্প) ~গল্পো [~gɔlpò] **খোশনবিশ** (সুলেখক) ~নোবিশ্ [~nòbiʃ] **খোশমেজাজ** ~মেজাজ্ [~meɟʒaɟʒ]
খোশামোদ (তোষামোদ) খোশামোদ্ [khoʃamod] **খোশামুদে** খোশামুদে [khoʃamude]
খোস (পাঁচড়া) খোশ্ [kho:ʃ]
খোসা (ফল ইত্যাদির ত্বক বা ছাল) খোশা [khoʃa]
খ্যাত (সুপরিচিত) খ্যাতো [khætò] **খ্যাতনামা** ~নামা [~nama] **খ্যাতি** খ্যাতি [khæti]
'খ্রিস্ট', 'খ্রীষ্ট' খৃষ্ট দ্র

খ্রিস্টান, খ্রীষ্টান (খ্রিস্টধর্মাবলম্বী) খ্রিষ্‌টান্ [khriʃ-t̪an]

গ

গ (বাংলার তৃতীয় ব্যঞ্জনবর্ণ) গ [gɔ:]
গঁদ (আঠা) গঁদ্ [gɔ̃:d]
গগন (আকাশ) গগোন্ [gɔgòn] **গগনচারী** ~চারি/ গগোনোচারি [~cʃari/gɔgònòcʃari] **গগনচুম্বী** ~চুম্‌বি/ গগোনোচুম্‌বি [~cʃumbi/ gɔgònòcʃumbi] **গগনতল** ~তল্ [~t̪ɔl]
'গঙ্গা' গংগা [gɔŋga] **'গঙ্গাধর'** ~ধর্ [~dɦɔr] **গঙ্গাপ্রাপ্তি** (মৃত্যু) ~প্‌প্রাপ্‌তি [~pprapt̪i] **গঙ্গাফড়িং** ~ফোড়িং [~phòɽiŋ] **গঙ্গাযমুনা** ~জোমুনা [~ɟʒòmuna] **গঙ্গাযাত্রা** (মুমূর্ষুর গঙ্গায় যাওয়া ; মৃত্যু) ~জাৎত্রা [~ɟʒat̪t̪ra] **গঙ্গাসাগর** ~শাগোর্ [~ʃagòr]
'গঙ্গোত্রী' গংগোৎত্রি [gɔŋgot̪t̪ri]
গঙ্গোদক (গঙ্গার জল) গংগোদক্/ গংগোদোক্ [gɔŋgodɔk/gɔŋgodòk]
গঙ্গোপাধ্যায় (বাঙালি হিন্দুর পদবি-বিশেষ) গংগোপাদ্‌ধায়্ [gɔŋgopaddɦae̯]
গচ্চা (অনর্থক দণ্ড) গচ্‌চা [gɔccʃa]
গচ্ছিত (জমা ; রক্ষিত) গোচ্‌ছিতো [gòccʃhit̪ò]
গছানো (ঘাড়ে চাপানো) গছানো [gɔcʃhano]
গজ[১] (মাপবিশেষ) গজ্ [go:ɟʒ] **গজকাঠি** ~কাঠি [~kaʈhi]
গজ[২] (হাতি) গজ্ [gɔ:ɟʒ] **গজকচ্ছপ** গজোকচ্‌ছোপ্ [gɔɟʒòkɔccʃhòp] **গজদন্ত** গজোদন্‌তো [gɔɟʒòdɔnt̪ò] **গজমোতি** গজোমোতি [gɔɟʒòmot̪i] **গজরাজ** গজোরাজ্ [gɔɟʒòraɟʒ]
গজরগজর (বিরক্তির ভাব) গজোর্‌গজোর্ [gɔɟʒòrgɔɟʒòr]
গজরানো (চাপা গর্জন করা) গজ্‌রানো [gɔɟʒrano]
গজল (সংগীতবিশেষ) গজোল্ [gɔɟʒòl]
গজা (খাবারবিশেষ) গজা [gɔɟʒa]
গজানো (জন্মানো) গজানো [gɔɟʒano]
গজানন (গণেশ) গজানোন্ [gɔɟʒanòn]
গজাল (বড় পেরেক) গজাল্ [gɔɟʒal]
গজেন্দ্র (ঐরাবত) গজেন্‌দ্রো [gɔɟʒendrò] **গজেন্দ্রগমন** ~গমোন্ [~gɔmòn] **গজেন্দ্রগামিনী** ~গামিনি [~gamini]
গঞ্জ (বাজার, হাট) গন্‌জো [gɔnɟʒò]
গঞ্জনা (লাঞ্ছনা) গন্‌জোনা [gɔnɟʒòna]
গঞ্জিকা (গাঁজা) গোন্‌জিকা [gònɟʒika]
গঠন (গড়ন) গঠোন্ [gɔʈhòn] **গঠিত** গোঠিতো [gòʈhit̪ò]
গড়[১] (দুর্গ) গড়্ [gɔ:ɽ] **গড়খাই** ~খাই্ [~khai̯]
গড়[২] (প্রণাম) গড়্ [gɔ:ɽ]
গড়[৩] (মোটামুটি হিসাব) গড়্ [gɔ:ɽ] **গড়পড়তা** ~পড়্‌তা [~pɔɽt̪a]
গড়গড়া (হুঁকোবিশেষ) গড়্‌গড়া [gɔɽgɔɽa]
গড়ন (গঠন) গড়োন্ [gɔɽòn]
'গড়বেতা' গড়্‌বেতা [gɔɽbet̪a]
গড়া (তৈরি করা) গড়া [gɔɽa] **গড়ানো** ~নো [~no]
গড়াগড়ি (লুটোপুটি) গড়াগোড়ি [gɔɽagòɽi]
গড়িমসি (ঢিলেমি) গোড়িমোশি [gòɽimòʃi]
'গড়েনহটী' গড়েন্‌হাটি [gɔɽenɦat̪i]
গড্ডল (ভেড়া) গড্‌ডোল্/ গড্‌ডল্ [gɔɖɖòl/gɔɖɖɔl]
গড্ডলিকা (দল বেঁধে যায় এমন ভেড়ার পাল) গড্‌ডোলিকা [gɔɖɖòlika]
গণ (লোক ; জনতা) গন্ [gɔ:n] **গণতন্ত্র** গনোতন্‌ত্রো [gɔnòt̪ɔnt̪rò] **গণতন্ত্রী** গনোতোন্‌ত্রি [gɔnòt̪ònt̪ri] **গণতান্ত্রিক** গনোতান্‌ত্রিক্ [gɔnòt̪ant̪rik] **গণদেবতা** গনোদেবোতা [gɔnòdebòt̪a] **গণপতি** (গণেশ) গনোপোতি [gɔnòpòt̪i] **গণশক্তি** গনোশোক্‌তি [gɔnòʃòkt̪i]
গণক (গণনাকারী) গনোক্ [gɔnòk]
গণৎকার, গনৎকার (গণক) গনোৎকার্ [gɔnòt̪kar]
গণন (গোনা) গনোন্ [gɔnòn] **গণনা** গনোনা [gɔnòna] **গণনীয়** গনোনিয়ো [gɔnònio̯] **গণ্য** গোন্‌নো [gònnò]
গণনাথ (গণেশ) গনোনাথ্ [gɔnònat̪(h)]
গণিকা (বেশ্যা) গোনিকা [gònika] **গণিকালয়** ~লয়্ [~lɔe̯]
গণিত (অঙ্কশাস্ত্র) গোনিৎ [gònit̪] **গণিতজ্ঞ** (অঙ্কশাস্ত্র জানে এমন) গোনিতোগ্‌গোঁ/ গোনিতগ্‌গোঁ

[gònitòggō/gònitɔggō] **গণিতবিদ**~বিদ্ [~bid] **গণিতশাস্ত্র**~শাস্ত্রো [~ʃastrò]
'গণেশ' গনেশ্ [gɔneʃ]
গণ্ড (গাল) গন্ডো [gɔnḍò] **গণ্ডগ্রাম** ~গ্‌গ্রাম্ [~ggram] **গণ্ডমূর্খ**~মুর্‌খো [~mur(k)khò]
'গণ্ডক' (নদীবিশেষ) গন্ডোক্ [gɔnḍòk]
'গণ্ডকী' (নদীবিশেষ) গন্ডোকি [gɔnḍòki]
গণ্ডগোল (গোলমাল) গন্ডোগোল্ [gɔnḍògol]
গণ্ডগ্রাম গণ্ড দ্র
গণ্ডমূর্খ গণ্ড দ্র
গণ্ডা (চারটি) গন্ডা [gɔnḍa]
গণ্ডার (খড়্গাযুক্ত বন্য প্রাণীবিশেষ) গন্ডার্ [gɔnḍar]
গণ্ডি, গণ্ডী (সীমা) গোন্ডি [gònḍi]
গণ্ডূষ (এক কোষ জল) গোন্ডুশ্ [gònḍuʃ]
গণ্ডেপিণ্ডে (পেট বোঝাই করে) গন্ডেপিন্ডে [gɔnḍepinḍe]
গণ্য গণন দ্র
গণ্যমান্য (সম্মানিত) গোন্নোমান্নো [gònnò-mannò]
গৎ (গানের সুর ; বাজনার বোল) গৎ [gɔ:t]
গত (বিগত) গতো [gɔtò] **গতকল্য** ~কোল্লো [~kòllò] **গতকাল**~কাল্ [~kal] **গতপ্রাণ**~প্‌প্রান্ [~ppran]
গতর (শরীর) গতোর্ [gɔtŏr] **গতরখাকী** ~খাকি [~khaki]
গতানুগতিক (মামুলি ; একঘেয়ে) গতানুগোতিক্ [gɔtanugòtik]
গতায়ু (মুমূর্ষু) গতায়ু [gɔtaĕu]
গতাসু (মৃত) গতাশু [gɔtaʃu]
গতি (গমন ; চলন ; বেগ) গোতি [gòti] **গতিবিজ্ঞান** ~বিগ্‌গ্যাঁন্ [~biggæ̃n] **গতিবিধি**~বিধি [~bidɦi] **গতিভঙ্গ**~ভংগো [~bɦɔŋgò] **গতিময়**~ময়্ [~mɔĕ] **গতিশীল**~শিল্ [~ʃil]
গতিক (উপায় ; অবস্থা ; দশা) গোতিক্ [gòtik]
গতীয় (গতিবিদ্যা-সম্বন্ধীয়) গোতিয়ো [gòtiò]
গতে (গত হলে) গতে [gɔte]
গত্তি (মাংস) গোৎতি [gòtti]
গত্যন্তর (অন্য উপায়) গোৎতোন্তর্/গোৎতন্তর্ [gòttòntɔr/gòttɔntɔr]
গদ (অজীর্ণজনিত ভার) গদ্ [gɔ:d]
গদা (মুগুর) গদা [gɔda]
গদাঘাত (গদার ঘা) গদাঘাৎ [gɔdagɦat]
গদি (আসন ; মোটা ও নরম আসন) গোদি [gòdi]
গদিয়ান (গদিতে আসীন) গোদিয়ান্ [gòdian]
গদগদ (বিগলিত ; বিহ্বল) গদোগদো/গদ্‌গদো [gɔdògɔdò/gɔdgɔdò]
গদ্য (ছন্দে রচিত নয় এমন ভাষারীতি) গোদ্‌দো [gòddò]
গনৎকার গণৎকার দ্র
গনগনে (তেজালো) গন্‌গোনে [gɔngòne]
গন্তব্য (গমনীয়) গন্‌তোব্‌বো [gɔntòbbò]
গন্ধ (ঘ্রাণ ; বাস) গন্‌ধো [gɔndɦò]
গন্ধক (sulphur) গন্‌ধোক্ [gɔndɦòk]
গন্ধগোকুল (জন্তুবিশেষ) গন্‌ধোগোকুল্ [gɔndɦò-gokul]
'গন্ধমাদন' (পর্বতবিশেষ) গন্‌ধোমাদোন্ [gɔndɦò-madòn]
গন্ধরাজ (ফুলবিশেষ) গন্‌ধোরাজ্ [gɔndɦòraɟʒ]
গন্ধর্ব (দেবযোনিবিশেষ) গন্‌ধোর্‌বো/গন্‌ধর্‌বো [gɔndɦòr(b)bò/gɔndɦɔr(b)bò]
গন্ধেশ্বরী (গন্ধবণিকদের কুলদেবতা) গন্‌ধেশ্‌শোরি [gɔndɦeʃʃòri]
গন্নাকাটা (যার উপরের ঠোঁট কাটা) গন্‌নাকাটা [gɔnnakaṭa]
গবাক্ষ (জানালা) গবাক্‌খো [gɔbakkhò]
গবাদি (গোরু মোষ ইত্যাদি জাতীয়) গবাদি [gɔbadi]
গবুচন্দ্র (নিরেট বোকা) গোবুচন্‌দ্রো [gòbucʃɔndrò]
গবেষক (গবেষণাকারী) গবেশক্ [gɔbeʃɔk]
গবেষণা (তত্ত্ববিচার, তত্ত্বানুসন্ধান) গবেশোনা/গবেশনা [gɔbeʃòna/gɔbeʃɔna]
গব্য (গোদুগ্ধজাত) গোব্‌বো [gòbbò]
গভীর (প্রগাঢ় ; অগাধ) গোভির্ [gòbɦir]
গভীরতা (প্রগাঢ়তা) গোভিরতা/গোভিরোতা [gòbɦirɔta/gòbɦiròta]
গম (wheat) গম্ [gɔ:m]
গমক (সংগীতের অলংকারবিশেষ) গমোক্ [gɔmòk]
গমগম (গম্ভীর ধ্বনি) গম্‌গম্ [gɔmgɔm]

গমগমে (গমগম করে এমন) গম্‌গোমে [gɔmgòme]
গমন (যাওয়া) গমোন্ [gɔmòn]
গমনাগমন (যাওয়া-আসা) গমোনাগমোন্ [gɔmòn-agɔmòn]
গমনোদ্যত (যেতে প্রস্তুত) গমোনোদ্‌দতো [gɔmòn-oddɔtò]
গমনোন্মুখ (যেতে প্রস্তুত) গমোনোন্‌মুখ্ [gɔmònon-muk(h)]
গম্বুজ (গোলাকার ছাদ) গোম্‌বুজ্ [gòmbuɟʒ]
গম্ভীর (রাশভারি) গোম্‌ভির্ [gòmbɦir]
গম্ভীরা (গাজনের গানবিশেষ) গোম্‌ভিরা [gòmbɦira]
গম্য (গমনীয়) গোম্‌মো [gòmmò]
গয়না (অলংকার) গয়্‌না [gɔĕna]
গয়লা (গোয়ালা) গয়্‌লা [gɔĕla]
গয়লানী (গোয়ালিনী) গয়্‌লানি [gɔĕlani]
'গয়া' গয়া [gɔĕa]
গয়ার (কফ) গয়ার্ [gɔĕar]
গরজ (প্রয়োজন) গরোজ্ [gɔròɟʒ]
গরদ (রেশমি কাপড়বিশেষ) গরোদ্ [gɔròd]
গরব (গর্ব) গরোব্ [gɔròb]
গরবিনী (গর্বিতা) গরোবিনি [gɔròbini]
গরম (উষ্ণ ; তপ্ত ; তাপ) গরোম্ [gɔròm]
গরমি, গরমী, গর্মী (গরম ; তাপ) গোর্‌মি [gòrmi]
গরমিল (পার্থক্য) গর্‌মিল্ [gɔrmil]
গররাজি (অরাজি) গর্‌রাজি [gɔrraɟʒi]
গরল (বিষ) গরোল্ [gɔròl]
গরহাজির (অনুপস্থিত) গর্‌হাজির্ [gɔrɦaɟʒir]
গরাদ (জানলার শিক) গরাদ্ [gɔrad]
গরান (কাঠবিশেষ) গরান্ [gɔran]
গরাস (গ্রাস) গরাশ্ [gɔraʃ]
গরিব, গরীব (দরিদ্র) গোরিব্ [gòrib]
গরিমা (গৌরব ; দেমাক) গোরিমা [gòrima]
গরিলা (আফ্রিকার বিশাল রোমশ প্রাণী) গোরিলা [gòrila]
গরিষ্ঠ (বৃহত্তম) গোরিশ্‌ঠো [gòriʃṭhò]
গরিষ্ঠতা (সর্বোচ্চতা) গোরিশ্‌ঠোতা/গোরিশ্‌ঠতা [gòriʃṭhòta/gòriʃṭhɔta]
গরীয়সী (মহীয়সী) গোরিয়োশি [gòriòʃi]
গরীয়ান (মহান) গোরিয়ান্ [gòrian]
গরু, গোরু (গোজাতি) গোরু [goru]
'গরুড়' গোরুড়্ [gòruṛ]
গরুড়ধ্বজ (বিষ্ণু) গোরুড়োদ্‌ধজ্ [gòruṛòddɦɔɟʒ]
গর্জন (উচ্চ ও গম্ভীর আওয়াজ, নাদ) গর্‌জোন্ [gɔr(ɟ)ɟʒòn]
গর্জিত (নিনাদিত) গোর্‌জিতো [gòr(ɟ)ɟʒitò]
গর্ত (ফুটা ; বিবর) গর্‌তো [gɔr(t)tò]
গর্দভ (গাধা) গর্‌দভ্ [gɔrdɔb(ɦ)] (স্বতঃস্ফূর্ত ও দ্রুত উচ্চারণে প্রায়ই) গর্‌ধোব্ [gɔrdɦòb]
গর্দান (ঘাড়) গর্‌দান্ [gɔr(d)dan]
গর্ব (অহংকার) গর্‌বো [gɔr(b)bò]
গর্বিত (অহংকৃত, দর্পিত) গোর্‌বিতো [gòr(b)bitò]
গর্বোদ্ধত (দাম্ভিক) গর্‌বোদ্‌ধতো [gɔr(b)boddɦɔtò]
গর্ভ (ভ্রূণ ; অভ্যন্তর) গর্‌ভো [gɔr(b)bɦò]
গর্ভকেশর ~কেশর্/~কেশোর্ [~keʃɔr/~keʃòr] **গর্ভকোষ** ~কোশ্ [~koʃ] **গর্ভচ্যুত** ~চ্চুতো [~ccʃutò] **গর্ভধারণ** ~ধারোন্ [~dɦaròn] **গর্ভপাত** ~পাৎ [~pat] **গর্ভবতী** ~বোতি [~bòti] **গর্ভযন্ত্রণা** ~জন্‌ত্রোনা [~ɟʒɔntròna] **গর্ভসঞ্চার** ~শন্‌চার্ [~ʃɔncʃar] **গর্ভস্রাব** ~স্‌স্রাব্ [~ssrab] **গর্ভাশয়** গর্‌ভাশয়্ [gɔr(b)bɦaʃɔĕ]
গর্হিত (নিন্দনীয়) গোর্‌হিতো/গোর্‌হিৎ [gòrɦitò/gòrɦit]
গলকম্বল (গোরুর গলায় ঝুলন্ত মাংসপিণ্ড) গলোকম্‌বোল্ [gɔlòkɔmbòl]
গলগ্রহ (উৎপাত) গলোগ্‌গ্রোহো [gɔlòggròɦò]
গলদশ্রু (ক্রমাগত অশ্রু ঝরছে এমন) গলোদোস্‌স্রু [gɔlòdòssru]
গলদা (চিংড়িবিশেষ) গল্‌দা [gɔlda]
গলন (গলে যাওয়া) গলোন্ [gɔlòn]
গলনালী (gullet) গলোনালি [gɔlònali]
গলবস্ত্র (বিনীতভাবে গলায় কাপড় দেওয়া) গলোবস্‌ত্রো [gɔlòbɔstrò]
'গলসী', 'গলসি' গোল্‌শি [gòlʃi]
গলা (কণ্ঠ) গলা [gɔla]
গলাধঃকরণ (গেলা) গলাধোক্‌করোন্ [gɔladɦò-kkɔròn]
গলি (সংকীর্ণ পথ, lane) গোলি [gòli]

গলিঘুঁজি (অলিগলি) গোলিঘুঁজি [gòlighũɟʒi]
গলিত (গলে গেছে এমন) গোলিতো [gòlitò]
গলুই (নৌকার সরু অংশ) গোলুই্ [gòluĭ]
গল্প (কাহিনী) গল্‌পো [gɔlpò]
গল্পসল্প (গল্পগাছা, গল্পগুজব) গল্‌পোশল্‌পো [gɔlpòʃɔlpò]
গহন (গভীর) গহোন্ [gɔɦòn]
গহনা (গয়না) গহোনা [gɔɦòna]
গহিন, গহীন (গহন) গোহিন্ [gòɦin]
গহ্বর (বিবর, গর্ত ; গুহা) গও্ভর্ [gɔŏbɦɔr]
গাই (গাভী) গাই্ [gaĭ]
গাইন (গায়ক) গাইন্ [gain]
গাইয়ে (গায়ক) গাই্য়ে [gaĭe]
গাওনা (গান ; মুজরো) গাও্না [gaŏna]
গাওয়া (গান করা) গাও্আ [gaŏa]
গাং, গাঙ (নদী) গাং [ga:ŋ]
গাঁ (গ্রাম) গাঁ [gã:]
গাঁইতি (পাথর ইত্যাদি কাটার কোদালবিশেষ) গাঁই্তি [gãĭti]
গাঁজা (সিদ্ধিজাতীয় মাদক, গঞ্জিকা) গাঁজা [gãɟʒa]
গাঁট (বাঁধন, গেরো ; ট্যাঁক) গাঁট্ [gã:ʈ]
গাঁট্টা (আঙুলের গাঁটের আঘাত) গাঁট্টা [gãʈʈa]
গাঁথন (গাঁথা) গাঁথোন্ [gãthòn]
গাঁথনি (গ্রন্থন, গাঁথুনি) গাঁথ্নি [gãt(h)ni]
গাঁথা (রচনা করা, সাজানো) গাঁথা [gãtha]
গাঁদা (ফুলবিশেষ) গাঁদা [gãda]
গাঁধাল (লতাবিশেষ) গাঁধাল্ [gãdɦal]
গাগরি, গাগরী (কলসি) গাগোরি [gagòri]
গাঙ, গাং (নদী) গাং [ga:ŋ] **গাংচিল** চিল্ [~cʃil] **গাং-শালিক** ~শালিক্ [~ʃalik]
গাঙ্গেয় (গঙ্গাসম্বন্ধীয়) গাংগেয়ো [gaŋgeò]
গাছ (বৃক্ষ) গাছ্ [ga:cʃ(h)] **গাছড়া** গাছ্ড়া [gacʃ(h)ɽa] **গাছগাছড়া** ~গাছ্ড়া [~gacʃ(h)ɽa] **গাছপাকা** ~পাকা [~paka] **গাছপালা** ~পালা [~pala]
গাজন (শিবের উৎসব) গাজোন্ [gaɟʒòn]
গাজর (ভক্ষ্য মূলবিশেষ, carrot) গাজোর্ [gaɟʒòr]
গাজি, গাজী (ধর্মযোদ্ধা) গাজি [gaɟʒi]
গাড়ওয়ান, গাড়োয়ান (গোরুর বা ঘোড়ার গাড়ির চালক) গাড়োআন্ [gaɽoan]
গাড়ল (ভেড়া) গাড়োল্ [gaɽòl]
গাড়ি, গাড়ী (যান, স্থলযান) গাড়ি [gaɽi]
গাড়ু (ঝারি) গাড়ু [gaɽu]
গাঢ় (ঘন ; গভীর) গাড়ো/গাড়্হো [gaɽò/gaɽ(ɦ)ò]
গাণপত্য (গণেশসম্বন্ধীয়) গানোপোৎতো [ganòpòttò]
গাণিতিক (গণিতসম্বন্ধীয়) গানিতিক্ [ganitik]
গাণ্ডিব, গাণ্ডীব (অর্জুনের ধনুক) গান্ডিব্ [ganɖib]
গাত্র (গা, দেহ) গাৎত্রো [gattrò]
গাত্রদাহ (গায়ের জ্বালা) গাৎত্রোদাহো [gattròdaɦò]
গাত্রহরিদ্রা (গায়ে হলুদ) গাৎত্রোহোরিদ্‌দ্রা [gattròɦòriddra]
গাত্রাবরণ (গায়ের চাদর) গাৎত্রাবরোন্ [gattrabɔròn]
গাত্রোত্থান (ওঠা, উঠে দাঁড়ানো) গাৎত্রোৎথান্ [gattrotthan]
গাথা (শ্লোক ; গান) গাথা [gatha]
গাদ (তলানি) গাদ্ [ga:d]
গাদা (প্রচুর ; ঠাসা) গাদা [gada] **গাদাগাদি** ~গাদি [~gadi]
গাধা (গর্দভ) গাধা [gadɦa]
গাধেয় (গাধির পুত্র) গাধেয়ো [gadɦeò]
গান (সংগীত) গান্ [ga:n]
গান্ধর্ব (গন্ধর্বসম্বন্ধীয়) গান্ধোর্বো [gandɦòr(b)bò]
'গান্ধার' (প্রাচীন রাজ্যবিশেষ) গান্ধার্ [gandɦar]
'গান্ধারী' (ধৃতরাষ্ট্রপত্নী) গান্ধারি [gandɦari]
গাপ (গায়েব) গাপ্ [ga:p]
গাফিলতি (অবহেলা) গাফিলোতি [gaphilòti]
গাব (কষায় ফলবিশেষ) গাব্ [ga:b]
গাভিন, গাভীন (গোরুর গর্ভবতী হওয়া) গাভিন্ [gabɦin]
গাভী (গাই ; গোজাতি) গাভি [gabɦi]
গামছা (গা মোছার কাপড়) গাম্ছা [gamcʃha]
গামলা (জলপাত্রবিশেষ) গাম্লা [gamla]
গামার (কাঠবিশেষ) গামার্ [gamar]
গাম্ভীর্য (গম্ভীরতা) গাম্ভির্জো [gambɦir(ɟ)ɟʒò]
গায়ক (যে গান গায়) গায়োক্ [gaĕòk]

গায়কী (গায়ন-পদ্ধতি) গায়োকি [gaĕòki]
গায়ত্রী (মন্ত্রবিশেষ) গায়োৎত্রি [gaĕòttri]
গায়িকা (গীতকারিণী) গাইকা [gaika]
গায়েন (গায়ক) গাএন্ [gaen]
গায়েব (আত্মসাৎ) গাএব্ [gaeb]
গারদ (জেলখানা) গারোদ্ [garòd]
গার্হপত্য (সাগ্নিক গৃহস্থ) গার্‌হোপোৎতো [garɦòpòttò]
গার্হস্থ, গার্হস্থ্য (গৃহস্থ বা গৃহধর্ম সম্বন্ধীয়) গার্‌হোস্‌থো [garɦòsthò]
গাল (গণ্ড ; তিরস্কার) গাল্ [ga:l] **গালগল্প** ~গল্‌পো [~gɔlpò] **গালপাট্টা** ~পাট্‌টা [~paṭṭa] **গালবাদ্য** ~বাদ্‌দো [~baddò] **গালভরা** ~ভরা [~bɦɔra]
গালচে (গালিচা) গাল্‌চে [galcʃe]
গালা¹ (লাক্ষা) গালা [gala]
গালা² (গলিয়ে ফেলা) গালা [gala]
গালাগাল (গালি) গালাগাল্ [galagal] **গালাগালি** গালাগালি [galagali]
গালি (তিরস্কার, গাল) গালি [gali]
গালিচা (কার্পেট) গালিচা [galicʃa]
গাহ (স্নান ; অবগাহন) গাহো [gaɦò] **গাহন** গাহোন্ [gaɦòn]
গিঁট (গ্রন্থি) গিঁট্ [gĩ:ṭ]
গিঁঠ (গ্রন্থি ; বাঁধন) গিঁঠ্ [gĩ:ṭ(h)]
গিজগিজ (ভিড়ের ভাব) গিজ্‌গিজ্ [giɟʒgiɟʒ]
গিটকিরি (গানের অলংকার-বিশেষ) গিট্‌কিরি [giṭkiri]
গিদ্ধড় (শিয়াল) গিদ্‌ধড়্/গিদ্‌ধোড়্ [giddɦɔṛ/giddɦòṛ]
গিনি (সোনার টাকা) গিনি [gini]
গিন্নি, গিন্নী (গৃহিণী) গিন্‌নি [ginni]
গিরগিটি, গিরগিটী (বড় টিকটিকি-জাতীয় সরীসৃপ) গির্‌গিটি [girgiṭi]
গিরি (পর্বত) গিরি [giri] **গিরিকন্দর** ~কন্‌দোর্/~কন্‌দর্ [~kɔndòr/~kɔndɔr] **গিরিজা** (দুর্গা) ~জা [~ɟʒa] **গিরিজাপতি** (শিব) ~জাপোতি [~ɟʒapòti] **গিরিজায়া** ~জায়া [~ɟʒaĕa] **গিরিদরী** (পর্বতের গুহা) ~দোরি [~dòri] **গিরিদুর্গ** ~দুর্‌গো [~dur(g)gò] **গিরিপথ** ~পথ্ [~pɔt(h)] **গিরিরানী** ~রানি [~rani] **গিরিশৃঙ্গ** ~স্রিংগো [~(s)sriŋgò] **গিরিসংকট** ~শংকট্/~শংকোট্ [~ʃɔŋkɔṭ/~ʃɔŋkòṭ]
'গিরিশ' (মহাদেব) গিরিশ্ [giriʃ]
গিরীন্দ্র (হিমালয়) গিরিন্‌দ্রো [girindrò]
গিরীশ (হিমালয়) গিরিশ্ [giriʃ]
গির্জা, গীর্জা (church) গির্‌জা [girɟʒa]
গিলটি, গিল্টি (সোনা বা রুপোর পাত) গিল্‌টি [gilṭi]
গীত¹ (গাওয়া হয়েছে এমন) গিতো [gitò]
গীত² (গান) গিৎ [gi:t] **গীতবাদ্য** গিতোবাদ্‌দো [gitòbaddò] **গীতল** (সুরধর্মী) গিতোল্/গিতল্ [gitòl/gitɔl] **গীতলতা** (সুরধর্মিতা) গিতোলতা/গিতলতা [gitòlɔta/gitɔlɔta]
'গীতা' (শ্রীমদ্‌ভগবদ্‌গীতা) গিতা [gita]
গীতি (গান) গিতি [giti] **গীতিকবিতা** ~কোবিতা [~kòbita] **গীতিকাব্য** ~কাব্‌বো [~kabbò] **গীতিনাট্য** ~নাট্‌টো [~naṭṭò]
গীর্ণ (গিলিত) গির্‌নো [gir(n)nò]
গীষ্পতি (বৃহস্পতি) গিশ্‌পোতি [giʃpòti]
গু, গূ (মল) গু [gu:]
গুঁজি (গোঁজ) গুঁজি [gũɟʒi]
গুঁড়া (চূর্ণ) গুঁড়া [gũṛa]
গুঁড়ি (গাছের কাণ্ড) গুঁড়ি [gũṛi]
গুঁড়ো (চূর্ণ) গুঁড়ো [gũṛo]
গুঁতা (কনুই লাঠি ইত্যাদির ধাক্কা বা খোঁচা) গুঁতা [gũta] **গুঁতো** গুঁতো [gũto]
গুঁফো (গোঁফযুক্ত) গুঁফো [gũpho]
গুগলি (ছোট শামুক) গুগ্‌লি [gugli]
গুচ্ছ (গোছা) গুচ্‌ছো [guccʃhò]
গুচ্ছের (একগাদা) গুচ্‌ছের্ [guccʃher]
গুছনো (গুছিয়ে রাখা) গুছোনো [gucʃhòno]
গুজব (জনশ্রুতি) গুজব্/গুজোব্ [guɟʒɔb/guɟʒòb]
গুজরতী (ছোট এলাচ) গুজ্‌রোতি [guɟʒròti]
গুজরানো (সময় কাটানো) গুজ্‌রানো [guɟʒrano]
'গুজরাট' গুজ্‌রাট্ [guɟʒraṭ]

গুজিয়া (মিঠাইবিশেষ) গুজিয়া [guɟʒia]
গুঞ্জন (গুনগুন) গুন্‌জোন্/গুন্‌জন্ [gunɟʒòn/gunɟʒɔn]
গুঞ্জরন (গুঞ্জন, গুনগুন) গুন্‌জরন্/গুন্‌জরোন্/গুন্‌জোরন্ [gunɟʒɔrɔn/gunɟʒɔròn/gunɟʒòrɔn]
গুঞ্জরিত গুন্‌জোরিতো [gunɟʒòritò]
গুঞ্জিত (ঝঙ্কৃত) গুন্‌জিতো [gunɟʒitò]
গুটলি (ছোট ডেলা) গুট্‌লি [guṭli]
গুটনো (টেনে কাছে আনা ; গোছানো) গুটোনো [guṭòno] **গুটানো** গুটানো [guṭano]
গুটি (অল্পসংখ্যক) গুটি [guṭi] **গুটিকতক** ~কতোক্ [~kɔtòk]
গুটিকা (বড়ি ; ব্রণ ; কুশি) গুটিকা [guṭika]
গুটিপোকা (রেশমকীট) গুটিপোকা [guṭipoka]
গুটিসুটি (জড়সড়) গুটিশুটি [guṭiʃuṭi]
গুড় (রস থেকে মিষ্টি খাদ্য) গুড় [gu:ṛ]
গুড়াকেশ (নিদ্রাজয়ী) গুড়াকেশ্ [guṛakeʃ]
গুড়ুক (তামাক) গুড়ুক্ [guṛuk]
পচা (বিকৃত বা নষ্ট হওয়া) পচা [pɔcʃa] **পচানো** ~নো [~no]

পচাই (ধেনো মদ) পচাই [pɔcʃai]

পচ্য (রাঁধার যোগ্য) পোচ্চো [pòccʃò]

পছন্দ (মনের মতো ; রুচি) পছোন্দো [pɔcʃhòndò] **পছন্দমাফিক** (রুচিমতো) ~মাফিক্ [~maphik] **পছন্দসই** ~শোই [~ʃòi]

পজ্ঝটিকা (ছন্দবিশেষ) পজ্ঝোটিকা [pɔɟɟʒɦòṭika]

পঞ্চ (পাঁচ) পন্চো [pɔncʃò] **পঞ্চক** (পাঁচের সমষ্টি) ~ক্ [~k] **পঞ্চকন্যা** ~কোন্না [~kònna] **পঞ্চগুণ** ~গুন্ [~gun] **'পঞ্চগৌড়'** ~গৌড় [~gouṛ] **পঞ্চচত্বারিংশত্তম** (৪৫ সংখ্যক) ~চৎতারিংশোৎতমো [~cʃɔttariŋʃòttɔmò] **'পঞ্চতন্ত্র'** ~তন্ত্রো [~tɔntrò] **পঞ্চতপা** (পঞ্চ অগ্নির তপস্যাকারী) ~তপা [~tɔpa] **পঞ্চত্ব** (মৃত্যু) ~ৎতো [~ttò] **পঞ্চত্বপ্রাপ্তি** ~ৎতোপ্প্রাপ্তি [~ttòpprapti] **পঞ্চদশ** ~দশ্ [~dɔʃ]

পঞ্চদশী ~দোশি [~dòʃi] **পঞ্চনদ** (পঞ্জাব) ~নদ্ [~nɔd] **পঞ্চনবতি** ~নবোতি [~nɔbòti] **পঞ্চপল্লব** ~পল্লোব্ [~pɔllòb] **পঞ্চপাণ্ডব** ~পান্ডোব্/~পান্ডব্ [~pandòb/~pandɔb] **পঞ্চপ্রদীপ** ~প্রোদিপ্ [~(p)pròdip] **পঞ্চবটী** (রামায়ণোক্ত বনবিশেষ) ~বোটি [~bòṭi] **পঞ্চবাণ** ~বান্ [~ban] **পঞ্চবার্ষিক** ~বার্শিক্ [~bar(ʃ)ʃik] **পঞ্চবিংশতি** ~বিংশোতি [~biŋʃòti] **পঞ্চভূত** (ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ও ব্যোম) ~ভুৎ [~bɦut] **পঞ্চম** ~ম্ [~m] **পঞ্চমী** (তিথিবিশেষ) ~মি/পোন্‌চোমি [~mi/pòncʃòmi]

পঞ্চাঙ্ক (পাঁচ অঙ্কবিশিষ্ট নাটকবিশেষ) পন্‌চাংকো [pɔncʃaŋkò]

পঞ্চানন (শিব) পন্‌চানোন্ [pɔncʃanòn]

পঞ্চান্ন (৫৫ সংখ্যা) পন্‌চান্‌নো [pɔncʃannò]

পঞ্চামৃত (পাঁচটি অমৃততুল্য খাদ্য) পন্‌চাম্রিতো [pɔncʃa(m)mritò]

পঞ্চায়ত, পঞ্চায়েত (পল্লির উন্নয়নসাধক প্রতিনিধিসভা) পন্‌চায়েৎ/পন্‌চাএৎ [pɔncʃaet] **পঞ্চায়েতি, পঞ্চায়তী, পঞ্চায়েতী** পন্‌চায়েতি/পন্‌চাএতি [pɔncʃaeti]

পঞ্চায়ুধ (পাঁচ অস্ত্র) পন্‌চায়ুধ্ [pɔncʃaĕud(ɦ)]

'পঞ্চাল' (প্রাচীন রাজ্যবিশেষ) পন্‌চাল্ [pɔncʃal]

পঞ্চাশ (৫০ সংখ্যা) পন্‌চাশ্ [pɔncʃaʃ]

পঞ্চাশৎ (৫০ সংখ্যা বা সংখ্যক) পন্‌চাশৎ [pɔncʃaʃɔt]

পঞ্চেন্দ্রিয় (পাঁচ কর্মেন্দ্রিয়) পন্‌চেন্‌দ্রিয়ো/পন্‌চেন্‌দ্রিও [pɔncʃendriò]

পঞ্জর (পাঁজর) পন্‌জোর্/পন্‌জর্ [pɔnɟʒòr/pɔnɟʒɔr]

'পঞ্জাব' (ভারতের প্রদেশবিশেষ) পান্‌জাব্ [panɟʒab] **পঞ্জাবী, পঞ্জাবি** পান্‌জাবি [panɟʒabi]

পঞ্জি, পঞ্জী (পাঁজি) পোন্‌জি [pònɟʒi]

পঞ্জিকা (পাঁজি) পোন্‌জিকা [pònɟʒika]

পট[1] (আওয়াজ-বিশেষ) পট্ [pɔːṭ] **পটাপট** পটাপট্ [pɔṭapɔṭ]

পট[2] (বস্ত্র) পট্ [pɔːṭ]

পটকা (বাজি) পট্‌কা [pɔṭka]

পটকানো (আছাড় মারা) পট্‌কানো [pɔṭkano]

পটপটি (বাড়াবাড়ি) পট্‌পোটি [pɔṭpòṭi]

পটভূমি (background) পটোভুমি [pɔṭòbɦumi]

পটল (সমূহ; আনাজবিশেষ) পটোল্ [pɔṭol]

পটহ (জয়ঢাক) পটোহো [pɔṭòɦò]

পটানো (ভুলিয়ে রাজি করা) পটানো [pɔṭano]

পটাশ (potash) পটাশ্ [pɔṭaʃ]

পটি (কাপড়ের ফালি) পোটি [pòṭi]

পটীয়সী (পটু মহিলা) পোটিয়োশি/পোটিওশি [pòṭiòʃi]

পটু (দক্ষ) পোটু [pòṭu] **পটুতা** ~তা [~ta] **পটুত্ব** ~ত্তো [~ttò]

পটুয়া (যে পট তৈরি করে) পোটুআ [pòṭua]

পটো (পটুয়া) পোটো [pòṭo]

পটোল (আনাজবিশেষ) পটোল্ [pɔṭol] **পটোলচেরা** ~চেরা [~cʃera]

পট্ট (পাট) পট্‌টো [pɔṭṭò] **পট্টনায়ক** (মোড়লের উপাধিবিশেষ) ~নায়োক্ [~naĕòk] **পট্টমহিষী** (পাটরানী) ~মোহিশি [~mòɦiʃi]

পট্টাবাস (তাঁবু) পট্‌টাবাশ্ [pɔṭṭabaʃ]

পট্টি (মোটা কাপড়ের ফালি) পোট্‌টি [pòṭṭi]

পঠন (পাঠ) পঠোন্ [pɔṭhòn] **পঠনপাঠন** (পড়শুনা; অধ্যয়ন ও অধ্যাপনা) ~পাঠোন্ [~paṭhòn] **পঠনীয়** পঠোনিয়ো/পঠোনিও [pɔṭhòniò] **পঠিত** পোঠিতো [pòṭhitò] **পঠিতব্য** পোঠিতোব্‌বো [pòṭhitòbbò]

পড়তা (বনিবনা) পড়্‌তা [pɔṛta]

পড়তি (নিম্নগামী) পোড়্‌তি [pòṛti]

পড়ন্ত (পড়তি) পড়োন্‌তো [pɔṛòntò]

পড়পড়[1] (ছেঁড়ার শব্দ) পড়্‌পড়্ [pɔṛpɔṛ]

পড়পড়[2] (পতনোন্মুখ) পড়োপড়ো [pɔṛò pɔṛò]

পড়শি (প্রতিবেশী) পোড়্‌শি [pòṛʃi]

পড়া (পাঠ করা; পতিত হওয়া) পড়া [pɔṛa] **পড়ছে** পোড়্‌ছে [pòṛcʃhe] **পড়বে** পোড়্‌বে [pòṛbe] **পড়ল** পোড়্‌লো [pòṛlò]

পড়ানো (পাঠ করানো) পড়ানো [pɔṛano]

পড়াশুনা (লেখাপড়া) পড়াশুনা [pɔṛaʃuna] **পড়াশোনা** পড়াশোনা [pɔṛaʃona]

পড়ুয়া (ছাত্র) পোড়ুআ [pòṛua]

পড়েন[1] (বাটখারা) পোড়েন্ [pòṛen]

পড়েন[২] (বুনানির সুতো) পোড়েন্ [pòren]

পড়ো[১], পোড়ো[১] (পড়ুয়া) পোড়ো [poro]

পড়ো[২] পোড়ো[২] (পরিত্যক্ত) পোড়ো [poro]

পণ (প্রতিজ্ঞা ;dowry) পোন্/পন্ [pò:n/pɔ:n] **পণকিয়া** (পণ বা আশির গণনা) পোন্‌কিয়া [pònkia] **পণপ্রথা** ~প্রোথা [~pròtha]

পণ্ড (নষ্ট) পনড়ো [pɔndò] **পণ্ডশ্রম** (বৃথা পরিশ্রম) ~স্স্রোম্ [~ssròm]

পণ্ডিত (বিদ্বান, জ্ঞানী) পোন্‌ডিৎ [pòndit] **পণ্ডিতমূর্খ** (বিদ্বান অথচ বাস্তববোধহীন) ~মুর্‌খো [~mur(k)khò] **পণ্ডিতম্মন্য** (যে নিজেকে পণ্ডিত ভাবে) পোন্‌ডিতোম্‌মোন্‌নো [pònditòmmònnò] **পণ্ডিতি, পণ্ডিতী** (পণ্ডিতের মতো আচরণ ; পণ্ডিতসুলভ) পোন্‌ডিতি [pònditi]

পণ্য (বিক্রয়যোগ্য মাল) পোন্‌নো [pònnò]

পতঙ্গ (insect) পতোংগো [pɔtòŋgò]

'পতঞ্জলি' পতোন্‌জোলি [pɔtònɟʒòli]

পতন (পড়ে যাওয়া ; অবনতি) পতোন্ [pɔtòn] **পতনশীল** ~শিল্ [~ʃil] **পতনোন্মুখ** (পড়ে যাচ্ছে বা অবনতি ঘটছে এমন) পতোনোন্‌মুখ্ [pɔtònonmuk(h)]

পতাকা (ধ্বজা, নিশান) পতাকা [pɔtaka] **পতাকী** (পতাকাধারী) পতাকি [pɔtaki]

পতি (স্বামী) পোতি [pòti] **পতিত্ব** ~ৎতো [~ttò] **পতিদেবতা** ~দেবোতা [~debòta] **পতিপরায়ণা** (স্বামীর একান্ত অনুরক্তা) ~পরায়োনা [~pɔraŏna] **পতিপ্রাণা** (সাধ্বী) ~প্‌প্রানা [~pprana] **পতিব্রতা** (সাধ্বী) ব্‌ব্রোতা [~bbròta]

পতিত[১] (পড়ে গেছে এমন) পোতিতো [pòtitò]

পতিত[২] (অনাবাদি) পোতিৎ [pòtit]

পতিতপাবন (পাপীর ত্রাণকর্তা, জগদীশ্বর) পোতিৎপাবোন্/পোতিতোপাবোন্ [pòtit-pabòn/pòtitòpabòn]

পতিতা (গণিকা) পোতিতা [pòtita] **পতিতাবৃত্তি** ~ব্রিৎতি [~(b)britti] **পতিতালয়** (বেশ্যাবাড়ি) ~লয় [~lɔĕ]

পত্তন (প্রতিষ্ঠা) পৎতোন্ [pɔttòn]

পত্তনি, পত্তনী (নির্দিষ্ট শর্তে পাওয়া জমিস্বত্ব) পৎতোনি [pɔttòni] **পত্তনিদার** ~দার্ [~dar]

পত্নী (স্ত্রী) পোৎনি [pòtni]

পত্র (চিঠি) পৎত্রো [pɔttrò] **পত্রপাঠ** (তৎক্ষণাৎ) ~পাঠ্ [~pat(h)] **পত্রপুট** (গাছের পাতার তৈরি ঠোঙা) ~পুট্ [~put] **পত্রবাহক** ~বাহোক্ [~bahòk] **পত্রমঞ্জরী** (গাছের পাতার আগা) ~মন্‌জোরি/~মোন্‌জোরি [~mɔnɟʒòri/~mònɟʒòri] **পত্রলেখা** (কপালে তিলক আঁকা) ~লেখা [~lekha]

পত্রাঙ্ক (পৃষ্ঠাসংখ্যা) পৎত্রাংকো [pɔttraŋkò]

পত্রাবলি, পত্রাবলী (পত্রগুচ্ছ) পৎত্রাবোলি [pɔttrabòli]

পত্রালি, পত্রালী (পত্রাবলী) পৎত্রালি [pɔttrali]

পত্রালিকা (ক্ষুদ্র পত্র) পৎত্রালিকা [pɔttralika]

পত্রিকা (চিঠি ; খবরের কাগজ) পোৎত্রিকা [pòttrika]

পত্রী (পদবিবিশেষ) পোৎত্রি [pottri]

পথ (রাস্তা ; মার্গ) পথ্ [pɔ:t(h)] **পথকর** পথোকর্ [pɔthòkɔr] **পথখরচ** ~খরোচ্ [~khɔròcʃ] **পথ-চলতি** (পথচলা-কালীন) ~চোল্‌তি [~cʃòlti] **পথচারী** (পথিক) পথোচারি [pɔthòcʃari] **পথদেখা** ~দ্যাখা/পদ্‌দ্যাখ্যা [~dækha/pɔddækha] **পথপ্রদর্শক** (যে পথ দেখায়) পথোপ্রোদর্‌শোক্/পথোপ্রোদোর্‌শোক্ [pɔthò(p)pròdɔr(ʃ)ʃòk/pɔthò(p)pròdòr(ʃ)ʃòk] **পথভোলা** ~ভোলা [~bɦola] **পথভ্রষ্ট** (বিপথগামী) পথোব্‌ভ্রোষ্‌টো [pɔthòb-bɦròʃṭò] **পথশ্রান্ত** পথোস্‌স্রান্‌তো [pɔthòssrantò] **পথহারা** পথোহারা [pɔthòɦara]

পথিক (যে পথে চলছে) পোথিক্ [pòthik]

পথিকৃৎ (পথপ্রদর্শক) পোথিক্রিৎ [pòthi(k)krit]

পথিমধ্যে (পথের মধ্যে) পোথিমোদ্‌ধে [pòthi-mòddɦe]

পথ্য (রোগীর খাদ্য) পোৎথো [pòtthò] **পথ্যাপথ্য** (রোগীর খাদ্য ও অখাদ্য) পোৎথাপোৎথো [pòtthapòtthò]

পদ (পা ; শ্লোক) পদ্ [pɔ:d]

পদক (medal) পদোক্ [pɔdòk]

পদকর্তা (বৈষ্ণব পদ-রচয়িতা) পদোকর্‌তা [pɔdòkɔr(t)ta]

পদক্ষেপ (পা ফেলা, step) পদোক্‌খেপ্ [pɔdòkkhep]

পদগৌরব (পদের মর্যাদা) পদোগৌরব্ [pɔdògoŭrɔb]
পদচারণা (পায়চারি) পদোচারোনা [pɔdòcʃaròna]
পদচিহ্ন (পায়ের চিহ্ন) পদোচিন্‌নহো [pɔdòcʃinnɦò]
পদচ্যুত (বরখাস্ত) পদোচচুতো [pɔdòccʃutò]
পদত্যাগ (চাকরি বা পদ ত্যাগ) পদোৎত্যাগ্ [pɔdòttæg]
পদদলিত (পায়ের নিচে পিষ্ট) পদোদোলিতো [pɔdòdòlitò]
পদধূলি (পায়ের ধুলো) পদোধুলি [pɔdòdɦuli]
পদধ্বনি (পায়ের শব্দ) পদোদ্ধোনি [pɔdòddɦòni]
পদপ্রান্ত (পায়ের কোণ, চরণতল) পদোপ্‌প্রান্তো [pɔdòpprantò]
পদপ্রার্থী (আশ্রয়প্রার্থী ; চাকরিপ্রার্থী) পদোপ্‌প্রার্‌থি [pɔdòpprar(t)thi]
পদবি, পদবী (বংশসূচক নামান্ত, surname) পদোবি [pɔdòbi]
পদব্রজ (হাঁটা) পদোব্‌ব্রোজো [pɔdòbbròɟʒò]
পদমর্যাদা (পদগৌরব) পদোমর্‌জাদা/ পদোমোর্‌জাদা [pɔdòmɔr(ɟ)ɟʒada/pɔdòmòr(ɟ)ɟʒada]
পদযাত্রা (হাঁটা) পদোজাৎত্রা [pɔdòɟʒattra]
পদলেহন (হীনভাবে তোষামোদ) পদোলেহন্/ পদোলেহোন্ [pɔdòleɦɔn/pɔdòleɦòn]
পদশব্দ (পায়ের আওয়াজ) পদোশব্‌দো [pɔdòʃɔbdò]
পদসেবা (পা টেপা) পদোশেবা [pɔdòʃeba]
পদস্খলন (অধঃপতন) পদোশ্‌খলোন্ [pɔdòʃkhɔlòn]
পদাঘাত (লাথি) পদাঘাৎ [pɔdaɡɦat]
পদাঙ্ক (পায়ের চিহ্ন) পদাংকো [pɔdaŋkò]
পদাতিক (পাইক) পদাতিক্ [pɔdatik]
পদানত (বশীভূত) পদানতো [pɔdanɔtò]
পদান্বয় (পদ-পরিচয়) পদান্‌নয় [pɔdannɔĕ] **পদান্বয়ী** পদান্‌নোই [pɔdannòi]
পদাবলি (বৈষ্ণব সংগীতাবলি) পদাবোলি [pɔdabòli]
পদাম্বুজ (চরণপদ্ম) পদাম্‌বুজ্ [pɔdambuɟʒ]
পদারবিন্দ (চরণপদ্ম) পদারোবিন্‌দো [pɔdaròbindò]
পদার্থ (জড়বস্তু ; বস্তু) পদার্‌থো [pɔdar(t)thò]
পদার্থবিজ্ঞান (physics) ~বিগ্‌গাঁন্/ বিগ্‌গ্যান্ [biggæ̃n/~biggæn] **পদার্থবিদ্যা** ~বিদ্‌দা [~bidda]
পদার্পণ (প্রবেশ) পদার্‌পোন্ [pɔdar(p)pòn]
পদাশ্রয় (অনুগ্রহ) পদাস্‌স্রয় [pɔdassrɔĕ]
পদাশ্রিত (অনুগৃহীত) পদাস্‌স্রিতো [pɔdassritò]
পদাহত (লাথি মারা হয়েছে এমন) পদাহতো/ পদাহোতো [pɔdaɦɔtò/pɔdaɦòtò]
পদোন্নতি (চাকরিতে উন্নতি) পদোন্‌নোতি [pɔdonnòti]
পদ্ধতি (রীতি) পোদ্‌ধোতি/ পদ্‌ধোতি [pòddɦòti/pɔddɦòti]
পদ্ম (ফুলবিশেষ, lotus) পদ্‌দো/ পদ্‌দোঁ [pɔddò/pɔddõ] **পদ্মনাভ** (বিষ্ণু) ~নাভো [~nabɦò] **পদ্মপলাশলোচন** (বিষ্ণু) ~পলাশ্‌লোচোন্/ ~পলাশোলোচোন্ [~pɔlaʃlocʃòn/~pɔlaʃòlocʃòn] **পদ্মভূষণ** ~ভুশোন্ [~bɦuʃòn] **পদ্মযোনি** (ব্রহ্মা) ~জোনি [~ɟʒoni] **পদ্মশ্রী** ~স্‌স্রি [~ssri]
'পদ্মা' (নদীবিশেষ) পদ্‌দা/ পদ্‌দাঁ [pɔdda/pɔddã]
'পদ্মাবতী' (কর্ণের পত্নী) পদ্‌দাবোতি/ পদ্‌দাঁবোতি [pɔddabòti/pɔddãbòti]
পদ্মাসন (যোগাসন-বিশেষ) পদ্‌দাশোন্/ পদ্‌দাঁশোন্ [pɔddaʃòn/pɔddãʃòn]
পদ্মিনী (সুলক্ষণা নারী) পোদ্‌দিনি [pòddini]
পদ্য (ছন্দে রচিত রচনা, verse) পোদ্‌দো [pòddò]
পনর (১৫ সংখ্যা) পোনোরো [pònòro]
পনস (কাঁঠাল) পনোশ্ [pɔnòʃ]
পনির, পনীর (ছানা) পোনির্ [pònir]
পনের, পনেরো (১৫) পোনেরো [pònero]
পন্থ (পথ) পন্‌থো [pɔnthò]
পন্থা (পথ) পন্‌থা [pɔntha]
পন্নগ (সাপ) পন্‌নোগ্/ পন্‌নগ্ [pɔnnòg/pɔnnɔg]
পবন (বায়ু) পবোন্ [pɔbòn] **পবনদেব** ~দেব্ [~deb] **পবননন্দন** (ভীম ; হনুমান) ~নন্‌দোন্/ পবোনোনন্‌দোন্ [~nɔndòn/pɔbònònɔndòn] **পবনবেগে** ~বেগে [~bege]
পবিত্র (নিষ্কলুষ) পোবিৎত্রো [pòbittrò] **পবিত্রতা** ~তা [~ta]
পমেটম (প্রসাধন-বিশেষ) পমেটম্ [pɔmeṭɔm]
পয় (সুলক্ষণ) পয় [pɔĕ] **পয়মন্ত** ~মন্‌তো [~mɔntò]

পয়ঃপ্রণালী (নর্দমা) পয়োপ্প্রোনালি [pɔŏppronali]
পয়গম্বর (স্বর্গীয় দূত) পয়্গম্বর্ [pɔŏgɔmbɔr]
পয়জার (চটিজুতো) পয়্জার্ [pɔŏɟʒar]
পয়দল (হাঁটা) পয়্দল্ [pɔŏdɔl]
পয়দা (জন্ম) পয়্দা [pɔŏda]
পয়মাল (ধ্বংস) পয়্মাল্ [pɔŏmal]
পয়লা (১লা) পয়্লা [pɔŏla]
পয়সা (টাকার ১/১০০ মূল্যের মুদ্রাবিশেষ ; টাকাকড়ি) পয়্শা [pɔŏʃa] **পয়সাওয়ালা** ~ওআলা [~oala] **পয়সাকড়ি** ~কোড়ি [~koṛi]
পয়স্বিনী (দুগ্ধবতী) পয়োশ্শিনি [pɔŏoʃʃini]
পয়স্য (দুগ্ধজাত) পয়োশ্শো [pɔŏoʃʃo]
পয়া (সুলক্ষণযুক্ত) পয়া [pɔŏa]
পয়ার (ছন্দবিশেষ) পয়ার্ [pɔŏar]
পয়োধর (মেঘ ; স্ত্রীলোকের স্তন) পয়োধর্ [pɔŏodɦɔr]
পর (অন্য) পর্ [pɔːr]
পরওয়ানা (আদেশপত্র) পরোআনা/পর্ওআনা [pɔroana/pɔrŏana]
পরকলা (কাচ) পর্কলা [pɔrkɔla]
পরকাল (পরলোক) পরোকাল্ [pɔrokal]
পরকীয় (অন্যের) পরোকিয়ো [pɔrokio]
পরকীয়া (যে প্রণয়িনী কুমারী বা অন্যের পত্নী) পরোকিয়া [pɔrokia]
পরখ (যাচাই) পরোখ্ [pɔrok(h)]
পরগনা (গ্রামের সমষ্টি) পর্গোনা/পর্গনা [pɔrgona/pɔrgɔna]
পরগাছা (আশ্রিত লতা) পর্গাছা [pɔrgacʃha]
পরচর্চা (পরনিন্দা) পরোচর্চা [pɔrocʃɔr(c)cʃa]
পরচা (জমির পরিচয়পত্র) পর্চা [pɔrcʃa]
পরচুলা (wig) পর্চুলা [pɔrcʃula]
পরজীবী (parasite) পরোজিবি [pɔroɟʒibi]
পরঞ্জয় (শত্রুজয়কারী) পরোনজয় [pɔronɟʒoŏ]
পরটা, পরোটা (আটা বা ময়দার তৈরি ভাজা রুটি) পরোটা [pɔroṭa]
পরত (ভাঁজ) পরোৎ [pɔrot]
পরতন্ত্র (পরাধীন) পরোতন্ত্রো [pɔrotɔntro]
পরত্র (পরলোকে) পরোৎত্রো [pɔrottro]
পরদা, পর্দা (আবরণবিশেষ ; ঘোমটা ; অন্তঃপুরে বাস) পর্দা [pɔr(d)da] **পরদানশিন** (অন্তঃপুরবাসিনী) ~নোশিন্ [~noʃin] **পরদাপ্রথা** ~প্রোথা [~(p)protha]
পরদার (অন্যের স্ত্রী) পরোদার্ [pɔrodar]
পরদিন (পরের দিন) পর্দিন্ [pɔrdin]
পরদুঃখ (অন্যের দুঃখ) পরোদুক্খো [pɔrodukkho]
পরদেশ (অন্য দেশ) পরোদেশ্ [pɔrodeʃ] **পরদেশী** (বিদেশী) পরোদেশি/পর্দেশি [pɔrodeʃi/pɔrdeʃi]
পরদ্বেষী (পরকে যে হিংসা করে) পরোদ্দেশি [pɔroddeʃi]
পরধন (অন্যের ধন) পরোধোন্ [pɔrodɦon]
পরধর্ম (অন্য ধর্ম) পরোধর্মো [pɔrodɦɔr(m)mo]
পরন (পরিধান) পরোন্ [pɔron]
পরনারী (অন্যের স্ত্রী) পরোনারি [pɔronari]
পরনিন্দা (অন্যের নিন্দা) পরোনিন্দা [pɔroninda]
পরন্তপ (শত্রুদমনকারী) পরোন্তপ্/পরোন্তোপ্ [pɔrontɔp/pɔrontop]
পরন্তু (পক্ষান্তরে) পরোন্তু [pɔrontu]
পরপর (একের পর এক এইভাবে) পর্পর্ [pɔrpɔr]
পরপীড়ন (অন্যের উপর অত্যাচার) পরোপিড়ন্/পরোপিড়োন্ [pɔropiṛɔn/pɔropiṛon]
পরপুরুষ (অন্য পুরুষ) পর্পুরুশ্/পরোপুরুশ্ [pɔrpuruʃ/pɔropuruʃ]
পরব (উৎসব) পরোব্ [pɔrob]
পরবর্তী (পরের) পরোবোর্তি [pɔrobor(t)ti]
পরবাদ (নিন্দা) পরোবাদ্ [pɔrobad]
পরবাস (প্রবাস) পরোবাশ্ [pɔrobaʃ] **পরবাসী** পরোবাশি [pɔrobaʃi]
পরব্রহ্ম (পরম পুরুষ) পরোব্ব্রোম্হো [pɔrobbrommɦo]
পরভৃৎ (কাক) পরোভ্রিৎ [pɔro(b)bɦrit]
পরভৃত (কোকিল) পরোভ্রিতো [pɔro(b)bɦrito]
পরম (প্রথম ; চূড়ান্ত) পরোম্ [pɔrom] **পরমপিতা** (পরমেশ্বর) ~পিতা [~pita] **পরমপুরুষ** ~পুরুশ্ [~puruʃ] **পরমহংস** (মহাযোগী) পরোমোহংশো/~হংশো [pɔromoɦɔŋʃo/~ɦɔŋʃo]

পরমত (অন্যের মত) পরোমৎ [pɔròmɔt]
পরমতসহিষ্ণু ~শোহিশ্নু [~ʃòɦiʃnu]
পরমা (আদ্যা ; শ্রেষ্ঠা) পরোমা [pɔròma]
পরমাণু (atom) পরোমানু [pɔròmanu]
পরমাত্মা (ঈশ্বর) পরোমাৎতাঁ/পরোমাঁৎতা [pɔrò-mattã/pɔròmãtta]
পরমাত্মীয় (অতি ঘনিষ্ঠ বা অন্তরঙ্গ ব্যক্তি) পরোমাৎতিঁয়ো/পরোমাঁৎতিয়ো [pɔròmattĩò/pɔròmãttiò]
পরমানন্দ (গভীর আনন্দ) পরোমানোন্দো/পরোমানন্দো [pɔròmanòndò/pɔròmanɔndò]
পরমান্ন (পায়েস) পরোমান্নো [pɔròmannò]
পরমায়ু (আয়ু) পরোমায়ু [pɔròmaĕu]
পরমার্থ (পরম সত্য) পরোমার্থো [pɔròmar(t)thò]
পরমুখাপেক্ষী (অন্যের উপর নির্ভরশীল) পরোমুখা-পেক্খি [pɔròmukhapekkhi]
পরমেশ (ভগবান) পরোমেশ্ [pɔròmeʃ]
পরমেশ্বর (ভগবান) পরোমেশ্শর্ [pɔròmeʃʃɔr]
পরমোৎসব (শ্রেষ্ঠ উৎসব) পরোমোৎশব্ [pɔrò-motʃɔb]
পরম্পর (পরপর) পরোম্পর্ [pɔròmpɔr]
পরম্পরা (ক্রম, ধারা) পরোম্পরা [pɔròmpɔra]
পরম্পরাগত (ধারাবাহিক) ~গতো [~gɔtò]
পররাষ্ট্র (বিদেশ) পরোরাষ্ট্রো [pɔròraʃṭrò]
পরলোক (পরকাল) পরোলোক্ [pɔrolok]
পরলোকগত (প্রয়াত) ~গতো/পরোলোগ্গতো [~gɔtò/pɔròloggɔtò]
পরশ (স্পর্শ) পরোশ্ [pɔròʃ] **পরশপাথর** (যে পাথরের স্পর্শে লোহা সোনা হয়) ~পাথোর্ [~pathòr] **পরশমণি** (পরশপাথর) ~মোনি [~mòni]
পরশু[১] (পরশ্ব) পোর্শু [pòrʃu]
পরশু[২] (কুঠার) পরোশু [pɔròʃu]
'পরশুরাম' (পৌরাণিক ব্রাহ্মণবীর-বিশেষ) পরোশুরাম্ [pɔròʃuram]
পরশ্রীকাতর (অন্যের উন্নতিতে ঈর্ষান্বিত) পরোস্স্রি-কাতোর্ [pɔròssrikatòr] **পরশ্রীকাতরতা** (ঈর্ষা, হিংসা) পরোস্স্রিকাতোরোতা/পরোস্স্রিকাতোরতা [pɔròssrikatòròta/pɔròssrikatòrɔta]
পরশ্ব (আগামী পরশু) পরোশ্শো [pɔròʃʃò]
পরস্ত্রী (অন্যের স্ত্রী) পরোস্ত্রি [pɔròstri]
পরস্পর (একের প্রতি অন্য, একের সঙ্গে অন্য ; mutual) পরোশ্পর্ [pɔròʃpɔr]
পরস্ব (অন্যের ধন) পরোশ্শো [pɔròʃʃò]
পরস্বাপহরণ (অন্যের ধন অপহরণ) পরোশ্শা-পোহরোন্ [pɔròʃʃapòɦɔròn]
পরস্বাপহারী (অন্যের ধন যে চুরি করে) পরোশ্শাপোহারি [pɔròʃʃapòɦari]
পরস্মৈপদ (সংস্কৃত ধাতুবিভক্তি-বিশেষ) পরোশশৈঁপদ্ [pɔròʃʃõipɔd]
পরস্মৈপদী (পরস্মৈপদ ধাতু সম্বন্ধীয়) পরোশ্শৈঁপোদি [pɔròʃʃõipòdi]
পরহিংসা (অন্যের প্রতি হিংসা) পরোহিংশা [pɔròɦiŋʃa]
পরহিত (পরোপকার) পরোহিৎ/পরোহিতো [pɔròɦit/pɔròɦitò] **পরহিতব্রত** পরোহিতো-ব্ব্রোতো [pɔròɦitòbbròtò]
পরহিতৈষণা (পরোপকার) পরোহিতৈশনা/পরোহিতৈশোনা [pɔròɦitoĭʃɔna/pɔròɦitoĭʃòna]
পরহিতৈষী (পরোপকারী) পরোহিতৈশি [pɔrò-ɦitoĭʃi]
পরা (পরিধান করা) পরা [pɔra] **পরানো** ~নো [~no]
পরাকাষ্ঠা (চূড়ান্ত) পরাকাষ্ঠা [pɔrakaʃṭha]
পরাক্রম (বীরত্ব) পরাক্ক্রোম্ [pɔrakkròm]
পরাক্রমশালী (বীর্যবান) ~শালি [~ʃali]
পরাক্রান্ত (তেজস্বী) পরাক্ক্রান্তো [pɔrakkrantò]
পরাগ (ফুলের রেণু) পরাগ্ [pɔrag] **পরাগকেশর** (stamen) ~কেশর্/~কেশোর্ [~keʃɔr/~keʃòr]
পরাগধানী (anther) ~ধানি [~dɦani] **পরাগমিলন** (pollination) ~মিলন্ [~milɔn]
পরাগত (প্রত্যাগত) পরাগতো [pɔragɔtò]
পরাঙমুখ (বিমুখ) পরাংমুখ্ [pɔraŋmuk(h)]
পরাজয় (হার, defeat) পরাজয়্ [pɔraɟɟɔĕ]
পরাজিত (হেরেছে এমন) পরাজিতো [pɔraɟɟitò]
পরাণ পরান দ্র
পরাৎপর (সর্বশ্রেষ্ঠ) পরাৎপর্ [pɔratpɔr]
পরাধীন (অন্যের অধীন) পরাধিন্ [pɔradɦin]

পরাধীনতা পরাধিনতা/পরাধিনোতা [pɔradɦinɔta/pɔradɦinòta]

পরান (প্রাণ) পরান্ [pɔran]

পরান্ন (পরের অন্ন) পরান্নো [pɔrannò] **পরান্নজীবী** (অন্যের অন্নে বেঁচে থাকে এমন) ~জিবি [~ɟʒibi] **পরান্নভোজী** (অন্যের অন্ন খায় এমন) ~ভোজি [~bɦoɟʒi]

পরাবর্ত (বিনিময়) পরাবর্তো [pɔrabɔr(t)tò]

পরাবর্তন (প্রত্যাবর্তন ; প্রতিফলন) পরাবর্তোন্ [pɔrabɔr(t)tòn]

পরাবৃত্ত (প্রত্যাবৃত্ত ; hyperbola) পরাব্রিৎতো [pɔra(b)brittò]

পরাভব (পরাজয়) পরাভব্ [pɔrabɦɔb]

পরাভূত (পরাজিত) পরাভুতো [pɔrabɦutò]

পরামর্শ (মন্ত্রণা, যুক্তি ; উপদেশ) পরামর্শো [pɔramɔr(ʃ)ʃò]

পরামর্ষ (ক্ষমা) পরামর্শো [pɔramɔr(ʃ)ʃò]

পরামানিক (নাপিত) পরামানিক্ [pɔramanik]

পরায়ণ (আসক্ত) পরায়োন্ [pɔraĕòn]

পরার্থ (পরোপকার) পরার্থো [pɔrar(t)thò]

পরার্ধ (শেষার্ধ) পরার্ধো [pɔrar(d)dɦò]

'পরাশর' (ঋষিবিশেষ) পরাশর্ [pɔraʃɔr]

পরাশ্রয় (অন্যের আশ্রয়) পরাস্স্রয়্ [pɔrassrɔĕ] **পরাশ্রয়ী** (অন্যের আশ্রয়ে আছে এমন ; parasite) পরাস্স্রোই [pɔrassròi] **পরাশ্রিত** (অন্যের আশ্রিত) পরাস্স্রিতো [pɔrassritò]

পরাস্ত পরাস্তো [pɔrastò]

পরাহ (পরের দিন) পরাহো [pɔraɦò]

পরাহত (পরাজিত) পরাহতো [pɔraɦɔtò]

পরাহ্ন (অপরাহ্ন) পরান্নহো/পরান্নো [pɔran-n(ɦ)ò]

পরিকল্পক (পরিকল্পনাকারী) পোরিকল্পোক্/পোরিকল্পক্ [pòri-kɔlpòk/pòrikɔlpɔk]

পরিকল্পনা (কাজের প্রণালী বা নকশা) পোরিকল্পোনা [pòrikɔlpòna]

পরিকল্পিত (পরিকল্পনা করা হয়েছে এমন) পোরিকোল্পিতো [pòrikòlpitò]

পরিকীর্ণ (ব্যাপ্ত) পোরিকির্নো [pòrikir(n)nò]

পরিকেন্দ্র (circumcentre) পোরিকেন্দ্রো [pòri-kendrò]

পরিক্রম (প্রদক্ষিণ) পোরিক্ক্রোম্ [pòrikkròm]

পরিক্রমণ (প্রদক্ষিণ) পোরিক্ক্রোমোন্/পোরিক্ক্রমোন্ [pòrikkròmòn/pòrikkrɔmòn]

পরিক্রমা (প্রদক্ষিণ ; ভ্রমণ) পোরিক্ক্রোমা/পেরিক্ক্রমা [pòrikkròma/pòrikkrɔma]

পরিক্লিষ্ট (ক্লেশপ্রাপ্ত) পোরিক্ক্লিষ্টো [pòrikkliʃṭò]

'পরিক্ষিৎ' 'পরীক্ষিৎ' দ্র

পরিক্ষিপ্ত (বিক্ষিপ্ত) পোরিক্খিপ্তো [pòrikkhiptò]

পরিক্ষেপ (বিক্ষেপ) পোরিক্খেপ্ [pòrikkhep]

পরিখা (গড়খাই) পোরিখা [pòrikha]

পরিগণনা (বিশেষভাবে গণনা) পোরিগনোনা [pòrigɔnòna]

পরিগণিত (বিশেষভাবে গণনা করা হয়েছে এমন ; বিবেচিত) পোরিগোনিতো [pòrigònitò]

পরিগম (পরিবেশ) পোরিগম্ [pòrigɔm]

পরিগ্রহ (গ্রহণ ; স্বীকার) পোরিগ্গ্রোহো [pòriggròɦò] **পরিগৃহীত** (স্বীকৃত) পোরিগ্রিহিতো [pòri(g)griɦitò]

পরিগ্রাহক (স্বীকারকারী ; গ্রহণকারী) পোরিগ্গ্রাহোক্ [pòriggraɦòk]

পরিঘ (মুগুর ; হুড়কো) পোরিঘো [pòrigɦò]

পরিচয় (আলাপ ; নামধাম ইত্যাদির বিবরণ) পোরিচয়্ [pòricʃɔĕ]

পরিচর (ভৃত্য) পোরিচর্ [pòricʃɔr]

পরিচর্যা (সেবা) পোরিচর্জা [pòricʃɔr(ɟ)ɟʒa]

পরিচলন (সঞ্চলন) পোরিচলোন্ [pòricʃɔlòn]

পরিচায়ক (জ্ঞাপক ;সূচক) পোরিচায়োক্ [pòri-cʃaĕòk]

পরিচায়িকা (পরিচয় দেয় এমন ; জ্ঞাপক, সূচক) পোরিচাইকা [pòricʃaika]

পরিচারক (ভৃত্য) পোরিচারোক্ [pòricʃaròk]

পরিচারিকা (দাসী) পোরিচারিকা [pòricʃarika]

পরিচালক (নিয়ন্ত্রণকারী, পরিচালনাকারী) পোরিচালোক্ [pòricʃalòk] **পরিচালিকা** পোরিচালিকা [pòricʃalika]

পরিচালন (ব্যবস্থাপনা) পোরিচালোন্ [pòricʃa-lòn]

পরিচালনা (ব্যবস্থাপনা ; কার্য-নির্বাহ) পোরিচালোনা [pòricʃalòna]

পরিচিত (পরিচয় জানা আছে এমন ; জ্ঞাত) পোরিচিতো [pòricʃitò] **পরিচিতা** পোরিচিতা [pòricʃita]

পরিচিতি (পরিচয়) পোরিচিতি [poricʃiti]

পরিচিন্তন (বিশেষ চিন্তা ; পরিকল্পনা) পোরিচিন্তন্/ পোরিচিন্তোন্ [pòricʃintɔn/pòricʃintòn]

পরিচেয় (পরিচয়ের যোগ্য) পোরিচেয়ো [pòricʃeò]

পরিচ্ছদ (পোশাক) পোরিচ্ছদ্ [pòriccʃhɔd]

পরিচ্ছন্ন (পরিস্কার) পোরিচ্ছন্নো [pòriccʃhɔnnò] **পরিচ্ছন্নতা** ~তা [~ta]

পরিচ্ছিন্ন (বিচ্ছিন্ন) পোরিচ্ছিন্নো [pòriccʃhinnò]

পরিচ্ছেদ (বিভাগ) পোরিচ্ছেদ্ [pòriccʃhed]

পরিজন (আত্মীয়) পোরিজোন্/পোরিজন্ [pòriɟʒòn/pòriɟʒɔn]

পরিজ্ঞাত (পরিচিত) পোরিগ্‌গ্যাঁতো [pòriggæ̃tò]

পরিজ্ঞান (অন্তর্দৃষ্টি) পোরিগ্‌গ্যাঁন্ [pòriggæ̃n]

পরিণত (পরিপক্ব ; পর্যবসিত) পোরিনতো [pòrinɔtò]

পরিণতি (শেষ) পোরিনোতি [pòrinòti]

পরিণয় (বিবাহ) পোরিনয়্ [pòrinɔĕ]

পরিণাম (শেষ অবস্থা) পোরিনাম্ [pòrinam] **পরিণামদর্শী** (দূরদর্শী) ~দোর্‌শি/ পোরিনামোদোর্‌শি [~dor(ʃ)ʃi/pòrinamòdòr(ʃ)ʃi]

পরিণাহ (সীমান্ত রেখা) পোরিনাহো [pòrinaɦò]

পরিণীত (বিবাহিত) পোরিনিতো [pòrinitò] **পরিণীতা** পোরিনিতা [pòrinita]

পরিণেতা (স্বামী) পোরিনেতা [pòrineta]

পরিণেয় (বিবাহযোগ্য) পোরিনেয়ো [pòrineò]

পরিতাপ (দুঃখ) পোরিতাপ্ [pòritap]

পরিতুষ্ট (সন্তুষ্ট) পোরিতুষ্‌টো [pòrituʃṭò] **পরিতুষ্টি** (সন্তোষ) পোরিতুষ্‌টি [pòrituʃṭi]

পরিতৃপ্ত (সন্তুষ্ট) পোরিত্রিপ্‌তো [pòri(t)triptò] **পরিতৃপ্তি** পোরিত্রিপ্‌তি [pòri(t)tripti]

পরিতোষ (সন্তোষ) পোরিতোশ্ [pòritoʃ]

পরিত্যক্ত (বর্জিত) পোরিৎতক্‌তো [pòrittɔktò] **পরিত্যক্তা** পোরিৎতক্‌তা [pòrittɔkta]

পরিত্যাগ (বর্জন) পোরিৎত্যাগ্ [pòrittæg] **পরিত্যাজ্য** পোরিৎত্যাজ্‌জো [pòrittæɟɟʒò]

পরিত্রাণ (রক্ষা) পোরিৎত্রান্ [pòrittran]

পরিত্রাতা (রক্ষক) পোরিৎত্রাতা [pòrittrata]

পরিত্রাহি (বাঁচাও) পোরিৎত্রাহি [pòrittraɦi]

পরিদর্শক (inspector) পোরিদর্‌শোক্ [pòridɔr(ʃ)ʃòk]

পরিদর্শন (inspection) পোরিদর্‌শোন্ [pòridɔr(ʃ)ʃòn]

পরিদৃশ্যমান (যা দেখা যাচ্ছে) পোরিদ্রিশ্‌শোমান্ [pòri(d)driʃʃòman]

পরিদৃষ্ট (দেখা যাচ্ছে এমন, সম্যক দৃষ্ট) পোরিদ্রিষ্‌টো [pòri(d)driʃṭò]

পরিদেবন (বিলাপ) পোরিদেবন্/ পোরিদেবোন্ [pòridebɔn/pòridebòn]

পরিধান (পোশাক) পোরিধান্ [pòridɦan]

পরিধি (circumference) পোরিধি [pòridɦi]

পরিধেয় (যা পরিধান করা হয়) পোরিধেয়ো [pòridɦeò]

পরিনির্বাণ (মোক্ষ) পোরিনির্‌বান্ [pòrinir(b)ban]

পরিপক্ব (পরিণত) পোরিপক্‌কো [pòripɔkkò]

পরিপত্র (বিজ্ঞপ্তি ; circular) পোরিপৎত্রো [pòripɔttrò]

পরিপন্থী (প্রতিকূল) পোরিপোন্‌থি [pòripònthi]

পরিপাক (হজম) পোরিপাক্ [pòripak]

পরিপাটি (সুবিন্যাস ; সুবিন্যস্ত) পোরিপাটি [pòripaṭi]

পরিপার্শ্ব (চারদিক) পোরিপার্‌শো [pòripar(ʃ)ʃò]

পরিপালক (পরিচালক) পোরিপালোক্ [pòripalòk]

পরিপালন পোরিপালোন্ [pòripalòn] **পরিপালিত** পোরিপালিতো [pòripalitò]

পরিপুষ্ট (সুপুষ্ট) পোরিপুষ্‌টো [pòripuʃṭò] **পরিপুষ্টি** (পুষ্টি ; বৃদ্ধি) পোরিপুষ্‌টি [pòripuʃṭi]

পরিপূরক (supplementary) পোরিপুরক্ [pòripurɔk]

পরিপূরণ (পরিপূর্ণ করা) পোরিপুরন্/ পোরিপুরোন্ [pòripurɔn/pòripuròn] **পরিপূরিত** পোরিপুরিতো [pòripuritò]

পরিপূর্ণ (সম্পূর্ণ) পোরিপুর্‌নো [pòripur(n)nò] **পরিপূর্ণতা** ~তা [~ta]

পরিপোষক (প্রতিপালক) পোরিপোশক্/পোরিপোশোক্ [pòripoʃɔk/pòripoʃòk]

পরিপোষণ (প্রতিপালন) পোরিপোশন্/পরিপোশোন্ [pòripoʃɔn/pòripoʃòn] **পরিপোষিত** পোরিপোশিতো [pòripoʃitò]

পরিপ্রেক্ষিত (perspective) পোরিপ্‌প্রেক্‌খিৎ [pòripprekkhit]

পরিপ্লব (প্লাবন) পোরিপ্‌প্লোবো [pòripplòbò]

পরিপ্লুত (প্লাবিত) পোরিপ্‌প্লুতো [pòrippluto]

পরিবর্জন (বর্জন) পোরিবর্‌জোন্ [pòribɔr(ɟ)ɟʒòn] **পরিবর্জিত** পোরিবোর্‌জিতো [pòribòr(ɟ)ɟʒitò]

পরিবর্ত (বিকল্প) পোরিবর্‌তো [pòribɔr(t)tò]

পরিবর্তক (পরিবর্তনকারী) পোরিবর্‌তোক্ [pòribɔr(t)tòk]

পরিবর্তন (বিনিময় ; রূপান্তর) পোরিবর্‌তোন্ [pòribɔr(t)tòn]**পরিবর্তনশীল** ~শিল্ [~ʃil] **পরিবর্তনীয়** (পরিবর্তন করার যোগ্য) পোরিবর্‌তোনিয়ো [pòribɔr(t)tònio] **পরিবর্তমান** (পরিবর্তিত হচ্ছে এমন) পোরিবর্‌তোমান্ [pòribɔr(t)tòman] **পরিবর্তিত** (বদলে গেছে এমন) পোরিবোর্‌তিতো [pòribòr(t)titò]

পরিবর্ধক (বৃদ্ধিকারী) পোরিবর্‌ধোক্ [pòribɔr(d)dɦòk]

পরিবর্ধন (বৃদ্ধি ; উন্নতি) পোরিবর্‌ধোন্ [pòribɔr(d)dɦòn] **পরিবর্ধিত** পোরিবোর্‌ধিতো [pòribòr(d)dɦitò]

পরিবহণ (transport) পোরিবহোন্ [pòribɔɦòn]

পরিবাদ (নিন্দা) পোরিবাদ্ [pòribad]

পরিবার (পরিজন ; স্ত্রীপুত্রাদি পোষ্যবর্গ) পোরিবার্ [pòribar]

পরিবাহণ (সঞ্চালন) পোরিবাহোন্ [pòribaɦòn]

পরিবাহিতা (conductivity) পোরিবাহিতা [pòribaɦita]

পরিবাহী (conductor) পোরিবাহি [pòribaɦi]

পরিবৃত (বেষ্টিত) পোরিব্রিতো [pòri(b)britò] **পরিবৃতি** (বেষ্টন) পোরিব্রিতি [pòri(b)briti]

পরিবৃত্ত (circumcircle) পোরিব্রিৎতো [pòri(b)brittò]

পরিবৃত্তি (বিনিময়) পোরিব্রিৎতি [pòri(b)britti]

পরিবেত্তা (জ্যেষ্ঠ ভ্রাতার বিবাহের পূর্বেই যে কনিষ্ঠ ভ্রাতা বিবাহ করে) পোরিবেৎতা [pòribetta]

পরিবেদন (জ্যেষ্ঠর পূর্বেই কনিষ্ঠ ভ্রাতার বিবাহ) পোরিবেদোন্ [pòribedòn]

পরিবেদনা (অত্যন্ত যন্ত্রণা) পোরিবেদোনা [pòribedòna]

পরিবেশ, পরিবেষ (পারিপার্শ্বিক অবস্থা) [pòribeʃ]

পরিবেশন, পরিবেষণ (বিতরণ) পোরিবেশোন্ [pòribeʃòn] **পরিবেশক, পরিবেষক** পোরিবেশক্/পোরিবেশোক্ [pòribeʃɔk/pòribeʃòk]

পরিবেষ্টন (ঘেরাও) পোরিবেষ্‌টোন্ [pòribeʃṭòn] **পরিবেষ্টনী** পোরিবেষ্‌টোনি [pòribeʃṭòni] **পরিবেষ্টিত** (ঘিরে রাখা হয়েছে এমন) পোরিবেষ্‌টিতো [pòribeʃṭitò]

পরিব্যাপ্ত (চতুর্দিকে বিস্তৃত) পোরিব্‌ব্যাপ্‌তো [pòribbæptò]

পরিব্রজ্যা (সন্ন্যাস) পোরিব্‌ব্রোজ্‌জা [pòribbròɟɟʒa]

পরিব্রাজক (পর্যটক) পোরিব্‌ব্রাজোক্ [pòribbraɟʒòk] **পরিব্রাজিকা** (পর্যটনকারিণী) পোরিব্‌ব্রাজিকা [pòribbraɟʒika]

পরিব্রাজন (সন্ন্যাসীর পর্যটন) পোরিব্‌ব্রাজোন্ [pòribbraɟʒòn]

পরিভাষা (technical word) পোরিভাশা [pòribɦaʃa] **পরিভাষিত** পোরিভাশিতো [pòribɦaʃitò]

পরিভৃতি (বেতন) পোরিভ্রিতি [pòri(b)bɦriti]

পরিভ্রমণ (বেড়ানো) পোরিব্‌ভ্রোমোন্ [pòribbɦròmòn]

পরিমণ্ডল (চতুর্দিকের অবস্থা) পোরিমোন্‌ডোল্/পোরিমন্‌ডোল্ [pòrimòndòl/pòrimɔndòl]

পরিমণ্ডিত (সজ্জিত) পোরিমোন্‌ডিতো [pòrimònḍitò]

পরিমল (সুগন্ধ) পোরিমল্ [pòrimɔl]

পরিমাণ (মাপ, ওজন বা মাত্রা) পোরিমান্ [pòriman]

পরিমাপ (মাপ ; পরিমাণ) পোরিমাপ্ [pòrimap] **পরিমাপক** পোরিমাপোক্/পোরিমাপক্ [pòri-mapòk/pòrimapɔk] **পরিমাপন** পোরিমাপোন্ [pòrimapon]

পরিমিত (পরিমাণ-মতো) পোরিমিতো [pòrimitò] **পরিমিতি** (মাপ ; মাত্রা) পোরিমিতি [pòrimiti]

পরিমেয় (পরিমাণ নির্ণয় করা যায় এমন) পেরিমেয়ো [pòrimeò]

পরিমেল (association) পরিমেল্ [pòrimel]

পরিমোক্ষ (নির্বাণ) পোরিমোক্খো [pòrimokkhò] **পরিমোক্ষণ** (নির্বাণ) পোরিমোক্খোন্/পোরিমোক্খন্ [pòri-mokkhòn/pòrimokkhɔn]

পরিম্লান (খুব ম্লান) পোরিম্ম্লান্ [pòrimmlan]

পরিযাণ, পরিযান (migration) পোরিজান্ [pòriɟʒan] **পরিযায়ী** পোরিজাই [pòriɟʒai]

পরিরক্ষণ (সংরক্ষণ) পোরিরোক্খোন্ [pòriròkkhòn] **পরিরক্ষিত** (সংরক্ষিত) পোরিরোক্খিতো [pòriròkkhitò]

পরিরম্ভ (আলিঙ্গন) পোরিরম্ভো [pòrirɔmbɦò] **পরিরম্ভণ** ~ন্ [~n]

পরিলেখ (খসড়া, নকশা) পোরিলেখো [pò-rilekhò]

পরিশিষ্ট (অবশিষ্ট অংশ ; শেষে সংযুক্ত অংশ) পোরিশিশ্টো [pòriʃiʃṭò]

পরিশীলন (অনুশীলন) পোরিশিলোন্/পোরিশিলন্ [pòriʃilòn/pòriʃilɔn] **পরিশীলিত** পোরিশিলিতো [pòriʃilitò]

পরিশুদ্ধ (বিশুদ্ধ, শোধিত) পোরিশুদ্ধো [pòriʃuddɦò] **পরিশুদ্ধতা** ~তা [~ta] **পরিশুদ্ধি** (বিশুদ্ধি) পোরিশুদ্ধি [pòriʃuddɦi]

পরিশুষ্ক (শুষ্ক) পোরিশুশ্কো [pòriʃuʃkò]

পরিশেষ (অবশেষ) পোরিশেশ্ [pòriʃeʃ]

পরিশোধ (ঋণ শোধ ; প্রত্যর্পণ) পোরিশোধ্ [pòriʃod(ɦ)] **পরিশোধনীয়** (পরিশোধের যোগ্য) পোরিশোধোনিয়ো [pòriʃodɦònið] **পরিশোধিত** (পরিশোধ করা হয়েছে এমন) পোরিশোধিতো [pòriʃodɦitò] **পরিশোধ্য** (পরিশোধের যোগ্য) পোরিশোদ্ধো [pòriʃoddɦò]

পরিশ্রম (খাটুনি ; মেহনত) পোরিস্স্রোম্ [pòrissròm] **পরিশ্রমী** পোরিস্স্রোমি [pòriss-ròmi]

পরিশ্রান্ত (অতিশয় ক্লান্ত) পোরিস্স্রান্তো [pòrissrantò]

পরিষদ, পরিষদ্ (সভা, সংসদ) পোরিশদ্ [pòriʃɔd] **পরিষদীয়** (পরিষদ-সম্বন্ধীয়) পোরিশোদিয়ো [pòriʃòdiò]

পরিষেবা (শুশ্রূষা) পোরিশেবা [pòriʃeba] **পরিষেবক** পোরিশেবক্/পোরিশেবোক্ [pòriʃebɔk/pòriʃebòk]

পরিষ্করণ (শোধন) পোরিশ্করোন্ [pòriʃkɔròn] **পরিষ্কার** পোরিশ্কার্ [pòriʃkar] **পরিষ্কৃত** পোরিশ্ক্রিতো [pòriʃkritò]

পরিসংখ্যান (statistics) পোরিশংখান্ [pòri-ʃɔŋkhan]

পরিসমাপ্তি (অবসান, সমাপ্তি) পোরিশমাপ্তি [pòriʃɔmapti]

পরিসর (বিস্তার, সীমা) পোরিশর্ [pòriʃɔr]

পরিসীমা (সীমা ; perimeter) পোরিশিমা [pòriʃima]

পরিস্থিতি (অবস্থা) পোরিস্থিতি [pòristhiti]

পরিস্ফুট (বিকশিত ; স্পষ্ট) পোরিশ্ফুটো [pòriʃphuṭò]

পরিস্রাবণ (ক্ষরণ) পোরিস্স্রাবোন্ [pòrissrabòn]

পরিস্রুতি (ক্ষরণ) পোরিস্স্রুতি [pòrissruti] **পরিস্রুত** পোরিস্স্রুতো [pòrissrutò]

পরিহরণ (ত্যাগ, বর্জন) পোরিহরোন্ [pòriɦɔròn] **পরিহরণীয়** পোরিহরোনিয়ো [pòriɦɔròniò]

পরিহার (ত্যাগ) পোরিহার্ [pòriɦar] **পরিহার্য** (বর্জনীয়) পোরিহার্জো [pòriɦar(ɟ)ɟʒò]

পরিহাস (ঠাট্টা) পোরিহাশ্ [pòriɦaʃ]

পরিহিত (সজ্জিত) পোরিহিতো [pòriɦitò]

পরী (উপদেবী, fairy) পোরি [pòri]

পরীক্ষা (examination) পোরিক্খা [pòrikkha] **পরীক্ষক** (যে পরীক্ষা করে) পোরিক্খক্ [pòrikkhɔk] **পরীক্ষণ** পোরিক্খোন্/পোরিক্খন্ [pòrikkhòn/pòrikkhɔn] **পরীক্ষিত** পোরিক্খিতো [pòrikkhitò]

পরীক্ষাগার (গবেষণাগার, laboratory) পোরিক্‌খাগার্ [pòrikkhagar]
পরীক্ষাধীন (বিচার্য) পোরিক্‌খাধিন্ [pòrikkhadɦin]
পরীক্ষার্থী (যে পরীক্ষা দেয়, examinee) পোরিক্‌খার্‌থি [pòrikkhar(t)thi]
'পরীক্ষিৎ' পোরিক্‌খিৎ [pòrikkhit]
পরীক্ষিত পরীক্ষা দ্র
পরুষ (কর্কশ) পোরুশ্ [pòruʃ]
পরে (অন্যে ; পশ্চাতে) পরে [pɔre]
পরেশ (পরমেশ্বর) পরেশ্ [pɔreʃ] **পরেশনাথ** ~নাথ্ [~nat(h)]
পরেশান (শ্রান্ত) পরেশান্ [pɔreʃan]
পরোক্ষ (অপ্রত্যক্ষ, indirect) পরোক্‌খো [pɔrokkhò]
পরোটা পরটা দ্র
পরোপকার (পরের উপকার) পরোপোকার্ [pɔropòkar] **পরোপকারী** পরোপোকারি [pɔropòkari] **পরোপকারিতা** পরোপোকারিতা [pɔropòkarita]
পরোপজীবী (পরনির্ভর) পরোপোজিবি [pɔropòɟʒibi]
পরোয়া (ভয় ; তোয়াক্কা) পরোআ [pɔroa]
পরোয়ানা (আদেশপত্র) পরোআনা [pɔroana]
পর্কটি, পর্কটী (পাকুড় গাছ) পর্‌কোটি [pɔr(k)kòṭi]
পর্চা পরচা দ্র
পর্জন্য (মেঘ ; ইন্দ্র) পর্‌জোন্‌নো [pɔr(ɟ)ɟʒònnò]
পর্ণ (পাতা) পর্‌নো [pɔr(n)nò] **পর্ণকুটির** ~কুটির্ [~kuṭir]
পর্ণমোচী (শীতকালে যার পাতা ঝরে যায়, deciduous) পর্‌নোমোচি [pɔr(n)nòmocʃi]
পর্দা পরদা দ্র
পর্পট (পাঁপড়) পর্‌পোট্ [pɔr(p)pòṭ]
পর্ব (গ্রন্থি ; গ্রন্থের অধ্যায়) পর্‌বো [pɔr(b)bò]
পর্বত (বড় পাহাড়) পর্‌বোৎ [pɔr(b)bòt] **পর্বতপ্রমাণ** ~প্রোমান্ [~pròman]
পর্বাহ (উৎসবের দিন) পর্‌বাহো [pɔr(b)baɦò]
পর্যঙ্ক (পালঙ্ক ; অববাহিকা) পোর্‌জোংকো/পোর্‌জংকো/পর্‌জংকো [pòr(ɟ)ɟʒòŋkò/pòr(ɟ)ɟʒɔŋkò/pɔr(ɟ)ɟʒɔŋkò]
পর্যটন (ভ্রমণ) পোর্‌জোটোন্ [pòr(ɟ)ɟʒòṭòn] **পর্যটক** পোর্‌জোটক্ [pòr(ɟ)ɟʒòṭɔk]
পর্যন্ত (অবধি) পোর্‌জোন্‌তো [pòr(ɟ)ɟʒòntò]
পর্যবসান (সমাপ্তি) পোর্‌জোবোশান্/পোর্‌জোবশান্ [pòr(ɟ)ɟʒòbòʃan/pòr(ɟ)ɟʒòbɔʃan] **পর্যবসিত** (সমাপ্ত) পোর্‌জোবোশিতো [pòr(ɟ)ɟʒòbòʃitò]
পর্যবেক্ষণ (নিরীক্ষণ) পোর্‌জোবেক্‌খোন্/ পোর্‌জোবেক্‌খন্ [pòr(ɟ)ɟʒòbekkhòn/pòr(ɟ)ɟʒòbekkhɔn]
পর্যবেক্ষক (নিরীক্ষক) পোর্‌জোবেক্‌খক্/পোর্‌জোবেক্‌খোক্ [pòr(ɟ)ɟʒòbekkhɔk/pòr(ɟ)ɟʒòbekkhòk]
পর্যসন (দূরীকরণ) পোর্‌জশোন্/পোর্‌জোশন্ [pòr(ɟ)ɟʒɔʃòn/por(ɟ)ʒòʃɔn] **পর্যস্ত** পোর্‌জস্‌তো [pòr(ɟ)ɟʒɔstò]
পর্যাকুল (অত্যন্ত আকুল) পোর্‌জাকুল্ [pòr(ɟ)ɟʒakul]
পর্যাপ্ত (অনেক, প্রচুর ; যথেষ্ট) পোর্‌জাপ্‌তো/পর্‌জাপ্‌তো [pòr(ɟ)ɟʒaptò/pɔr(ɟ)ɟʒaptò]
পর্যায় (ক্রম, পালা) পোর্‌জায়্/পর্‌জায়্ [pòr(ɟ)ɟʒaĕ/pɔr(ɟ)ɟʒaĕ] **পর্যায়ক্রমে** (ক্রমান্বয়ে, পরপর) ~ক্রোমে/পোর্‌জায়োক্‌ক্রোমে [~kròme/pòr(ɟ)ɟʒaĕòkkròme]
পর্যাবৃত্ত (periodic) পোর্‌জাব্রিৎতো/পর্‌জাব্রিৎতো [pòr(ɟ)ɟʒa(b)brittò/pɔr(ɟ)ɟʒa(b)brittò]
পর্যালোচনা (সম্যক আলোচনা) পোর্‌জালোচোনা/পোর্‌জালোচনা [pòr(ɟ)ɟʒalocʃòna/pòr(ɟ)ɟʒalocʃɔna] **পর্যালোচিত** পোর্‌জালোচিতো [pòr(ɟ)ɟʒalocʃitò]
পর্যুদস্ত (পরাজিত) পোর্‌জুদস্‌তো [pòr(ɟ)ɟʒudɔstò]
পর্যুষিত (বাসি) পোর্‌জুশিতো [pòr(ɟ)ɟʒuʃitò]
পর্ষদ, পর্ষদ্ (পরিষদ, সভা) পোর্‌শদ্/পর্‌শদ্ [pòr(ʃ)ʃɔd/pɔr(ʃ)ʃɔd]
পল (চার তোলা ; ক্ষণকাল) পল্ [pɔːl]
পলক (নিমেষ) পলোক্ [pɔlòk] **পলকহীন** ~হিন্ [~ɦin]
পলকা (ভঙ্গুর) পল্‌কা [pɔlka]
পলতা (পটোল পাতা) পল্‌তা [pɔlta]

পলতে (প্রদীপের সলতে) পোল্‌তে [pòlte]
পলল (মাংস ; পলি) পলোল্‌ [pɔlòl]
পলস্তারা (সিমেন্ট বালি প্রভৃতির প্রলেপ) পলোস্‌তারা [pɔlòstara]
পলা (প্রবাল) পলা [pɔla]
পলাঙ্গ (শুশুক) পলাংগো [pɔlaŋgo]
পলাণ্ডু (পেঁয়াজ) পলান্‌ডু [pɔlandu]
পলাতক (পালিয়েছে এমন) পলাতক্‌/পলাতোক্‌ [pɔlatɔk/pɔlatòk] **পলাতকা** পলাতকা [pɔlatɔka]
পলান্ন (পোলাও) পলান্‌নো [pɔlannò]
পলায়ন (পালানো, চম্পট) পলায়োন্‌ [pɔlaĕòn] **পলায়মান** (পালাচ্ছে এমন) পলায়োমান্‌ [pɔlaĕòman] **পলায়িত** (পলাতক) পলাইতো [pɔlaitò]
পলাশ (কিংশুক ফুল) পলাশ্‌ [pɔlaʃ]
'পলাশী' পলাশি [pɔlaʃi]
পলি (alluvium) পোলি [pòli] **পলিমাটি** ~মাটি [~maṭi]
পলিত (পাকা, শ্বেত) পোলিতো [pòlitò] **পলিতকেশ** ~কেশ্‌ [~keʃ]
পলু (রেশমকীট) পোলু [pòlu]
পলুই (বাঁশের কাঠি দিয়ে তৈরি মাছ ধরার যন্ত্র) পোলুই্‌ [pòluĭ]
পলো (পলুই) পোলো [pòlo]
পল্টন (সৈন্যদল, ফৌজ) পল্‌টোন্‌ [pɔlṭòn]
পল্বল (ছোট জলাশয়, ডোবা) পল্‌লোল্‌ [pɔllòl]
পল্লব (পাতা, কচি পাতা) পল্‌লোব্‌ [pɔllòb] **পল্লবগ্রাহী** ~গ্রাহি [~grahi] **পল্লবিত** পল্‌লোবিতো [pɔllòbitò]
পল্লী, পল্লি (গ্রাম ; পাড়া) পোল্‌লি [pòlli] **পল্লীগীতি** (পল্লীর গান) ~গিতি [~giti] **পল্লীগ্রাম** ~গ্‌গ্রাম্‌ [~ggram] **পল্লীমঙ্গল** ~মোংগোল্‌ [~mòŋgòl]
পশতু (আফগানিস্তানের ভাষা) পোশ্‌তু [pòʃtu]
পশম (wool) পশোম্‌ [pɔʃòm] **পশমিনা** (পশমি কাপড়বিশেষ) পোশ্‌মিনা [pòʃmina] **পশমি** (পশমের তৈরি) পোশ্‌মি/পশোমি [pòʃmi/pɔʃòmi]

পশরা, পসরা (পণ্যদ্রব্য) পশোরা [pɔʃòra]
পশলা, পসলা (একবারের বর্ষণ) পশ্‌লা [pɔʃla]
পশার, পসার (খ্যাতি) পশার্‌ [pɔʃar] **পশারি, পসারি** পশারি [pɔʃari]
পশু (জন্তু, জানোয়ার) পোশু [pòʃu] **পশুত্ব** ~ৎতো [~ttò] **পশুধর্ম** ~ধরমো [~dhɔr(m)mò] **পশুপতি** (শিব) ~পোতি [~pòti] **পশুপালন** ~পালোন্‌ [~palòn] **পশুবধ** ~বধ্‌ [~bɔd(h)] **পশুরাজ** (সিংহ) ~রাজ্‌ [~raɟʒ] **পশুশালা** ~শালা [~ʃala]
পশ্চাৎ (পিছন্‌) পশ্‌চাৎ [pɔʃcʃat] **পশ্চাৎপদ** (নিবৃত্ত, হটে গেছে এমন) ~পদো/~পদ্‌ [~pɔdò/~pɔd] **পশ্চাদ্‌গামী** (পিছনে যাচ্ছে এমন) পশ্‌চাদ্‌গামি [pɔʃcʃadgami] **পশ্চাদপসরণ** (পিছু হটা) পশ্‌চাদপোশরোন্‌ [pɔʃcʃadɔpòʃɔròn] **পশ্চাদ্ধাবন** পশ্‌চাদ্‌ধাবোন্‌ [pɔʃcʃaddhabòn] **পশ্চাদ্‌ভূমি** (পিছনের জায়গা ; পটভূমি) পশ্‌চাদ্‌ভুমি [pɔʃcʃadbhumi]
পশ্চিম (প্রতীচী, west) পোশ্‌চিম্‌ [pòʃcʃim] **পশ্চিমা** (পশ্চিম-দেশীয়) পোশ্‌চিমা [pòʃcʃima]
পশ্বাচার (পশুর মতো আচরণ) পশ্‌শাচার্‌ [pɔʃʃacʃar]
পষ্ট (স্পষ্ট) পষ্‌টো [pɔʃṭò]
পষ্টাপষ্টি (খোলাখুলি) পষ্‌টা পোষ্‌টি [pɔʃṭa pòʃṭi]
পসরা পশরা দ্র
পসলা পশলা দ্র
পসার পশার দ্র
পসারি পশার দ্র
পস্তানো (আপশোস করা) পস্‌তানো [pɔstano]
পয়লা (১লা ; প্রথম) পয়্‌লা [pɔĕla]
পা (চরণ) পা [pa:]
পাই (সিকিভাগ) পাই্‌ [paĭ]
পাইক (পেয়াদা) পাইক্‌ [paik]
পাইকা (ছাপার অক্ষরবিশেষ) পাই্‌কা [paĭka]
পাইকার (যে ব্যবসায়ী একসঙ্গে অনেক জিনিস কেনাবেচা করে, wholesaler) পাই্‌কার্‌ [paĭkar] **পাইকের** পাই্‌কের্‌ [paĭker] **পাইকারি** পাই্‌কারি [paĭkari]
পাইখানা (latrine) পাই্‌খানা [paĭkhana]

'পাইন' (পদবিবিশেষ) পাইন্ [pain]
পাইপ (নল) পাইপ্ [paip]
পাউডার (powder) পাউ্ডার্ [paŭḍar]
পাউরুটি (ফাঁপা রুটিবিশেষ) পাউ্রুটি/পাঁউ্রুটি [paŭruṭi/pāŭruṭi]
পাওনা (প্রাপ্য) পাও্না [paŏna] **পাওনাগণ্ডা** (প্রাপ্য টাকা) ~গন্ডা [~gɔnḍa] **পাওনাদার** ~দার্ [~dar]
পাওয়া (প্রাপ্ত হওয়া, লাভ বা অর্জন করা) পাও্আ [paŏa]
পাংশু (ফেকাসে, পাঁশুটে) পাংশু [paŋʃu] **পাংশুবর্ণ** ~বর্নো [~bɔr(n)nò]
পাঁউরুটি পাউরুটি দ্র
পাঁক (কাদা) পাঁক্ [pā:k]
পাঁকাল (মাছবিশেষ) পাঁকাল্ [pākal]
পাঁকুই (আঙুলের হাজা) পাঁকুই্ [pākuĭ]
পাঁচ (৫ সংখ্যা) পাঁচ্ [pā:cʃ] **পাঁচই** পাঁচোই্ [pācʃoĭ]
পাঁচফোড়ন (মশলাবিশেষ) ~ফোড়োন্ [~phoṛòn]
পাঁচমিশেলি (মিশ্রিত) ~মিশেলি [~miʃeli]
পাঁচসালা (পাঁচ বছরের) ~শালা [~ʃala]
পাঁচড়া (খোস, চর্মরোগবিশেষ) পাঁচ্ড়া [pācʃṛa]
পাঁচন (ভেষজ ; ওষুধ) পাঁচোন্ [pācʃòn]
পাঁচনবাড়ি পাচনবাড়ি দ্র
পাঁচালি, পাঁচালী (গীতিকাব্য বা গীতবিশেষ) পাঁচালি [pācʃali]
পাঁচিল (প্রাচীর) পাঁচিল্ [pācʃil]
পাঁজর (বুকের হাড়) পাঁজোর্ [pāɟʒòr]
পাঁজরা (বুকের হাড়) পাঁজ্রা [pāɟʒra]
পাঁজা (স্তূপ) পাঁজা [pāɟʒa]
পাঁজাকোলা (দুই হাতে কোলের কাছে তোলা হয়েছে এমন) পাঁজাকোলা [pāɟʒakola]
পাঁজি (পঞ্জিকা) পাঁজি [pāɟʒi] **পাঁজিপুঁথি** ~পুঁথি [~pūthi]
পাঁঠা (ছাগ, পুরুষ ছাগ) পাঁঠা [pāṭha] **পাঁঠী** পাঁঠি [pāṭhi]
পাঁড় (অত্যন্ত,সম্পূর্ণ) পাঁড়্ [pā:ṛ]
'পাঁড়ে' (পদবিবিশেষ) পাঁড়ে [pāṛe]
পাঁতি (পঙ্‌ক্তি, সারি) পাঁতি [pāti]
পাঁদাড় (আস্তাকুঁড়) পাঁদাড়্ [pādaṛ]
পাঁপড় (ডালবাটা দিয়ে তৈরি পাতলা রুটি-বিশেষ) পাঁপোড়্ [pāpòṛ]
পাঁয়তারা (আস্ফালন) পাঁয়্তারা [pāĕtara]
পাঁশ (ছাই) পাঁশ্ [pā:ʃ]
'পাঁশকুড়া' পাঁশ্কুড়া [pāʃkuṛa]
পাঁশুটে (ফেকাশে) পাঁশুটে [pāʃuṭe]
পাক¹ (মোচড়) পাক্ [pa:k] **পাকদণ্ডী** (সর্পিল পাহাড়ি পথ) ~দোন্ডি [~dònḍi] **পাকেচক্রে** (কলে-কৌশলে) পাকেচক্ক্রে [pakecʃɔkkre] **পাকেপ্রকারে** (কলে-কৌশলে) পাকেপ্প্রোকারে [pakeppròkare]
পাক² (রান্না ; হজম) পাক্ [pa:k] **পাকঘর** ~ঘর্/পাগ্ঘর্ [~gɦɔr/paggɦɔr] **পাকশালা** ~শালা [~ʃala] **পাকস্থলী** (stomach) পাকোস্থোলি [pakòsthòli] **পাকস্পর্শ** (বউভাত) ~স্পর্‌শো/পাকোস্পর্‌শো [~spɔr(ʃ)ʃò/pakòspɔr(ʃ)ʃò]
পাকসাট, পাখসাট (ডানার ঝাপট) পাক্শাট্ [pak(h)ʃaṭ]
পাকা (পরিণত ; পরিপক্ব) পাকা [paka] **পাকাপাকি** (স্থিরীকৃত) ~পাকি [~paki] **পাকাপোক্ত** (দৃঢ় ; মজবুত) ~পোক্তো [~poktò] **পাকামি** ~মি [~mi]
পাকাশয় (পাকস্থলী) পাকাশয়্ [pakaʃɔĕ]
'পাকিস্তান' পাকিস্তান্ [pakistan] **পাকিস্তানি** (পাকিস্তান-সম্বন্ধীয়) পাকিস্তানি [pakistani]
পাকুড় (গাছবিশেষ) পাকুড়্ [pakuṛ]
পাকেচক্রে, পাকেপ্রকারে পাক¹ দ্র
পাক্কা (পাকা) পাক্কা [pakka]
পাক্ষিক (পক্ষ সম্বন্ধীয়) পাক্খিক্ [pakkhik]
পাখনা (ডানা) পাখ্না [pak(h)na]
পাখসাট পাকসাট দ্র
পাখা (ডানা ; ব্যজনী, fan) পাখা [pakha]
পাখি (পক্ষী) পাখি [pakhi]
পাখোয়াজ (মৃদঙ্গ) পাখোআজ্ [pakhoaɟʒ]
পাগড়ি (মাথায় জড়াবার কাপড়) পাগ্ড়ি [pagṛi]
পাগল (উন্মাদ) পাগোল্ [pagòl] **পাগলী** পাগ্লি [pagli] **পাগলামি** পাগ্লামি [paglami] **পাগলাটে** (ছিটগ্রস্ত, খ্যাপাটে) পাগ্লাটে [paglaṭe]
পাঙাশ, পাঙ্গাশ (মাছবিশেষ) পাঙাশ্ [paŋaʃ]

পাচক (যে রান্না করে ; হজমি) পাচোক্ [pacʃòk] **পাচকরস** (gastric juice) ~রশ্ [~rɔʃ] **পাচিকা** পাচিকা [pacʃika]

পাচন (হজমি) পাচোন্ [pacʃòn] **পাচন যন্ত্র** (digestive organ) ~জন্ত্রো [~ɟʒɔntrò]

পাচনবাড়ি (গোরু তাড়াবার লাঠি) পাচোন্‌বাড়ি [pacʃònbaṛi]

পাচনি (ছোট লাঠি) পাচোনি [pacʃòni]

পাচার (গোপনে সরিয়ে ফেলা) পাচার্ [pacʃar]

পাচিত (রান্না হয়েছে এমন) পাচিতো [pacʃitò]

পাচ্য (হজমের বা রান্নার যোগ্য) পাচ্‌চো [paccʃò]

পাছ (পিছন) পাছ [pa:cʃ(h)] **পাছদুয়ার** ~দুআর্ [~duar] **পাছে** পাছে [pacʃhe]

পাছড়া (চাদরবিশেষ) পাছ্‌ড়া [pacʃ(h)ṛa]

পাছড়ানো (আছাড় দেওয়া) পাছ্‌ড়ানো [pacʃ(h)ṛano]

পাছা (নিতম্ব) পাছা [pacʃha] **পাছাপেড়ে** (পাছার উপর পাড় পড়ে এমন শাড়ি) ~পেড়ে [~peṛe]

পাছাড় (আছাড়) পাছাড়্ [pacʃhaṛ]

পাছে (lest) পাছে [pacʃhe]

পাজি (গালিবিশেষ ; বদমাশ) পাজি [paɟʒi]

'পাঞ্চজন্য' (কৃষ্ণের শঙ্খ) পান্‌চোজোন্‌নো [pancʃòɟʒònnò]

পাঞ্চবার্ষিক (পাঁচ বছর স্থায়ী) পান্‌চোবার্‌শিক্ [pancʃòbar(ʃ)ʃik]

পাঞ্চভৌতিক (পঞ্চভূত-সম্বন্ধীয়) পান্‌চোভৌতিক্ [pancʃòbɦoŭtik]

'পাঞ্চাল' পান্‌চাল্ [pancʃal]

'পাঞ্চালী' (দ্রৌপদী) পান্‌চালি [pancʃali]

পাঞ্জা (আঙুল সমেত করতল) পান্‌জা [panɟʒa]

'পাঞ্জাব', 'পঞ্জাব' (Punjab) পান্‌জাব্ [panɟʒab]

পাঞ্জাবি (জামাবিশেষ ; পাঞ্জাবের অধিবাসী) পান্‌জাবি [panɟʒabi]

পাট (jute; ভাঁজ) পাট্ [pa:ṭ]

পাটকিলে (ইটরঙা) পাট্‌কিলে [paṭkile]

পাটকেল (ঢিল) পাট্‌কেল্ [paṭkel]

'পাটনা' পাট্‌না [paṭna] **পাটনাই** (পাটনার) পাট্‌নাই [paṭnaĭ]

পাটনি (মাঝি) পাট্‌নি [paṭni]

পাটরানী (প্রধান রানী) পাট্‌রানি [paṭrani]

পাটল (পাটকিলে) পাটোল্ [paṭòl]

'পাটলিপুত্র' পাটোলিপুৎত্রো [paṭòliputtrò]

পাটা (তক্তা, ফলক) পাটা [paṭa] **পাটাতন** (তক্তা দিয়ে তৈরি মেঝে) ~তোন্ [~tòn]

পাটি (মাদুরবিশেষ ; পঙ্‌ক্তি) পাটি [paṭi]

পাটিগণিত, পাটীগণিত (অঙ্ক বা সংখ্যা দ্বারা গণনা-সংক্রান্ত গণিত) পাটিগোনিৎ [paṭigònit]

পাটিসাপটা (পিঠাবিশেষ) পাটিশাপ্‌টা [paṭiʃapṭa]

পাটেশ্বরী (পাটরানী) পাটেশ্‌শোরি [paṭeʃʃòri]

পাটোয়ারি, পাটোয়ারী (এক শ্রেণীর ব্যবসায়ী ; কর্মচারীবিশেষ ; পদবিবিশেষ) পাটোআরি [paṭoari]

পাট্টা (জমি কেনা-বেচার দলিল) পাট্‌টা [paṭṭa]

পাঠ (অধ্যয়ন) পাঠ্ [pa:ṭ(h)] **পাঠক** পাঠোক্ [paṭhòk] **পাঠগ্রহণ** পাঠোগ্‌গ্রোহোন্ /~গ্রোহোন্ [paṭhòggròɦòn/~gròɦòn] **পাঠশালা** (ছোট স্কুল, প্রাথমিক বাংলা স্কুল) ~শালা [~ʃala]

পাঠান (জাতিবিশেষ) পাঠান্ [paṭhan]

পাঠানো (প্রেরণ করা) পাঠানো [paṭhano]

পাঠান্তর (ভিন্ন পাঠ ; মুদ্রিত অংশের ভিন্ন রূপ) পাঠান্‌তর্ [paṭhantɔr]

পাঠাভ্যাস (পড়া ; পাঠের চর্চা) পাঠাব্‌ভ্যাশ্ [paṭhabbɦæʃ]

পাঠিকা (পাঠকারিণী) পাঠিকা [paṭhika]

পাঠ্য (অধীতব্য ; পঠনীয়) পাট্‌ঠো [paṭṭhò] **পাঠ্যক্রম** ~ক্‌ক্রোম্ [~kkròm] **পাঠ্যতালিকা** ~তালিকা [~talika] **পাঠ্যসূচি** ~শুচি [~ʃucʃi]

পাঠ্যাবস্থা (ছাত্রজীবন) পাট্‌ঠাবস্‌থা [paṭṭhabɔstha]

পাড় (তট, তীর) পাড়্ [pa:ṛ]

পাড়া (পল্লী) পাড়া [paṛa] **পাড়াগাঁ** ~গাঁ [~gã] **পাড়াগেঁয়ে** ~গেঁএঁ/~গেঁয়েঁ [~gẽ(ẽ)ẽ] **পাড়াপড়শি** ~পোড়্‌শি [~pòṛʃi]

পাড়ি (পার হওয়া) পাড়ি [paṛi]

পাণি (হাত) পানি [pani] **পাণিগ্রহণ** (বিবাহ) ~গ্‌গ্রোহোন্ [~ggròɦòn] **পাণিপীড়ন** (বিবাহ) ~পিড়োন্/~পিড়ন্ [~piṛòn/~piṛɔn]

'পাণিনি' পানিনি [panini]

পাণ্ডব (পাণ্ডুর পুত্র) পান্‌ডব্/পান্‌ডোব্ [panḍɔb/

pandòb] **পাণ্ডব-বর্জিত** ~বোর্জিতো [~bòr(ɟ)ɟʒitò]
পাণ্ডা (নায়ক ; পুজারি ব্রাহ্মণ ; জন্তু-বিশেষ) পান্ডা [panḍa]
পাণ্ডিত্য (বিদ্যাবত্তা, জ্ঞান) পান্ডিৎতো [panḍittò]
'পাণ্ডু' (পৌরাণিক রাজাবিশেষ) পান্ডু [panḍu]
'পাণ্ডুয়া' পান্ডুআ [panḍua]
পাণ্ডুর (ফেকাসে) পান্ডুর্ [panḍur]
পাণ্ডুলিপি (manuscript) পান্ডুলিপি [panḍulipi]
পাণ্ডে (ব্রাহ্মণের উপাধিবিশেষ) পান্ডে [panḍe]
'পাণ্ড্য' (দক্ষিণ ভারতের দেশ, জাতি) পান্ডো [panḍò]
পাত (পতন ; পাতা ; ধাতুর পাতলা চাদর) পাৎ [pa:t]
পাতক (পাপ) পাতোক্ [patòk]
পাতকী (পাপী) পাতোকি [patòki]
পাতকুয়ো (ছোট কুয়ো) পাৎকুও [patkuo]
পাতঞ্জল (পতঞ্জলিকৃত) পাতোন্জল্/পাতোন্জোল্ [patònɟʒɔl/patònɟʒòl]
পাততাড়ি (পাতার আঁটি ; দোকানপত্র) পাৎতাড়ি [pattaṛi]
পাতন (distillation) পাতোন্ [patòn]
পাতলা (তরল ; সরু ; হালকা) পাৎলা [patla]
পাতলুন (পাজামা) পাৎলুন্ [patlun]
পাতা (গাছের বা বইয়ের পাতা ; বিছানো) পাতা [pata]
পাতাকুড়ুনী (যে নারী অন্যের উচ্ছিষ্ট খেয়ে বাঁচে) পাতাকুড়ুনি [patakuṛuni]
পাতানো (বিছানো ; কৃত্রিম) পাতানো [patano]
পাতাবাহার (বাহারি পাতাওয়ালা গাছবিশেষ) পাতাবাহার্ [patabaɦar]
পাতাল (সর্বনিম্নস্থ ভুবন) পাতাল্ [patal]
পাতি (সারি) পাতি [pati]
পাতিত (নিচে ফেলা হয়েছে এমন) পাতিতো [patitò]
পাতিব্রত্য (পতিপরায়ণতা) পাতিব্ব্রোৎতো [patibbròttò]
পাতিল (ছোট হাঁড়ি) পাতিল্ [patil]
পাতিলেবু (লেবু-বিশেষ) পাতিলেবু [patilebu]
পাতিশিয়াল (fox) পাতিশিয়াল্ [patiʃial]
পাতিহাঁস (duck) পাতিহাঁশ্ [patiɦãʃ]
পাত্তা (খোঁজ ; সংবাদ) পাৎতা [patta]
পাত্র (আধার ; বিয়ের বর) পাৎত্রো [pattrò]
পাত্রস্থ ~স্থো [~sthò] **পাত্রী** পাৎত্রি [pattri]
পাথর (প্রস্তর, শিলা) পাথোর্ [pathòr] **পাথরকুচি** ~কুচি [~kucʃi]
পাথরি (মূত্রাশয়ের রোগবিশেষ) পাথোরি [pathòri]
পাথার (সমুদ্র) পাথার্ [pathar]
পাথুরে (পাথরে তৈরি ; প্রস্তরময়) পাথুরে [pathure]
পাথেয় (পথের খরচ) পাথেও/পাথেয়ো [patheò]
পাদগ্রহণ (চরণ-বন্দনা) পাদোগ্গ্রোহোন্ [padòggròɦòn]
পাদটীকা (footnote) পাদোটিকা [padòṭika]
পাদদেশ (নিম্নদেশ) পাদোদেশ্ [padòdeʃ]
পাদপ (গাছ) পাদোপ্ [padòp]
পাদপদ্ম (পদ্মের মতো সুন্দর পা) পাদোপদ্দোঁ/পাদ্পদ্দো [padòpɔddõ/padpɔddò]
পাদপীঠ (পা রাখার স্থান) পাদোপিঠ্ [padòpiṭ(h)]
পাদপূরণ (শ্লোকের অসম্পূর্ণ অংশ পূর্ণ করা) পাদোপুরোন্ [padòpuròn]
পাদমূল (গোড়ালি) পাদোমুল্ [padòmul]
পাদরি, পাদ্রি (খ্রিস্টান যাজক) পাদ্রি [pa(d)dri]
পাদানি (footboard) পাদানি [padani]
পাদুকা (জুতো) পাদুকা [paduka]
পাদোদক (পা-ধোয়া জল) পাদোদক্ [padodɔk]
পাদ্য (পা ধোয়ার জল) পাদ্দো [paddò]
পান (তম্বুল ; তরল পদার্থ গলাধঃকরণ) পান্ [pa:n]
পানকৌড়ি (জলচর পাখিবিশেষ) পান্কৌড়ি [pankoŭṛi]
পানতা, পান্তা (বাসি ভিজে ভাত) পান্তা [panta]
পানতুয়া, পান্তুয়া (ছানার তৈরি ভাজা মিঠাইবিশেষ) পান্তুআ [pantua]

পানসি (দ্রুতগামী ছোট নৌকো) পান্‌শি [panʃi]
পানসে (জলো স্বাদবিশিষ্ট ; জলো) পান্‌শে [panʃe]
পানা (শরবত ; জলজ উদ্ভিদবিশেষ) পানা [pana]
পানাসক্ত (মদ্যপ) পানাশক্‌তো [panaʃɔktò]
পানাসক্তি (সুরাপানে আসক্তি) পানাশোক্‌তি [panaʃòkti]
পানি (জল) পানি [pani] **পানিফল** (জলজ ফলবিশেষ) ~ফল্ [~phɔl] **পানিপাঁড়ে** (জল-বিতরণকারী ব্রাহ্মণবিশেষ) ~পাঁড়ে [~pãṛe] **পানিবসন্ত** (জলবসন্ত রোগ) ~বশোন্‌তো [~bɔʃòntò]
পানীয় (পানযোগ্য) পানিয়ো [paniò]
পান্তা পানতা দ্র
পান্তুয়া পানতুয়া দ্র
পান্থ (পথিক) পান্‌থো [panthò] **পান্থনিবাস** (পথিকের বিশ্রামের স্থান) ~নিবাশ্ [~nibaʃ] **পান্থশালা** ~শালা [~ʃala]
পান্থপাদপ (বৃক্ষবিশেষ) পান্‌থোপাদোপ্ [panthòpadòp]
পান্না (মরকত) পান্‌না [panna]
পাপ (অপরাধ, অধর্ম) পাপ্ [pa:p] **পাপক্ষালন** (পাপ-মুক্তি) পাপোক্‌খালোন্ [papòkkhalòn] **পাপঘ্ন** (পাপ দূরকারী) পাপোঘ্‌নো [papòg(ɦ)nò] **পাপবুদ্ধি** (দুর্মতি) পাপোবুদ্‌ধি [papòbuddɦi]
পাপড়ি (ফুলের দল) পাপ্‌ড়ি [papṛi]
পাপাচার (পাপকর্ম) পাপাচার্ [papacʃar]
পাপাত্মা (ঘোর পাপী) পাপাৎতাঁ/পাপাঁৎতা [papattã/papãtta]
পাপাশয় (অত্যন্ত পাপী) পাপাশয়্ [papaʃɔĕ]
পাপিয়া (পাখিবিশেষ) পাপিয়া [papia]
পাপোশ (পায়ের তলা মোছার আস্তরণ, doormat) পাপোশ্ [papoʃ]
পাবক (আগুন) পাবোক্ [pabòk]
পাবদা (মাছবিশেষ) পাব্‌দা [pabda]
পাবন (পরিত্রাতা) পাবোন্ [pabòn]
'পাবনা' পাব্‌না [pabna]
পাবনি (পবননন্দন) পাবোনি [pabòni]
পামর (নীচ ; নরাধম) পামোর্/পামর্ [pamòr/pamɔr]
পায়খানা (latrine) পায়্‌খানা [paĕkhana]
পায়তারা পাঁয়তারা দ্র
পায়রা (কবুতর, কপোত) পায়্‌রা [paĕra]
পায়স (মিষ্টান্নবিশেষ) পায়োশ্ [paĕòʃ] **পায়েস** পাএশ্ [pa(ĕ)eʃ]
পায়া (টেবিল চেয়ার ইত্যাদির পা) পায়া [paĕa]
পায়াভারি (গুমর) পায়াভারি [paĕabɦari]
পায়ু (মলদ্বার) পায়ু [paĕu]
পায়েস পায়স দ্র
পার (তীর ; কূল ; সীমা) পার্ [pa:r] **পারঙ্গম** (সমর্থ) পারোংগম্/পারংগম্ [paròŋgɔm/parɔŋgɔm] **পারঘাট** (খেয়াঘাট) ~ঘাট্ [~ɡɦaṭ]
পারক (পটু) পারোক্ [paròk]
পারক্য (সামর্থ্য ; পরলোকসম্বন্ধীয়) পারোক্‌কো [paròkkò]
পারণ (উপবাস-ভঙ্গ) পারোন্ [paròn]
পারতপক্ষে (সম্ভব হলে) পারোতোপোক্‌খে/ পারোৎপোক্‌খে [paròtòpòkkhe/paròtpòkkhe]
পারত্রিক (পারলৌকিক) পারোৎত্রিক্ [paròttrik]
পারদ (mercury) পারোদ্ [paròd]
পারদর্শী (দক্ষ) পারোদোর্‌শি [paròdòr(ʃ)ʃi] **পারদর্শিতা** (দক্ষতা) ~তা [~ta]
পারমাণবিক (atomic) পারোমানোবিক্ [paròmanòbik]
পারমার্থিক (পরমার্থ-সংক্রান্ত) পারোমার্‌থিক্ [paròmar(t)thik]
পারম্পর্য (অনুক্রম) পারোম্‌পোর্‌জো [paròmpòr(ɟ)ɟʒò]
পারলৌকিক (পরলোক-সম্বন্ধীয়) পারোলৌকিক্ [paròloŭkik]
পারশে (মাছবিশেষ) পার্‌শে [parʃe]
পারসি, পারসী (পারস্যের ভাষা বা জাতি, ফারসি) পার্‌শি [parʃi]
পারস্পরিক (পরস্পরের) পারোশ্‌পোরিক্ [paròʃpòrik]
'পারস্য' পারোশ্‌শো [paròʃʃò]
পারা (পারদ ;সদৃশ, তুল্য ; সমর্থ হওয়া) পারা [para]
পারানি (খেয়ার মাশুল) পারানি [parani]

পারাপার (এক পার থেকে অন্য পারে যাওয়া) পারাপার্ [parapar]
পারাবত (পায়রা) পারাবৎ [parabɔt]
পারাবার (সমুদ্র) পারাবার্ [parabar]
পারায়ণ (সমাপ্তি, শেষ) পারায়োন্ [paraĕòn]
পারিজাত (স্বর্গীয় গাছ ও তার ফুল) পারিজাৎ [pariɟʒat]
পারিতোষিক (পুরস্কার) পারিতোশিক্ [paritoʃik]
পারিপাট্য (পরিচ্ছন্নতা) পারিপাট্টো [paripaṭṭò]
পারিপার্শ্বিক (চারদিকস্থ) পারিপার্শিক্ [paripar(ʃ)ʃik]
পারিভাষিক (পরিভাষা-সম্বন্ধীয়) পারিভাশিক্ [paribɦaʃik]
পারিশ্রমিক (মজুরি) পারিস্স্রোমিক্ [parissròmik]
পারিষদ (সভাসদ ; পার্শ্বচর) পারিশদ্ [pariʃɔd]
পারুল (সুগন্ধি ফুলবিশেষ) পারুল্ [parul]
পারুষ্য (কর্কশতা) পারুশ্শো [paruʃʃò]
'পার্থ' (অর্জুন) পার্থো [par(t)thò]
পার্থক্য (তফাত) পার্থোক্কো [par(t)thòkkò]
পার্থব (স্থূলতা) পার্থবো/পার্থোবো [par(t)thɔbò/par(t)thòbò]
পার্থিব (জাগতিক) পার্থিবো [par(t)thibò]
পার্বণ (উৎসব) পার্বোন্ [par(b)bòn] **পার্বণী** (পার্বণ উপলক্ষ্যে প্রদত্ত পারিতোষিক) পার্বোনি [par(b)bòni]
'পার্বতী' পার্বোতি [par(b)bòti]
পার্বত্য (পর্বতময়, পাহাড়ি) পার্বোৎতো [par(b)bòttò]
পার্শ্ব (পাশ) পার্শো [par(ʃ)ʃò] **পার্শ্বচর** (অনুচর) ~চর্ [~cʃɔr] **পার্শ্ববর্তী** (পাশের) ~বোর্তি [~bòr(t)ti] **পার্শ্বস্থ** ~স্থো [~sthò]
পার্ষদ (সভাসদ) পার্শদ্ [par(ʃ)ʃɔd]
পাল (দল ; নৌকার কাপড়ের পরদা) পাল্ [pa:l]
পালক[১] (রক্ষাকর্তা) পালোক্ [palòk]
পালক[২] (পাখির ডানা) পালোক্ [palòk]
পালকি (শিবিকা, palanquin) পাল্কি [palki]
পালঙ, পালং (শাকবিশেষ) পালোং [palòŋ]
পালঙ্ক (খাট, পর্যঙ্ক) পালোংকো [palòŋkò]
পালট (পরিবর্তন, বদল) পালোট্ [palòṭ]
পালটা (উলটো, বিপরীত) পাল্টা [palṭa]
পালন (রক্ষণ ; ভরণ-পোষণ) পালোন্ [palòn] **পালনীয়** (পালন করতে হবে এমন) পালোনিয়ো [palòniò]
পালপার্বন (উৎসব-অনুষ্ঠান) পাল্পার্বোন্ [pal-par(b)bòn]
পালয়িতা (পালনকারী) পালোইতা [palòita]
পাললিক (পলিজাত) পালোলিক্ [palòlik]
পালা (পর্যায় ; পালন করা) পালা [pala]
পালান (ভারবাহী পশুর পিঠের গদি ; গোরুর স্তন) পালান্ [palan]
পালানো (পালিয়ে যাওয়া) পালানো [palano] **পালায়** পালায় [palaĕ] **পালাচ্ছে** পালাচ্ছে [palaccʃhe] **পালাবে** পালাবে [palabe]
পালি (প্রাচীন ভারতীয় ভাষাবিশেষ ; পঙ্ক্তি ; রাশি, দল) পালি [pali]
পালিত (পোষা) পালিতো [palitò]
পালিত্য (চুলের পক্বতা) পালিৎতো [palittò]
পালিশ (মসৃণতা, ঔজ্জ্বল্য) পালিশ্ [paliʃ]
পালোয়ান (বলবান ; মল্ল) পালোআন্ [paloan]
পাল্কি (শিবিকা) পাল্কি [palki]
পাল্য (পালনীয়) পাল্লো [pallò]
পাল্লা (পরদা, স্তর ; প্রতিযোগিতা ; বাটখারা) পাল্লা [palla]
পাশ (যুদ্ধাস্ত্র ; পার্শ্ব ; জাল) পাশ্ [pa:ʃ]
পাশক (অক্ষ, পাশা) পাশোক্ [paʃòk]
পাশব (পশুবৎ) পাশোব্/পাশব্ [paʃòb/paʃɔb] **পাশবতা** পাশোবতা/পাশবোতা [paʃòbɔta/paʃɔbòta]
পাশবিক (পশুবৎ) পাশোবিক্ [paʃòbik]
পাশা (অক্ষক্রীড়া ; কানের গহনাবিশেষ) পাশা [paʃa]
'পাশা' (তুরস্কের শাসকের উপাধি) পাশা [paʃa]
পাশাপাশি (কাছাকাছি অবস্থিত) পাশাপাশি [paʃa-paʃi]
পাশুপত (শিবের ব্যবহৃত অস্ত্র ; শিব সম্বন্ধীয়) পাশুপৎ [paʃupɔt]
পাশ্চাত্য, পাশ্চাত্ত্য (পশ্চিমের দেশ ; পশ্চিম দেশীয়) পাশ্চাৎতো [paʃcʃattò]

পাষণ্ড (পাপিষ্ঠ) পাশন্ডো/পাশোন্ডো [paʃɔndò/paʃòndò]
পাষাণ (পাথর) পাশান্ [paʃan] **পাষাণী** পাশানি [paʃani]
পাস (পরীক্ষায় সাফল্য, pass) পাশ্ [pa:ʃ]
পাহাড় (ছোট পর্বত) পাহাড়্ [paɦaṛ] **পাহাড়তলি** (উপত্যকা) ~তোলি [~tòli] **পাহাড়ি** পাহাড়ি [paɦaṛi]
পাহারা (প্রহরা, চৌকি) পাহারা [paɦara] **পাহারাওয়ালা** ~ওআলা [~oala]
পাহুন (অতিথি ; নিষ্ঠুর) পাহুন্ [paɦun]
পিঁচুটি, পিচুটি (চোখের ক্লেদ) পিঁচুটি/পিচুটি [pĩcʃuṭi/picʃuṭi]
পিঁজরা (খাঁচা) পিঁজ্‌রা [pĩɟʒra] **পিঁজরাপোল** (বৃদ্ধ ও অসুস্থ পশু রাখার জায়গা) ~পোল্ [~pol]
পিঁড়া (ঘরের দাওয়া) পিঁড়া [pĩṛa]
পিঁড়ি (কাঠের আসনবিশেষ) পিঁড়ি [pĩṛi]
পিঁপড়া (পিপীলিকা, ant) পিঁপ্‌ড়া [pĩpṛa] **পিঁপড়ে** পিঁপ্‌ড়ে [pĩpṛe]
পিঁপুল (গাছবিশেষ) পিঁপুল্ [pĩpul]
পিঁয়াজ (পলাণ্ডু, onion) পিঁয়াজ্ [pĩaɟʒ] **পিঁয়াজি** (পিয়াঁজের বড়া) পিঁয়াজি [pĩaɟʒi]
পিক¹ (কোকিল) পিকো [pikò]
পিক² (চিবানো পানের রস) পিক্ [pi:k] **পিকদান** (পিক ফেলার পাত্র) পিক্‌দান্/পিকোদান্ [~dan/pikòdan] **পিকদানি** (পিকদান) পিক্‌দানি [pikdani]
পিকনিক (বনভোজন) পিক্‌নিক্ [piknik]
পিঙ্গল (পীত আভাযুক্ত) পিংগল্/পিংগোল্ [piŋgɔl/piŋgòl]
পিচ (পানের পিক ; আলকাতরা থেকে তৈরি কালো পদার্থ) পিচ্ [pi:cʃ]
পিচকারি (syringe) পিচ্‌কারি [picʃkari]
পিচবোর্ড (মোটা কাগজবিশেষ) পিচ্‌বোর্‌ড্/পিজ্‌বোর্‌ড্ [picʃborḍ/piɟʒborḍ]
পিচুটি পিঁচুটি দ্র
পিচ্ছিল (পিছল) পিচ্‌ছিল্ [piccʃhil]
পিছন (পশ্চাৎ) পিছোন্/পিছন্ [picʃhòn/picʃhɔn] **পিছনো** (পিছন দিকে যাওয়া) পিছোনো [picʃhòno]
পিছপা (পশ্চাৎপদ) পিছ্‌পা [picʃ(h)pa]
পিছমোড়া (দুই হাত পিঠের কাছে আনা) পিছ্‌মোড়া [picʃ(h)moṛa]
পিছল (পা হড়কে যায় এমন মসৃণ) পিছোল্ [picʃhòl] **পিছলানো** পিছ্‌লানো [picʃ(h)lano]
পিছা (ঝাঁটা) পিছা [picʃha]
পিছানো (পিছনে যাওয়া) পিছানো [picʃhano]
পিছু (পিছন, পিছনে) পিছু [picʃhu]
পিজবোর্ড (পিচবোর্ড) পিজ্‌বোর্‌ড্ [piɟʒborḍ]
পিঞ্জর (খাঁচা) পিন্‌জর্ [pinɟʒɔr]
পিটন (প্রহার) পিটোন্ [piṭòn]
পিটনি (প্রহার) পিটোনি [piṭòni]
পিট পিট (আধবোজা চোখের ভাব) পিট্ পিট্ [piṭpiṭ]
পিটপিটে (অতিরিক্ত সাবধানী, বাতিক-গ্রস্ত) পিট্‌পিটে [piṭpiṭe]
পিটানো (প্রহার করা) পিটানো [piṭano]
পিটুনি (প্রহার) পিটুনি [piṭuni]
পিটুলি (চাল বাটার পিণ্ড) পিটুলি [piṭuli]
পিটটান (চম্পট) পিট্‌টান্ [piṭṭan]
পিঠ (পৃষ্ঠদেশ, back) পিঠ্ [pi:ṭ(h)] **পিঠমোড়া** (দুই হাত পিঠের দিকে নিয়ে বাঁধা হয়েছে এমন) ~মোড়া [~moṛa]
পিঠা (মিঠাইবিশেষ) পিঠা [piṭha] **পিঠে** পিঠে [piṭhe]
পিণ্ড (ডেলা) পিন্‌ডো [pinḍò]
'পিণ্ডারী' (মারাঠা দস্যুদলবিশেষ) পিন্‌ডারি [pinḍari]
পিণ্ডি (চক্রের নাভি ; পিণ্ড ; বেদী বা রোয়াক) পিন্‌ডি [pinḍi]
পিতল (উপধাতুবিশেষ) পিতোল্/পিতল্ [pitòl/pitɔl]
পিতা (বাবা) পিতা [pita] **পিতামহ** (পিতার পিতা) ~মহো [~mɔɦò] **পিতামহী** ~মোহি [~mòɦi]
পিতৃ (পিতা বা পিতাসম্বন্ধীয়) পিত্রি [pi(t)tri] **পিতৃকল্প** ~কল্‌পো [~kɔlpò] **পিতৃকুল** ~কুল্ [~kul] **পিতৃগৃহ** ~গ্রিহো [~(g)griɦò] **পিতৃতর্পণ** (পিতৃপুরুষকে জলদান) ~তর্‌পোন্ [~tɔr(p)pòn] **পিতৃপুরুষ** (পূর্বপুরুষ) ~পুরুশ্ [~puruʃ] **পিতৃবৎ** (পিতার মতো) ~বৎ [~bɔt] **পিতৃবিয়োগ** (পিতার মৃত্যু) ~বিয়োগ্ [~biog] **পিতৃব্য** (কাকা) ~ব্‌বো

[~bbò] **পিতৃভক্তি** ~ভোক্‌তি [~bhòkti] **পিতৃভূমি** (স্বদেশ) ~ভূমি [~bhumi] **পিতৃশ্রাদ্ধ** ~স্স্রাদ্‌ধো [~ssraddhò] **পিতৃষ্বসা** (পিসি) ~শ্‌শশা [~ʃʃɔʃa] **পিতৃ-স্থানীয়** ~স্‌থানিয়ো [~sthaniò] **পিতৃহন্তা** (পিতার হত্যাকারী) ~হন্‌তা [~hɔnta]

পিত্ত (bile) পিৎতো [pittò] **পিত্তি** পিৎতি [pitti]

পিত্তকোষ (পিত্তাশয়) পিৎতোকোশ্ [pittòkoʃ]

পিত্তঘ্ন (পিত্তনাশক) পিৎতোঘ্‌নো/পিৎতঘ্‌নো [pittòg(h)nò/pittɔg(h)nò]

পিত্তজ্বর (পিত্তদোষজনিত জ্বর) পিৎতোজর্ [pittòɟʒɔr]

পিত্তদোষ (পিত্তের রোগ) পিৎতোদোশ্ [pittòdoʃ]

পিত্তনাশক (পিত্তের দোষনাশক) পিৎতোনাশোক্ [pittònaʃòk]

পিত্তবিকার (পিত্তের রোগ) পিৎতোবিকার্ [pittòbikar]

পিত্রালয় (বাপের বাড়ি) পিৎত্রালয় [pittralɔĕ]

পিধান (তলোয়ারের খাপ) পিধান্ [pidhan]

পিনদ্ধ (পরিধান করা বা বাঁধা হয়েছে এমন) পিনদ্‌ধো/পিনোদ্‌ধো [pinɔddhò/pinòddhò]

পিনাক (শিবের ধনু) পিনাক্ [pinak] **পিনাকপাণি** (শিব) পিনাকোপানি [pinakòpani]

পিনাকী (শিব) পিনাকি [pinaki]

পিপাসা (তৃষ্ণা) পিপাশা [pipaʃa] **পিপাসিত** পিপাশিতো [pipaʃitò] **পিপাসু** পিপাশু [pipaʃu]

পিপীলিকা (পিঁপড়ে, ant) পিপিলিকা [pipilika]

পিপুল (অশথ গাছ) পিপুল্ [pipul]

পিপে (কাঠের তৈরি ঢাকের মতো পাত্র) পিপে [pipe]

পিয়ন, পিওন (পত্রবাহক ; আরদালি) পিওন্ [piòn]

পিয়াল (গাছবিশেষ) পিয়াল্ [pial]

পিরান (জামাবিশেষ) পিরান্ [piran]

পিরিচ (ছোট ডিশ) পিরিচ্ [piricʃ]

পিরিত, পিরীত (প্রেম) পিরিৎ [pirit]

পিল (ওষুধের বড়ি) পিল্ [pi:l]

পিলখানা (হাতিশালা) পিল্‌খানা [pilkhana]

পিলপিল (পিঁপড়ের মতো চলাচল) পিল্‌পিল্ [pilpil]

পিলসুজ (দীপাধার) পিল্‌শুজ্ [pilʃuɟʒ]

পিলু (রাগবিশেষ) পিলু [pilu]

পিলে (প্লীহা) পিলে [pile]

পিশাচ (প্রেতযোনিবিশেষ) পিশাচ্ [piʃacʃ] **পিশাচী** পিশাচি [piʃacʃi] **পিশাচসিদ্ধ** (পিশাচকে দাসরূপে পেয়েছে এমন) ~শিদ্‌ধো [~(ò)ʃiddhò]

পিশুন (কুৎসাকারী ; গুপ্তচর ; ক্রূর) পিশুন্ [piʃun]

পিষ্ট (মর্দিত) পিষ্‌টো [piʃṭò]

পিষ্টক (পিঠা) পিষ্‌টক্ [piʃṭɔk]

পিসতুত, পিসতুতো (পিসির সন্তান এরূপ) পিস্‌তুতো [pistuto]

পিসি, পিসী (পিতার ভগিনী) পিশি [piʃi] **পিসশ্বশুর** (স্বামী বা স্ত্রীর পিসে) পিশ্‌শোশুর্ [piʃʃòʃur]

পিস্তল (ছোট আগ্নেয়াস্ত্র বিশেষ) পিস্‌তল্ [pistɔl]

পীচ (ফলবিশেষ, peach) পিচ্ [pi:cʃ]

পীঠ (বেদী ; তীর্থ) পিঠ্ [pi:ṭ(h)] **পীঠস্থান** (তীর্থস্থান) পিঠোস্‌থান্ [piṭhòsthan]

পীড়ক (পীড়নকারী) পিড়ক্/পিড়োক্ [piṛɔk/piṛòk]

পীড়ন (অত্যাচার, নির্যাতন) পিড়ন্/পিড়োন্ [piṛɔn/piṛòn] **পীড়নকারী** ~কারি [~kari]

পীড়া (রোগ) পিড়া [piṛa] **পীড়িত** পিড়িতো [piṛitò]

পীড়াপীড়ি (অনুনয়-বিনয় ; বারবার অনুরোধ) পিড়াপিড়ি [piṛapiṛi]

পীড়িত পীড়া দ্র

পীত (হলদে রং) পিৎ [pi:t] **পীতজ্বর** ~জর্/পিতোজর্ [~ɟʒɔr/pitòɟʒɔr] **পীতধড়া** (হলুদ রঙের কাপড়) পিতোধড়া [pitòdhɔṛa] **পীতবাস** (হলুদ রঙের বস্ত্র) পিতোবাশ্ [pitòbaʃ] **পীতাম্বর** (শ্রীকৃষ্ণ) পিতাম্‌বর্ [pitambɔr]

পীত (পান করা হয়েছে এমন) পিতো [pitò]

পীতাভ (ঈষৎ পীত বা হলুদ রঙের) পিতাভো [pitabhò]

পীতাম্বর পীত দ্র

পীন (স্ফীত, স্থূল) পিনো [pinò] **পীনপয়োধর** ~পয়োধর্ [~pɔĕodhɔr]

পীনোন্নত (স্ফীত ও উঁচু) পিনোন্‌নতো [pinonnɔtò]

পীবর (স্থূল, পীন ; পুষ্ট) পিবর্ [pibɔr]
পীযূষ (অমৃত) পিজুশ্ [piɟʒuʃ]
পীর (মুসলমান সাধু) পির্ [pi:r]
পুংকেশর (stamen) পুংকেশর্/পুংকেশোর্ [puŋkeʃɔr/puŋkeʃòr] **পুংলিঙ্গ** পুংলিংগো [puŋliŋgò]
পুঁই (শাকবিশেষ) পুঁই্ [pũi]
পুঁচকে (খুব ছোট) পুঁচ্কে [pũcʃke]
পুঁজ (ফোঁড়া ইত্যাদির দূষিত রস) পুঁজ্ [pũ:ɟʒ]
পুঁজি (সঞ্চিত ধন) পুঁজি [pũɟʒi] **পুঁজিবাদ** (ধনতন্ত্র) ~বাদ্ [~bad]
পুঁটলি (ছোট বোঁচকা) পুঁট্‌লি [pũṭli]
পুঁটি (ছোট মাছবিশেষ) পুঁটি [pũṭi]
পুঁতি (মুক্তার মতো ছোট গোল কাচের টুকরো) পুঁতি [pũti]
পুঁথি (বই) পুঁথি [pũthi] **পুঁথিগত** (পুঁথিতেই নিবদ্ধ এবং বাস্তবে নিস্ফল) ~গতো [~gɔtò]
পুকুর (pond) পুকুর্ [pukur] **পুকুর চুরি** ~চুরি [~cʃuri]
পুঙ্খ (বাণ বা তীরের মূল) পুংখো [puŋkhò]
পুঙ্খানুপুঙ্খ (তন্নতন্ন) পুংখানুপুংখো [puŋkhanupuŋkhò]
পুঙ্গব, পুংগব (ষাঁড় ; শ্রেষ্ঠ জন) পুংগব/পুংগোব্ [puŋgɔb/puŋgòb]
পুচ্ছ (লেজ) পুচ্‌ছো [puccʃhò]
পূজারি, পূজারী (পুরোহিত) পুজারি [puɟʒari]
পুঞ্জ (রাশি ; সমূহ) পুন্‌জো [punɟʒò] **পুঞ্জিত** (সঞ্চিত) পুন্‌জিতো [punɟʒitò] **পুঞ্জীভূত** (জমে রয়েছে এমন) পুন্‌জিভুতো [punɟʒibɦutò]
পুট[১] (মেরুদণ্ড থেকে কাঁধের সন্ধি পর্যন্ত দেহাংশ) পুট্ [pu:ṭ]
পুট[২] (পাত্র, আধার) পুট্ [pu:ṭ]
পুটলি (ছোট গাঁঠরি) পুট্‌লি [puṭli]
পুণ্ডরীক (সাদা পদ্ম) পুন্‌ডোরিক্ [punḍòrik] **পুণ্ডরীকাক্ষ** (বিষ্ণু ; শ্রীকৃষ্ণ) পুন্‌ডোরিকাক্‌খো [punḍòrikakkhò]
'পুণ্ড্র' (প্রাচীন জাতিবিশেষ) পুন্‌ড্রো [punḍrò]
পুণ্য (সৎকার্য ; পবিত্র) পুন্‌নো [punnò] **পুণ্যতোয়া** (পবিত্র জলপূর্ণ) ~তোআ [~toa] **পুণ্যবান, পুণ্যবান্** (ধার্মিক) ~বান্ [~ban] **পুণ্যবতী** ~বোতি [~bòti] **পুণ্যশ্লোক** (পূতকীর্তি) ~স্‌স্লোক্/~শ্‌শ্লোক্ [~(s)slok/~(ʃ)ʃlok]
পুণ্যাত্মা (ধার্মিক) পুন্‌নাৎতাঁ/পুন্‌নাঁৎতা [punnattã/punnãtta]
পুণ্যার্থী (পুণ্য অর্জনে ইচ্ছুক) পুন্‌নার্‌থি [punnar(t)thi]
পুণ্যাহ (শুভ দিন) পুন্‌নাহো [punnaɦò]
পুণ্যি (পুণ্য) পুন্‌নি [punni]
পুত (পুত্র) পুৎ [pu:t]
পুতলি (পুতুল) পুতোলি/পুৎলি [putòli/putli]
পুতুল (খেলার সামগ্রী) পুতুল্ [putul] **পুতুলখেলা** ~খ্যালা [~khæla] **পুতুলনাচ** (puppet-show) ~নাচ্ [~nacʃ]
পুত্তলি (পুতুল) পুৎতোলি [puttòli] **পুত্তলিকা** ~কা [~ka]
পুত্র (ছেলে ; পুরুষ-সন্তান) পুৎত্রো [puttrò] **পুত্রবধূ** (ছেলের বউ) ~বোধু [~bòdɦu]
পুত্রী (কন্যা) পুৎত্রি [puttri]
পুত্রেষ্টি (পুত্র কামনায় যে যজ্ঞ করা হয়) পুৎত্রেষ্‌টি [puttreʃṭi]
পুথি (পুঁথি, হাতে-লেখা প্রাচীন পুস্তক) পুথি [puthi]
পুদিনা (শাকবিশেষ) পুদিনা [pudina]
পুনঃপুনঃ (বারংবার) পুনোপ্‌পুনো [punòppunò]
পুনঃপ্রবেশ (পুনরায় প্রবেশ) পুনোপ্‌প্রোবেশ্ [punòpprobeʃ]
পুনকি (খুব ছোট) পুন্‌কি [punki]
পুনরধিকার (পুনরায় অধিকার) পুনোরোধিকার্ [punòròdɦikar]
পুনরপি (আবার) পুনোরোপি [punòròpi]
পুনরাগমন (পুনরায় আগমন) পুনোরাগোমন্/পুনোরাগোমোন্ [punòragòmɔn/punòragòmòn]
পুনরাবৃত্তি (repetition) পুনোরাব্রিৎতি [punòra(b)britti]
পুনরায় (আবার) পুনোরায়্ [punòraĕ]
পুনরুক্তি (পুনরায় উক্তি) পুনোরুক্‌তি [punòrukti] **পুনরুক্ত** (পুনরায় উক্ত) পুনোরুক্‌তো [punòruktò]
পুনরুজ্জীবন (পুনরায় জীবনলাভ) পুনোরুজ্‌জিবোন্ [punòruɟɟʒibòn]

পুনরুজ্জীবিত (পুনর্বার জীবনপ্রাপ্ত) পুনোরুজ্‌জিবিতো [punòruɟɟʒibitò]
পুনরুত্থান (পুনরায় উত্থান) পুনোরুৎথান্ [punòrutthan]
পুনর্গঠন (নতুনভাবে গঠন) পুনোর্‌গঠোন্ [punòr(g)gɔṭhòn] **পুনর্গঠিত** পুনোর্‌গোঠিতো [punòr(g)gòṭhitò]
পুনর্জীবন (নতুন জীবন) পুনোর্‌জিবোন্ [punòr(ɟ)ɟʒibòn]
পুনর্নবা (উদ্ভিদবিশেষ) পুনোর্‌নবা [punòr(n)nɔba]
'পুনর্বসু' (নক্ষত্রবিশেষ) পুনোর্‌বোশু [punòr(b)bòʃu]
পুনর্বাসন (rehabilitation) পুনোর্‌বাশোন্ [punòr(b)baʃòn]
পুনর্ভব (পুনর্বার জন্মপ্রাপ্ত ; পুনর্জন্ম) পুনোর্‌ভবো [punòr(b)bɦɔbò]
'পুনর্ভবা' (বাংলাদেশের নদীবিশেষ) পুনোর্‌ভবা [punòr(b)bɦɔba]
পুনর্মিলন (পুনরায় মিলন) পুনোর্‌মিলন্/ পুনোর্‌মিলোন্ [punòr(m)milɔn/punòr(m)milòn]
পুনর্মূষিক (পুনরায় মূষিকে পরিণতি লাভ) পুনোর্‌মুশিক্ [punòr(m)muʃik]
পুনর্যাত্রা (পুনরায় যাত্রা) পুনোর্‌জাৎত্রা [punòr(ɟ)ɟʒattra]
পুনশ্চ (আবার) পুনশ্‌চো/ পুনোশ্‌চো [punɔʃcʃò/ punòʃcʃò]
পুন্নাগ (শ্বেতপদ্ম ; নরশ্রেষ্ঠ ; নাগকেশর) পুন্‌নাগ্ [punnag]
পুব (পূর্ব) পুব্ [pu:b] **পুবালি, পুবালী** (পূর্ব দিক থেকে এসেছে এমন) পুবালি [pubali]
পুর[১] (পিঠা ইত্যাদির ভিতরে যা পোরা হয়) পুর্ [pu:r]
পুর[২] (গৃহ, আলয় ; শহর) পুর্ [pu:r] **পুরদ্বার** পুরোদ্‌দার্/ পুরোদার [puròddar/puròdar] **পুরনারী** পুরোনারি [purònari] **পুরবাসী** পুরোবাশি [puròbaʃi] **পুরসভা** (নগরের পরিচালন সভা) পুরোশভা [puròʃɔbɦa] **পুরস্ত্রী** পুরোস্‌ত্রি [puròstri]
পুরঃসর (অগ্রসর ; পূর্বক, সহকারে) পুরোশ্‌শরো/ পুরোশ্‌শর্ [puròʃʃɔrò/puròʃʃɔr]
পুরতঃ (সম্মুখে) পুরতো [purɔtò]
পুরনো (পুরাতন) পুরোনো [puròno]
'পুরন্দর' পুরোন্‌দর্/ পুরন্‌দর্ [puròndɔr/purɔndɔr]
পুরন্ধ্রি, পুরন্ধ্রী (গৃহিণী ; কুলনারী) পুরোন্‌ধ্রি [puròndɦri]
পুরবাসী, পুরস্ত্রী পুর[২] দ্র
পুরস্কার (পারিতোষিক) পুরোশ্‌কার্ [puròʃkar] **পুরস্কৃত** পুরোশ্‌ক্রিতো [puròʃkritò]
পুরাকাল (প্রাচীন কাল) পুরাকাল্ [purakal]
পুরাঘটিত (পূর্বে ঘটেছে এমন) পুরাঘোটিতো [puragɦòṭitò]
পুরাঙ্গনা (পুরনারী) পুরাংগনা [puraŋgɔna]
পুরাণ (প্রাচীন ইতিহাস ; শাস্ত্রগ্রন্থ) পুরান্ [puran] **পুরাণপুরুষ** (পরব্রহ্ম) ~পুরুশ্ [~puruʃ] **পুরাণপ্রসিদ্ধি** (পুরাণে উল্লেখ ; প্রাচীন খ্যাতি) ~প্রোশিদ্‌ধি [~pròʃiddɦi]
পুরাতত্ত্ব (প্রাচীন ইতিহাস) পুরাতৎতো [puratɔttò] **পুরাতত্ত্ববিদ** ~বিদ্ [~bid] **পুরাতাত্ত্বিক** পুরাতাৎতিক্ [puratattik]
পুরাতন (পুরানো) পুরাতন্/ পুরাতোন্ [puratɔn/ puratòn] **পুরাতনি** (পুরানো গানবিশেষ) পুরাতোনি [puratòni]
পুরাদস্তুর (পুরোপুরি) পুরাদোস্‌তুর্ [puradòstur]
পুরাধ্যক্ষ (নগরের অধ্যক্ষ) পুরাদ্‌ধোক্‌খো [puraddɦòkkhò]
পুরানো (প্রাচীন) পুরানো [purano]
পুরাপুরি (সম্পূর্ণ) পুরাপুরি [purapuri] **পুরোপুরি** পুরোপুরি [puropuri]
পুরি (লুচিবিশেষ) পুরি [puri]
পুরিয়া (ছোট কাগজের মোড়ক) পুরিয়া [puria]
'পুরী' (জগন্নাথধাম) পুরি [puri] **পুরীধাম** ~ধাম্ [~dɦam]
পুরী (শহর) পুরি [puri]
পুরীষ (মল) পুরিশ্ [puriʃ]
পুরু (মোটা) পুরু [puru]
পুরুত (পুরোহিত) পুরুৎ [purut]
'পুরুলিয়া' পুরুলিয়া [purulia]
পুরুষ (পুংজাতীয় প্রাণী ; মানুষ) পুরুশ্ [puruʃ]

পুরুষকার (পৌরুষ) পুরুশোকার[puruʃòkar] **পুরুষত্ব** (পৌরুষ) পুরুশোৎতো/ পুরুশৎতো [puruʃòttò/ puruʃɔttò] **পুরুষসিংহ** (নরশ্রেষ্ঠ) ~শিংহো/ পুরুশোশিংহো [~ʃiŋɦò/puruʃòʃiŋɦò] **পুরুষসুলভ** (পুরুষের মতো) ~শুলভ্ [~ʃulɔb(ɦ)]

পুরুষাঙ্গ (পুরুষ জননেন্দ্রিয়) পুরুশাংগো [puruʃaŋgò]

পুরুষানুক্রমিক (বংশ পরম্পরাগত) পুরুশানুক্‌ক্রোমিক্ [puruʃanukkròmik] **পুরুষানুক্রমে** (বংশ পরম্পরায়) পুরুশানুক্‌ক্রোমে [puruʃanukkròme]

পুরুষার্থ (পুরুষের প্রয়োজনীয় চতুর্বর্গ) পুরুশার্‌থো [puruʃar(t)thò]

পুরুষালি (পুরুষের মতো) পুরুশালি [puruʃali]

পুরুষোচিত (পুরুষের উপযুক্ত) পুরুশোচিতো [puruʃocʃitò]

পুরুষোত্তম (শ্রেষ্ঠ পুরুষ বা মানুষ) পুরুশোৎতম্/ পুরুশোৎতোম্ [puruʃottɔm/puruʃottòm]

পুরুষ্টু (পুষ্ট) পুরুষ্‌টু [puruʃṭu]

পুরোগামী (অগ্রগামী) পুরোগামি [purogami]

পুরোধা (অগ্রবর্তী) পুরোধা [purodɦa]

পুরোপুরি পুরাপুরি দ্র

পুরোবর্তী (অগ্রবর্তী) পুরোবোর্‌তি [purobòr(t)ti]

পুরোহিত (যাজক) পুরোহিৎ [puroɦit]

পুল (সেতু) পুল্ [pu:l]

পুলক (আনন্দ ; রোমাঞ্চ) পুলক্/ পুলোক্ [pulɔk/ pulòk] **পুলকিত** পুলোকিতো [pulòkitò]

'পুলকেশ' পুলোকেশ্/ পুলকেশ্ [pulòkeʃ/pulɔkeʃ]

পুলটিস (poultice) পুল্‌টিশ্ [pulṭiʃ]

'পুলস্ত্য' (নক্ষত্রবিশেষ) পুলস্‌তো/ পুলোস্‌তো [pulɔstò/pulòstò]

পুলি (পিঠাবিশেষ) পুলি [puli]

পুলিন (নদীর তীরভূমি ; চড়া) পুলিন্ [pulin]

পুলিন্দা (পুঁটলি) পুলিন্‌দা [pulinda]

পুলিস, পুলিশ (police) পুলিশ্ [puliʃ] **পুলিশি** পুলিশি [puliʃi]

পুশতু (ভাষাবিশেষ) পুশ্‌তু [puʃtu]

পুষ্কর (পদ্ম ; জল), **'পুষ্কর'** (হ্রদবিশেষ) পুশ্‌কর্ [puʃkɔr]

পুষ্করিণী (পুকুর) পুশ্‌কোরিনি [puʃkòrini]

পুষ্কল (প্রচুর) পুশ্‌কল্ [puʃkɔl]

পুষ্ট (বর্ধিত ; নধর) পুষ্‌টো [puʃṭò]

পুষ্টি (বৃদ্ধি ; পোষণ) পুষ্‌টি [puʃṭi] **পুষ্টিকর** ~কর্ [~kɔr]

পুষ্প (ফুল) পুশ্‌পো [puʃpò] **পুষ্পক** (কুবেরের রথ) পুশ্‌পক্/~ক্ [puʃpɔk/~k] **পুষ্পধনু** (ফুলের ধনুক, মদনের ধনুক) ~ধোনু [~dɦònu] **পুষ্পধন্বা** (কামদেব, মদন) ~ধোন্‌না/~ধন্‌না [~dɦònna/ ~dɦɔnna] **পুষ্পবৃষ্টি** ~ব্রিষ্‌টি [~(b)briʃṭi]

পুষ্পাঞ্জলি (ফুলের অঞ্জলি) পুশ্‌পান্‌জোলি [puʃpanɟʒòli]

পুষ্পাভরণ (ফুলের অলংকার) পুশ্‌পাভোরন্/ পুশ্‌পাভরোন্ [puʃpa-bɦòrɔn/puʃpabɦɔròn]

পুষ্পিকা (বইয়ের প্রতি অধ্যায়ের আরম্ভে বা শেষে প্রদত্ত সংক্ষিপ্তসার) পুশ্‌পিকা [puʃpika]

পুষ্পিত (ফুল ধরেছে এমন) পুশ্‌পিতো [puʃpitò]

পুষ্পিতা পুশ্‌পিতা [puʃpita]

'পুষ্যা' (নক্ষত্রবিশেষ) পুশ্‌শা [puʃʃa]

পুষ্যি (প্রতিপাল্য ; দত্তক) পুশ্‌শি [puʃʃi]

পুস্তক (বই) পুস্‌তক্ [pustɔk] **পুস্তকালয়** পুস্‌তকালয়্/ পুস্‌তোকালয়্ [pustɔkalɔĕ/pustòkalɔĕ]

পুস্তানি (মুদ্রিত বইয়ের প্রথম ও শেষের দুটি সাদা পাতা) পুস্‌তানি [pustani]

পুস্তিকা (ছোট বই) পুস্‌তিকা [pustika]

পূজক (যে পূজা করে) পুজক্/ পুজোক্ [puɟʒɔk/ puɟʒòk]

পূজন (পূজা) পুজন্/ পুজোন্ [puɟʒɔn/puɟʒòn] **পূজনীয়** পুজোনিয়ো [puɟʒòniò]

পূজা (অর্চনা, উপাসনা) পুজা [puɟʒa] **পূজাবকাশ** (পূজার ছুটি) ~বোকাশ্ [~bòkaʃ] **পূজারিনী, পূজারিণী** ~রিনি [~rini] **পূজারি** ~রি [~ri] **পূজার্হ** (পূজার যোগ্য) ~র্‌হো [~rɦò]

পূজিত (উপাসিত) পুজিতো [puɟʒitò]

পূজ্য (অর্চিত, পূজা করা হয়েছে এমন) পুজ্‌জো [puɟɟʒò] **পূজ্যপাদ** (পূজনীয়) ~পাদ্ [~pad] **পূজ্যমান** (পূজিত হচ্ছে এমন) ~মান্ [~man]

পূত (পবিত্র) পুতো [putò] **পূতাত্মা** পুতাৎতাঁ/ পুতাঁৎতা [putattã/putãtta]

'পূতনা' (রাক্ষসীবিশেষ) পুতোনা [putòna]

পূতি (দুর্গন্ধ ; দুর্গন্ধময়) পুতি [puti] **পূতিগন্ধ** ~গন্‌ধো [~gɔndɦò] **পূতিগন্ধময়** ~গন্‌ধোময় [~gɔndɦòmɔĕ]

পূরক (পূরণকারী ; গুণক) পুরক্/পুরোক্ [purɔk/puròk]

পূরণ (পালন ; পূর্ণ করা ; গুণন) পুরন্/পুরোন্ [purɔn/puròn] **পূরণবাচক** ~বাচোক্ [~bacʃòk]

পূরবী (রাগিণীবিশেষ ; রবীন্দ্রকাব্যগ্রন্থ) পুরোবি [puròbi]

পূরিত (পূর্ণ, ভরতি) পুরিতো [puritò]

পূর্ণ (ভরাট, ভরতি ; সম্পূর্ণ) পুর্‌নো [pur(n)nò] **পূর্ণকাম** ~কাম্ [~kam] **পূর্ণকুম্ভ** (ভরা কলসি) ~কুম্‌ভো [~kumbɦò] **পূর্ণগর্ভা** (গর্ভকাল যার পূর্ণ হয়েছে, আসন্নপ্রসবা) ~গর্‌ভা [~gɔr(b)bɦa] **পূর্ণগ্রাস** (পূর্ণ গ্রহণ, total eclipse) ~গ্‌গ্রাশ্ [~ggraʃ] **পূর্ণচন্দ্র** ~চন্‌দ্রো [~cʃɔndrò] **পূর্ণচ্ছেদ** (দাঁড়ি) ~চ্‌ছেদ্ [~ccʃhed] **পূর্ণবয়স্ক** (adult) ~বয়োশ্‌কো [~bɔĕòʃkò] **পূর্ণমাত্রায়** (পুরোপুরি) ~মাৎত্রায় [~mattraĕ]

পূর্ণাঙ্ক (integer) পুর্‌নাংকো [pur(n)naŋkò]

পূর্ণাঙ্গ (সম্পূর্ণ) পুর্‌নাংগো [pur(n)naŋgò]

পূর্ণানন্দ (ভগবান, পরমেশ্বর) পুর্‌নানন্‌দো/পুর্‌নানোন্‌দো [pur(n)nanɔndò/pur(n)nanòndò]

পূর্ণাবতার (শ্রীকৃষ্ণ) পুর্‌নাবোতার্ [pur(n)nabòtar]

পূর্ণাবয়ব (পূর্ণাঙ্গ) পুর্‌নাবয়ব্/পুর্‌নাবয়োব্ [pur(n)nabɔĕɔb/pur(n)nabɔĕòb]

পূর্ণাহুতি (যে আহুতিতে যজ্ঞের সমাপ্তি ঘটে) পুর্‌নাহুতি [pur(n)naɦuti]

পূর্ণিমা (পূর্ণচাঁদের তিথি) পুর্‌নিমা [pur(n)nima]

'পূর্ণিয়া' (বিহারের শহর) পুর্‌নিয়া [pur(n)nia]

পূর্ণেন্দু (পূর্ণচন্দ্র) পুর্‌নেন্‌দু [pur(n)nendu]

পূর্ণোপমা (অর্থালংকারবিশেষ) পুর্‌নোপমা [pur(n)nopɔma]

পূর্ত (জনকল্যাণমূলক কার্য) পুর্‌তো [pur(t)tò] **পূর্তকার্য** ~কার্‌জো [~kar(ɟ)ɟʒò] **পূর্তবিভাগ** ~বিভাগ্ [~bibɦag]

পূর্তি (পূরণ) পুর্‌তি [pur(t)ti]

পূর্ব (আদি, প্রথম ; পুবদিক) পুর্‌বো [pur(b)bò] **পূর্বকাল** ~কাল্ [~kal] **পূর্বগামী** (পূবদিকে যাচ্ছে এমন) ~গামি [~gami] **পূর্বজন্ম** ~জন্‌মো [~ɟʒɔnmò] **পূর্বতন** (পুরানো, আগেকার) ~তনো [~tɔnò] **পূর্বপুরুষ** ~পুরুশ্ [~puruʃ] **'পূর্ববঙ্গ'** ~বংগো [~bɔŋgò] **পূর্ববর্তী** ~বোর্‌তি [~bòr(t)ti] **পূর্বলক্ষণ** ~লোক্‌খোন্ [~lòkkhòn] **পূর্বসূরি, পূর্বসূরী** (পূর্বযুগের বিদ্বান ব্যক্তি) ~শুরি [~ʃuri]

'পূর্বস্থলী' পুর্‌বোস্‌থোলি [pur(b)bòsthòli]

'পূর্বাচল' পুর্‌বাচল্ [pur(b)bacʃɔl]

'পূর্বাদ্রি' (কল্পিত পর্বতবিশেষ) পুর্‌বাদ্‌দ্রি [pur(b)baddri]

পূর্বাপর (আগাগোড়া) পুর্‌বাপর্ [pur(b)bapɔr]

পূর্বাপেক্ষা (আগের চেয়ে) পুর্‌বাপেক্‌খা [pur(b)bapekkha]

পূর্বাভাষ (ভূমিকা) পুর্‌বাভাশ্ [pur(b)babɦaʃ]

পূর্বাভাস (পূর্ব সংকেত) পুর্‌বাভাশ্ [pur(b)babɦaʃ]

পূর্বাশা (পূর্ব দিক) পুর্‌বাশা [pur(b)baʃa]

পূর্বাষাঢ়া (নক্ষত্রবিশেষ) পুর্‌বাশাড়া [pur(b)baʃaɽa]

পূর্বাহ্ণ (সকালবেলা) পুর্‌বান্‌নহো [pur(b)bann(ɦ)ò]

পূর্বিতা (অগ্রগণ্যতা, priority) পুর্‌বিতা [pur(b)bita]

পূষন, পূষন্ (সূর্য) পুশন্/পুশোন্ [puʃɔn/puʃòn]

পূষা (সূর্য) পুশা [puʃa]

পৃক্ত (লগ্ন, সংলগ্ন ; সংযুক্ত) প্রিক্‌তো [priktò]

পৃচ্ছা (প্রশ্ন) প্রিচ্‌ছা [priccʃha]

পৃথক (আলাদা) প্রিথক্/প্রিথোক্ [prithɔk/prithòk] **পৃথক্করণ** (আলাদা করা) ~করোন্ [~kɔròn] **পৃথক্কৃত** প্রিথোক্‌ক্রিতো [prithòkkritò]

পৃথগন্ন (একান্নবর্তী নয় এমন) প্রিথগন্‌নো/প্রিথোগন্‌নো [prithɔgɔnnò/prithògɔnnò]

'পৃথা' (কুন্তী) প্রিথা [pritha]

পৃথিবী (ভূমণ্ডল, earth) প্রিথিবি [prithibi] **পৃথিবীব্যাপী** (পৃথিবী জুড়ে) ~ব্যাপি [~(b)bæpi]

'পৃথু' (পৌরাণিক রাজা) প্রিথু [prithu]

পৃথুল (স্থূল) প্রিথুল্ [prithul]

পৃথ্বী (পৃথিবী) প্রিৎথি [pritthi]

পৃথ্বীশ (রাজা) প্রিৎথিশ্ [pritthiʃ]

পৃষ্ঠ (পিঠ) প্রিষ্‌ঠো [priʃthò] **পৃষ্ঠদেশ** (পিঠ) ~দেশ্

[~deʃ] **পৃষ্ঠপোষক** (সমর্থক, উৎসাহদাতা) ~পোশক্/~পোশোক্ [~poʃɔk/~poʃòk]

পৃষ্ঠপ্রদর্শন (পলায়ন) ~প্রোদর্শোন্ [~(p)pròdɔr(ʃ)ʃòn]

পৃষ্ঠা (বইয়ের পাতা) প্রিষ্ঠা [priʃṭha]

পৃষ্ঠাঙ্ক (পৃষ্ঠার নম্বর) প্রিষ্ঠাংকো [priʃṭhaŋkò]

পৃষ্ঠোপরি (পিঠের উপর) প্রিষ্ঠোপোরি [priʃṭhopòri]

পেঁচ, প্যাঁচ (কৌশল ; জটিলতা) প্যাঁচ্ [pæ̃:cʃ] **পেঁচালো, প্যাঁচালো** (জটিল ; কুটিল) প্যাঁচালো [pæ̃cʃalo]

পেঁচা, প্যাঁচা (পেচক, owl) প্যাঁচা [pæ̃cʃa]

পেঁচানো (পাকানো, জড়ানো) প্যাঁচানো [pæ̃cʃano]

পেঁচো (কল্পিত অপদেবতাবিশেষ) পেঁচো [pẽcʃo]

পেঁদানো, প্যাঁদানো (মারধর করা) প্যাঁদানো [pæ̃dano]

পেঁপে (ফলবিশেষ, papaya) পেঁপে [pẽpe]

পেঁয়াজ (পিঁয়াজ, onion) পেঁয়াজ্/পেঁয়াঁজ্ [pẽaɟʒ/pẽãɟʒ]

পেখম (ময়ূরের পাখা বা লেজ) পেখম্/প্যাখোম্ [pekhɔm/pækhòm]

পেচক (প্যাঁচা) পেচক্ [pecʃɔk]

পেছন (পিছন) পেছোন্ [pecʃhòn]

পেছু (পিছন) পেছু [pecʃhu]

পেজমি, পেজোমি (পাজি বা বদমাশের মতো আচরণ) পেজোমি [peɟʒomi]

পেট (উদর ; পাকস্থলী) পেট্ [pe:ṭ] **পেটমোটা** ~মোটা [~moṭa] **পেটসর্বস্ব** ~শর্বোশ্শো [~ʃɔr(b)bòʃʃò]

পেটরা (তোরঙ্গ, বাক্স) প্যাট্রা [pæṭra]

পেটা (মার দেওয়া) পেটা [peṭa] **পেটানো** ~নো [~no]

পেটি (মাছের কোল বা পেটের দিকের অংশ) পেটি [peṭi]

পেটুক (খেতে ভালোবাসে এমন) পেটুক্ [peṭuk]

পেটো (পটকা ; পাটজাত) পেটো [peṭo]

পেটোয়া (অনুগত ; বশবর্তী) পেটোআ [peṭoa]

পেড়া (মিঠাইবিশেষ) প্যাড়া [pæṛa]

পেতনী (প্রেতিনী ; কদাকার স্ত্রীলোক) পেৎনি [petni]

পেতল (পিতল) পেতোল্ [petòl]

পেনসন, পেনশন (অবসর ভাতা ; pension) পেন্শন্ [penʃɔn]

পেনসিল (pencil) পেন্সিল্/পেন্শিল্ [pensil/penʃil]

পেয় (পানের যোগ্য) পেয়ো [peò]

পেয়াদা (চাপরাশি) পেয়াদা/পেআদা [peada]

পেয়ার (ভালোবাসা ; আদর) পেয়ার্/পেআর্ [pear]

পেয়ারা (ফলবিশেষ, guava) পেয়ারা/পেআরা [peara]

পেয়ালা (cup) পেয়ালা/পেআলা [peala]

পেরনো (পার হওয়া) পেরোনো [peròno]

পেরুনো (পার হওয়া) পেরুনো [peruno]

পেরেক (ছোট লোহার কাঁটা) পেরেক্ [perek]

পেলব (নরম ; কোমল) পেলব্/পেলোব্ [pelɔb/pelòb] **পেলবতা** পেলবতা/পেলবোতা [pelɔbɔta/pelɔbòta]

পেলা, প্যালা (ঠেকনা ; ঠেস) প্যালা [pæla]

পেল্লায় (বিরাট, বিশাল) পেল্লায় [pellaĕ]

পেশ (উপস্থিত করা) পেশ্ [pe:ʃ] **পেশকার** ~কার্ [~kar] **পেশকারি** ~কারি [~kari]

পেশল (বলিষ্ঠ ; সুন্দর) পেশল্/পেশোল্ [peʃɔl/peʃòl]

পেশা (বৃত্তি) পেশা [peʃa] **পেশাদার** ~দার্ [~dar] **পেশাদারি, পেশাদারী** ~দারি [~dari]

পেশি, পেশী (মাংসপিণ্ড, muscle) পেশি [peʃi]

পেশোয়া (মারাঠা নেতার উপাধিবিশেষ) পেশোআ [peʃoa]

পেশোয়াজ (নর্তকীর পরিধেয় পায়জামা) পেশোআজ্ [peʃoaɟʒ]

পেষণ (মর্দন) পেশন্/পেশোন্ [peʃɔn/peʃòn]

পেষাই (পেষণ, মর্দন) পেশাই্ [peʃaĭ]

পেস্তা (বাদামজাতীয় ফলবিশেষ) পেস্তা [pesta]

পৈঠা (সিঁড়ি) পৈঠা [poĭṭha]

পৈতা (উপবীত) পৈতা [poĭta]

পৈতৃক (পিতা বা পূর্বপুরুষ থেকে আগত) পৈত্রিক্ [poi(t)trik]

পৈত্র, পৈত্র্য (পিতাসম্বন্ধীয়) পৈৎত্রো [poĭttrò]

পৈশাচিক (পিশাচ সম্বন্ধীয়) পৈশাচিক্ [poĭʃacʃik]
পৈশুন (ক্রূরতা) পৈশুন্ [poĭʃun]
পৈশুন্য (ক্রূরতা) পৈশুন্নো [poĭʃunnò]
পোঁ (সানাইয়ের একটানা শব্দ) পোঁ [põ:]
পোঁচ (দাগ, প্রলেপ) পোঁচ্ [põ:cʃ]
পোঁটলা (বোঁচকা) পোঁট্লা [põṭla]
পোঁটা (নাকের শ্লেষ্মা) পোঁটা [põṭa]
পোঁতা (প্রোথিত করা) পোঁতা [põta]
পোঁদ (পাছা) পোঁদ্ [põ:d]
পোকা (কীটপতঙ্গ) পোকা [poka]
পোক্ত (মজবুত) পোক্তো [poktò]
পোখরাজ (পুষ্পরাগমণি, topaz) পোখ্রাজ্ [pok(h)raɟʒ]
পোড় (জ্বলন, দহন) পোড়্ [po:ṛ] **পোড়-খাওয়া** ~খাও্আ [~khaŏa]
পোড়া (পুড়ে গেছে এমন, দগ্ধ ; মন্দ) পোড়া [poṛa] **পোড়াকপালী** (হতভাগিনী) ~কপালি [~kɔpali] **পোড়ানো** ~নো [~no] **পোড়ামাটি** ~মাটি [~maṭi]
পোড়ো, পড়ো (পরিত্যক্ত) পোড়ো [poṛo]
পোত (যান, জলযান) পোৎ [po:t]
পোতা (ঘরের ভিত) পোতা [pota]
পোতাধ্যক্ষ (জাহাজের কাপ্তেন) পোতাদ্ধোক্খো [potaddɦòkkhò]
পোতাশ্রয় (harbour) পোতাস্স্রয়্ [potassrɔĕ]
পোদ (বাঙালি হিন্দু জাতিবিশেষ) পোদ্ [po:d]
পোদ্দার (পদবিশেষ ; মহাজন) পোদ্দার্ [poddar] **পোদ্দারি** পোদ্দারি [poddari]
পোনা (মাছের বাচ্চা) পোনা [pona] **পোনামাছ** ~মাছ্ [~macʃ(h)]
পোয়া (চারভাগের এক ভাগ) পোআ [poa] **পোয়াবারো** (পরম সৌভাগ্য) ~বারো [~baro]
পোয়াতি, পোয়াতী (অন্তঃসত্ত্বা) পোআতি [poati]
পোলাও (ঘি মশলা সহযোগে প্রস্তুত অন্ন) পোলাও্ [polaŏ]
পোশাক (জামাকাপড়) পোশাক্ [poʃak] **পোশাকি** পোশাকি [poʃaki]
পোষ (বশ্যতা) পোশ্ [po:ʃ] **পোষ-মানা** ~মানা [~mana]
পোষক (পোষণকারী) পোশক্/পোশোক্ [poʃɔk/poʃòk] **পোষকতা** পোশকতা/পোশোকোতা [poʃɔkɔta/poʃòkòta]
পোষণ (পালন ; ধারণ) পোশন্/পোশোন্ [poʃɔn/poʃòn] **পোষণীয়** (পোষণের যোগ্য) পোশোনিয়ো [poʃònið] **পোষ্য** পোশ্শো [poʃʃò]
পোষা (পালন করা ; পালিত) পোশা [poʃa]
পোষানো (কুলানো) পোশানো [poʃano]
পোষ্য পোষণ দ্র
পোষ্যপুত্র (দত্তকপুত্র) পোশ্শোপুৎত্রো [poʃʃòputtrò]
পোস্ত (আফিমের বীজ) পোস্তো [postò]
পোস্তা (আড়ত, গঞ্জ) পোস্তা [posta]
পোহানো (ভোর হওয়া ; উপভোগ করা ; সহ্য করা) পোহানো [poɦano]
পৌঁছানো (হাজির বা উপস্থিত হওয়া) পৌঁছানো [põŭcʃhano]
পৌত্তলিক (প্রতিমাপূজক) পৌৎতোলিক্ [pouttòlik] **পৌত্তলিকতা** পৌৎতোলিকতা [pouttòlikɔta]
পৌত্র (পুত্রের পুত্র) পৌৎত্রো [pouttrò]
পৌত্রী (পুত্রের কন্যা) পৌৎত্রি [pouttri]
পৌনঃপুনিক (বারবার ঘটে এমন) পৌনোপ্পুনিক্ [poŭnòppunik] **পৌনঃপুনিকতা** (বারংবারতা) পৌনোপ্পুনিকতা [poŭnòppunikɔta] **পৌনঃপুন্য** (পৌনঃপুনিকতা) পৌনোপ্পুন্নো [poŭnòppunnò]
পৌর (নগর-সম্বন্ধীয়) পৌরো [poŭrò] **পৌরপিতা** ~পিতা [~pita] **পৌরপ্রতিষ্ঠান** (মিউনিসিপালিটি বা কর্পোরেশন) ~প্রোতিষ্ঠান্ [~(p)pròtiʃṭhan] **পৌরসভা** ~শভা [~ʃɔbɦa]
পৌরব (পুরুর বংশজাত) পৌরব্ [poŭrɔb]
পৌরাণিক (পুরাণ সম্বন্ধীয়) পৌরানিক্ [poŭranik]
পৌরুষ (পুরুষত্ব) পৌরুশ্ [poŭruʃ]
পৌরুষেয় (মনুষ্যকৃত) পৌরুশেয়ো [poŭruʃeò]
পৌরোহিত্য (পুরোহিতের কাজ) পৌরোহিৎতো [poŭroɦittò]

পৌর্ণমাসী (পূর্ণিমাতিথি ; দেবীবিশেষ) পৌর্‌নোমাশি [pour(n)nòmaʃi]

পৌর্ব (পূর্বকালের, পূর্বদিকের) পৌর্‌বো [pour(b)bò] **পৌর্বদেহিক** (পূর্বজন্মের) ~দেহিক্ [~dehik]

পৌর্বাপর্য (ক্রম-পরম্পরা) পৌর্‌বাপোর্‌জো/পৌর্‌বা-পর্‌জো [pour(b)bapòr(ɟ)ɟʒò/pour(b)ba-pɔr(ɟ)ɟʒò]

পৌলস্ত্য (পুলস্ত্যের পুত্র) পৌলোস্‌তো/পৌলস্‌তো [poŭlɔsto/poŭlòsto]

'পৌলোমী' (শচী) পৌলোমি [poŭlomi]

'পৌষ' (বাংলা মাসবিশেষ) পৌশ্ [pouʃ] **পৌষপার্বণ** ~পার্‌বোন্ [~par(b)bòn] **পৌষালী, পৌষালি** (পৌষ মাসে ঘটে এমন) পৌশালি [poŭʃali]

পৌষ্টিক (পুষ্টিক্রিয়া-সংক্রান্ত) পৌশ্‌টিক্ [pouʃṭik]

প্যাঁক (হাঁসের ডাক) প্যাঁক্ [pæ̃:k]

প্যাঁকাটি (পাটকাঠি) প্যাঁকাটি [pæ̃kaṭi]

প্যাঁচা পেঁচা দ্র

প্যাচপ্যাচ (কাদায় চলার শব্দ) প্যাচ্‌প্যাচ্ [pæcʃpæcʃ] **প্যাচপেচে** (প্যাচপ্যাচ শব্দ করে এমন) প্যাচ্‌পেচে [pæcʃpecʃe]

প্যানপ্যান (নাকি কান্না) প্যান্‌প্যান্ [pænpæn]

প্যানপ্যানানি (নাকি কান্না, ঘ্যানঘ্যান) প্যান্‌প্যানানি [pænpænani]

'প্যারীমোহন' (শ্রীকৃষ্ণ) প্যারিমোহোন্ [pærimohòn]

প্রকট (প্রকাশিত) প্রোকট্/প্রোকোট্ [pròkɔṭ/pròkòṭ] **প্রকটিত** (প্রকাশিত) প্রোকোটিতো [pròkòṭitò]

প্রকম্প (প্রবল কাঁপুনি) প্রোকম্‌পো [pròkɔmpò] **প্রকম্পন** ~ন্ [~n] **প্রকম্পিত** (প্রবল কম্পনযুক্ত) প্রোকোম্‌পিতো [pròkòmpitò]

প্রকরণ (পদ্ধতি ; প্রক্রিয়া) প্রোকরোন্/প্রোকোরোন্ [pròkɔròn/pròkòròn]

প্রকর্ষ (শ্রেষ্ঠতা) প্রোকর্‌শো [pròkɔr(ʃ)ʃò] **প্রকর্ষণ** (সম্পূর্ণরূপে আকর্ষণ) ~ন্ [~n]

প্রকল্প (project) প্রোকল্‌পো [pròkɔlpò] **প্রকল্পিত** প্রোকোল্‌পিতো [pròkòlpitò]

প্রকাণ্ড (বিরাট) প্রোকান্‌ডো [pròkanḍò]

প্রকাম (যথেষ্ট) প্রোকাম্ [pròkam]

প্রকার (শ্রেণী, জাতি, রকম) প্রোকার্ [pròkar] **প্রকারান্তর** (অন্য রকম) প্রোকারান্‌তর্ [pròkar-antɔr]

প্রকাশ (উদয়, বিকাশ ; ব্যক্ত করা বা হওয়া) প্রোকাশ্ [pròkaʃ] **প্রকাশমান** (প্রকাশিত হচ্ছে এমন) প্রোকাশোমান্ [pròkaʃòman] **প্রকাশযোগ্য** প্রোকাশোজোগ্‌গো/~জোগ্‌গো [pròkaʃòɟʒoggò/~ɟʒoggò] **প্রকাশিত** প্রোকাশিতো [pròkaʃitò] **প্রকাশ্য** (প্রকাশযোগ্য ; খোলাখুলি) প্রোকাশ্‌শো [pròkaʃʃò]

প্রকাশক (যে প্রকাশ করে ; publsiher) প্রোকাশক্/প্রোকাশোক্ [pròkaʃɔk/pròkaʃòk] **প্রকাশিকা** প্রোকাশিকা [pròkaʃika]

প্রকাশন (প্রকাশ করা) প্রোকাশন্/প্রোকাশোন্ [pròkaʃɔn/pròkaʃòn] **প্রকাশনা** (প্রকাশ করা) প্রোকাশনা/প্রোকাশোনা [pròkaʃɔna/pròkaʃòna] **প্রকাশনীয়** প্রোকা-শোনিয়ো [pròkaʃòniò]

প্রকীর্ণ (বিক্ষিপ্ত) প্রোকির্‌নো [pròkir(n)nò]

প্রকীর্তি (বিশেষ যশ) প্রোকির্‌তি [pròkir(t)ti] **প্রকীর্তিত** ~তো [~tò]

প্রকুপিত (অত্যন্ত ক্রুদ্ধ) প্রোকুপিতো [pròkupitò]

প্রকৃত (আসল) প্রোক্রিতো [prò(k)kritò] **প্রকৃতপক্ষে** ~পোক্‌খে [~pòkkhe] **প্রকৃতপ্রস্তাবে** ~প্রোস্‌তাবে [~pròstabe]

প্রকৃতি (নিসর্গ ; স্বভাব) প্রোক্রিতি [prò(k)kriti] **প্রকৃতিগত** ~গতো [~gɔtò] **প্রকৃতিজাত** ~জাতো [~ɟʒatò] **প্রকৃতিদত্ত** (প্রকৃতি দিয়েছে এমন) ~দৎতো [~dɔttò] **প্রকৃতিবাদ** ~বাদ্ [~bad] **প্রকৃতিবিরুদ্ধ** (স্বভাববিরুদ্ধ) ~বিরুদ্‌ধো [~biruddhò] **প্রকৃতিস্থ** (ধাতস্থ ; সুস্থ) ~স্‌থো [~sthò]

প্রকৃষ্ট (উৎকৃষ্ট) প্রোক্রিষ্‌টো [pro(k)kriʃṭò]

প্রকোপ (প্রাবল্য) প্রোকোপ্ [pròkop] **প্রকোপিত** (উত্তেজিত ; বৃদ্ধিপ্রাপ্ত) প্রোকোপিতো [pròkopitò]

প্রকোষ্ঠ (কক্ষ) প্রোকোষ্‌ঠো [pròkoʃṭhò]

প্রক্রিয়া (প্রণালী) প্রোক্‌ক্রিয়া [pròkkria]

প্রক্ষালন (ধোওয়া) প্রোক্‌খালোন্ [pròkkhalòn] **প্রক্ষালিত** প্রোক্‌খালিতো [pròkkhalitò]

প্রক্ষিপ্ত প্রক্ষেপ দ্র

প্রক্ষেপ (বিন্যাস ; নিক্ষেপ) প্রোক্‌খেপ্ [pròkkhep] **প্রক্ষিপ্ত** (অন্যের দ্বারা সন্নিবেশিত, interpolated)

প্রোক্‌খিপ্‌তো [pròkkhiptò] **প্রক্ষেপক** প্রোক্‌খেপক/প্রোক্‌খেপোক্ [pròkkhepɔk/pròkkhepòk] **প্রক্ষেপণ** (নিক্ষেপ) প্রোক্‌খেপন/প্রোক্‌খেপোন্ [pròkkhepɔn/pròkkhepòn]

প্রক্ষোভ (আবেগ ; emotion) প্রোক্‌খোভ্ [pròkkhob(ɦ)]

প্রখর (তীব্র) প্রোখর্/প্রোখোর্ [pròkhɔr/pròkhòr] **প্রখরতা** প্রোখরোতা/প্রোখোরোতা [pròkhɔròta/prò-khòròta]

প্রখ্যাত (সুপরিচিত, বিখ্যাত) প্রোক্‌খ্যাতো [pròkkhæto] **প্রখ্যাতনামা** ~নামা [~nama]

প্রগণ্ড (বাহুর উপর-অংশ) প্রোগন্‌ডো [prògɔndò]

প্রগত (প্রস্থান করেছে এমন) প্রোগতো [prògɔtò]

প্রগতি (উন্নতি) প্রোগোতি [prògòti] **প্রগতিবাদী** (প্রগতিপন্থী) ~বাদি [~badi] **প্রগতিশীল** (প্রগতিপন্থী) ~শিল্ [~ʃil]

প্রগমন (প্রস্থান) প্রোগমোন্ [prògɔmòn]

প্রগল্‌ভ (দাম্ভিক ; উদ্ধত) প্রোগোল্‌ভো/প্রোগল্‌ভো [prògòlbɦò/prògɔlbɦò]

প্রগাঢ় (গভীর) প্রোগাড়্‌হো [prògarɦò/prògar(ɦ)ò]

প্রচণ্ড (অতিশয় ; প্রবল) প্রোচোন্‌ডো/প্রোচন্‌ডো [pròcʃòndò/pròcʃɔndò] **প্রচণ্ডতা** ~তা [~ta]

প্রচয় (চয়ন ; সঞ্চয়) প্রোচয়্ [pròcʃɔĕ]

প্রচল (প্রচলন) প্রোচল্ [pròcʃɔl] **প্রচলন** (প্রবর্তন ; প্রচার) প্রোচোলোন্/প্রোচলোন্ [pròcʃòlòn/pròcʃɔlòn] **প্রচলিত** (চালু) প্রোচোলিতো [pròcʃò-litò]

প্রচার (প্রচলন ; প্রকাশ ; রটনা) প্রোচার্ [pròcʃar] **প্রচারক** প্রোচারক/ প্রোচারোক্ [pròcʃarɔk/pròcʃaròk]

প্রচারিত (প্রচলিত, প্রকাশিত) প্রোচারিতো [pròcʃar-itò]

প্রচিত (সংগৃহীত ; সঞ্চিত) প্রোচিতো [pròcʃitò]

প্রচীয়মান (উপচীয়মান ; বৃদ্ধিশীল) প্রোচিয়োমান্ [pròcʃiòman]

প্রচুর (অনেক) প্রোচুর্ [pròcʃur]

প্রচেতা (বরুণ ; জ্ঞানী) প্রোচেতা [pròcʃeta]

প্রচেষ্টা (প্রয়াস, বিশেষ চেষ্টা) প্রোচেশ্‌টা [pròcʃeʃṭa]

প্রচ্ছদ (বইয়ের মলাট) প্রোচ্‌ছদ্ [pròccʃhɔd] **প্রচ্ছদপট** ~পট্ [~pɔṭ]

প্রচ্ছন্ন (গুপ্ত) প্রোচ্‌ছন্‌নো/প্রোচ্‌ছোন্‌নো [pròc-cʃhɔnnò/pròccʃhònnò]

প্রচ্ছায় (ছায়াময় স্থান) প্রোচ্‌ছায়্ [proccʃhaĕ] **প্রচ্ছায়া** (umbra) প্রোচ্‌ছায়া [pròccʃhaĕa]

প্রজন (breeding) প্রোজোন্/প্রোজন্ [pròɟʒòn/pròɟʒɔn]

প্রজনন (সন্তান-উৎপাদন) প্রোজনোন্/প্রোজোনোন্ [pròɟʒɔnòn/pròɟʒònòn]

প্রজন্ম (generation) প্রোজন্‌মো [pròɟʒɔnmò]

প্রজা (সন্তান ; জনসাধারণ ; রায়ত) প্রোজা [pròɟʒa] **প্রজাতন্ত্র** ~তন্‌ত্রো [~tɔntrò] **প্রজাতান্ত্রিক** ~তান্‌ত্রিক্ [~tantrik] **প্রজাতন্ত্রী** ~তোন্‌ত্রি [~tòntri] **প্রজাপতি** (বিধাতা ; ব্রহ্মা ; পতঙ্গবিশেষ) ~পোতি [~pòti]

প্রজাতি (species) প্রোজাতি [pròɟʒati]

প্রজ্ঞা (জ্ঞান) প্রোগ্‌গাঁ [pròggã]

প্রজ্ঞাপক (জ্ঞাপন করে এমন, প্রচারক) প্রোগ্‌গ্যাঁপক/প্রোগ্‌গ্যাঁপোক্ [pròggæ̃pɔk/pròggæ̃pòk]

প্রজ্ঞাপন (প্রচার) প্রোগ্‌গ্যাঁপোন্ [pròggæ̃pòn]

প্রজ্ঞাপারমিতা (জ্ঞানের পূর্ণতা) প্রোগ্‌গাঁপারোমিতা [pròggãparòmita]

প্রজ্ঞাবান, প্রজ্ঞাবান্ (জ্ঞানী, বিদ্বান) প্রোগ্‌গাঁবান্ [pròg-gãban/pròggæ̃ban]

প্রজ্বলন (অতিশয় জ্বলন) প্রোজ্‌জলোন্ [pròɟɟʒɔlòn] **প্রজ্বলিত** (জ্বলছে এমন) প্রোজ্‌জোলিতো [pròɟɟʒòlitò] **প্রজ্বালিত** (জ্বালানো হয়েছে এমন) প্রোজ্‌জালিতো [pròɟɟʒalitò]

প্রণত (অবনত ; নমস্কার করেছে এমন) প্রোনতো/প্রোনোতো [pronɔtò/pronòto] **প্রণতি** (নমস্কার) প্রোনোতি [pronòti]

প্রণব (ওঁকার ; আদিমন্ত্র) প্রোনব্ [prònɔb]

'প্রণবেন্দু' প্রোনোবেন্দু [prònòbendu]

'প্রণবেশ' প্রোনোবেশ্ [prònòbeʃ]

প্রণয় (প্রীতি) প্রোনয়্ [prònɔĕ]

প্রণয়ন (রচনা) প্রোনয়োন্ [prònɔĕòn]

প্রণয়ী (প্রেমিক) প্রোনোই [prònòi] **প্রণয়িনী** (প্রেমিকা) প্রোনোইনি [prònòini]

প্রণাম (প্রণতি ; নমস্কার) প্রোনাম্ [prònam] **প্রণামী** (গুরুজনকে প্রণামকালে দেয়) প্রোনামি [prònami]

প্রণালী (পদ্ধতি) প্রোনালি [prònali]

প্রণিধান (মনোনিবেশ) প্রোনিধান্ [prònidɦan]

প্রণিপাত (প্রণাম) প্রোনিপাৎ [prònipat]

প্রণীত (রচিত) প্রোনিতো [prònitò]

প্রণেতা (রচনাকারী) প্রোনেতা [prònetaI]

প্রণোদন (প্রেরণা বা উৎসাহ দান) প্রোনোদন্/প্রোনোদোন্ [prònodɔn/prònodòn] **প্রণোদিত** প্রোনোদিতো [prònoditò]

প্রতর্ক (সন্দেহ ; অনুমান) প্রোতর্‌কো [pròtɔr(k)kò]

প্রতর্ক্য (অনুমানযোগ্য, অনুমানের বিষয়) প্রোতর্‌কো [pròtɔr(k)kò]

প্রতান (লতার আঁশ ; লতার বিস্তার) প্রোতান্ [pròtan]

প্রতাপ (বিক্রম, তেজ) প্রোতাপ্ [pròtap] **প্রতাপশালী** (তেজস্বী) ~শালি/প্রোতাপোশালি [~ʃali/pròtapòʃali] **প্রতাপী** (তেজস্বী) প্রোতাপি [pròtapi]

প্রতারণা (বঞ্চনা, ছলনা) প্রোতারোনা [pròtaròna] **প্রতারক** (প্রবঞ্চক, ঠক) প্রোতারোক্/প্রোতারক্ [pròtaròk/pròtarɔk] **প্রতারিত** (প্রবঞ্চিত) প্রোতারিতো [pròtaritò]

প্রতি (দিকে, অভিমুখে) প্রোতি [pròti]

প্রতিকরণীয় প্রতিকার দ্র

প্রতিকার (প্রতিবিধান ; নিবারণ) প্রোতিকার্ [pròtikar] **প্রতিকরণীয়** প্রোতিকরোনিয়ো [pròtikɔròniò] **প্রতিকার্য** (প্রতিকারের যোগ্য) প্রোতিকার্‌জো [pròtikar(ɟ)ɟʒò]

প্রতিকুল (বিরুদ্ধ) প্রোতিকুল্ [pròtikul] **প্রতিকুলতা** প্রোতিকুলোতা [pròtikulòta]

প্রতিকৃতি (প্রতিমূর্তি) প্রোতিক্রিতি [pròti(k)kriti]

প্রতিক্রিয়া (ক্রিয়ার পরিণাম) প্রোতিক্‌ক্রিয়া [pròtikkria] **প্রতিক্রিয়াশীল** (প্রগতিবিরোধী) ~শিল্ [~ʃil]

প্রতিক্ষণ (সর্বদা, প্রতিমুহূর্তে) প্রোতিক্‌খোন্/প্রোতিক্‌খন্ [pròtikkhòn/pròtikkhɔn]

প্রতিগ্রহ (গ্রহণ ; অঙ্গীকার) প্রোতিগ্‌গ্রোহো [pròtiggròɦò] **প্রতিগ্রহণীয়** ~নিয়ো [~niò]

প্রতিগ্রাহী (দানগ্রহণকারী) প্রোতিগ্‌গ্রাহি [pròtiggraɦi]

প্রতিঘাত (পাল্টা আঘাত) প্রোতিঘাৎ [pròtigɦat] **প্রতিঘাতী** প্রোতিঘাতি [pròtigɦati]

প্রতিচ্ছায়া (প্রতিবিম্ব ; সাদৃশ্য) প্রোতিচ্‌ছায়া [pròticcʃhaĕa]

প্রতিজিহ্বা (আলজিভ) প্রোতিজিউ্‌ভা [pròtiɟʒiŭbɦa]

প্রতিজ্ঞা (সংকল্প) প্রোতিগ্‌গাঁ [pròtiggã] **প্রতিজ্ঞাত** (প্রতিশ্রুত ; সংকল্পিত) প্রোতিগ্‌গ্যাঁতো [pròtiggæ̃tò] **প্রতিজ্ঞাপত্র** (অঙ্গীকার-পত্র) ~পৎত্রো [~pɔtrò] **প্রতিজ্ঞেয়** (অঙ্গীকারের যোগ্য) প্রোতিগ্‌গেঁয়ো [pròtiggẽò]

প্রতিদান (প্রত্যর্পণ) প্রোতিদান্ [pròtidan]

প্রতিদিন (রোজ, প্রত্যহ) প্রোতিদিন্ [pròtidin]

প্রতিদ্বন্দ্ব (দ্বন্দ্ব, বিরোধ) প্রোতিদ্‌দন্‌দো [pròtiddɔndò] **প্রতিদ্বন্দ্বিতা** প্রোতিদ্‌দোন্‌দিতা [pròtiddòndita] **প্রতিদ্বন্দ্বী** প্রোতিদ্‌দোন্‌দি [pròtiddòndi]

প্রতিধ্বনি (echo) প্রোতিদ্‌ধোনি [pròtiddɦòni] **প্রতিধ্বনিত** ~তো [~tò]

প্রতিনিধি (প্রতিভূ ; জামিন) প্রোতিনিধি [pròtinidɦi] **প্রতিনিধিত্ব** ~ৎতো [~ttò]

প্রতিনিবৃত্ত (ক্ষান্ত হয়েছে এমন ; নিরস্ত) প্রোতিনিব্রিৎতো [pròtini(b)brittò]

প্রতিনিয়ত (সর্বদা) প্রোতিনিয়তো [pròtiniɔtò]

প্রতিপক্ষ (বিপক্ষ) প্রোতিপোক্‌খো [pròtipòkkhò]

প্রতিপত্তি (প্রভাব) প্রোতিপোৎতি [pròtipòtti] **প্রতিপত্তিশালী** ~শালি [~ʃali]

প্রতিপদ (শুক্ল বা কৃষ্ণপক্ষের প্রথম তিথি) প্রোতিপদ্ [pròtipɔd]

প্রতিপন্ন (প্রমাণসিদ্ধ, মীমাংসিত) প্রোতিপন্‌নো [pròtipɔnnò]

প্রতিপাদন (যুক্তি বা প্রমাণের দ্বারা নির্ণয়) প্রোতিপাদোন্ [pròtipadòn] **প্রতিপাদিত** (প্রতিপাদন করা হয়েছে এমন) প্রোতিপাদিতো [pròtipaditò] **প্রতিপাদ্য** (প্রতিপাদনের যোগ্য) প্রোতিপাদ্‌দো [pròtipaddò]

প্রতিপালন (পালন, রক্ষণ) প্রোতিপালোন্ [pròtipalòn] **প্রতিপালিত** প্রোতিপালিতো [pròtipalitò]

প্রতিপোষণ (সমর্থন ; সাহায্য করা) প্রোতিপোশোন্ [pròtipoʃòn]

প্রতিফল (প্রতিশোধ) প্রোতিফল্ [pròtiphɔl]

প্রতিফলন (প্রতিবিম্ব পড়া, reflection) প্রোতিফলোন্ [pròtiphɔlòn]

প্রতিফলিত (reflected) প্রোতিফোলিতো [pròtiphòlitò]

প্রতিবন্ধ (বাধা) প্রোতিবন্‌ধো [pròtibɔndɦò] **প্রতিবন্ধক** (বাধা ; বাধাজনক) ~ক্ [~k] **প্রতিবন্ধকতা** ~কতা/~কোতা [~kɔta/~kòta] **প্রতিবন্ধী** (physically handicapped) প্রোতিবোন্‌ধি [pròtibòndɦi]

প্রতিবর্ণীকরণ (লিপ্যন্তর করা) প্রোতিবোর্‌নিকরোন্ [pròtibòr(n)nikɔròn]

প্রতিবাক্য (উত্তর) প্রোতিবাক্‌কো [pròtibakkò]

প্রতিবাত (বায়ুর প্রতিকূল) প্রোতিবাৎ [pròtibat]

প্রতিবাদ (আপত্তি ; প্রত্যুক্তি) প্রোতিবাদ্ [pròtibad] **প্রতিবাদী** প্রোতিবাদি [pròtibadi]

প্রতিবিধান (প্রতিকার) প্রোতিবিধান্ [pròtibidɦan]

প্রতিবিপ্লব (বিপ্লবের পালটা বা বিরোধী বিপ্লব) প্রোতিবিপ্‌প্লব্ [pròtibipplɔb] **প্রতিবিপ্লবী** প্রোতিবিপ্‌প্লোবি [pròtibipplòbi]

প্রতিবিম্ব (প্রতিচ্ছায়া) প্রোতিবিম্‌বো [pròtibimbò] **প্রতিবিম্বিত** প্রোতিবিম্‌বিতো [pròtibimbitò]

প্রতিবিহিত (প্রতিবিধান করা হয়েছে এমন) প্রোতিবিহিতো [pròtibiɦitò]

প্রতিবেদক (reporter) প্রোতিবেদক্/প্রোতিবেদোক্ [pròtibedɔk/pròtibedòk] **প্রতিবেদন** (report) প্রোতিবেদোন্ [pròtibedòn]

প্রতিবেশ (পরিবেশ, পরিপার্শ্ব) প্রোতিবেশ্ [pròtibeʃ] **প্রতিবেশী** প্রোতিবেশি [pròtibeʃi] **প্রতিবেশিনী** প্রোতিবেশিনি [pròtibeʃini]

প্রতিভা (স্বভাবজাত ও অসাধারণ বুদ্ধি বা উদ্ভাবনী ক্ষমতা) প্রোতিভা [pròtibɦa] **প্রতিভাশালী** ~শালি [~ʃali]

প্রতিভাত (স্পষ্টভাবে প্রকাশিত) প্রোতিভাতো [pròtibɦatò]

প্রতিভাস (মনের মধ্যে প্রকাশ ; দীপ্তি) প্রোতিভাশ্ [pròtibɦaʃ]

প্রতিভূ (প্রতিনিধি) প্রোতিভু [pròtibɦu]

প্রতিমা (প্রতিমূর্তি ; দেবমূর্তি) প্রোতিমা [pròtima]

প্রতিমুহূর্ত (প্রতিক্ষণ ; সর্বদা) প্রোতিমুহুর্‌তো [pròtimuɦur(t)tò]

প্রতিমূর্তি (প্রতিমা) প্রোতিমুর্‌তি [pròtimur(t)ti]

প্রতিযোগিতা (প্রতিদ্বন্দ্বিতা) প্রোতিজোগিতা [pròtiɟʒogita]

প্রতিযোগী (পরস্পরের প্রতিদ্বন্দ্বী) প্রোতিজোগি [pròtiɟʒogi]

প্রতিরক্ষা (defence) প্রোতিরোক্‌খা [pròtiròkkha]

প্রতিরূপ (প্রতিমূর্তি) প্রোতিরূপ্ [pròtirup]

প্রতিরোধ (নিবারণ ; বাধাদান) প্রোতিরোধ্ [pròtirod(ɦ)] **প্রতিরোধী** প্রোতিরোধি [pròtirodɦi] **প্রতিরোধ্য** প্রোতিরোদ্‌ধো [pròtiroddɦò]

প্রতিলিপি (copy) প্রোতিলিপি [pròtilipi]

প্রতিলোম (বিপরীত) প্রোতিলোম্ [pròtilom]

প্রতিশব্দ (সমার্থক শব্দ) প্রোতিশব্‌দো [pròtiʃɔbdò]

প্রতিশয় (দেবমন্দিরে ধরনা) প্রোতিশয়্ [pròtiʃɔĕ] **প্রতিশয়ন** প্রোতিশয়োন্ [pròtiʃɔĕòn]

প্রতিশোধ (প্রতিহিংসা) প্রোতিশোধ্ [pròtiʃod(ɦ)]

প্রতিশ্রুত (অঙ্গীকৃত) প্রোতিস্‌স্রুতো [pròtissrutò] **প্রতিশ্রুতি** (প্রতিজ্ঞা, অঙ্গীকার) প্রোতিস্‌স্রুতি [pròtissruti]

প্রতিষেধ (নিবারণ) প্রোতিশেধ্ [pròtiʃed(ɦ)] **প্রতিষেধক** (নিবারণ করে এমন) প্রোতিশেধোক্/প্রোতিশেধক্ [pròti-ʃedɦòk/pròtiʃedɦɔk]

প্রতিষ্ঠা (স্থাপন ; খ্যাতি) প্রোতিষ্‌ঠা [pròtiʃṭha] **প্রতিষ্ঠাতা** ~তা [~ta] **প্রতিষ্ঠাত্রী** ~ৎত্রি [~ttri] **প্রতিষ্ঠান** (institution) ~ন্ [~n] **প্রতিষ্ঠাবান** ~বান্ [~ban] **প্রতিষ্ঠিত** প্রোতিষ্‌ঠিতো [pròtiʃṭhitò]

প্রতিষ্ঠিত প্রতিষ্ঠা দ্র

প্রতিসংহার (সংবরণ) প্রোতিশংহার্ [pròtiʃɔŋɦar]

প্রতিসরণ (refraction) প্রোতিশরোন্ [pròtiʃɔròn]

প্রতিসারী (বিপরীতগামী) প্রোতিশারি [pròtiʃari]

প্রতিস্পর্ধী (প্রতিদ্বন্দ্বী) প্রোতিস্পোর্ধি [protis-pòr(d)dĥi]
প্রতিহত (বাধাপ্রাপ্ত) প্রোতিহতো [pròtiĥɔtò]
প্রতিহার (সদর দরজা ; দৌবারিক ; বর্জন) প্রোতিহার্ [pròtiĥar] **প্রতিহারী** (দৌবারিক, দারোয়ান) প্রোতিহারি [pròtiĥari]
প্রতিহার্য (বর্জনীয়) প্রোতিহার্জো [pròtiĥar(ɟ)ɟɟò]
প্রতিহিংসা (প্রতিশোধ, হিংসার বদলে হিংসা) প্রোতিহিংশা [pròtiĥiŋʃa] **প্রতিহিংসাপরায়ণ** ~পরায়োন্ [~pɔraĕòn]
প্রতীক (চিহ্ন) প্রোতিক্ [pròtik]
প্রতীকী (symbolic) প্রোতিকি [pròtiki]
প্রতীক্ষা (অপেক্ষা) প্রোতিক্খা [pròtikkha] **প্রতীক্ষমাণ** (প্রতীক্ষাকারী) প্রোতিক্খোমান্ [pròtikkhòman] **প্রতীক্ষিত** প্রোতিক্খিতো [pròtikkhitò]. **প্রতীক্ষ্যমাণ** (যার জন্য প্রতীক্ষা করা হচ্ছে) প্রোতিক্খোমান্ [pròtikkhòman]
প্রতীচী (পশ্চিম দিক) প্রোতিচি [proticʃi]
প্রতীচ্য (পাশ্চাত্য) প্রোতিচ্চো [pròticcʃò]
প্রতীতি (বিশ্বাস) প্রোতিতি [pròtiti] **প্রতীত** প্রোতিতো [pròtitò]
প্রতীপ (বিপরীত ; বিরুদ্ধ) প্রোতিপ্ [pròtip] **প্রতীপগামী** প্রোতিপোগামি [pròtipògami]
প্রতীয়মান (অনুভূত হচ্ছে এমন) প্রোতিয়োমান্ [pròtiòman]
প্রতীহার, প্রতীহারী প্রতিহার ও প্রতিহারির অনুরূপ
প্রতুল (প্রাচুর্য) প্রোতুল্ [pròtul]
প্রত্ন (প্রাচীন) প্রোৎনো [prò(t)tnò] **প্রত্নতত্ত্ব** ~তৎতো [~tɔttò]
প্রত্যক্ষ (ইন্দ্রিয়গোচর, সাক্ষাৎ) প্রোৎতোক্খো [pròttòkkhò] **প্রত্যক্ষদর্শন** ~দর্শোন্ [~dɔr(ʃ)ʃòn] **প্রত্যক্ষদর্শী** (স্বচক্ষে দেখে বা দেখেছে এমন) ~দোর্শি [~dòr(ʃ)ʃi] **প্রত্যক্ষপ্রমাণ** (চাক্ষুষ প্রমাণ) ~প্রোমান্ [~(p) pròman] **প্রত্যক্ষফল** ~ফল্ [~phɔl]
প্রত্যঙ্গ (অঙ্গের অংশ) প্রোৎতংগো/প্রোৎতোংগো [pròttɔŋgò/pròttòŋgò]
প্রত্যন্ত (প্রান্তবর্তী) প্রোৎতন্তো/প্রোৎতোন্তো [pròttɔntò/pròttòntò]
প্রত্যবায় (পাপ ; অনিষ্ট) প্রোৎতোবায়্ [pròttò-baĕ]
প্রত্যভিবাদন (প্রতি নমস্কার) প্রোৎতোভিবাদোন্ [pròttòbĥibadòn]
প্রত্যয় (বিশ্বাস) প্রোৎতয়্ [pròttɔĕ] **প্রত্যয়িত** প্রোৎতোইতো [pròttòitò]
প্রত্যর্পণ (ফেরত দেওয়া) প্রোৎতর্পোন্ [pròttɔr(p)pòn] **প্রত্যর্পিত** প্রোৎতোর্পিতো [pròttòr(p)pitò]
প্রত্যহ (প্রতিদিন) প্রোৎতোহো [pròttòĥò]
প্রত্যাখ্যাত (খারিজ, অগ্রাহ্য) প্রোৎতাক্খাতো/প্রোৎত্যাক্খ্যাতো [pròttakkhatò/pròttækkhætò]
প্রত্যাখ্যান (অস্বীকার) প্রোৎতাক্খান্ [pròttakkhan]
প্রত্যাগত (ফিরে এসেছে এমন) প্রোৎতাগতো/প্রোৎত্যাগতো [pròttagɔtò/pròttægɔtò]
প্রত্যাগমন (ফিরে আসা) প্রোৎতাগমোন্/প্রোৎত্যাগমোন্ [pròttagɔmòn/pròttægɔmòn]
প্রত্যাঘাত (পালটা আঘাত) প্রোৎতাঘাৎ [pròt-taghat]
প্রত্যাদেশ (দৈবাদেশ ; নতুন আদেশ) প্রোৎতাদেশ্ [pròttadeʃ]
প্রত্যাবর্তন (ফিরে আসা) প্রোৎতাবর্তোন্ [pròttabɔr(t)tòn] **প্রত্যাবৃত্ত** (ফিরে এসেছে এমন) প্রোৎতাব্রিৎতো [pròtta(b)brittò]
প্রত্যাশা (আশা) প্রোৎতাশা [pròttaʃa] **প্রত্যাশিত** প্রোৎতাশিতো/প্রোৎত্যাশিতো [pròttaʃitò/pròttæʃitò] **প্রত্যাশী** (আশা করছে এমন) প্রোৎতাশি/প্রোৎত্যাশি [pròttaʃi/pròttæʃi]
প্রত্যাসন্ন (আসন্ন, নিকটবর্তী) প্রোৎতাশন্নো/প্রোৎত্যাশন্নো [pròttaʃɔnnò/pròttæʃɔnnò]
প্রত্যাহত (নিবারিত ; বাধাপ্রাপ্ত) প্রোৎতাহতো/প্রোৎত্যাহতো [pròttaĥɔtò/pròttæĥɔtò]
প্রত্যাহার (ফিরিয়ে বা উঠিয়ে নেওয়া, খারিজ) প্রোৎতাহার্ [pròttaĥar] **প্রত্যাহৃত** (খারিজ, প্রত্যাখ্যাত) প্রোৎতার্হিতো/প্রোৎত্যার্হিতো [pròttar(ĥ)itò/pròttær(ĥ)itò]
প্রত্যুক্তি (পালটা উক্তি) প্রোৎতুকতি [pròttukti]
প্রত্যুত্তর (কথার জবাব) প্রোৎতুৎতর্/প্রোৎতুৎতোর্ [pròttuttɔr/pròttuttòr]

প্রত্যুৎপন্ন (তৎক্ষণাৎ উৎপন্ন) প্রোৎতুৎপন্‌নো [pròttutpɔnnò] **প্রত্যুৎপন্নমতিত্ব** ~মোতিৎতো [~mòtittò]

প্রত্যুদ্‌গমন (কিছুদূর এগিয়ে গিয়ে অভ্যর্থনা) প্রোৎতুদ্‌গমোন্ [pròttudgɔmòn]

প্রত্যুপকার (উপকারের বদলে উপকার) প্রোৎতুপোকার্ [pròttupòkar]

প্রত্যুষ, প্রত্যূষ (ভোর, সকাল) প্রোৎতুশ্ [pròttuʃ]

প্রত্যেক (এক এক করে সকলে) প্রোৎতেক্ [pròttek]

প্রথম (আদি ; শ্রেষ্ঠ) প্রোথোম্ [pròthòm]

প্রথমত (প্রথমে) প্রোথোমোতো [pròthòmòtò]

প্রথমাংশ (প্রথম অংশ) প্রোথোমাংশো [pròthòmaŋʃò]

প্রথমাবস্থা (প্রথম অবস্থা) প্রোথোমাবস্‌থা [pròthòmabɔstha]

প্রথা (নিয়ম) প্রোথা [pròtha] **প্রথানির্দিষ্ট** ~নির্‌দিষ্‌টো [~nir(d)diʃṭò] **প্রথানুযায়ী** ~নুজাই [~nuɟʒai]

প্রথিত (বিখ্যাত) প্রোথিতো [pròthitò] **প্রোথিতযশা** ~জশা [~ɟʒɔʃa]

প্রদক্ষিণ (চতুর্দিকে ভ্রমণ) প্রোদোক্‌খিন্ [pròdòkkhin]

প্রদত্ত (দেওয়া হয়েছে এমন) প্রোদৎতো [pròdɔttò]

প্রদমিত (দমিত ; শাসিত) প্রোদোমিতো [pròdòmitò]

প্রদর (স্ত্রীরোগবিশেষ) প্রোদর্/প্রোদোর্ [pròdɔr/pròdòr]

প্রদর্শক (প্রদর্শনকারী) প্রোদোর্‌শোক্/প্রোদর্‌শোক্ [pròdòr(ʃ)ʃòk/pròdɔr(ʃ)ʃòk]

প্রদর্শন (সম্যক দর্শন ; দেখানো) প্রোদোর্‌শোন্/প্রোদর্‌শোন্ [pròdòr(ʃ)ʃòn/pròdɔr(ʃ)ʃòn] **প্রদর্শনী** (exhibition) প্রোদোর্‌শোনি [pròdòr(ʃ)ʃòni] **প্রদর্শিত** (দেখানো হয়েছে এমন) প্রোদোর্‌শিতো [pròdòr(ʃ)ʃitò]

প্রদর্শশালা (জাদুঘর) প্রোদর্‌শোশালা/প্রোদোর্‌শোশালা [pròdɔr(ʃ)ʃòʃala/pròdòr(ʃ)ʃòʃala]

প্রদর্শিত প্রদর্শন দ্র

প্রদান (দেওয়া ; বিশেষভাবে দান) প্রোদান্ [pròdan]

প্রদায়ী (প্রদানকারী) প্রোদাই [pròdai] **প্রদায়িকা** প্রোদাইকা [pròdaika]

প্রদাহ (জ্বালা) প্রোদাহো [pròdaɦò] **প্রদাহী** প্রোদাহি [pròdaɦi]

প্রদীপ (দীপ ; আলো) প্রোদিপ্ [pròdip]

প্রদীপ্ত (উজ্জ্বল) প্রোদিপ্‌তো [pròdiptò]

প্রদৃপ্ত (অতিশয় গর্বিত) প্রোদ্রিপ্‌তো [prò(d)driptò]

প্রদেয় (প্রদানযোগ্য) প্রোদেয়ো/প্রোদেও [pròdeò]

প্রদেশ (দেশের অংশ ; অঞ্চল) প্রোদেশ্ [pròdeʃ]

প্রদোষ (সন্ধ্যাকাল) প্রোদোশ্ [pròdoʃ]

প্রদ্যুম্ন (মদন) প্রোদ্‌দুম্‌নো [pròddumnò]

প্রদ্যোত (দীপ্তি) প্রোদ্‌দোৎ [pròddot]

প্রধান (শ্রেষ্ঠ ; নায়ক) প্রোধান্ [pròdɦan]

প্রনষ্ট (সম্পূর্ণ নষ্ট) প্রোনষ্‌টো [prònɔʃṭò]

প্রপঞ্চ (মায়া ; প্রবঞ্চনা) প্রোপন্‌চো [pròpɔncʃò]

প্রপন্ন (শরণাগত) প্রোপন্‌নো/প্রোপোন্‌নো [pròpɔnnò/pròpònnò]

প্রপাত (জলপ্রপাত) প্রোপাৎ [pròpat]

প্রপিতামহ (পিতামহের পিতা) প্রোপিতামহো [pròpitamɔɦò]

প্রপিতামহী (পিতামহের মাতা) প্রোপিতামোহি [pròpitamòɦi]

প্রপৌত্র (পৌত্রের পুত্র) প্রোপৌৎত্রো [pròpouttrò]

প্রফুল্ল (আনন্দিত) প্রোফুল্‌লো [pròphullò] **প্রফুল্লতা** ~তা [~ta]

প্রবক্তা (মুখপাত্র, spokesman) প্রোবক্‌তা/প্রোবোক্‌তা [pròbɔkta/pròbòkta]

প্রবচন (প্রবাদ) প্রোবচোন্/প্রোবোচোন্ [pròbɔcʃòn/pròbòcʃòn] **প্রবচনীয়** (প্রকৃষ্টরূপে বচনীয়) প্রোবোচোনিয়ো/ প্রোবচোনিয়ো [pròbòcʃòniò/pròbɔcʃòniò]

প্রবঞ্চনা (প্রতারণা) প্রোবোন্‌চোনা/প্রোবন্‌চোনা [pròbòncʃòna/pròbɔncʃòna] **প্রবঞ্চক** (ঠক, প্রতারক) প্রোবোন্‌চোক্/প্রোবন্‌চোক্ [pròbòncʃòk/pròbɔncʃòk] **প্রবঞ্চিত** (প্রতারিত) প্রোবোন্‌চিতো [pròbòncʃitò]

প্রবণতা (ঝোঁক ; পছন্দ) প্রোবোনোতা/প্রোবোনতা [pròbònòta/pròbònɔta]

প্রবন্ধ (নিবন্ধ) প্রোবোন্ধো [pròbòndɦò]

প্রবর (শ্রেষ্ঠ) প্রোবর্ /প্রোবোর্ [pròbɔr/pròbòr]

প্রবর্তন (প্রচলন ; সূচনা) প্রোবর্তোন্/প্রোবোর্তোন্ [pròbɔr(t)tòn/pròbòr(t)tòn] **প্রবর্তক** (সূচনাকারী) প্রোবোর্তোক্/প্রোবর্তোক্/প্রোবোর্তক্ [pròbòr(t)tòk/pròbɔr(t)tòk/pròbòr(t)tɔk] **প্রবর্তনা** (প্রেরণা) প্রোবোর্তোনা/প্রোবর্তোনা [pròbòr(t)tòna/pròbɔr(t)tòna] **প্রবর্তিত** (প্রচলিত) প্রোবোর্তিতো [pròbòr(t)titò]

প্রবল (প্রচণ্ড, তীব্র) প্রোবোল্/প্রোবল্ [pròbòl/pròbɔl] **প্রবলতা** প্রোবোলোতো/প্রোবলোতা [pròbòlòta/pròbɔlòta]

প্রবহণ (স্রোত ; ডুলি, পালকি) প্রোবহোন্ [pròbɔɦòn]

প্রবহমাণ, প্রবহমান (প্রবাহিত হচ্ছে এমন) প্রোবোহোমান্/প্রোবহোমান্ [pròbòɦòman/pròbɔɦòman]

প্রবাদ (পরম্পরাগত উক্তি) প্রোবাদ্ [pròbad]

প্রবাল (সামুদ্রিক কীটবিশেষ, coral) প্রোবাল্ [pròbal] **প্রবালকীট** ~কিট্ [~kiṭ] **প্রবালদ্বীপ** ~দিপ্ [~dip]

প্রবাস (বিদেশে বাস) প্রোবাশ্ [pròbaʃ] **প্রবাসী** প্রোবাশি [pròbaʃi] **প্রবাসিনী** প্রোবাশিনি [pròbaʃini]

প্রবাহ (ধারা) প্রোবাহো [pròbaɦò] **প্রবাহিত** প্রোবাহিতো [pròbaɦitò] **প্রবাহী** প্রোবাহি [pròbaɦi]

প্রবিষ্ট (প্রবেশ করেছে এমন) প্রোবিষ্টো [pròbiʃṭò]

প্রবীণ (অভিজ্ঞ ; বয়স্ক) প্রোবিন্ [pròbin] **প্রবীণা** প্রোবিনা [pròbina]

প্রবীর (বীরপ্রধান) প্রোবির্ [pròbir]

প্রবুদ্ধ (জ্ঞানপ্রাপ্ত ; জ্ঞানী) প্রোবুদ্ধো [pròbuddɦò]

প্রবৃত্ত (নিযুক্ত) প্রোব্রিৎতো [prò(b)brittò]

প্রবৃত্তি (অভিরুচি) প্রোব্রিৎতি [prò(b)britti]

প্রবৃদ্ধ (অতিবৃদ্ধ) প্রোব্রিদ্ধো [prò(b)briddɦò]

প্রবেশ (ভিতরে যাওয়া) প্রোবেশ্ [pròbeʃ] **প্রবেশক** প্রোবেশক্ [pròbeʃɔk] **প্রবেশিকা** (যার দ্বারা প্রবেশ করা যায় বা প্রবেশের অধিকার পাওয়া যায়) প্রোবেশিকা [pròbeʃika]

প্রবেশাধিকার (ভিতরে যাবার অধিকার) প্রোবেশাধিকার্ [pròbeʃadɦikar]

প্রবোধ (সান্ত্বনা) প্রোবোধ্ [pròbod(ɦ)] **প্রবোধক** (সান্ত্বনাদানকারী) প্রোবোধক্ [pròbodɦɔk] **প্রবোধিত** প্রোবোধিতো [pròbodɦitò]

প্রব্রজিত (ভিক্ষু ; সংসারত্যাগী) প্রোব্রোজিতো [pròbbròɟʒitò]

প্রব্রজ্যা (সন্ন্যাসীর ভ্রমণ) প্রোব্রোজ্জা [pròbbròɟɟʒa]

প্রব্রাজন (নির্বাসন) প্রোব্রাজোন্ [pròbbraɟʒòn]

প্রভঞ্জন (ঝড় ; প্রবল বাতাস) প্রোভন্জোন্/প্রোভোন্জোন্ [pròbɦɔnɟʒòn/pròbɦònɟʒòn]

প্রভা (দীপ্তি) প্রোভা [pròbɦa] **প্রভাকর** (সূর্য) ~কর্ [~kɔr] **প্রভাবতী** ~বোতি [~bòti]

প্রভাত (সকালবেলা) প্রোভাৎ [pròbɦat] **প্রভাতকিরণ** ~কিরোন্/ ~কিরন্ [~kiròn/~kirɔn] **প্রভাতফেরি** (পাড়ায় পাড়ায় পুরবাসীদের জাগাবার গান) ~ফেরি [~pheri] **প্রভাতরশ্মি** ~রোশ্শিঁ/প্রোভাতোরোশ্শিঁ [~ròʃʃĩ/pròbɦatòròʃʃĩ]

প্রভাতী (সকাল বেলার) প্রোভাতি [pròbɦati]

প্রভাব (প্রভুত্ব ; প্রতাপ) প্রোভাব্ [pròbɦab] **প্রভাবশালী** ~শালি [~ʃali] **প্রভাবান্বিত** প্রোভাবান্নিতো [pròbɦabannitò] **প্রভাবিত** (অন্যের প্রভাবদ্বারা চালিত) প্রোভাবিতো [pròbɦabitò]

প্রভাস (প্রখর দীপ্তি ; তীর্থবিশেষ) প্রোভাশ্ [pròbɦaʃ]

প্রভু (স্বামী ; মনিব) প্রোভু [pròbɦu] **প্রভুত্ব** ~ৎতো [~ttò] **প্রভুপত্নী** ~পোৎনি [~pòtni] **প্রভুভক্ত** ~ভক্তো [~bɦɔktò] **প্রভুভক্তি** (প্রভুর প্রতি অনুরাগ) ~ভোক্তি [~bɦòkti]

প্রভূত (প্রচুর) প্রোভুতো [pròbɦutò]

প্রভৃতি (ইত্যাদি) প্রোভ্রিতি [prò(b)bɦriti]

প্রভেদ (পার্থক্য) প্রোভেদ্ [pròbɦed]

প্রমত্ত (অতিশয় মত্ত) প্রোমোৎতো/প্রোমৎতো [pròmòttò/pròmɔttò]

প্রমথ (শিবের অনুচরবিশেষ) প্রোমোথো [prò-mòthò]
'প্রমথেশ' (শিব) প্রোমোথেশ্ [pròmòtheʃ]
প্রমদা (সুন্দরী যুবতী) প্রোমোদা [pròmòda]
প্রমা (সত্য জ্ঞান) প্রোমা [pròma]
প্রমাণ (নিশ্চয়-বোধ ; পরিমাণ) প্রোমান্ [pròman] **প্রমাণপঞ্জী**~পোন্‌জি [~pònɟʒi] **প্রমাণপত্র**~পৎত্রো [~pɔttrò] **প্রমাণসাপেক্ষ** (যার যাথার্থ্য প্রমাণের উপর নির্ভর করে) ~শাপেক্‌খো [~ʃapekkhò] **প্রমাণসিদ্ধ** ~শিদ্‌ধো [~ʃiddɦò] **প্রমাণিত** প্রোমানিতো [pròmanitò]
প্রমাতা (প্রমাণকারী) প্রোমাতা [pròmata]
প্রমাতামহ (মাতামহের পিতা) প্রোমাতামহো [prò-matamɔɦò]
প্রমাতামহী (মাতামহের মাতা) প্রোমাতামোহি [pròmatamòɦi]
প্রমাদ (ভ্রান্তি ; ভয়) প্রোমাদ্ [pròmad]
প্রমিত (নিশ্চিত ; নির্ধারিত) প্রোমিতো [pròmitò] **প্রমিতি** (নিশ্চয়তা) প্রোমিতি [pròmiti]
'প্রমীলা' (ইন্দ্রজিতের পত্নী) প্রোমিলা [pròmila]
প্রমুখ (আরম্ভ ; প্রভৃতি ; প্রধান) প্রোমুখ্ [pròmuk(h)]
প্রমুখাৎ (মুখ থেকে, জবানি) প্রোমুখাৎ [pròmukhat]
প্রমুদিত (আমোদিত) প্রোমুদিতো [pròmuditò]
প্রমূর্ত (স্পষ্টভাবে প্রকাশিত) প্রোমুর্‌তো [pròmur(t)tò]
প্রমেয় (প্রমাণসাধ্য) প্রোমেয়ো/প্রোমেও [pròmeò]
প্রমেহ (রোগবিশেষ) প্রোমেহো [pròmeɦò]
প্রমোদ (আমোদ) প্রোমোদ্ [pròmod] **প্রমোদিত** প্রোমোদিতো [pròmoditò]
প্রযত্ন (প্রচেষ্টা ; অধ্যবসায়) প্রোজৎনো [pròɟʒɔ(t)tnò]
প্রযুক্ত (নিযুক্ত) প্রোজুক্‌তো [pròɟʒuktò]
প্রযুক্তি (প্রয়োগকৌশল) প্রোজুক্‌তি [pròɟʒukti] **প্রযুক্তিবিদ্যা** (technology) ~বিদ্‌দা [~bidda]
প্রযোজক (যে কাজ করায় ; producer) প্রোজোজক্ [pròɟʒoɟʒɔk]
প্রযোজ্য (প্রয়োগের যোগ্য) প্রোজোজ্‌জো [pròɟʒoɟɟʒò]
'প্রয়াগ' প্রোয়াগ্/প্রয়াগ্ [pròĕag/prɔĕag]
প্রয়াণ (প্রস্থান ; মৃত্যু) প্রোয়ান্/প্রয়ান্ [pròĕan/prɔĕan] **প্রয়াত** (মৃত) প্রোয়াতো/প্রয়াতো [pròĕatò/prɔĕatò]
প্রয়াস (চেষ্টা) প্রোয়াশ্ [pròĕaʃ] **প্রয়াসী** প্রোয়াশি [pròĕaʃi]
প্রয়োগ (নিয়োগ) প্রোয়োগ্ [pròĕog]
প্রয়োজক (প্রয়োগকারী ; প্রবর্তক) প্রোয়োজক্ [pròĕoɟʒɔk]
প্রয়োজন (দরকার ; হেতু) প্রোয়োজোন্/প্রোয়োজন্ [pròĕoɟʒòn/pròĕoɟʒɔn] **প্রয়োজনীয়** প্রোয়োজোনিয়ো [pròĕoɟʒòniò] **প্রয়োজনীয়তা** প্রোয়োজোনিয়োতা [pròĕoɟʒòniòta]
প্ররোচক (যে উসকানি দেয়) প্রোরোচক্/প্রোরোচোক্ [pròrocʃɔk/pròrocʃòk]
প্ররোচনা (উসকানি ; প্রেরণা) প্রোরোচোনা/প্রোরোচনা [pròrocʃòna/pròrocʃɔna] **প্ররোচিত** প্রোরোচিতো [pròrocʃitò]
প্রলম্ব (গাছের ঝুরি ; ঝুলে পড়া শাখা) প্রোলম্‌বো/প্রোলোম্‌বো [pròlɔmbò/pròlòmbò] **প্রলম্বিত** (ঝুলে পড়েছে এমন) প্রোলোম্‌বিতো [pròlòm-bitò]
প্রলয় (ধ্বংস) প্রোলয়্ [pròlɔĕ]
প্রলয়ংকর, প্রলয়ঙ্কর (সর্বনাশা) প্রোলয়োংকর্ [pròlɔĕòŋkɔr]
প্রলয়ংকরী, প্রলয়ঙ্করী (সর্বনাশকারিণী) প্রোলয়োংকোরি [pròlɔĕòŋkòri]
প্রলাপ (অর্থহীন কথা) প্রোলাপ্ [pròlap]
প্রলিপ্ত (ভালোভাবে লিপ্ত বা লেপন করা হয়েছে এমন) প্রোলিপ্‌তো [pròliptò]
প্রলুব্ধ (অত্যন্ত লোভযুক্ত ; আকৃষ্ট) প্রোলুব্‌ধো [pròlubdɦò] **প্রলুব্ধতা** ~তা [~ta]
প্রলেপ (লেপন ; মলম) প্রোলেপ্ [pròlep] **প্রলেপন** প্রোলেপন্/ প্রোলেপোন্ [pròlepɔn/pròlepòn]
প্রলোভন (লোভ উৎপাদন) প্রোলোভোন্/প্রোলোভন্ [pròlobɦòn/pròlobɦɔn] **প্রলোভিত** প্রোলোভিতো [pròlobɦitò]
প্রশংসা (সুখ্যাতি ; সাধুবাদ) প্রোশোংশা [pròʃòŋʃa] **প্রশংসনীয়** (প্রশংসার যোগ্য) প্রোশোংশোনিয়ো

[prò∫òŋ∫ònio] **প্রশংসাপত্র** (certificate) ~পৎত্রো [~pɔttrò] **প্রশংসিত** প্রোশোংশিতো [prò∫òŋ∫itò]

প্রশমন (নিবারণ ; শান্ত করা) প্রোশোমোন্ [prò∫òmòn] **প্রশমিত** প্রোশোমিতো [prò∫òmitò]

প্রশস্ত (চওড়া) প্রোশোস্তো [prò∫òstò]

প্রশস্তি (স্তুতি) প্রোশোস্তি [prò∫òsti]

প্রশাখা (শাখা থেকে নির্গত ক্ষুদ্রশাখা) প্রোশাখা [prò∫akha]

প্রশান্ত (অতি শান্ত) প্রোশান্তো [prò∫antò] **'প্রশান্ত মহাসাগর'** ~মহাশাগোর্ [~mɔɦa∫agòr] **প্রশান্তি** (প্রশান্ত অবস্থা) প্রোশান্তি [prò∫anti]

প্রশাসক (administrator) প্রোশাশোক্ [prò∫a∫òk]

প্রশাসন (administration) প্রোশাশোন্ [prò∫a∫òn] **প্রশাসনিক** (administrative) প্রোশাশোনিক্ [prò∫a∫ònik]

প্রশিক্ষণ (training) প্রোশিক্খোন্/প্রোশিক্খন্ [prò∫ikkhòn/prò∫ikkhɔn] **প্রশিক্ষক** প্রোশিক্খক্ [prò∫ikkhɔk]

প্রশিষ্য (শিষ্যের শিষ্য) প্রোশিশ্শো [prò∫i∫∫ò]

প্রশ্ন (জিজ্ঞাসা) প্রোস্নো/প্রোশ্নো [pròsnò/prò∫nò] **প্রশ্নকর্তা** ~কর্তা [~kɔr(t)ta] **প্রশ্নপত্র** ~পৎত্রো [~pɔttrò] **প্রশ্নবোধক** (interrogative) ~বোধোক্/~বোধক্ [~bodɦòk/~bodɦɔk] **প্রশ্নমালা** ~মালা [~mala]

প্রশ্নাতীত (প্রশ্ন বা সন্দেহের অযোগ্য) প্রোস্নাতিতো/প্রোশ্নাতিতো [pròsnatitò/prò∫natitò]

প্রশ্নোত্তর (প্রশ্ন ও তার জবাব) প্রোস্নোৎতর্/প্রোশ্নোৎতর্ [pròsnottɔr/prò∫nottɔr]

প্রশ্বাস (নাক দিয়ে গৃহীত বায়ু) প্রোশ্শাশ্ [prò∫∫a∫]

প্রশ্রয় (আশকারা) প্রোস্স্রয়্ [pròssrɔĕ]

প্রসঙ্গ (আলোচ্য বিষয় বা তার সম্পর্ক, context) প্রোশোংগো/প্রোশংগো [prò∫òŋgò/prò∫ɔŋgò] **প্রসঙ্গক্রমে** ~ক্ক্রোমে [~kkròme] **প্রসঙ্গত** ~তো [~tò]

প্রসন্ন (সন্তুষ্ট) প্রোশোন্নো/প্রোশন্নো [prò∫ònnò/prò∫ɔnnò] **প্রসন্নচিত্তে** (সন্তুষ্ট মনে) ~চিৎতে [~c∫itte] **প্রসন্নতা** ~তা [~ta]

প্রসব (গর্ভমোচন ; জন্মদান) প্রোশোব্/প্রোশব্ [prò∫òb/prò∫ɔb] **প্রসববেদনা** ~বেদোনা [~bedòna]

প্রসব্য (প্রতিকূল) প্রোশোব্বো [prò∫òbbò]

প্রসর (গমন, গতি ; বিস্তার) প্রোশর্ [prò∫ɔr] **প্রসরণ** (বিস্তার ; ইতস্তত ভ্রমণ) প্রোশরোন্ [prò∫ɔròn]

প্রসাদ (প্রসন্নতা ; অনুগ্রহ) প্রোশাদ্ [prò∫ad]

প্রসাদন (তুষ্টিবিধান) প্রোশাদোন্ [prò∫adòn] **প্রসাদি, প্রসাদী** (দেবতাকে নিবেদিত) প্রোশাদি [prò∫adi]

প্রসাধক (প্রসাধনকারী) প্রোশাধোক্/প্রোশাধক্ [prò∫adɦòk/prò∫adɦɔk] **প্রসাধন** (অঙ্গসজ্জা) প্রোশাধোন্ [prò∫adɦòn] **প্রসাধনী** (প্রসাধনদ্রব্য) প্রোশাধোনি [prò∫adɦòni]

প্রসার (ব্যাপ্তি, বিস্তার) প্রোশার্ [prò∫ar] **প্রসারণ** প্রোশারোন্/প্রোশারন্ [prò∫aròn/prò∫arɔn] **প্রসারিত** প্রোশারিতো [prò∫aritò]

প্রসার্যমাণ (প্রসারিত হচ্ছে এমন) প্রোশার্জোমান্ [prò∫ar(ɟ)ɟʒòman]

প্রসিদ্ধ (বিখ্যাত) প্রোশিদ্ধো [prò∫iddɦò]

প্রসিদ্ধি (খ্যাতি) প্রোশিদ্ধি [prò∫iddɦi]

প্রসীদ[১] (প্রসন্ন হও) প্রোশিদো/প্রোশিদ্ [prò∫idò/prò∫id]

'প্রসীদ'[২] প্রোশিদ্ [prò∫id]

প্রসূতি (প্রসবিনী) প্রোশুতি [prò∫uti] **প্রসূত** প্রোশুতো [prò∫utò]

প্রসূন (ফুল ; ফুলের কুঁড়ি) প্রোশুন্ [prò∫un]

প্রসৃত (নির্গত ; বিস্তৃত) প্রোস্রিতো [prò(s)sritò]

প্রস্তর (পাথর) প্রোস্তর্ [pròstɔr] **প্রস্তরীভূত** (পাথরে পরিণত) প্রোস্তোরিভুতো [pròstòribɦutò]

প্রস্তাব (বিবেচনার বিষয়, proposal) প্রোস্তাব্ [pròstab] **প্রস্তাবক** প্রোস্তাবক্/ প্রোস্তাবোক্ [pròstabɔk/pròstabòk] **প্রস্তাবনা** (আরম্ভ ; ভূমিকা) প্রোস্তাবোনা/প্রোস্তাবনা [pròstabòna/pròstabɔna] **প্রস্তাবিত** প্রোস্তাবিতো [pròstabitò]

প্রস্তুত (নির্মিত, তৈরি) প্রোস্‌তুৎ [pròstut] **প্রস্তুতি** (আয়োজন, উদ্যোগ) প্রোস্‌তুতি [pròstuti]
প্রস্থ (দফা ; চওড়ার মাপ) প্রোস্‌থো [pròsthò]
প্রস্থান (গমন ; চলে যাওয়া) প্রোস্‌থান্ [pròsthan] **প্রস্থানোদ্যত** (যেতে উদ্যত) প্রোস্‌থানোদ্‌দতো [pròsthanoddɔtò] **প্রস্থিত** (চলে গেছে এমন) প্রোস্‌থিতো [pròsthitò]
প্রস্ফুটিত (ফুটেছে এমন) প্রোশ্‌ফুটিতো [pròʃphuṭitò]
প্রস্ফুরণ (ঈষৎ স্পন্দন) প্রোশ্‌ফুরন্/প্রোশ্‌ফুরোন্ [pròʃphurɔn/pròʃphuròn] **প্রস্ফুরিত** প্রোশ্‌ফুরিতো [pròʃphuritò]
প্রস্রবণ (ঝরনা) প্রোস্‌স্রোবোন্ [pròssròbòn]
প্রস্রাব (মূত্র) প্রোস্‌স্রাব্ [pròssrab]
প্রস্রুত (নিঃসৃত) প্রোস্‌স্রুতো [pròssrutò]
প্রহত (আঘাত পেয়েছে এমন, আহত) প্রোহতো/প্রোহোতো [pròɦɔtò/pròɦòtò]
প্রহর (তিনঘন্টা সময়) প্রোহোর্ [pròɦòr]
প্রহরণ (অস্ত্র) প্রোহোরোন্ [pròɦòròn]
প্রহরা (পাহারা) প্রোহোরা [pròɦòra] **প্রহরী** প্রোহোরি [pròɦòri]
প্রহর্তা (যে প্রহার করে) প্রোহর্‌তা [pròɦɔr(t)ta]
প্রহসন (হালকা হাসির নাটক ; হাস্যকর ঘটনা) প্রোহোশোন্ [pròɦòʃòn]
প্রহার (মার ; পিটুনি) প্রোহার্ [pròɦar] **প্রহৃত** প্রোর্‌হিতো [pròrɦitò]
প্রহেলিকা (হেঁয়ালি) প্রোহেলিকা [pròɦelika]
প্রাইজ (prize) প্রাইজ্ [praiɟʒ]
প্রাংশু (উন্নত) প্রাংশু [praŋʃu]
প্রাকাম্য (ভোগের ইচ্ছা পূর্ণ করার ক্ষমতা) প্রাকাম্‌মো [prakammò]
প্রাকার (প্রাচীর) প্রাকার্ [prakar]
প্রাকৃত[১] (ভাষাবিশেষ) প্রাক্রিৎ [pra(k)krit]
প্রাকৃত[২] (স্বাভাবিক ; লৌকিক ; ইতর) প্রাক্রিতো [pra(k)kritò]
প্রাকৃতিক (প্রকৃতি-সম্বন্ধীয়) প্রাক্রিতিক্ [pra(k)kritik]
প্রাক্কলন, প্রাক্‌কলন (সম্ভাব্য ব্যয়ের হিসাব, estimate) প্রাক্‌কলোন্ [prakkɔlòn]
প্রাক্কাল (পূর্ববর্তী কাল) প্রাক্‌কাল্ [prakkal] **প্রাক্কালীন** প্রাক্‌কালিন্ [prakkalin]
প্রাক্তন (পূর্বতন) প্রাক্‌তন্/প্রাক্‌তোন্ [praktɔn/praktòn]
প্রাখর্য (প্রখরতা) প্রাখোর্‌জো [prakhòr(ɟ)ɟʒò]
প্রাগল্‌ভ্য (প্রগল্‌ভতা) প্রাগোল্‌ভো [pragòlbɦò]
প্রাগুক্ত (পূর্বোক্ত) প্রাগুক্‌তো [praguktò]
প্রাগৈতিহাসিক (pre-historic) প্রাগৈতিহাশিক্ [pragoĭtiɦaʃik]
'প্রাগ্‌জ্যোতিষ' প্রাগ্‌জোতিশ্ [pragɟʒotiʃ]
প্রাঙ্গণ (উঠান) প্রাংগন্/প্রাংগোন্ [praŋgɔn/praŋgòn]
প্রাচী (পূর্ব দিক) প্রাচি [pracʃi]
প্রাচীন (পুরনো ; প্রবীণ) প্রাচিন্ [pracʃin] **প্রাচীনতা** প্রাচিনতা/প্রাচিনোতা [pracʃinɔta/pracʃinòta] **প্রাচীনা** প্রাচিনা [pracʃina]
প্রাচীর (পাঁচিল) প্রাচির্ [pracʃir]
প্রাচুর্য (আধিক্য) প্রাচুর্‌জো [pracʃur(ɟ)ɟʒò]
প্রাচ্য (পূর্বদিকস্থ) প্রাচ্‌চো [praccʃò]
প্রাজ্ঞ (বিজ্ঞ ; পন্ডিত) প্রাগ্‌গোঁ [praggõ] **প্রাজ্ঞতা** ~তা [~ta]
প্রাঞ্জল (সরল ; স্বচ্ছ) প্রান্‌জল্ [pranɟʒɔl]
প্রাণ (জীবন ; জীবনীশক্তি) প্রান্ [pra:n] **প্রাণকৃষ্ণ** ~ক্রিশ্‌নো/প্রানোক্রিশ্‌নো [~kriʃnò/pranò(k)kriʃnò] **প্রাণ-খোলা** (আন্তরিক) ~খোলা [~khola] **প্রাণঘাতী** (মৃত্যু ঘটায় এমন) প্রানোঘাতি [pranògɦati] **প্রাণতুল্য** (প্রাণের মতো প্রিয়) প্রানোতুল্‌লো [pranòtullò] **প্রাণত্যাগ** ~ত্যাগ্ [~tæg] **প্রাণদণ্ড** ~দন্‌ডো [~dɔndò] **প্রাণনাথ** (হৃদয়েশ্বর, স্বামী ; প্রভু) প্রানোনাথ্ [pranònat(h)] **প্রাণপণ** ~পোন্ /প্রানোপোন্ [~pòn/pranòpòn] **প্রাণপাখি** (দেহগত প্রাণ) ~পাখি/প্রানোপাখি [~pakhi/pranòpakhi] **প্রাণপাত** (মৃত্যু বা মৃত্যুতুল্য শ্রম) ~পাৎ/প্রানোপাৎ [~pat/pranòpat] **প্রাণপ্রতিম** প্রানোপ্‌প্রোতিম্ [pranòppròtim] **প্রাণবন্ত** (জীবন্ত, সাবলীল) প্রানোবন্‌তো/প্রানোবোন্‌তো [pranòbɔntò/pranòbòntò] **প্রাণবল্লভ** (প্রাণনাথ) প্রানোবল্‌লোভ/প্রানোবল্‌লভ্ [pranòbɔllòb(ɦ)/pranò-

bɔllɔb(ɦ)] **প্রাণবান** প্রানোবান্ [pranòban] **প্রাণবায়ু** (নিশ্বাস-প্রশ্বাস) প্রানোবায়ু/~বায়ু [pranòbaĕu/~baĕu] **প্রাণময়** প্রানোময় [pranòmɔĕ] **প্রাণহরা** (প্রাণনাশিনী ; মিঠাইবিশেষ) প্রানোহরা/~হরা [pranòɦɔra/~ɦɔra] **প্রাণহীন** ~হিন্ [~ɦin]

প্রাণাত্যয় (মৃত্যু) প্রানাৎতয় [pranattɔĕ]

প্রাণান্ত (মৃত্যু) প্রানান্তো [pranantò] **প্রাণান্তকর** ~কর্ [~kɔr]

প্রাণান্তিক (প্রাণান্তকর, ভয়ানক) প্রানান্তিক্ [pranantik]

প্রাণায়াম (যোগ-ব্যায়ামের অঙ্গবিশেষ) প্রানায়াম্ [pranaĕam]

প্রাণিজ প্রাণী দ্র

প্রাণিজগৎ প্রাণী দ্র

প্রাণিতত্ত্ব প্রাণী দ্র

প্রাণিবিদ্যা প্রাণী দ্র

প্রাণী (সচেতন জীব) প্রানি [prani] **প্রাণিজ** ~জো [~ɟʒò] **প্রাণিজগৎ, প্রাণীজগৎ** ~জগোৎ [~ɟʒɔgòt] **প্রাণিতত্ত্ব, প্রাণীতত্ত্ব** ~তৎতো [~tɔttò] **প্রাণিবিদ্যা, প্রাণীবিদ্যা** (zoology) ~বিদ্দা [~bidda] **প্রাণিহত্যা, প্রাণীহত্যা** ~হোৎতা [~ɦòtta] **প্রাণিহিংসা, প্রাণীহিংসা** (জীবজন্তু হত্যা করা) ~হিংশা [~ɦiŋʃa]

প্রাত (প্রভাতকাল) প্রাতো [pratò]

প্রাতঃকাল (প্রভাতকাল) প্রাতোক্কাল্ [pratòkkal] **প্রাতঃকালীন** প্রাতোক্কালিন্ [pratòkkalin] **প্রাতঃকৃত্য** (প্রভাতের করণীয় কাজ) প্রাতোক্ক্রিৎতো [pratòkkrittò] **প্রাতঃক্রিয়া** প্রাতোক্ক্রিয়া [pratòkkria] **প্রাতঃপ্রণাম** প্রাতোপ্প্রোনাম্ [pratòppronam] **প্রাতঃস্নান** প্রাতোস্স্নান্ [pratòssnan] **প্রাতঃস্মরণীয়** (পুণ্যকীর্তি) প্রাতোশ্শরোনিয়ো/প্রাতোশ্শঁরোনিয়ো [pratò-ʃʃɔrònio/pratòʃʃɔ̃rònio]

প্রাতরাশ (সকালের জলযোগ) প্রাতোরাশ্ [pra-tòraʃ]

প্রাতর্ভ্রমণ (ভোরে হাঁটা) প্রাতোর্ভ্রোমোন্ [pratòr(b)bɦròmòn]

প্রাতিপদিক (বিশেষ্য বা বিশেষণ পদের বিভক্তিহীন রূপ) প্রাতিপোদিক্ [pratipòdik]

প্রাতিভাসিক (বাস্তব নয় অথচ যা বাস্তব বলে মনে হয়) প্রাতিভাশিক্ [pratibɦaʃik]

প্রাতিস্বিক (ব্যক্তিগত, স্বকীয়) প্রাতিশ্শিক্ [pratiʃ-ʃik]

প্রাত্যহিক (প্রতিদিনের) প্রাৎতোহিক্ [prattòɦik] **প্রাত্যহিকী** (প্রতিদিনের কাজ) প্রাৎতোহিকি [prat-tòɦiki]

প্রাথমিক (প্রথমে কৃত ; প্রারম্ভকালীন) প্রাথোমিক্ [prathòmik]

প্রাদুর্ভাব (ভীতিকর বা অনিষ্টকর আবির্ভাব) প্রাদুর্ভাব্ [pradur(b)bɦab] **প্রাদুর্ভূত** প্রাদুর্ভুতো [pradur(b)bɦutò]

প্রাদেশিক (প্রদেশ বা অঞ্চল সম্বন্ধীয়) প্রাদেশিক্ [pradeʃik] **প্রাদেশিকতা** (আঞ্চলিকতা) প্রাদেশিকতা/প্রাদেশিকোতা [pradeʃikɔta/prade-ʃikòta]

প্রাধান্য (শ্রেষ্ঠত্ব ; নেতৃত্ব) প্রাধান্নো [pradɦannò]

প্রান্ত (সীমা ; কিনারা) প্রান্তো [prantò] **প্রান্তবর্তী** (কিনারায় অবস্থিত) ~বোর্তি [~bòr(t)ti]

প্রান্তর (মাঠ) প্রান্তর্ [prantɔr]

প্রান্তিক (প্রান্তবর্তী) প্রান্তিক্ [prantik]

প্রান্তীয় (প্রান্তবর্তী) প্রান্তিয়ো [prantiò]

প্রাপক (যে পায়) প্রাপোক্ [prapòk]

প্রাপ্ত (পাওয়া গেছে এমন, লব্ধ) প্রাপ্তো [praptò] **প্রাপ্তবয়স্ক** (adult) ~বয়োশ্কো [~bɔĕòʃkò] **প্রাপ্তযৌবন** (যৌবন লাভ করেছে এমন) ~জৌবোন্ [~ɟʒoŭbòn] **প্রাপ্তযৌবনা** ~জৌবোনা [~ɟʒoŭbòna]

প্রাপ্তি (পাওয়া) প্রাপ্তি [prapti] **প্রাপ্তিযোগ** (পাওয়ার ভাগ্য) ~জোগ্ [~ɟʒog] **প্রাপ্তিযোগ্য** ~জোগ্গো [~ɟʒoggò]

প্রাপ্য (পাওয়া যায় এমন ; লভ্য) প্রাপ্পো [prappò]

প্রাবন্ধিক (প্রবন্ধ-রচয়িতা) প্রাবোন্ধিক্ [pra-bòndɦik]

প্রাবল্য (প্রবলতা ; তীব্রতা) প্রাবোল্লো [prabòllò]

প্রাবৃট্ (বর্ষাকাল) প্রাব্রিট্ [pra(b)briṭ]

প্রামাণিক (প্রমাণসিদ্ধ ; পদবিবিশেষ ; নাপিত) প্রামানিক্ [pramanik] **প্রামাণিকতা**

(বিশ্বাসযোগ্যতা) প্রামানিকতা/ প্রামানিকোতা [pramanikɔta/pramanikòta]

প্রামাণ্য (প্রামাণিকতা ; প্রামাণিক) প্রামান্নো[pramannò]

প্রায় (মতো ; বারবার) প্রায় [pra:ĕ]

প্রায়শ (প্রায়ই) প্রয়োশো [praĕòʃò]

প্রায়শ্চিত্ত (পাপমোচনের অনুষ্ঠান) প্রায়োশ্চিৎতো [praĕòʃcʃittò]

প্রায়ান্ধকার (অন্ধকারপ্রায়) প্রায়ান্ধোকার্ [praĕandɦòkar]

প্রায়োপবেশন (মৃত্যু কামনায় আমৃত্যু অনশন) প্রায়োপোবেশোন্ [praĕopòbeʃòn]

প্রারব্ধ (আরম্ভ হয়েছে এমন) প্রারোব্ধো/প্রারব্ধো [praròbdɦò/prarɔbdɦò]

প্রারম্ভ (আরম্ভ) প্রারোম্ভো/প্রারম্ভো [praròmbɦò/prarɔmbɦò] **প্রারম্ভিক** (প্রাথমিক ; আরম্ভকালীন) প্রারোম্ভিক্ [pratòmbɦik]

প্রার্থনা (আবেদন, যাচ্ঞা) প্রার্থোনা[prar(t)thòna] **প্রার্থনীয়** প্রার্থোনিয়ো [prar(t)thònið] **প্রার্থিত** প্রার্থিতো [prar(t)thitò] **প্রার্থী** (প্রার্থনাকারী ; প্রত্যাশী) প্রার্থি [prar(t)thi]

প্রার্থী প্রার্থনা দ্র

প্রাশ (আহার) প্রাশ্ [pra:ʃ] **প্রাশন** (আহার) প্রাশোন্ [praʃòn]

প্রাশ্নিক (প্রশ্নকারী) প্রাস্নিক্/প্রাশ্নিক্ [prasnik/praʃnik]

প্রাস (ক্ষেপণাস্ত্রবিশেষ) প্রাশ্ [pra:ʃ]

প্রাসঙ্গিক (প্রসঙ্গক্রমে উত্থাপিত ; সম্বন্ধ-যুক্ত) প্রাশোংগিক্ [praʃòŋgik]

প্রাসাদ (বৃহৎ অট্টালিকা, রাজার বাড়ি) প্রাশাদ্ [praʃad]

প্রাহসনিক (প্রহসন-সম্বন্ধীয়) প্রাহোশোনিক্[praɦòʃònik]

প্রাহ্ণ (পূর্বাহ্ণ) প্রান্নহো [prannɦò]

প্রিয় (প্রীতিজনক ; প্রেমপাত্র) প্রিয়ো [priò]

প্রিয়ংবদ (মধুরভাষী) প্রিয়োংবদো [prioŋbɔdò]

প্রিয়ংবদা (মধুরভাষিণী) প্রিয়োংবদা/প্রিয়ংবদা [prioŋbɔda/priɔŋbɔda]

প্রিয়ঙ্গু (শ্যামালতা) প্রিয়োংগু [prioŋgu]

প্রিয়জন (ভালোবাসার পাত্র) প্রিয়োজোন্ [prioɟʒòn]

প্রিয়তম (সর্বাপেক্ষা প্রিয়) প্রিয়োতমো [priotɔmò]

প্রিয়তমা প্রিয়োতমা [priotɔma]

প্রিয়দর্শন (সুন্দর, সুদর্শন) প্রিয়োদর্শোন্ [priòdɔr(ʃ)ʃòn]

প্রিয়দর্শী (সুন্দর) প্রিয়োদোর্শি [priòdòr(ʃ)ʃi]

প্রিয়পাত্র (প্রিয়জন) প্রিয়োপাৎত্রো [priòpattrò]

প্রিয়বাক্য (মধুর কথা) প্রিয়োবাক্কো [priòbakkò]

প্রিয়ভাষী (মিষ্টভাষী) প্রিয়োভাশি [priòbɦaʃi]

প্রিয়ভাষিণী প্রিয়োভাশিনি [priòbɦaʃini]

প্রিয়সখা (প্রিয় বন্ধু) প্রিয়োশখা [prioʃɔkha]

প্রিয়সখী (প্রিয় বান্ধবী) প্রিয়োশোখি [prioʃòkhi]

প্রীত (সন্তুষ্ট) প্রিতো [pritò]

প্রীতি (প্রেম ; স্নেহ) প্রিতি [priti] **প্রীতি উপহার** ~উপোহার্ [~upòɦar] **প্রীতিভাজন** ~ভাজোন্ [~bɦaɟʒòn] **প্রীতিভাজনেষু** ~ভাজোনেশু [~bɦaɟʒòneʃu] **প্রীতিভোজ** (উৎসব-আনন্দ উপলক্ষে ভোজ) ~ভোজ্ [~bɦoɟʒ] **প্রীতিভোজন** ~ভোজোন্ [~bɦoɟʒòn] **প্রীতিসম্ভাষণ** (সাদর আলাপ) ~শম্ভাশোন্ [~ʃɔmbɦaʃòn] **প্রীতিসম্মেলন** ~শম্মেলন্/ ~শম্মেলোন্ [~ʃɔmmelɔn/~ʃɔmmelòn]

প্রেক্ষক (দর্শক) প্রেক্খক্/প্রেক্খোক্ [prekkhɔk/prekkhòk]

প্রেক্ষণ (দর্শন ;দৃষ্টি) প্রেক্খন্/প্রেক্খোন্ [prekkhɔn/prekkhòn] **প্রেক্ষণীয়** প্রেক্খোনিয়ো [prekkhònið]

প্রেক্ষা (পর্যবেক্ষণ ; পর্যালোচনা) প্রেক্খা[prekkha] **প্রেক্ষাগার** (রঙ্গালয় ; মানমন্দির) ~গার্ [~gar] **প্রেক্ষাগৃহ** ~গ্রিহো [~(g)griɦò] **প্রেক্ষাপট** (perspective) ~পট্ [~pɔṭ]

প্রেক্ষিত (দৃষ্ট) প্রেক্খিতো [prekkhitò]

প্রেত (ভূত ; অশরীরী) প্রেৎ [pre:t] **প্রেতক্রিয়া** (অন্ত্যেষ্টিক্রিয়া) প্রেতোক্ক্রিয়া [pretòkkria] **প্রেতনদী** (বৈতরণী) ~নোদি/প্রেতোনোদি[~nòdi/pretònòdi] **প্রেতপুরী** ~পুরি/প্রেতোপুরি [~puri/pretòpuri] **প্রেতযোনী** (ভূত) ~জোনি/প্রেতোজোনি [~ɟʒoni/pretòɟʒoni] **প্রেতলোক** (যমালয়) ~লোক্/প্রেতোলোক্ [~lok/pretòlok]

প্রেতাত্মা (প্রেত) প্রেতাৎতাঁ/প্রেতাঁৎতা [pretattā/pretātta]
প্রেতিনী (নারীর প্রেতাত্মা) প্রেতিনি [pretini]
প্রেম (প্রণয়) প্রেম্ [pre:m] **প্রেমগান** প্রেমোগান্ [premògan] **প্রেমগীতি** প্রেমোগিতি [premògiti]
প্রেমিক (প্রণয়ী, প্রেমের পাত্র) প্রেমিক্ [premik]
প্রেমিকা (প্রণয়িনী) প্রেমিকা [premika]
প্রেমী (প্রেমিক) প্রেমি [premi]
প্রেয়সী (প্রেমিকা) প্রেওশি [preòʃi]
প্রেরক (যে পাঠায়) প্রেরোক্/প্রেরক্ [preròk/prerɔk]
প্রেরণ (পাঠানো) প্রেরোন্/প্রেরন্ [preròn/prerɔn]
প্রেরয়িত্রী (প্রেরিকা) প্রেরোইৎত্রি [preròittri]
প্রেরণা (উৎসাহ ; উৎসাহ সঞ্চার) প্রেরোনা [preròna]
প্রেরিত (পাঠানো হয়েছে এমন) প্রেরিতো [pre-ritò]
প্রেষ (চাপ, pressure) প্রেশ্ [pre:ʃ]
প্রেষণ (প্রেরণ ; প্রেরণা) প্রেশোন্ [preʃòn]
প্রেষণা (প্রেরণ ; প্রেরণা) প্রেশোনা [preʃòna]
প্রেষণীয় (প্রেষণযোগ্য) প্রেশোনিয়ো [preʃòniò]
প্রেস (ছাপাখানা, press) প্রেস্ [pre:s]
প্রোক্ত (উক্ত ; কথিত) প্রোক্তো [proktò]
প্রোজ্জ্বল (অতিশয় উজ্জ্বল) প্রোজ্জ্বল্ [proɟɟʒɔl]
প্রোৎসাহ (প্রবল উৎসাহ) প্রোৎশাহো [protʃaɦò]
প্রোথিত (পুঁতে রাখা হয়েছে এমন) প্রোথিতো [prothitò]
প্রোন্নত (খুব উন্নত ; খুব উঁচু) প্রোন্নতো [pronnɔtò]
প্রোষিত (প্রবাসী) প্রোশিতো [proʃitò] **প্রোষিতভর্তৃকা** (যে স্ত্রীর স্বামী বিদেশে আছে) ~ভোরত্রিকা [~bɦòr(t)trika]
প্রৌঢ় (প্রবীণ ; বার্ধক্যের পূর্ববর্তী বয়স) প্রৌড়্হো/প্রৌড়ো [proŭṛ(ɦ)ò] **প্রৌঢ়তা** ~তা [~ta] **প্রৌঢ়ত্ব** ~ৎতো [~ttò]
প্রৌঢ়ি (পরিপূর্ণতা ; সামর্থ্য) প্রৌড়্হি/প্রৌড়ি [proŭṛ(ɦ)i]
প্লব (জলে ভাসা) প্লোবো [plòbò] **প্লবতা** ~তা [~ta] **প্লবমান** (ভাসন্ত) ~মান্ [~man]
প্লাবন (প্রবল বন্যা) প্লাবোন্ [plabòn] **প্লাবিত** প্লাবিতো [plabitò] **প্লাবী** (প্লাবনকারী) প্লাবি [plabi]
প্লীহা (spleen) প্লিহা [pliɦa]
প্লুত (সিক্ত ; লাফ ; স্বরবিশেষ) প্লুতো [plutò] **প্লুতগতি** ~গোতি [~gòti]
প্লেগ (plague) প্লেগ্ [ple:g]
প্লেন[১] (plane) প্লেন্ [ple:n]
প্লেন[২] (plain) প্লেন্ [ple:n]

ফ

ফ (বাংলার দ্বাবিংশ ব্যঞ্জনবর্ণ) ফ [phɔ:]
ফইজত (হাঙ্গামা, ঝামেলা) ফোইজৎ/ফোইজোৎ [phòiɟʒɔt/phòiɟʒòt]
ফকির (মুসলমান সাধু) ফোকির্ [phòkir] **ফকিরি** ফোকিরি [phòkiri]
ফক্কড় (ফাজিল) ফক্কোড়্ [phɔkkòṛ] **ফক্কড়ি** ফক্কোড়ি [phɔkkòṛi]
ফক্কা (ফাঁকি) ফক্কা [phɔkka]
ফঙ্গবেনে (ঠুনকো, ভঙ্গুর) ফংগোবেনে [phɔŋgòbene]
ফচকে (ফাজিল) ফোচ্কে [phòcʃke] **ফচকেমি** ~মি [~mi]
'ফজল' ফজোল্ [phɔɟʒòl]
ফজলি (একরকম আম) ফোজ্লি [phòɟʒli]
ফটক (সদর দরজা) ফটোক্ [phɔṭòk]
ফটকিরি (alum) ফোট্কিরি [phòṭkiri]
ফটিক (স্ফটিক ; নির্মল) ফোটিক্ [phòṭik]
ফড়িং (পতঙ্গবিশেষ) ফোড়িং [phòṛiŋ]
ফড়িয়া (পাইকার) ফোড়িয়া [phòṛia]
ফড়ে (পাইকার, ফড়িয়া) ফোড়ে [phòṛe]
ফণা (hood) ফনা [phɔna] **ফণাওয়ালা** ~ওআলা [~oala]
ফণী (সাপ) ফোনি [phòni] **ফণিনী** ~নি [~ni]
ফণীন্দ্র (নাগরাজ) ফোনিন্দ্রো [phònindrò]
ফণীমনসা, ফণিমনসা (কাঁটাগাছবিশেষ) ফোনিমনোশো/ফোনিমোনোশা [phònimɔnòʃa/phònimònòʃa]
ফতুয়া (জামাবিশেষ) ফোতুআ [phòtua]
ফতুর (নিঃস্ব) ফোতুর্ [phòtur]

ফতে (সাফল্য ; কার্যসিদ্ধি) ফতে [phɔte]
ফতো (অন্তঃসারশূন্য কিন্তু চালচলন নবাবের মতো) ফোতো [phòto]
ফতোয়া (নির্দেশ) ফতোআ [phɔtoa]
ফন্দি (কৌশল) ফোন্‌দি [phòndi]
ফপরদালাল (গায়ে-পড়া মাতব্বর) ফোপোর্‌দালাল্ [phòpòrdalal]
ফয়সালা (নিস্পত্তি, মীমাংসা) ফয়্‌শালা [phɔĕʃala]
ফরজ (কোরানে যে কাজকে অবশ্যকরণীয় বলা হয়েছে) ফরোজ্ [phɔròɟʒ]
ফরমা, ফর্মা (format) ফর্‌মা [phɔrma]
ফরমান, ফর্মান (আদেশ) ফর্‌মান্ [phɔrman]
ফরমানো (আদেশ করা) ফর্‌মানো [phɔrmano]
ফরমায়েশ (আদেশ) ফর্‌মায়েশ্ [phɔrmaeʃ] **ফরমায়েশি** ফর্‌মায়েশি [phɔrmaeʃi]
ফরসা, ফর্সা (সাদা ; পরিস্কার) ফর্‌শা [phɔrʃa]
ফরাকত (বিচ্ছেদ) ফরাকৎ [phɔrakɔt]
ফরাশ (মেঝেয় পাতবার আস্তরণ) ফরাশ্ [phɔraʃ]
ফরাসি, ফরাসী (ফ্রান্সের অধিবাসী বা ভাষা) ফরাশি [phɔraʃi]
'ফরিদপুর' ফোরিদ্‌পুর্ [phòridpur]
ফরিয়াদ (নালিশ) ফোরিয়াদ্ [phòriad] **ফরিয়াদি, ফরিয়াদী** (নালিশকারী) ফোরিয়াদি [phòriadi]
ফর্দ (তালিকা) ফর্‌দো [phɔrdò]
ফর্দাফাঁই (ছিন্নভিন্ন) ফর্‌দাফাঁই্ [phɔrdaphãĭ]
ফর্সা ফরসা দ্র
ফল (পরিণতি ; বৃক্ষাদির শস্য) ফল্ [phɔ:l] **ফলকথা** (মোট কথা) ~কথা [~kɔtha] **ফলত** (মোটের উপর) ফলোতো [phɔlòtò] **ফলদায়ক** ফলোদায়োক্ [phɔlòdaĕòk] **ফলন্ত** ফলোন্‌তো [phɔlòntò] **ফলপ্রদ** (উপকারী) ফলোপ্‌প্রোদো [phɔlòppròdò] **ফলপ্রসূ** (সুফলা) ফলোপ্‌প্রোশু [phɔlòppròʃu] **ফলপাকড়** (নানা ফলমূল) ~পাকোড়্ [~pakòr̥] **ফলবতী** ফলোবোতি [phɔlòbòti] **ফলবান** ফলোবান্ [phɔlòban] **ফলভোগ** ফলোভোগ্ [phɔlòbɦog] **ফলশ্রুতি** (ফল ; পরিণাম) ফলোস্‌স্রুতি [phɔlòssruti]
ফলক (পাত ; পাটা) ফলোক্ [phɔlòk]
'ফলতা' ফল্‌তা [phɔlta]
ফলন (উৎপাদন) ফলোন্ [phɔlòn]
ফলন্ত, ফলপ্রদ, ফলপ্রসূ, ফলবতী, ফলবান, ফলভোগ, ফলশ্রুতি ফল দ্র
ফলসা (ফলবিশেষ) ফল্‌শা [phɔlʃa]
ফলা (তীক্ষ্ণ প্রান্ত) ফলা [phɔla]
ফলাও (ঢালাও ; অতিরঞ্জিত) ফলাও্ [phɔlaŏ]
ফলাকাঙ্ক্ষা (ফলের আশা) ফলাকাংখা [phɔlakaŋkha]
ফলাগম (ফল ধরার সময়) ফলাগম্/ফলাগোম্ [phɔlagɔm/phɔlagòm]
ফলানো (উৎপাদন করা ; জাহির করা) ফলানো [phɔlano]
ফলাফল (পরিণাম, ফল) ফলাফল্ [phɔlaphɔl]
ফলার (লুচি, মিষ্টি, দই ইত্যাদি সহযোগে নিরামিষ খাবার) ফলার্ [phɔlar]
ফলাহার (ফলার) ফলাহার্ [phɔlaɦar] **ফলাহারী** ফলাহারি [phɔlaɦari]
ফলিত (applied) ফোলিতো [phòlitò]
ফলোদয় (ফললাভ) ফলোদয়্ [phɔlodɔĕ]
'ফল্গু' (নদীবিশেষ) ফোল্‌গু [phòlgu]
'ফল্গুনী' (যমজ নক্ষত্রবিশেষ) ফোল্‌গুনি [phòlguni]
ফষ্টিনষ্টি (ফাজলামি) ফোষ্‌টি নোষ্‌টি [phòʃṭi-nòʃṭi]
ফসকা (আলগা) ফশ্‌কা [phɔʃka]
ফসকানো (পিছলানো ; হাতছাড়া হওয়া) ফশ্‌কানো [phɔʃkano]
ফসল (উৎপন্ন শস্য) ফশোল্ [phɔʃòl]
ফাইফরমাশ (ছোটখাট ফরমাশ বা হুকুম) ফাই্‌ফর্‌মাশ্ [phaĭphɔrmaʃ]
ফাউ (অতিরিক্ত ; বাড়তি) ফাউ্ [phaŭ] **ফাও** ফাও্ [phaŏ]
ফাঁক (তফাত ; ফাটল ; সুযোগ) ফাঁক্ [phã:k] **ফাঁকতাল** ~তাল্ [~tal]
ফাঁকা (খোলা ; অসার) ফাঁকা [phãka]
ফাঁকি (বঞ্চনা ; ধাপ্পা) ফাঁকি [phãki] **ফাঁকিবাজ** ~বাজ্ [~baɟʒ] **ফাঁকিবাজি** ~বাজি [~baɟʒi]
ফাঁড়া (বিপদের সম্ভাবনা) ফাঁড়া [phãr̥a]

ফাঁড়ি (পুলিশের চৌকি ; ছোট থানা) ফাঁড়ি [phāṛi]
ফাঁদ (snare, trap) ফাঁদ্ [phā:d]
ফাঁদা (মতলব আঁটা) ফাঁদা [phāda]
ফাঁদালো (চওড়া) ফাঁদালো [phādalo]
ফাঁপ (স্ফীতি ; flatulence) ফাঁপ্ [phā:p]
ফাঁপর (বিপদ) ফাঁপোর্ [phāpòr]
ফাঁপা (স্ফীত ; স্ফীত হওয়া) ফাঁপা [phāpa]
ফাঁস (গিঁট ; noose) ফাঁশ্ [phā:ʃ]
ফাঁসা (ফেটে যাওয়া ; পণ্ড হওয়া) ফাঁশা [phāʃa]
ফাঁসানো (পণ্ড করা ; বিপদে ফেলা) ফাঁশানো [phāʃano]
ফাঁসি (গলায় দড়ির ফাঁস দিয়ে মৃত্যু) ফাঁশি [phāʃi] **'ফাঁসিদেওয়া'** ~দেও্আ [~deŏa]
ফাঁসুড়ে (ফাঁস দিয়ে হত্যা করে এমন দস্যু) ফাঁশুড়ে [phāʃuṛe]
ফাগ (আবির) ফাগ্ [pha:g]
ফাগুন (ফাল্গুন) ফাগুন্ [phagun]
ফাজলামি (লঘু পরিহাস ; বাচালতা) ফাজ্লামি [phaɟʒlami] **ফাজলামো** ফাজ্লামো [phaɟʒlamo]
ফাজিল (বাচাল ; বখাটে) ফাজিল্ [phaɟʒil]
ফাট (চিড়, ফাঁক) ফাট্ [pha:ṭ] **ফাটল** ফাটোল্ [phaṭòl]
ফাটকা (speculation) ফাট্কা [phaṭka]
ফাটক (হাজত, জেল) ফাটোক্ [phaṭòk]
ফাটা (চিরে যাওয়া, বিদীর্ণ হওয়া) ফাটা [phaṭa]
ফাটাফাটি (প্রবল ; প্রবল দ্বন্দ্ব) ~ফাটি [~phaṭi]
ফাড়া (চিরে ফেলা) ফাড়া [phaṛa]
ফাতনা (মাছ ধরার সুতায় বাঁধা সোলার তৈরি হালকা কাঠি) ফাৎনা [phatna]
ফানুস, ফানুশ (বেলুনবিশেষ) ফানুশ্ [phanuʃ]
ফায়দা (সুফল) ফায়্দা [phaĕda]
ফারসি, ফার্সি (পারস্যের ভাষা) ফার্শি [pharʃi]
ফারাক (তফাত) ফারাক্ [pharak]
ফাল (লাঙলের ফলা) ফাল্ [pha:l]
ফালতু (অনাবশ্যক ; বাজে) ফাল্তু [phaltu]
ফালা (লম্বা টুকরো) ফালা [phala]
ফালি (ছোট ফালা) ফালি [phali]
ফাল্গুন (বাংলা মাসবিশেষ) ফাল্গুন্ [phalgun]
ফাল্গুনী (ফাল্গুন মাসের পূর্ণিমা) ফাল্গুনি [phalguni]
ফি (প্রত্যেক) ফি [phi:]
ফিক (আকস্মিক পেশির ব্যথা ; ঈষৎ হাসি) ফিক্ [phi:k]
ফিকির (ফন্দি) ফিকির্ [phikir]
ফিকে (ফেকাসে) ফিকে [phike]
ফিঙে, ফিঙ্গে (কালো রঙের পাখিবিশেষ) ফিঙে [phiŋe]
ফিঙ্গক (ফিঙে) ফিংগক্/ফিংগোক্ [phiŋgɔk/phiŋgòk]
ফিচলেমি (ফাজলামি) ফিচ্লেমি [phicʃlemi]
ফিচেল (ফাজিল ;ধূর্ত) ফিচেল্ [phicʃel]
ফিট (মূর্ছা) ফিট্ [phi:ṭ]
ফিটফাট (পরিপাটি) ফিট্ফাট্ [phiṭphaṭ]
ফিটকিরি (ফটকিরি) ফিট্কিরি [phiṭkiri]
ফিটন (ঘোড়ার গাড়িবিশেষ) ফিটন্/ফিটোন্ [phiṭɔn/phiṭòn]
ফিতা (tape) ফিতা [phita] **ফিতে** ফিতে [phite]
ফিনকি (স্ফুলিঙ্গ ; সবেগে নির্গত তরল পদার্থের ধারা) ফিন্কি [phinki]
ফিনফিন (মিহি) ফিন্ফিন্ [phinphin] **ফিনফিনে** ফিন্ফিনে [phinphine]
ফিরঙ্গ (ইয়োরোপীয়) ফিরোংগো [phiròŋgò]
ফিরতি (যা ফেরত আসে) ফির্তি [phirti]
ফিরিওয়ালা (যে পণ্য ফিরি করে বেড়ায়) ফিরিওআলা [phirioala/phirio(a)la]
ফিরিঙ্গি (ইয়োরোপীয় ; ভারতীয় ও ইয়োরোপীয়ের সংমিশ্রণজাত) ফিরিংগি [phiriŋgi]
ফিরিস্তি (ফর্দ, তালিকা) ফিরিস্তি [phiristi]
ফিরোজা (মণিবিশেষ) ফিরোজা [phiroɟʒa]
ফিলহাল (সম্প্রতি) ফিল্হাল্ [philɦal]
ফিসফিস (চাপা গলায় কথা) ফিশ্ফিশ্ [phiʃphiʃ]
ফুঁ (ফুৎকার) ফুঁ [phũ:]
ফুঁক (ফুৎকার) ফুঁক্ [phũ:k]
ফুঙ্গি, ফুঙ্গী (বৌদ্ধ পুরোহিতবিশেষ) ফুংগি [phuŋgi]

ফুচকা (কচুরি-জাতীয় খাবার) ফুচ্‌কা [phucʃka]
ফুটপাত (রাস্তার পাশে পথচারীদের হাঁটার জায়গা) ফুট্‌পাৎ [phuṭpat]
ফুটফুটে (ধবধবে) ফুট্‌ফুটে [phuṭphuṭe]
ফুটানি (অহংকার, ঠাট) ফুটানি [phuṭani]
ফুটি (কাঁকুড়ের মতো ফলবিশেষ) ফুটি [phuṭi]
ফুটিফাটা (পাকা ফুটির মতো ফাটা) ফুটিফাটা [phuṭiphaṭa]
ফুটো (ছিদ্র, গর্ত) ফুটো [phuṭo]
ফুৎকার (ফুঁ, ফুঁ দেওয়া) ফুৎকার্ [phutkar]
ফুরন (ঠিকা চুক্তি) ফুরোন্ [phuròn]
ফুরফুর (মৃদু বায়ুর ভাব) ফুর্‌ফুর্ [phurphur]
ফুরসত (অবকাশ) ফুর্‌শৎ/ফুর্‌শোৎ [phurʃɔt/ phurʃòt]
ফুরনো (শেষ হওয়া) ফুরোনো [phuròno]
ফুরানো (শেষ হওয়া) ফুরানো [phurano]
ফুর্তি (আমোদ, মজা) ফুর্‌তি [phurti]
ফুল (পুষ্প) ফুল্ [phu:l]
ফুলকপি (কপিবিশেষ) ফুল্‌কোপি [phulkòpi]
ফুলকাটা (ফুলের নকশা-আঁকা) ফুল্‌কাটা [phulkaṭa]
ফুলকো (মাছের শ্বাসযন্ত্র ; কাঁপা ও ফোলানো) ফুলকো [phulko]
ফুলঝুরি (আতশ বাজিবিশেষ) ফুল্‌ঝুরি [phulɟʒɦuri]
ফুলদানি (ফুল রাখার পাত্র) ফুল্‌দানি [phuldani]
ফুলবাবু (অত্যন্ত শৌখিন লোক) ফুল্‌বাবু [phul-babu]
ফুলরি (তেলে ভাজা বড়াবিশেষ) ফুলোরি [phulòri]
ফুলশয্যা (ফুল দিয়ে ঢাকা শয্যা) ফুল্‌শোজ্‌জা [phulʃòɟɟʒa]
ফুলসজ্জা (ফুলের সাহায্যে সাজানো) ফুলোশজ্‌জা [phulòʃɔɟɟʒa]
ফুলুরি (ফুলরি) ফুলুরি [phuluri]
ফুলেল (সুবাসিত) ফুলেল্ [phulel]
ফুল্ল (বিকশিত) ফুল্‌লো [phullò]
ফুসকুড়ি (ছোট ফোঁড়া) ফুশ্‌কুড়ি [phuʃkuṛi]
ফুসফুস (lung) ফুশ্‌ফুশ্ [phuʃphuʃ]
ফুসমন্তর (ফুঁ দিয়ে পড়া মন্ত্র ; গোপন মন্ত্র) ফুশ্‌মোন্‌তোর্ [phuʃmòntòr]
ফুসলানো (গোপন মন্ত্রণা দিয়ে দলে টানা) ফুশ্‌লানো [phuʃlano]
ফেউ (শিয়াল) ফেউ্ [pheŭ]
ফেঁকড়া, ফ্যাঁকড়া (প্রশাখা ; ফ্যাসাদ) ফ্যাঁক্‌ড়া [phæ̃kṛa]
ফেকাসে, ফ্যাকাসে (পাণ্ডুবর্ণ ; ফিকে) ফ্যাকাশে [phækaʃe]
ফেটানো (তরল পদার্থ ক্রমাগত নাড়ানো) ফ্যাটানো [phæṭano]
ফেন (ভাতের মাড়) ফ্যান্ [phæ:n]
ফেননিভ (ফেনার মতো কোমল ও শুভ্র) ফেনোনিভো [phenònibɦò]
ফেনা (ফেন ; গাঁজ) ফ্যানা [phæna]
ফেনানো (অতিরঞ্জিত করা) ফ্যানানো [phænano]
ফেনায়মান (অতিরঞ্জিত করা বা ফেনাযুক্ত হচ্ছে এমন) ফেনায়োমান্ [phenaĕòman]
ফেনায়িত (ফেনাযুক্ত হয়েছে এমন) ফেনাইতো [phenaitò]
ফেনি (বড় বাতাসাবিশেষ) ফেনি [pheni]
ফেনিল (ফেনাযুক্ত) ফেনিল্/ফেনিলো [phenil/ phenilò]
ফের (আবার ; বিপদ) ফের্ [phe:r]
ফেরত (প্রত্যর্পণ) ফেরোৎ [pheròt] **ফেরতযোগ্য** ~জোগ্‌গো [~ɟʒoggò]
ফেরা (প্রত্যাবর্তন করা) ফেরা [phera]
ফেরানো (ঘোরানো) ফেরানো [pherano]
ফেরার (নিরুদ্দেশ) ফেরার্ [pherar] **ফেরারি, ফেরারী** ফেরারি [pherari]
ফেরেববাজ (ঠক) ফেরেব্‌বাজ্ [pherebbaɟʒ]
ফেরেববাজি ফেরেব্‌বাজি [pherebbaɟʒi]
ফেরেস্তা, ফেরেশতা (দেবদূত) ফেরেশ্‌তা [phe-reʃta]
ফেল (fail) ফেল্ [phe:l]
ফেলনা (ফেলে দেবার মতো) ফ্যাল্‌না [phælna]
ফেলা (বর্জন করা) ফ্যালা [phæla]
ফেসাদ, ফ্যাসাদ (ঝঞ্ঝাট) ফ্যাশাদ্ [phæʃad]
ফোঁটা (তরলের বিন্দু ; তিলক) ফোঁটা [phõṭa]
ফোঁড় (বেঁধন) ফোঁড়্ [phõ:ṛ]
ফোঁড়া (boil) ফোঁড়া [phõṛa]

ফোঁপর (নারকেলের শাঁস) ফোঁপোর্ [phõpòr] **ফোঁপর-দালাল** ~দালাল্ [~dalal]
ফোঁপরা (ঝাঁঝরা, ফাঁপা) ফোঁপ্‌রা [phõpra]
ফোঁস (চাপা গর্জনের শব্দ ; সাপের গর্জন) ফোঁশ্ [phõ:ʃ]
ফোঁসফোঁসানি ফোঁশ্‌ফোঁশানি [phõʃphõʃani]
ফোকট (বিনা ব্যয়) ফোকোট্ [phokòṭ]
ফোকর (গর্ত) ফোকোর্ [phokòr]
ফোকলা (যার দাঁত নেই) ফোক্‌লা [phokla]
ফোটা (প্রস্ফুটিত হওয়া, প্রস্ফুটিত) ফোটা [phoṭa]
ফোড়ন (মশলাবিশেষ ; টিপ্পনী) ফোড়োন্ [phoṛòn]
ফোড়া (boil) ফোড়া [phoṛa]
ফোয়ারা (ঝরনা) ফোআরা [phoara]
ফোলা (স্ফীত ; স্ফীত হওয়া) ফোলা [phola]
ফোসকা (জলপূর্ণ স্ফোটক) ফোশ্‌কা [phoʃka]
ফৌজ (সৈন্য) ফৌজ্ [phouɟʒ] **ফৌজদার** ~দার্ [~dar] **ফৌজদারি, ফৌজদারী** ~দারি [~dari]
ফ্যাঁকড়া ফেঁকড়া দ্র
ফ্যাকাসে ফেকাসে দ্র
ফ্যালফ্যাল (বিমূঢ়ভাবে একদৃষ্টে চাহনি) ফ্যাল্‌ফ্যাল্ [phælphæl]
ফ্যাশন, ফ্যাসন (শৌখিন চাল) ফ্যাশোন্/ফ্যাশন্ [phæʃòn/phæʃan]
ফ্যাসাদ ফেসাদ দ্র

ব

ব (বাংলার ব্যঞ্জনবর্ণবিশেষ) ব [bɔ:]
বই১ (গ্রন্থ) বোই্ [bòĭ]
বই২ (বহন করি) বোই্ [bòĭ]
বইকি, বৈকি (বটে) বোই্‌কি [bòĭki]
বইঠা, বৈঠা (নৌকার দাঁড়বিশেষ) বোই্‌ঠা [bòĭṭha]
বউ, বৌ (বধূ) বোউ্ [boŭ] **বউদি, বৌদি** ~দি [~di] **বউভাত, বৌভাত** ~ভাৎ [~bɦat] **বউমা, বৌমা** ~মা [~ma]
বউনি (দিনের প্রথম বিক্রয়) বোউ্‌নি [boŭni]
বউল (মুকুল) বোউল্ [boul]
বওয়া (বহন করা) বও্‌আ [bɔŏa]
বংশ১ (বাঁশ) বংশো [bɔŋʃò] **বংশদণ্ড** ~দন্‌ডো [~dɔndò] **বংশলোচন** ~লোচোন্ [~locʃòn]
বংশ২ (কুল ; গোষ্ঠী) বংশো [bɔŋʃò] **বংশগত** ~গতো [~gɔtò] **বংশগতি** (heredity) ~গোতি [~gòti] **বংশগৌরব** ~গৌরব্ [~goŭrɔb] **বংশজ** ~জো [~ɟʒò] **বংশধর** ~ধর্ [~dɦɔr] **বংশবৃদ্ধি** ~ব্রিদ্‌ধি [~(b)briddɦi] **বংশমর্যাদা** ~মোর্‌জাদা [~mòr(ɟ)ɟʒada] **বংশলতা** (বংশতালিকা, genealogical tree) ~লতা [~lɔta]
বংশাঙ্কুর (বাঁশের নতুন অঙ্কুর, কোঁড়া) বংশাংকুর্ [bɔŋʃaŋkur]
বংশানুক্রম (বংশ পরম্পরা) বংশানুক্‌ক্রোম্ [bɔŋʃanukkròm] **বংশানুক্রমিক** বংশানুক্‌ক্রোমিক্ [bɔŋʃanukkròmik]
বংশাবতংস (বংশের গৌরব) বংশাবোতংশো [bɔŋʃabòtɔŋʃò]
বংশাবলি (বংশের তালিকা) বংশাবোলি [bɔŋʃabòli]
বংশী (বাঁশি) বোংশি [bòŋʃi] **বংশীধর** (শ্রীকৃষ্ণ) ~ধর্ [~dɦɔr] **বংশীধারী** (শ্রীকৃষ্ণ) ~ধারি [~dɦari] **বংশীবদন** (শ্রীকৃষ্ণ) ~বদোন্ [~bɔdòn]
বংশীয় (বংশের, বংশে জাত) বোংশিয়ো/বোংশিও [bòŋʃiò]
বঁইচি, বৈঁচি (ছোট অম্লমধুর ফলবিশেষ) বোঁই্‌চি [bõĭcʃi]
বঁটি (মাছ-তরকারি ইত্যাদি কাটার অস্ত্রবিশেষ) বোঁটি [bõṭi]
বঁড়শি (fish hook) বোঁড়্‌শি [bõṛʃi]
বঁধু (বন্ধু) বোঁধু [bõdɦu] **বঁধুয়া** ~আ [~a]
বক (ফুল ; পাখিবিশেষ) বক্ [bɔ:k]
বকধার্মিক (ভণ্ড) বক্‌ধার্‌মিক্/বকোধার্‌মিক্ [bɔkdɦar(m)mik/bɔkòdɦar(m)mik]
বকনা (স্ত্রী-বাছুর) বক্‌না [bɔkna]
বকবক (বিরক্তিকর বাচালতা) বক্‌বক্ [bɔkbɔk]
বকবকম (পায়রার ডাক) বক্‌বকোম্ [bɔkbɔkòm]
বকবৃত্তি (কপট ধার্মিকতা) বকোব্রিৎতি [bɔkò(b)britti]
বকযন্ত্র (পাতনযন্ত্রবিশেষ) বক্‌জন্‌ত্রো/বকোজন্‌ত্রো [bɔkɟʒɔntrò/bɔkòɟʒɔntrò]
'বকরাক্ষস' বক্‌রাক্‌খোশ্ [bɔkrakkhòʃ]

বকরী (ছাগী) বোক্‌রি [bòkri]
বকরীদ (ঈদ্-উদ্-জোহা) বোক্‌রিদ্ [bòkrid]
বকলম (অন্যের বদলে যে সই করে) বকলোম্ [bɔkɔlòm]
বকলস (buckles) বকোল্‌স [bɔkòls]
বকশিশ, বখশিশ (পারিতোষিক) বোক্‌শিশ্ [bòkʃiʃ/ bòk(h)ʃiʃ]
বকশী, বকসী, বকশি, বক্সী (পদবিবিশেষ) বোক্‌শি [bòkʃi]
বকা (বেশি কথা বলা) বকা [bɔka]
বকাটে (বয়ে-যাওয়া) বকাটে [bɔkaṭe]
বকানো (বাজে কথা বলানো ; কথা বলানো) বকানো [bɔkano]
বকুনি (তিরস্কার) বোকুনি [bòkuni]
বকুল (ফুলবিশেষ) বোকুল্ [bòkul]
বকেয়া[১] (বাকি ; পুরনো) বকেআ [bɔkea]
বকেয়া[২] (সেলাইয়ের প্রণালীবিশেষ) বকেআ [bɔkea]
বক্তব্য (আলোচ্য ; আলোচ্য বিষয়, বলার বিষয়) বক্‌তোব্‌বো [bɔktòbbò]
বক্তা (যে বলে) বক্‌তা [bɔkta]
বক্তৃতা (ভাষণ) বোক্‌ত্রিতা [bòktrita]
বক্ত্র (মুখ) বক্‌ত্রো [bɔktrò]
বক্র (বাঁকা) বক্‌ক্রো [bɔkkrò] **বক্রতা** ~তা [~ta] **বক্রদৃষ্টি** ~দ্রিষ্‌টি [~(d)driʃṭi] **বক্ররেখা** ~রেখা [~rekha]
'বক্রেশ্বর' বক্‌ক্রেশ্‌শর [bɔkkreʃʃɔr]
বক্রোক্তি (বাঁকা কথা ; ব্যঙ্গোক্তি) বক্‌ক্রোক্‌তি [bɔkkrokti]
বক্ষ (বুক) বোক্‌খো [bòkkhò] **বক্ষঃস্থল** ~স্‌থল্ [~sthɔl]
বক্ষ্যমাণ (আলোচ্য) বোক্‌খোমান্ [bòkkhòman]
বক্সী বকশি দ্র
বখরা (ভাগ) বখ্‌রা [bɔk(h)ra]
বখশিশ বকশিশ দ্র
বখা (বয়ে যাওয়া) বখা [bɔkha] **বখাটে** ~টে [~ṭe] **বখামি** ~মি [~mi]
বগল (বাহুমূল, armpit) বগোল্/বোগোল্ [bɔgòl/ bògòl] **বগলদাবা** ~দাবা [~daba]
বগি, বগী (কানা-উঁচু থালা) বোগি [bògi]
'বগুড়া' বোগুড়া [bògura]
বঙ্কিম (বাঁকা) বোংকিম্ [bòŋkim]
'বঙ্কিমচন্দ্র' বোংকিম্‌চন্‌দ্রো [bòŋkimcʃɔndrò]
'বঙ্গ' (বাংলা) বংগো [bɔŋgò] **বঙ্গজ** (বাংলায় জাত) ~জো [~ɟʒò] **বঙ্গভঙ্গ** (বাংলা ভাগ) ~ভংগো [~bɦɔŋgò]
বঙ্গাব্দ (বাংলা সাল) বংগাব্‌দো [bɔŋgabdò]
বঙ্গীয় (বাংলা দেশের) বোংগিয়ো [bòŋgiò]
বচ (ঝাল কন্দবিশেষ) বচ্ [bɔ:cʃ]
বচন (কথা ; উক্তি) বচোন্ [bɔcʃòn] **বচনবাগীশ** (কথায় পটু) ~বাগিশ্ [~bagiʃ]
বচনীয় (বলার যোগ্য) বচোনিয়ো [bɔcʃòniò]
বচসা (ঝগড়া) বচোশা [bɔcʃòʃa]
বছর (বৎসর) বছোর্ [bɔcʃhòr]
বজরা (বড় নৌকাবিশেষ) বজ্‌রা [bɔɟʒra]
বজায় (কায়েম, বলবৎ) বজায় [bɔɟʒae̯]
বজ্জাত (বদমাশ) বজ্‌জাৎ [bɔɟɟʒat] **বজ্জাতি** বজ্‌জাতি [bɔɟɟʒati]
'বজবজ' বজ্‌বজ্ [bɔɟʒbɔɟʒ]
বজ্র (বাজ, thunder) বজ্‌জ্রো [bɔɟɟʒrò] **বজ্রকঠিন** ~কোঠিন্ [~kòṭhin] **বজ্রগম্ভীর** ~গোম্‌ভির্ [~gòmbɦir] **বজ্রধ্বনি** ~দ্‌ধোনি [~ddɦòni] **বজ্রনির্ঘোষ** (বাজ পড়ার শব্দ) ~নির্‌ঘোশ্ [~nir(g)gɦoʃ] **বজ্রপাত** ~পাৎ [~pat] **বজ্রমুষ্টি** (বজ্রের মতো দৃঢ় মুষ্টি) ~মুষ্‌টি [~muʃṭi]
বজ্রাগ্নি (বিদ্যুৎ) বজ্‌জ্রাগ্‌নি [bɔɟɟʒragni]
বজ্রাসন (যোগাসন-বিশেষ) বজ্‌জ্রাশোন্ [bɔɟɟʒraʃòn]
বজ্রাহত (বজ্রপাতে আহত) বজ্‌জ্রাহতো/বজ্‌জ্রাহোতো [bɔɟɟʒraɦɔtò/bɔɟɟʒraɦòtò]
বঞ্চনা (প্রতারণা, ছলনা) বন্‌চোনা [bɔncʃòna] **বঞ্চক** বন্‌চক্/বন্‌চোক্ [bɔncʃɔk/bɔncʃòk] **বঞ্চিত** বোন্‌চিতো [bòncʃitò]
বঞ্জুল (বেত, বেতস) বোন্‌জুল্ [bònɟʒul]
বট (বড় গাছবিশেষ) বট্ [bɔ:ṭ] **বটমূল** বটোমুল্ [bɔṭòmul]
বটব্যাল (পদবিবিশেষ) বটোব্‌ব্যাল্ [bɔṭòbbæl]
বটিকা (বড়ি) বোটিকা [bòṭika]
বটুয়া (ছোট থলি) বোটুআ [bòṭua]

বটে (সত্যই, প্রকৃতই) বটে [bɔṭe]
বটের (তিতিরজাতীয় পাখিবিশেষ) বটের্ [bɔṭer]
বড়,বড়ো (বৃহৎ, অধিক) বড়ো [bɔṛo]
বড়দিন (Christmas) বড়োদিন্ [bɔṛodin]
'বড়বা' (পুরাণোক্ত ঘোটকী ; নক্ষত্রবিশেষ) বড়োবা [bɔṛòba] **বড়বানল** (সমুদ্রোত্থিত অগ্নি) ~নল্ [~nɔl]
বড়মানুষ, বড়োমানুষ (পূর্ণবয়স্ক লোক ; ধনী ব্যক্তি) বড়োমানুশ্ [bɔṛomanuʃ] **বড়মানুষি** বড়োমানুশি [bɔṛomanuʃi]
বড়লাট (গভর্নর জেনারেল) বড়োলাট্ [bɔṛolaṭ]
বড়শি, বড়শী (মাছ ধরার কাঁটাবিশেষ, fish-hook) বোঁড়্শি/বোড়্শি [bõṛʃi/bòṛʃi]
বড়া (ভাজা খাদ্যবিশেষ) বড়া [bɔṛa]
বড়াই (গর্ব) বড়াই্ [bɔṛaĭ]
বড়াইবুড়ি (মাতামহী ; আয়ী) বড়াই্বুড়ি [bɔṛaĭbuṛi]
বড়াল (পদবিবিশেষ) বড়াল্ [bɔṛal]
বড়ি (বটিকা ; ছোট বড়া) বোড়ি [bòṛi]
বড়ু (ব্রাহ্মণ সন্তান) বোড়ু [bòṛu]
বড়ে, বোড়ে (দাবার ঘুঁটিবিশেষ) বোড়ে [bòṛe]
বড়ো বড় দ্র
বড্ড (বড়) বড্ডো [bɔḍḍò]
বণিক (ব্যবসায়ী) বোনিক্ [bònik] **বণিক্বৃত্তি** ~ব্রিৎতি [~britti]
বন্টন (বিতরণ) বন্টোন্ [bɔnṭòn] **বন্টিত** বোন্টিতো [bònṭitò]
বৎস (বাছা ; শাবক) বৎশো [bɔtʃò]
বৎসর (বছর) বৎশর্/বৎশোর্ [bɔtʃɔr/bɔtʃòr]
বৎসরাধিক (এক বছরের বেশি) বৎশোরাধিক্/বৎশরাধিক্ [bɔtʃòradɦik/bɔtʃɔradɦik]
বৎসল (স্নেহপূর্ণ) বৎশল্/বৎশোল্ [bɔtʃɔl/bɔtʃòl]
বত্রিশ (৩২ সংখ্যা) বোৎত্রিশ্ [bòttriʃ] **বত্রিশে** বোৎত্রিশে [bòttriʃe]
বদ (মন্দ) বদ্ [bɔ:d] **বদখত** ~খৎ [~khɔt] **বদখেয়াল** ~খেআল্ [~kheal] **বদমায়েশি** ~মায়েশি [~maeʃi] **বদমাশ** ~মাশ্ [~maʃ] **বদমেজাজ** (রুক্ষ মেজাজ) ~মেজাজ্ [~meɟʒaɟʒ] **বদমেজাজি** ~মেজাজি [~meɟʒaɟʒi] **বদরাগী** ~রাগি [~ragi] **বদহজম** (অজীর্ণ) ~হজোম্ [~ɦɔɟʒòm]
বদন (মুখ) বদোন্ [bɔdòn]
বদনা (গাড়ুজাতীয় জলপাত্রবিশেষ) বদ্না [bɔdna]
বদর (কুলফল ; মুসলমান পীর) বদোর্ [bɔdòr]
'বদরিকাশ্রম' বদোরিকাস্স্রোম্ [bɔdòrikassròm]
বদরীনাথ, বদ্রীনাথ (মহাদেব) বোদ্রিনাথ্ [bò(d)drinat(h)]
বদল (পরিবর্তন ; বিনিময়) বদোল্ [bɔdòl] **বদলাবদলি** বদ্লাবোদ্লি [bɔdlabòdli]
বদলি, বদলী (বিনিময় ; অন্যের বদলে কাজে নিযুক্ত ব্যক্তি) বোদ্লি [bòdli]
বদান্য (দয়ালু ; উদার) বদান্নো [bɔdannò] **বদান্যতা** ~তা [~ta]
বদ্ধ (বাঁধা ; রুদ্ধ) বদ্ধো [bɔddɦò] **বদ্ধতা** ~তা [~ta] **বদ্ধপরিকর** (দৃঢ়প্রতিজ্ঞ) ~পোরিকর্ [~pòrikɔr] **বদ্ধমূল** (দৃঢ়, বিচ্যুত করা যায় না এমন) ~মুল্ [~mul]
বদ্বীপ (delta) বদিপ্ [bɔdip]
বধ (হত্যা) বধ্ [bɔ:d(ɦ)]
বধির (কালা) বোধির্ [bòdɦir] **বধিরতা** বোধিরতা/বোধিরোতা [bòdɦirɔta/bòdɦiròta]
বধূ (পত্নী, বউ) বোধু [bòdɦu]
বন (অরণ্য) বোন্ [bò:n] **বনকপোত** বোনোকপোৎ [bònòkɔpot] **বনচর** বোনোচর্ [bònòcʃɔr] **বনচারী** (বনে বাস করে এমন) বোনোচারি [bònòcʃari] **বনজ** বোনোজো [bònòɟʒò] **বনজাত** বোনোজাতো [bònòɟʒatò] **বনজঙ্গল** ~জংগোল্ [~ɟʒɔŋgòl] **বনজ্যোৎস্না** (মল্লিকা ফুল) বোনোজোৎস্না [bònòɟʒotsna] **বনপাল** বোনোপাল্ [bònòpal] **বনবাদাড়** ~বাদাড়্ [~badaṛ] **বনবাস** বোনোবাশ্ [bònòbaʃ] **বনবাসী** বোনোবাশি [bònòbaʃi] **বনবিড়াল** ~বিড়াল্ [~biṛal] **বনবিহারী** (শ্রীকৃষ্ণ) ~বিহারি/বোনোবিহারি [~biɦari/bònòbiɦari] **বনভোজন** ~ভোজোন্ [~bɦoɟʒòn] **বনমল্লিকা** (সুগন্ধি ফুলবিশেষ) বোনোমোল্লিকা [bònòmòllika] **বনমহোৎসব** বোনোমহোৎশব্ [bònòmɔɦotʃɔb] **বনমানুষ** ~মানুশ্ [~manuʃ] **বনমালী** (শ্রীকৃষ্ণ) বোনোমালি [bònòmali] **বনমোরগ** ~মোরোগ্ [~moròg] **বনরাজি, বনরাজী** (বনশ্রেণী) বোনোরাজি [bònòraɟʒi] **বনশ্রী** (তরুশ্রেণী ; বনের শোভা) বোনোস্স্রি [bònòssri]

বনস্পতি (বৃক্ষরাজ, বিশাল বৃক্ষ) বোনোশ্‌পোতি [bònò∫pòti]
বনাত (মোটা পশমি কাপড়বিশেষ) বনাৎ [bɔnat]
বনানী (বড় বন) বনানি [bɔnani]
বনাম (বিরুদ্ধে) বনাম্ [bɔnam]
বনিতা (নারী ; প্রিয়া) বোনিতা [bònita]
বনিবনা (সদ্ভাব) বোনিবনা/বোনিবোনা [bònibɔna/bònibòna]
বনিবনাও (সদ্ভাব) বোনিবনাও/বোনিবোনাও [bònibɔnaŏ/bònibònaŏ]
বনিয়াদ (ভিত্তি) বোনিয়াদ্ [bòniad] **বনিয়াদি, বনিয়াদী** (ভিত্তি গড়ে তোলে এমন) বোনিয়াদি [bòniadi]
বনেদ (বনিয়াদ) বোনেদ্ [bòned] **বনেদি, বনেদী** (সম্ভ্রান্ত) বোনেদি [bònedi]
বনোয়ারি, বনোয়ারী (শ্রীকৃষ্ণ) বনোআরি [bɔnoari]
বন্দনা (স্তুতি) বন্‌দোনা [bɔndòna] **বন্দনীয়** বন্‌দোনিয়ো [bɔndònio]
বন্দর (port) বন্‌দোর্ [bɔndòr]
বন্দিত (প্রশংসিত ; পূজিত) বোন্‌দিতো [bòndito]
বন্দিদশা, বন্দিশালা বন্দী দ্র
বন্দিনী বন্দী দ্র
বন্দী (আটক ব্যক্তি, কয়েদি) বোন্‌দি [bòndi] **বন্দিদশা** ~দশা [~dɔ∫a] **বন্দিনী** ~নি [~ni] **বন্দিশালা** ~শালা [~∫ala]
বন্দুক (আগ্নেয়াস্ত্রবিশেষ) বোন্‌দুক্ [bònduk]
বন্দেগি, বন্দেগী (নমস্কার, সেলাম) বন্‌দেগি [bɔndegi]
বন্দোবস্ত (ব্যবস্থা) বন্‌দোবস্‌তো [bɔndobɔstò]
বন্দ্যঘটি (বন্দ্যোপাধ্যায়) বন্‌দোঘোটি [bɔndògɦòṭi]
বন্দ্যবংশ (সম্ভ্রান্ত বংশ ; বন্দ্যোপাধ্যায় বংশ) বন্‌দোবংশো [bɔndòbɔŋ∫ò]
বন্দ্যোপাধ্যায় (পদবিবিশেষ) বন্‌দোপাদ্‌ধায় [bɔndopaddɦaĕ]
বন্ধ (রুদ্ধ) বন্‌ধো [bɔndɦò]
বন্ধক (গচ্ছিত দ্রব্য) বন্‌ধোক্ [bɔndɦòk] **বন্ধকি** বন্‌ধোকি [bɔndɦòki]
বন্ধন (বাঁধা ; বাঁধন) বন্‌ধোন্ [bɔndɦòn] **বন্ধনী** (যা দিয়ে বাঁধা হয় ; ব্র্যাকেট) বন্‌ধোনি [bɔn-dɦòni]
বন্ধু (মিত্র, সখা) বোন্‌ধু [bòndɦu] **বন্ধুকৃত্য** ~ক্রিৎতো [~(k)krittò] **বন্ধুতা** ~তা [~ta] **বন্ধুত্ব** ~ৎতো [~ttò] **বন্ধুত্বমূলক** ~ৎতোমূলক্/~ৎতোমুলোক্ [~ttòmulɔk/~ttòmulòk]
বন্ধুক (ফুলবিশেষ) বোন্‌ধুক্ [bòndɦuk]
বন্ধুর (অসমতল) বোন্‌ধুর্ [bòndɦur]
বন্ধুলি (বাঁধুলিফুল) বোন্‌ধুলি [bòndɦuli]
বন্ধ্য (ফলহীন ; সন্তানহীন) বোন্‌ধো [bòndɦò]
বন্ধ্যা বোন্‌ধা [bòndɦa]
বন্ধ্যাত্ব (অনুর্বরতা ; সন্তান উৎপাদনে অক্ষমতা) বোন্‌ধাৎতো [bòndɦattò]
বন্য (বুনো ; অসভ্য) বোন্‌নো [bònnò]
বন্যা (প্লাবন) বোন্‌না [bònna]
বপন (বীজ বোনা) বপোন্ [bɔpòn]
বপু (শরীর) বোপু [bòpu]
বপ্র (ভূমি ; পর্বতের সানুদেশ) বপ্‌প্রো [bɔpprò]
বপ্রক্রীড়া (পশুর খেলাবিশেষ) ~ক্‌ক্রিড়া [~kkriṛa]
বমন (বমি) বমোন্ [bɔmòn]
বমাল (মালসমেত) বমাল্ [bɔmal]
বমি (বমন) বোমি [bòmi]
বয়ঃক্রম (বয়স) বয়োক্‌ক্রোম্ [bɔĕòkkròm]
বয়ঃপ্রাপ্ত (বয়স্ক) বয়োপ্‌প্রাপ্‌তো [bɔĕòpprapto]
বয়ঃসন্ধি (কৈশোর ও যৌবনের সন্ধিকাল) বয়োশ্‌শোন্‌ধি [bɔĕò∫∫òndɦi]
বয়কট (বর্জন) বয়্‌কট্ [bɔĕkɔṭ]
বয়ড়া (বহেড়া) বয়্‌ড়া [bɔĕṛa]
বয়ন (বস্ত্র বোনা) বয়োন্ [bɔĕòn]
বয়স (বয়ঃক্রম) বয়োশ্ [bɔĕò∫] **বয়সী** বয়োশি [bɔĕò∫i]
বয়সোচিত (বয়সের উপযোগী) বয়োশোচিতো [bɔĕò∫oc∫ito]
বয়স্ক (বয়ঃপ্রাপ্ত) বয়োশ্‌কো [bɔĕò∫kò] **বয়স্কা** বয়োশ্‌কা [bɔĕò∫ka]
বয়স্থ, বয়ঃস্থ (প্রাপ্তবয়স্ক ; প্রবীণ) বয়োস্‌থো [bɔĕòsthò]
বয়স্য (বন্ধু, সখা) বয়োশ্‌শো [bɔĕò∫∫ò]
বয়া (জলে ভাসন্ত পিপাবিশেষ) বয়া [bɔĕa]
বয়াটে (বখাটে) বয়াটে [bɔĕaṭe]
বয়ান (বর্ণনা) বয়ান্ [bɔĕan]

বয়াম (কাচ বা চিনামাটির পাত্রবিশেষ) বয়াম [bɔĕam] **বয়েম** (বয়াম) বোএম্ [bòem]

বয়েত, বয়েৎ (আরবি, ফারসি বা উর্দু শ্লোক) বয়েৎ [bɔet]

বয়েস (বয়স) বএশ্ [bɔeʃ]

বয়োগুণ (বয়সের ধর্ম) বয়োগুন্ [bɔĕogun]

বয়োজ্যেষ্ঠ (বয়সে বড়) বয়োজ্জেষ্ঠো [bɔĕoɟɟʒeʃṭhò]

বয়োধর্ম (বয়সের স্বাভাবিক ধর্ম) বয়োধর্মো [bɔĕodɦɔr(m)mò]

বয়োবৃদ্ধ (বুড়ো) বয়োব্রিদ্ধো [bɔĕo(b)briddɦò]

বর (অনুগ্রহ ; আশীর্বাদ ; স্বামী ; শ্রেষ্ঠ) বর্ [bɔ:r] **বরকনে** ~কোনে [~kòne] **বরকর্তা** ~কর্তা [~kɔr(t)ta] **বরদ** (বরদাতা) বরোদ্ [bɔròd] **বরদা** বরোদা [bɔròda] **বরদান** বরোদান্ [bɔròdan] **বরপক্ষ** ~পোক্খো [~pòkkhò] **বরপণ** (বিবাহে কন্যাপক্ষের কাছ থেকে আদায় করা পণ) ~পোন্ [~pòn] **বরপুত্র** বরোপুৎত্রো [bɔròputtrò] **বরমাল্য** বরোমাল্লো [bɔròmallò] **বরযাত্রী** ~জাৎত্রি [~ɟʒattri]

বরং (পক্ষান্তরে) বরোং [bɔròŋ]

বরকন্দাজ (বন্দুকধারী সেপাই) বর্কন্দাজ্ [bɔrkɔndaɟʒ]

বরখাস্ত (পদচ্যুত) বর্খাস্তো [bɔrkhastò]

বরগা[১]**, বর্গা**[১] (কড়ির উপরের কাঠ) বর্গা [bɔrga]

বরগা[২]**, বর্গা**[২] (ভাগে চাষযোগ্য জমি) বর্গা [bɔrga] **বরগাদার, বর্গাদার** ~দার্ [~dar]

বরজ (পানখেত) বরোজ্ [bɔròɟʒ]

বরঞ্চ (বরং) বরোন্চো [bɔròncʃò]

বরণ (সাদরে অভ্যর্থনা) বরোন্ [bɔròn] **বরণডালা** ~ডালা [~ḍala] **বরণমালা** ~মালা [~mala] **বরণীয়** বরোনিয়ো [bɔròniò]

বরদ, বরদা বর দ্র

বরদাস্ত (সহ্য করা) বর্দাস্তো [bɔrdastò]

বরপক্ষ, বরপণ, বরপুত্র, বরমাল্য, বরযাত্রী বর দ্র

বরফ (তুষার) বরোফ্ [bɔròp(h)]

বরফি (চৌকোনা মিঠাইবিশেষ) বোর্ফি [bòrphi]

বরবটি (আনাজবিশেষ) বর্বোটি [bɔrbòṭi]

বরবর্ণিনী (সুন্দরী রমণী) বরোবোর্নিনি [bɔròbòr(n)nini]

বরশা, বর্শা (বল্লম) বর্শা [bɔrʃa]

বরাক (দীন-দরিদ্র) বরাক্ [bɔrak] **বরাকী** (দীনা) বরাকি [bɔraki]

বরাঙ্গ (শ্রেষ্ঠ অঙ্গ ; উত্তম অঙ্গবিশিষ্ট) বরাংগো [bɔraŋgò]

বরাঙ্গনা (সুন্দরী রমণী) বরাংগোনা/বরাংগনা [bɔraŋgòna/bɔraŋgɔna]

বরাত (দায়িত্ব ; ভাগ্য) বরাৎ [bɔrat]

বরাদ্দ (নির্দিষ্ট ভাগ) বরাদ্দো [bɔraddò]

'বরানগর' বরানগোর্ [bɔranɔgòr]

বরানুগমন (বরের সঙ্গে বিবাহমণ্ডপে যাওয়া) বরানুগমোন্ [bɔranugɔmòn]

বরাবর (চিরকাল) বরাবোর্ [bɔrabòr]

বরাভয় (অভয়দানের ইঙ্গিত ; আশীর্বাদ) বরাভয়্ [bɔrabɦɔĕ]

বরাসন (বিবাহের অনুষ্ঠানে বরের আসন ; শ্রেষ্ঠ আসন) বরাশোন্ [bɔraʃòn]

বরাহ (শূকর) বরাহো [bɔraɦò]

'বরাহনগর' বরাহোনগোর্ [bɔraɦònɔgòr]

'বরিশাল' বোরিশাল্ [bòriʃal]

বরিষ্ঠ (শ্রেষ্ঠ) বোরিষ্ঠো [bòriʃṭhò]

বরীয়ান (দুইয়ের মধ্যে শ্রেষ্ঠ) বোরিয়ান্ [bòrian]

বরীয়সী (শ্রেষ্ঠা) বোরিয়োশি [bòriòʃi]

'বরুণ' (দেবতাবিশেষ) বোরুন্ [bòrun]

বরেণ্য (বরণীয়) বরেন্নো [bɔrennò]

'বরেন্দ্র' (প্রাচীন বঙ্গের প্রদেশবিশেষ) বরেন্দ্রো [bɔrendrò] **'বরেন্দ্রভূমি'** ~ভূমি [~bɦumi]

বর্গ (দল, জাতি ; সমূহ ; সমান দুই রাশির গুণফল) বর্গো [bɔr(g)gò] **বর্গক্ষেত্র** (square) ~খেৎত্রো [~khettrò] **বর্গমূল** (square root) ~মূল্ [~mul]

বর্গা, বর্গাদার বরগা দ্র

বর্গি, বর্গী (মারাঠা সৈন্যদলবিশেষ) বোর্গি [bòr(g)gi]

বর্গীকরণ (শ্রেণীতে বিভক্ত করা) বোর্গিকরোন্ [bòr(g)gikɔròn]

বর্গীয় (বর্গস্থিত) বোর্‌গিয়ো [bòr(g)giò]
বর্জন (পরিত্যাগ) বর্‌জোন্ [bɔr(ɟ)ɟʒòn] **বর্জনীয়** বর্‌জোনিয়ো [bɔr(ɟ)ɟʒònió] **বর্জিত** বোর্‌জিতো [bòr(ɟ)ɟʒitò] **বর্জ্য** (ত্যাজ্য) বোর্‌জো [bòr(ɟ)ɟʒò]
বর্জাইস (ছাপার ছোট টাইপবিশেষ) বর্‌জাইস্ [bɔr(ɟ)ɟʒais]
বর্ণ (রং ; অক্ষর) বর্‌নো [bɔr(n)nò] **বর্ণচোরা** ~চোরা [~cʃora] **বর্ণজ্ঞানহীন** (নিরক্ষর) ~গ্‌গ্যাঁন্‌হিন্ [~ggæ̃nɦin] **বর্ণপরিচয়** ~পোরিচয়্ [~pòricʃɔĕ] **বর্ণমালা** ~মালা [~mala] **বর্ণহিন্দু** ~হিন্দু [~ɦindu] **বর্ণহীন** ~হিন্ [~ɦin]
বর্ণনা (বিবরণ) বর্‌নোনা [bɔr(n)nòna] **বর্ণনাতীত** ~তিতো [~titò] **বর্ণনীয়** বর্‌নোনিয়ো [bɔr(n)nònió]
বর্ণানুক্রম (বর্ণের পরম্পরা) বর্‌নানুক্‌ক্রোম্ [bɔr(n)nanukkròm]
বর্ণানুক্রমিক (বর্ণের পরম্পরা অনুযায়ী) বর্‌নানুক্‌ক্রোমিক্ [bɔr(n)nanukkròmik]
বর্ণান্ধ (রংকানা) বর্‌নান্‌ধো [bɔr(n)nandɦò]
বর্ণালি, বর্ণালী (spectrum) বর্‌নালি [bɔr(n)nali]
বর্ণাশ্রম (চতুরাশ্রম) বর্‌নাস্‌স্রোম্ [bɔr(n)nassròm]
বর্ণিত (বিবৃত) বোর্‌নিতো [bòr(n)nitò]
বর্তমান (উপস্থিত ; বিদ্যমান) বর্‌তোমান্ [bɔr(t)tòman]
বর্তানো (অর্সানো) বর্‌তানো [bɔr(t)tano]
বর্তিকা (প্রদীপ) বোর্‌তিকা [bòr(t)tika]
বর্তুল (গোলাকার) বোর্‌তুল্ [bòr(t)tul]
বর্তুলাকার (গোলাকার) বোর্‌তুলাকার্ [bòr(t)tulakar]
বর্ধন (বৃদ্ধি) বর্‌ধোন্ [bɔr(d)dɦòn] **বর্ধমান, 'বর্ধমান'** বর্‌ধোমান্ [bɔr(d)dɦòman] **বর্ধিত** বোর্‌ধিতো [bòr(d)dɦitò] **বর্ধিষ্ণু** (বৃদ্ধিশীল) বোর্‌ধিশ্‌নু [bòr(d)dɦiʃnu]
বর্বটী বরবটি দ্র
বর্বর (অসভ্য) বর্‌বোর্/বর্‌বর্ [bɔr(b)bòr/bɔr(b)bɔr] **বর্বরতা** বর্‌বরতা/বর্‌বরোতা [bɔr(b)bɔrɔta/bɔr(b)bɔròta]
বর্ম (দেহাবরণ, সাঁজোয়া) বর্‌মো [bɔr(m)mò]
বর্মণ (পদবিবিশেষ) বর্‌মোন্ [bɔr(m)mòn]
বর্মা' (ব্রহ্মদেশ) বর্‌মা [bɔr(m)ma] **বর্মী** বোর্‌মি [bòr(m)mi]
বর্শা বরশা দ্র
বর্ষ (বছর) বর্‌শো [bɔr(ʃ)ʃò] **বর্ষকাল** ~কাল্ [~kal] **বর্ষজীবী** (এক বছর বাঁচে এমন) ~জিবি [~ɟʒibi]
বর্ষণ (বৃষ্টি) বর্‌শোন্ [bɔr(ʃ)ʃòn]
বর্ষা (বৃষ্টি) বর্‌শা [bɔr(ʃ)ʃa] **বর্ষাকাল** ~কাল্ [~kal] **বর্ষাঋতু** ~রিতু [~ritu] **বর্ষাগম** (বর্ষাকালের আরম্ভ) ~গম্/~গোম্ [~gɔm/~gòm]
বর্ষাতি (ছাতা) বর্‌শাতি [bɔr(ʃ)ʃati]
বর্ষাতি, বর্ষাতী (বর্ষায় উৎপন্ন) বর্‌শাতি [bɔr(ʃ)ʃati]
বর্ষাত্যয় (বর্ষার অবসান ; শরৎকাল) বর্‌শাৎতয়্ [bɔr(ʃ)ʃattɔĕ]
বর্ষিত (ঝরেছে এমন, পতিত) বোর্‌শিতো [bòr(ʃ)ʃitò]
বর্ষীয়ান (অধিকতর বয়স্ক ; বয়স্ক) বোর্‌শিয়ান্ [bòr(ʃ)ʃian]
বল (শক্তি) বল্ [bɔ:l] **বলকারক** ~কারোক্/বলোকারোক্ [~karòk/bɔlòkaròk] **বলদৃপ্ত** বলোদ্রিপ্‌তো [bɔlò(d)driptò] **বলপূর্বক** বলোপুর্‌বক্/~পুর্‌বক্ [bɔlòpur(b)bɔk/~pur(b)bɔk] **বলবৎ** (কার্যকর ; বহাল) বলোবৎ [bɔlòbɔt] **বলবতী** বলোবোতি [bɔlòbòti] **বলবান** বলোবান্ [bɔlòban] **বলবিদ্যা** (mechanics) বলোবিদ্‌দা [bɔlòbidda] **বলশালী** বলোশালি [bɔlòʃali]
বলক (দুধ উথলে ওঠা) বলোক্ [bɔlòk] **বলকা** (উথলে উঠেছে এমন) বল্‌কা [bɔlka]
বলদ (ষাঁড়) বলোদ্ [bɔlòd]
'বলদেব' (বলরাম) বলোদেব্ [bɔlòdeb]
বলন (কথন, বলা, ভাষণ) বলোন্ [bɔlòn]
বলপূর্বক, বলবৎ, বলবতী, বলবান, বলশালী বল দ্র
'বলভদ্র' (বলরাম) বলোভদ্‌দ্রো [bɔlòbɦɔddrò]
বলয় (বালা, কঙ্কণ) বলয়্ [bɔlɔĕ] **বলয়িত** বলোইতো [bɔlòitò]
'বলরাম' (কৃষ্ণের অগ্রজ) বলোরাম্ [bɔlòram]
বলা (কওয়া) বলা [bɔla] **বলাকওয়া** ~কওআ [~kɔŏa] **বলাবলি** ~বোলি [~bòli]
'বলাই' (বলরাম) বলাই [bɔlaĭ]

বলাৎকার (ধর্ষণ) বলাৎকার্ [bɔlatkar]
বলাধান (শক্তির সঞ্চার) বলাধান্ [bɔladɦan]
বলাধিক্য (শক্তির আধিক্য) বলাধিক্কো [bɔla-dɦikkò]
বলাধ্যক্ষ (সেনাপতি) বলাদ্ধোক্খো [bɔladdɦòk-khò]
বলাবলি বলা দ্র
বলি[১] (উৎসর্গ; যজ্ঞাদিতে নিবেদিত বস্তু) বোলি [bòli] **বলিদান** ~দান্ [~dan]
বলি[২], **বলী** (মুখের বা গায়ের চামড়ার কুঞ্চন) বোলি [bòli]
বলিদান বলি[১] দ্র
বলিষ্ঠ (বলবান) বোলিষ্‌ঠো [bòliʃṭhò]
বলী (বলবান) বোলি [bòli]
বলীন্দ্র (বীরশ্রেষ্ঠ) বোলিন্‌দ্রো [bòlindrò]
বলীবর্দ (ষাঁড়) বোলিবর্‌দো [bòlibɔr(d)dò]
বলীয়ান (বলবান) বোলিয়ান্ [bòlian]
বল্কল (খোসা; ছাল) বল্‌কোল্/বল্‌কল্ [bɔlkòl/ bɔlkɔl]
বল্গা, বল্‌গা (লাগাম) বল্‌গা [bɔlga]
বল্মীক, বল্মিক (উইঢিবি) বোল্‌মিক্ [bòlmik]
বল্লকী (বীণা; গাছবিশেষ) বল্‌লোকি [bɔllòki]
বল্লব (গোয়ালা; পাচক) বল্‌লোব্/বল্‌লব্ [bɔllòb/ bɔllɔb]
বল্লভ (প্রিয়; পতি) বল্‌লোভ্ [bɔllòb(ɦ)]
বল্লম (বর্শা) বল্‌লোম্ [bɔllòm]
বল্লরী, বল্লরি (লতা) বল্‌লোরি [bɔllòri]
'বল্লালসেন' (প্রাচীন বঙ্গের রাজাবিশেষ) বল্‌লাল্‌শেন্ [bɔllalʃen] **বল্লালী** বল্‌লালি [bɔllali]
বশ (আজ্ঞাধীনতা; প্রভাব) বশ্ [bɔːʃ] **বশবর্তী** বশোবোর্‌তি [bɔʃòbòr(t)ti]
বশংবদ (অনুগত) বশোংবদো/বশোংবদ্ [bɔʃòŋbɔdò/ bɔʃòŋbɔd]
'বশিষ্ঠ', 'বসিষ্ঠ' (মুনিবিশেষ) বোশিষ্‌ঠো [bòʃiʃṭhò]
বশীকরণ (বশে আনা) বোশিকরোন্ [bòʃikɔròn]
বশীভূত (বশে এসেছে এমন) বোশিভুতো [bòʃibɦutò]
বশ্য (বশ মানানো যায় এমন) বোশ্‌শো [bòʃʃò] **বশ্যতা** ~তা [~ta]
বসত (আবাস) বশোৎ [bɔʃòt] **বসতবাড়ি** ~বাড়ি [~bari]
বসতি (বাস; আবাস) বশোতি [bòʃòti]
বসন (বস্ত্র) বশোন্ [bɔʃòn] **বসনভূষণ** ~ভুশোন্ [~bɦuʃòn]
বসনাঞ্চল (কাপড়ের আঁচল) বশোনান্‌চল্ [bɔʃònancʃɔl]
বসন্ত (ঋতুবিশেষ; রোগবিশেষ; সংগীতের রাগবিশেষ) বশোন্‌তো [bɔʃòntò] **বসন্ততিলক** (ছন্দবিশেষ) ~তিলক্ [~tilɔk] **বসন্তদূত** (কোকিল) ~দুৎ [~dut] **বসন্তপঞ্চমী** (শ্রীপঞ্চমী তিথি) ~পন্‌চোমি/~পোন্‌চোমি [~pɔncʃòmi/ ~pòncʃòmi]
বসন্তোৎসব (দোলযাত্রা) বশোন্‌তোৎশব্ [bɔʃòn-totʃɔb]
বসবাস (স্থায়ী বাস) বশোবাশ্ [bɔʃòbaʃ]
বসা (মজ্জা; মেদ; উপবেশন করা) বশা [bɔʃa]
বসু (পদবি-বিশেষ; গঙ্গার আটপুত্র) বোশু [bòʃu] **'বসুদেব'** (কৃষ্ণের পিতা) ~দেব্ [~deb] **বসুধা** ~ধা [~dɦa] **বসুধারা** (সিঁদুরের মাঙ্গলিক ধারা) ~ধারা [~dɦara] **বসুন্ধরা** ~ন্‌ধরা [~ndɦɔra] **বসুমতী** ~মোতি [~mòti]
'বসুষেণ' (কর্ণ) বোশুশেন্ [bòʃuʃen]
বস্তা (থলে) বস্‌তা [bɔsta] **বস্তাবন্দী** ~বোন্‌দি [~bòndi]
বস্তি (মূত্রাশয়; দরিদ্র লোকের ছোট গৃহশ্রেণী) বোস্‌তি [bòsti]
বস্তু (পদার্থ; জিনিস) বোস্‌তু [bòstu] **বস্তুগত** ~গতো [~gɔtò] **বস্তুজগৎ** (জড়জগৎ) ~জগোৎ [~ɟɡɔgòt] **বস্তুত** ~তো [~tò] **বস্তুতপক্ষে** ~তোপোক্‌খে [~tòpòkkhe]
বস্ত্র (কাপড়; বসন) বস্‌ত্রো [bɔstrò] **বস্ত্রহরণ** ~হরোন্ [~ɦɔròn] **বস্ত্রালয়** বস্‌ত্রালয় [bɔstralɔĕ]
বহতা (বহমান) বহোতা [bɔɦòta]
বহন (বওয়া, সহ্য করা) বহোন্ [bɔɦòn] **বহনীয়** বহোনিয়ো [bɔɦòniò]
বহমান (প্রবাহিত হচ্ছে এমন) বহোমান্ [bɔɦò-man]
বহর (জাহাজ ইত্যাদির শ্রেণী; প্রস্থ) বহোর্ [bɔɦòr]

'বহরমপুর' (মুর্শিদাবাদ জেলার শহর-বিশেষ) বহোরম্পুর্ [bɔɦòrɔmpur]
বহাল (বজায়) বহাল্ [bɔɦal]
বহিত্র (নৌকা) বোহিৎত্রো [bòɦittrò]
বহিরঙ্গ (বাইরের অঙ্গ) বোহিরংগো [bòɦirɔŋgò]
বহিরাগত (বাহির থেকে আগত) বোহিরাগতো [bòɦiragɔtò]
বহিরাগমন (বাহির থেকে আসা) বোহিরাগমোন্/বোহিরাগোমোন্ [bòɦira-gɔmòn/bòɦiragòmòn]
বহির্গত (নির্গত) বোহির্গতো [bòɦir(g)gɔtò]
বহির্গমন (নির্গমন) বোহির্গমোন্ [bòɦir(g)gɔmòn]
বহির্জগৎ (বাইরের জগৎ) বোহির্জগোৎ [bòɦir(ɟ)ɟʒɔgòt]
বহির্দ্বার (বাইরের দরজা) বোহির্দার্ [bòɦir(d)dar]
বহির্বাণিজ্য (বিদেশের সঙ্গে বাণিজ্য) বোহির্বানিজ্জো [bòɦir(b)baniɟɟʒò]
বহির্ভূত (বহির্গত) বোহির্ভুতো [bòɦir(b)bɦutò]
বহির্মুখ (বাইরে অবস্থিত মুখ) বোহির্মুখ্ [bòɦir(m)muk(h)] **বহির্মুখী** [bòɦir(m)mukhi]
বহিষ্করণ (দূরীকরণ) বোহিশ্করোন্ [bòɦiʃkɔròn]
বহিষ্কার (বার করে দেওয়া) বোহিশ্কার্ [bòɦiʃkar]
বহিষ্কৃত বোহিশ্ক্রিতো [bòɦiʃkritò]
বহিস্থ, বহিঃস্থ (বাইরের) বোহিস্থো [bòɦisthò]
বহু (অনেক) বোহু [bòɦu] **বহুতর** ~তরো [~tɔrò]
বহুত্ব ~ৎতো [~ttò] **বহুদর্শী** (অভিজ্ঞ) ~দোর্শি [~dòr(ʃ)ʃi] **বহুদূর** ~দুর্ [~dur] **বহুধা** ~ধা [~dɦa]
বহুপ্রসবিনী (অনেক সন্তানের জননী) ~প্প্রোশোবিনি [~pprò ʃòbini] **বহুবচন** ~বচোন্ [~bɔcʃòn] **বহুবল্লভ** (বহুনায়িকার প্রিয়) ~বল্লোভ্ [~bɔllòb(ɦ)] **বহুবিধ** ~বিধো [~bidɦò] **বহুব্রীহি** ~ব্রিহি [~bbriɦi] **বহুভাষী** ~ভাশি [~bɦaʃi] **বহুমুখী** ~মুখি [~mukhi] **বহুমূত্র** ~মূৎত্রো [~muttrò] **বহুমূল্য** ~মুল্লো [~mullò] **বহুরূপী** ~রুপি [~rupi]
বহুল (প্রচুর) বোহুল্ [bòɦul] **বহুলতা** বোহুলতা [bòɦulɔta]
বহেড়া (হরীতকীজাতীয় ফলবিশেষ) বহেড়া [bɔɦeɽa]
বহ্নি (অগ্নি) বোন্নহি [bònnɦi] **বহ্নিজ্বালা** ~জালা [~ɟʒala]
বহ্বাড়ম্বর (অতিরিক্ত ঘটা) বব্ভাড়ম্বর্/বও্ভাড়ম্বর্ [~bɔbbɦaɽɔmbɔr/bɔŏbɦaɽɔmbɔr]
বহ্বারম্ভ (ঘটা করে আরম্ভ) বব্ভারম্ভো/বও্ভারম্ভো [bɔbbɦarɔmbɦò/bɔŏbɦarɔmbɦò]
বাই (বাতিক) বাই্ [baĭ]
বাইজি (নর্তকীবিশেষ) বাই্জি [baĭɟʒi]
বাইনাচ (বাইজির নাচ) বাই্নাচ্ [baĭnacʃ]
বাইশ (২২) বাইশ্ [baiʃ] **বাইশে** বাইশে [baiʃe]
বাঈ (পশ্চিমভারতীয় মহিলাদের উপাধি-বিশেষ) বাই্ [baĭ]
বাউটি (অলংকারবিশেষ) বাউ্টি [baŭʈi]
বাউন্ডুলে (ছন্নছাড়া) বাউন্ডুলে [baunɖule]
বাউরি (বাঙালি হিন্দুজাতিবিশেষ) বাউ্রি [baŭri]
বাউল (ভক্ত গায়কদলবিশেষ) বাউল্ [baul]
বাওয়া (নৌকা ইত্যাদি চালানো) বাও্আ [baŏa]
বাংলা, বাঙলা, বাঙ্গলা (বাঙালির ভাষা) বাংলা [baŋla]
বাংলো (bungalow) বাংলো [baŋlo]
বাঁও (সাড়ে তিন বা চার হাত পরিমাণ গভীরতা) বাঁও্ [bãŏ]
বাঁক (বক্রতা ; মোড়) বাঁক্ [bã:k] **বাঁকনল** (blow-pipe) ~নল্ [~nɔl]
বাঁকা বাঁকা [bãka] **বাঁকাচোরা** ~চোরা [~cʃora]
'বাঁকুড়া' বাঁকুড়া [bãkuɽa]
বাঁচন (জীবনধারণ) বাঁচোন্ [bãcʃòn]
বাঁচা (জীবিত থাকা) বাঁচা [bãcʃa]
বাঁচোয়া (রেহাই) বাঁচোআ [bãcʃoa]
বাঁজা (বন্ধ্যা) বাঁজা [bãɟʒa]
বাঁট (ছুরি ইত্যাদির হাতল ; পশুর স্তনের বোঁটা) বাঁট্ [bã:ʈ]
বাঁটুল (খেলার গুলি, বল) বাঁটুল্ [bãʈul]
বাঁটোয়ারা বাটোয়ারা দ্র
বাঁদর (বানর) বাঁদোর্ [bãdòr] **বাঁদরমুখো** ~মুখো [~mukho] **বাঁদরামো** বাঁদ্রামো [bãdramo] **বাঁদুরে** (বাঁদর-সুলভ) বাঁদুরে [bãdure]
বাঁদী (দাসী) বাঁদি [bãdi]

বাঁধ (dam) বাঁধ্ [bã:d(ɦ)]

বাঁধন (বন্ধন) বাঁধোন্ [bãdɦòn] **বাঁধুনি** বাঁধুনি [bãdɦuni]

বাঁধা (বদ্ধ ; বন্ধন করা) বাঁধা [bãdɦa] **বাঁধাই** ~ই্ [~ĭ] **বাঁধাকপি** ~কোপি [~kòpi] **বাঁধাছাঁদা** (গুছিয়ে বাঁধা) ~ছাঁদা [~cʃhãda] **বাঁধাধরা** ~ধরা [~dɦɔra] **বাঁধানো** ~নো [~no] **বাঁধাবাঁধি** (ধরাবাঁধা নিয়ম) ~বাঁধি [~bãdɦi]

বাঁয়া (ডুগি) বাঁয়া [bãĕa]

বাঁশ (গাছবিশেষ, বেণু) বাঁশ্ [bã:ʃ]

বাঁশরি, বাঁশরী (বাঁশি, বংশী) বাঁশোরি [bãʃòri]

বাঁশি (বংশী) বাঁশি [bãʃi]

বাক্‌চাতুরী (কথার কায়দা) বাক্‌চাতুরি [bakcʃaturi]

বাক্‌পটু (কথা বলায় দক্ষ) বাক্‌পোটু [bakpòṭu]

বাক্‌রোধ (কথা বন্ধ হওয়া) বাক্‌রোধ্ [bakrod(ɦ)]

বাকল (গাছের ছাল) বাকোল্ [bakòl]

বাকলা (গাছের ছাল) বাক্‌লা [bakla]

বাক্‌শক্তি (কথা বলার ক্ষমতা) বাক্‌শোক্‌তি [bakʃòkti]

বাক্‌সংযম (মিতভাষিতা) বাক্‌শংজম্/বাক্‌শংজোম্ [bakʃɔŋɟʒɔm/bakʃɔŋɟʒòm]

বাক্‌সিদ্ধ (যার সব কথাই সত্য হয়) বাক্‌শিদ্‌ধো [bakʃiddɦò]

বাক্‌স্ফূর্তি (কথা বার হওয়া) বাক্‌স্‌ফুর্‌তি [baksphur(t)ti]

বাকি (অবশিষ্ট) বাকি [baki]

বাক্‌স্বাধীনতা (কথা বলার স্বাধীনতা) বাক্‌শাধিনতা [bakʃadɦinɔta]

বাক্য (কথা, উক্তি ; sentence) বাক্‌কো [bakkò] **বাক্যবাগীশ** ~বাগিশ্ [~bagiʃ] **বাক্যজাল** (কথার মারপ্যাঁচ) ~জাল্ [~ɟʒal] **বাক্যব্যয়** ~ব্যায়্/~ব্ব্যায়্ [~bæĕ/~bbæĕ]

বাক্যালাপ (কথাবার্তা) বাক্‌কালাপ্ [bakkalap]

বাক্স (ঢাকনিযুক্ত পেটিকা) বাক্‌শো [bakʃò] **বাক্সবন্দী** ~বোন্‌দি [~bòndi]

'বাখরগঞ্জ' বাখোর্‌গন্‌জ্/বাখোর্‌গন্‌জো [bakhòr-gɔnɟʒ/bakhòrgɔnɟʒò]

বাখারি (বাঁশের ফালি) বাখারি [bakhari]

বাগ (বাগান ; বশ, শাসন) বাগ্ [ba:g]

বাগড়া (বাধা) বাগ্‌ড়া [bagṛa]

বাগদা (চিংড়ির প্রকারবিশেষ) বাগ্‌দা [bagda]

বাগদি, বাগদী (অনুন্নত হিন্দু জাতিবিশেষ) বাগ্‌দি [bagdi]

বাগ্‌জাল (কথার ফাঁদ) বাগ্‌জাল্ [bagɟʒal]

বাগ্‌দত্ত (যাকে বিবাহের কথা দেওয়া হয়েছে) বাগ্‌দৎতো [bagdɔttò]

বাগ্‌দত্তা বাগ্‌দৎতা [bagdɔtta]

বাগ্‌দেবী (সরস্বতী) বাগ্‌দেবি [bagdebi]

'বাগবাজার' বাগ্‌বাজার্ [bagbaɟʒar]

বাগ্‌বিতণ্ডা (তর্কবিতর্ক, ঝগড়া) বাগ্‌বিতন্‌ডা/বাগ্‌বিতোন্‌ডা [bag-bitɔnḍa/bagbitònḍa]

বাগ্‌বৈদগ্ধ্য (কথা বলায় নৈপুণ্য) বাগ্‌বৈদোগ্‌ধো [bagboĭdògdɦò]

বাগাড়ম্বর (কথার ঘটা) বাগাড়ম্‌বোর্/বাগাড়ম্‌বর্ [bagaṛɔmbòr/bagaṛɔmbɔr]

বাগান (বাগিচা) বাগান্ [bagan]

বাগি, বাগী (ফোঁড়াবিশেষ) বাগি [bagi]

বাগীশ (বাক্‌পটু) বাগিশ্ [bagiʃ]

বাগীশ্বর (বাক্‌পটু, বাগ্মী) বাগিশ্‌শর্ [bagiʃʃɔr]

বাগীশ্বরী (সরস্বতীদেবী) বাগিশ্‌শোরি [bagiʃʃòri]

বাগ্‌যুদ্ধ (কথা-কাটকাটি) বাগ্‌জুদ্‌ধো [bagɟʒud-dɦò]

বাগ্মিতা বাগ্মী দ্র

বাগ্মী (সুবক্তা) বাগ্‌মি [bagmi] **বাগ্মিতা** ~তা [~ta]

বাঘ (ব্যাঘ্র) বাঘ্ [ba:g(ɦ)] **বাঘনখ** ~নোখ্ [~nòk(h)] **বাঘবন্দী** (খেলা-বিশেষ) ~বোন্‌দি [~bòndi] **বাঘিনী** বাঘিনি [bagɦini]

বাঘা (বাঘ ; বড়, বিরাট) বাঘা [bagɦa]

বাঙ্‌নিষ্পত্তি (কথা উচ্চারণ) বাংনিশ্‌পোৎতি [baŋniʃpòtti] **বাঙ্ময়, বাঙ্ময়** বাংময় [baŋmɔĕ]

বাঙাল, বাঙ্গাল (পূর্ববঙ্গের লোক) বাঙাল্ [baŋal]

বাঙালি, বাঙালী, বাঙ্গালী (বাংলাভাষী) বাঙালি [baŋali]

বাঙালিয়ানা (বাঙালিসুলভ আচরণ) বাঙালিয়ানা [baŋaliana]

বাচক (বোধক, অর্থজ্ঞাপক) বাচোক্ [bacʃòk]

বাচন (কথন ; উক্তি) বাচোন্ [bacʃòn] **বাচনভঙ্গি** ~ভোংগি [~bɦòŋgi] **বাচনিক** বাচোনিক্ [bacʃònik]

বাচস্পতি (বাগ্মী ; বিদ্বান ব্যক্তি) বাচোশ্‌পোতি [bacʃòʃpòti] **বাচস্পত্য** বাচোশ্‌পোৎতো [bacʃòʃpòttò]

বাচাল (বেশি কথা বলে এমন) বাচাল্ [bacʃal] **বাচালতা** বাচালতা/ বাচালোতা [bacʃalɔta/ bacʃalòta]

বাচ্চা (শিশু) বাচ্‌চা [baccʃa] **বাচ্চাকাচ্চা** (ছোট ছেলেমেয়ে) ~কাচ্‌চা [~kaccʃa]

বাচ্য (বলার যোগ্য ; voice) বাচ্‌চো [baccʃò] **বাচ্যার্থ** (মুখ্য ও স্বাভাবিক অর্থ) বাচ্চার্‌থো [baccʃar(t)thò]

বাছ (বাছাই ; নির্বাচন) বাছ্ [ba:cʃ(h)] **বাছবিচার** ~বিচার/বাচ্‌বিচার্ [~bicʃar/bacʃbicʃar]

বাছা (পছন্দ করা) বাছা [bacʃha] **বাছাই** ~ই্ [~ĭ]

বাছুর (গো-বৎস, calf) বাছুর্ [bacʃhur]

বাজ[১] (বজ্র) বাজ্ [ba:ɟʒ]

বাজ[২] (শিকারী পাখিবিশেষ) বাজ্ [ba:ɟʒ]

বাজখাঁই (অত্যন্ত কর্কশ ও উচ্চ কণ্ঠস্বরযুক্ত) বাজ্‌খাঁই্ [baɟʒkhãĭ]

বাজন (বাজনা, বাদ্য) বাজোন্ [baɟʒòn] **বাজনদার** ~দার্ [~dar]

বাজনা (বাদ্য) বাজ্‌না [baɟʒna] **বাজনাওয়ালা** ~ওআলা [~oala] **বাজনাওয়ালী** ~ওআলি [~oali]

বাজপেয়ী (উত্তরভারতীয় ব্রাহ্মণদের উপাধিবিশেষ) বাজ্‌পেই [baɟʒpei]

বাজরা (শস্যবিশেষ) বাজ্‌রা [baɟʒra]

বাজানো (বাদিত বা ধ্বনি করা) বাজানো [baɟʒano]

বাজার (পণ্য কেনা-বেচার স্থান) বাজার্ [baɟʒar] **বাজারখরচ** ~খরোচ্ [~khɔròcʃ] **বাজারচলতি** ~চোল্‌তি [~cʃòlti] **বাজারদর** ~দর্ [~dɔr]

বাজি (ইন্দ্রজাল ; ভেলকি) বাজি [baɟʒi] **বাজিকর** ~কর্ [~kɔr] **বাজিমাত** ~মাৎ [~mat]

বাজিয়ে (যে বাজায়) বাজিয়ে/বাজিএ [baɟʒie]

বাজী (ঘোড়া) বাজি [baɟʒi]

বাজু (হাতের অলংকারবিশেষ) বাজু [baɟʒu] **বাজুবন্ধ** ~বন্‌ধো [~bɔndɦò]

বাজে (তুচ্ছ) বাজে [baɟʒe]

বাজেয়াপ্ত (সরকার কর্তৃক অধিকৃত) বাজেয়াপ্‌তো/বাজেআপ্‌তো [baɟʒeaptò]

বাঞ্ছা (সাধ, ইচ্ছা) বান্‌ছা [bancʃha] **বাঞ্ছনীয়** বান্‌ছোনিয়ো [bancʃhòniò] **বাঞ্ছিত** বান্‌ছিতো [bancʃhitò] **বাঞ্ছিতা** বান্‌ছিতা [bancʃhita]

বাট (সোনারুপোর তাল) বাট্ [ba:ṭ]

বাটখারা (লৌহখণ্ড, পড়েন) বাট্‌খারা [baṭkhara]

বাটনা (বাটা মসলা) বাট্‌না [baṭna]

বাটপাড় (লুঠেরা) বাট্‌পাড়্ [baṭpaṛ] **বাটপাড়ি** বাট্‌পাড়ি [baṭpaṛi]

বাটা[১] (পানের থালা) বাটা [baṭa]

বাটা[২] (মাছবিশেষ) বাটা [baṭa]

বাটালি, বাটালী (ছুতোরের অস্ত্রবিশেষ) বাটালি [baṭali]

বাটি (হাতলহীন পাত্রবিশেষ) বাটি [baṭi]

বাটিকা (ছোট বাড়ি) বাটিকা [baṭika]

বাটোয়ারা (বণ্টন) বাটোআরা [baṭoara]

বাড় (বৃদ্ধি) বাড়্ [ba:ṛ] **বাড়তি** ~তি [~ti] **বাড়ন্ত** বাড়োন্‌তো [baṛòntò]

বাড়ব (সমুদ্র থেকে উত্থিত অগ্নি) বাড়োব্/বাড়ব্ [baṛòb/baṛɔb]

বাড়বাগ্নি (সমুদ্রোত্থিত অগ্নি) বাড়োবাগ্‌নি [baṛòbagni]

বাড়বানল (বাড়বাগ্নি) বাড়োবানল্ [baṛòbanɔl]

বাড়ানো (বৃদ্ধি করা) বাড়ানো [baṛano]

বাড়াবাড়ি (আতিশয্য) বাড়াবাড়ি [baṛabaṛi]

বাড়ি (গৃহ ; বাসস্থান) বাড়ি [baṛi] **বাড়িওয়ালা** ~ওআলা [~oala] **বাড়িওয়ালি, বাড়িওয়ালী** ~ওআলি [~oali] **বাড়িউলি, বাড়িউলী** ~উলি [~uli] **বাড়িঘর** ~ঘর্ [~ɡɦɔr]

বাণ (তির, শর) বান্ [ba:n] **বাণমুখ** ~মুখ্/বানোমুখ্ [~muk(h)/banòmuk(h)]

'বাণভট্ট' বানোভট্‌টো [banòbɦɔṭṭò]

বাণিজ্য (ব্যাবসা) বানিজ্‌জো [baniɟɟʒò] **বাণিজ্যতরী** ~তোরি [~tòri] **বাণিজ্যদূত** ~দুৎ [~dut] **বাণিজ্যিক** বানিজ্‌জিক্ [baniɟɟʒik]

বাণী (কথা, উক্তি) বানি [bani]

'বাণেশ্বর' (শিব) বানেশ্‌শর্ [baneʃʃɔr]

বান্ডিল (আঁটি) বান্‌ডিল্ [banḍil]

বাত[1] (কথা) বাৎ [ba:t]
বাত[2] (বায়ু) বাৎ [ba:t] **বাতকর্ম** ~কর্‌মো [~kɔr(m)mò]
বাতলানো (বলা) বাৎলানো [batlano]
বাৎসরিক (প্রতি বছরে ঘটে এমন) বাৎশোরিক্ [batʃòrik]
বাৎসল্য (সন্তানস্নেহ) বাৎশোল্‌লো [batʃòllò]
বাতা (কাঠের পাতলা ফালি) বাতা [bata]
বাতানুকূল (air-conditioned) বাতানুকুল্ [bata-nukul]
বাতাবরণ (পরিবেশ) বাতাবরোন্ [batabɔròn]
বাতাবি, বাতাবী (লেবুবিশেষ) বাতাবি [batabi]
বাতায়ন (জানালা) বাতায়োন্ [bataĕòn] **বাতায়নতলে** বাতায়োনোতলে/বাতায়নোতলে [bataĕònòtɔle/bataĕɔnòtɔle]
বাতাস (বায়ু, হাওয়া) বাতাশ্ [bataʃ]
বাতাসা (চিনি বা গুড়ের মিঠাইবিশেষ) বাতাশা [bataʃa]
বাতাসী (পাখিবিশেষ ; মাছবিশেষ) বাতাশি [bataʃi]
বাতাহত (বায়ুতাড়িত) বাতাহতো [batafiɔtò]
বাতি (প্রদীপ, আলো) বাতি [bati] **বাতিঘর** ~ঘর্ [~gfiɔr] **বাতিদান** ~দান্ [~dan]
বাতিক (বাই ; খ্যাপামি) বাতিক্ [batik]
বাতিল (নাকচ, অগ্রাহ্য) বাতিল্ [batil]
বাতুল (পাগল) বাতুল্ [batul] **বাতুলতা** বাতুলতা/বাতুলোতা [batulɔta/batulòta]
বাত্যা (ঝড়) বাৎতা [batta] **বাত্যাপীড়িত** ~পিড়িতো [~piṛitò] **বাত্যাহত** ~হতো [~fiɔtò]
বাথান (গোষ্ঠ ; গোচারণভূমি) বাথান্ [bathan]
বাদ[1] (বাধা) বাদ্ [ba:d]
বাদ[2] (কথন, উক্তি) বাদ্ [ba:d] **বাদবিতণ্ডা** ~বিতন্‌ডা [~bitɔnḍa]
বাদ[3] (ছাড়, বিয়োগ) বাদ্ [ba:d] **বাদবাকি** ~বাকি [~baki] **বাদসাদ** ~শাদ্ [~ʃad]
বাদন (বাজনা) বাদোন্ [badòn] **বাদক** বাদোক্ [badòk]
বাদর (বাদল) বাদোরো/বাদোর্ [badòrò/badòr] **বাদরদিন** বাদোরোদিন [badòròdin]
বাদল (বৃষ্টি) বাদোল্ [badòl] **বাদলা** বাদ্‌লা [badla] **বাদুলে** বাদুলে [badule]
বাদলা বাদল দ্র
বাদশা (নবাব ; শাসকবিশেষ) বাদ্‌শা [badʃa]
বাদশাহ (মুসলমান শাসকবিশেষ) বাদ্‌শা/বাদ্‌শাহো [badʃa/badʃafiò]
বাদশাহ্‌জাদা (বাদশাহের পুত্র) বাদশাজাদা [badʃaɟʒada]
বাদশাহ্‌জাদী (বাদশাহের কন্যা) বাদ্‌শাজাদি [badʃaɟʒadi]
বাদশাহি, বাদশাহী (বাদশাহ্-সম্বন্ধীয়) বাদ্‌শাহি [badʃafii]
বাদা (বিস্তীর্ণ জলাভূমি) বাদা [bada]
বাদাড় (জঙ্গল) বাদাড়্ [badaṛ]
বাদানুবাদ (তর্ক) বাদানুবাদ্ [badanubad]
বাদাম (ফলবীজবিশেষ ; নৌকার পাল) বাদাম্ [badam]
বাদামি, বাদামী (বাদামের রংযুক্ত, brown) বাদামি [badami]
বাদিত (ধ্বনিত) বাদিতো [badito]
বাদী (অভিযোগকারী) বাদি [badi]
বাদুড় (চামচিকার মতো স্তন্যপায়ী প্রাণী, bat) বাদুড়্ [baduṛ] **বাদুড়-ঝোলা** ~ঝোলা [~ɟʒfiola]
বাদুলে বাদল দ্র
বাদ্য (বাজনা) বাদ্‌দো [baddò]
বাধ (বাধা) বাধ্ [ba:d(fi)] **বাধসাধা** ~ণাধা/বাদ্‌শাধা [~ʃadfia/badʃadfia]
বাধক (বাধাজনক ; স্ত্রীরোগবিশেষ) বাধোক্ [ba-dfiòk]
বাধবাধ, বাধোবাধো (কুণ্ঠাযুক্ত ; বাধার উপক্রম হয়েছে এমন) বাধোবাধো [badfiobadfio]
বাধা (বিঘ্ন) বাধা [badfia] **বাধাপ্রাপ্ত** ~প্প্রাপ্‌তো [~pprapto]
বাধিত (অনুগৃহীত) বাধিতো [badfiito]
বাধ্য (আজ্ঞাবহ ; অবশ্যম্ভাবী) বাদ্‌ধো [baddfiò] **বাধ্যতা** ~তা [~ta] **বাধ্যতামূলক** (আবশ্যিক) তামুলক্/তামুলোক্ [~tamulɔk/~tamulòk] **বাধ্যবাধকতা** (করতেই হবে এমন ভাব) ~বাধো-কতা/~বাধোকোতা [~badfiòkɔta/~ba-dfiòkòta]
বান (প্লাবন) বান্ [ba:n] **বানভাসি** ~ভাশি [~bfiaʃi]

বানচাল (বিপর্যস্ত) বান্‌চাল্ [banc∫al]
বানপ্রস্থ (প্রৌঢ় বয়সে সংসার ত্যাগ) বানোপ্‌প্রোস্‌থো [banòppròsthò]
বানর (বাঁদর) বানোর্ [banòr]
বানান (spelling) বানান্ [banan]
বানানো (সাজানো ; গঠন করা) বানানো [banano]
বানি (অলংকার গড়ার মজুরি) বানি [bani]
বানিয়া (ব্যবসায়ী শ্রেণীবিশেষ) বানিয়া [bania]
বান্দা (ভৃত্য) বান্‌দা [banda]
বান্ধব (বন্ধু) বান্‌ধোব্ [bandɦòb] **বান্ধবী** বান্‌ধোবি [bandɦòbi]
বান্ধুলি (ফুলবিশেষ) বান্‌ধুলি [bandɦuli]
বাপ (পিতা) বাপ্ [ba:p]
বাপান্ত (বাপের নাম ধরে গালি) বাপান্‌তো [bapantò]
বাপি, বাপী[১] (বাবা বা ছেলেকে আদরের ডাক) বাপি [bapi]
বাপী[২] (দীঘি) বাপি [bapi]
বাপু (পিতা) বাপু [bapu]
বাফতা (রেশম ও কার্পাসের মিশ্রণে তৈরি বস্ত্রবিশেষ) বাফ্‌তা/বাপ্‌তা [bap(h)ta/bapta]
বাবদ (অনুসারে) বাবোদ্ [babòd]
বাবরি, বাবরী (কাঁধ পর্যন্ত লম্বা কোঁকড়ানো চুল) বাব্‌রি [babri]
বাবলা (কাঁটা গাছবিশেষ) বাব্‌লা [babla]
বাবা (পিতা) বাবা [baba] **বাবাজি** ~জি [~ɟʒi] **বাবাজীবন** ~জিবোন্ [ɟʒibòn]
বাবু (শৌখিন ব্যক্তি) বাবু [babu] **বাবুগিরি** (শৌখিন ও বিলাসী আচরণ) ~গিরি [~giri] **বাবুমশাই** ~মশাই্ [~mɔ∫aĭ] **বাবুয়ানি** ~আনি [~ani]
বাবুই (ছোট পাখিবিশেষ) বাবুই্ [babuĭ]
বাবুর্চি (মুসলমান পাচক) বাবুর্‌চি [babur(c)c∫i]
বাম (বাঁ-দিক) বাম্ [ba:m] **বামদেব** ~দেব্ [~deb] **বামপন্থী** ~পোন্‌থি [~pònthi]
বামন[১] (বেঁটে ; বিষ্ণুর অবতারবিশেষ) বামোন্ [bamòn]
বামন[২] (ব্রাহ্মণ ; ব্রাহ্মণ পাচক) বামোন্ [bamòn] **বামনা** বাম্‌না [bamna] **বামনাই** বাম্‌নাই্ [bamnaĭ] **বামনী** বাম্‌নি [bamni] **বামুন** বামুন্ [bamun]
বামা (সুন্দরী নারী) বামা [bama] **বামাকান্ত** ~কান্‌তো [~kantò]
বামাচার (তান্ত্রিক সাধনাবিশেষ) বামাচার্ [bamac∫ar] **বামাচারী** বামাচারি [bamac∫ari]
বামাবর্ত (বাঁদিকে ঘোরে এমন ; বাম-অভিমুখী) বামাবর্‌তো [bamabɔr(t)tò]
বামাল (মালসমেত) বামাল্ [bamal]
বামী (হস্তিনী ; শৃগালী ; ঘোটকী) বামি [bami]
বামুন বামন[১] দ্র
বায় (বায়ু) বায়্ [ba:ĕ]
বায়না[১] (আবদার) বায়্‌না [baĕna]
বায়না[২] (অগ্রিম) বায়্‌না [baĕna] **বায়নানামা** ~নামা [~nama] **বায়নাপত্র** ~পৎত্রো [~pɔttrò]
বায়নাক্কা (আবদার, বায়না) বায়্‌নাক্‌কা [baĕnakka]
বায়বীয় (বায়ু-সংক্রান্ত) বায়োবিয়ো [baĕòbiò]
বায়ব্য (বায়বীয়) বায়োব্‌বো [baĕòbbò]
বায়স (কাক) বায়োশ্ [baĕò∫]
বায়স্কোপ (cinema) বায়োস্‌কোপ্ [baĕòskop]
মনঃসমীক্ষণ (মনের প্রকৃতি বিশ্লেষণ, psychoanalysis) মোনোশ্শোমিক্খোন/ মোনোশ্শোমিক্খন্ [mònòʃʃòmikkhòn/ mònòʃʃòmikkhɔn]

মনঃস্থ, মনস্থ (সংকল্প ; স্থিরীকৃত) মোনোস্থো [mònòsthò]

মনগড়া মন[২] দ্র

মনচোর মন[২] দ্র

মনন (মনের ক্রিয়া ; চিন্তন) মোনোন্/মনোন্ [mònòn/mɔnòn] **মননশীল** ~শিল্ [~ʃil]

মনশ্চক্ষু (অন্তর্দৃষ্টি ; কল্পনা) মোনোশ্চোক্খু/ মনোশ্চোক্খু [mònòʃcʃòkkhu/mɔnòʃcʃòkkhu]

'মনসা' (সর্পের অধিষ্ঠাত্রী দেবীবিশেষ ; গাছবিশেষ) মোনোশা/মনোশা [mònòʃa/mɔnòʃa] **মনসামঙ্গল** ~মোংগোল্ [~mòŋgòl]

মনসিজ (মদন, কামদেব) মনোশিজো/মোনোশিজো [mɔnòʃiɟʒò/mònòʃiɟʒò]

মনস্কাম (মনের ইচ্ছা) মোনোশ্কাম্ [mònòʃkam]

মনস্কামনা (মনের ইচ্ছা) মোনোশ্কামোনা [mòn-òʃkamòna]

মনস্তত্ত্ব (মনোবিজ্ঞান, psychology) মোনোস্-তৎতো/মনোস্তৎতো [mònòstɔttò/mɔnòstɔttò]

মনস্তাপ (মনঃকষ্ট ; অনুতাপ) মোনোস্তাপ্ [mònòstap]

মনস্তুষ্টি (মনের সন্তোষ) মোনোস্তুষ্টি [mònòs-tuʃṭi]

মনস্থ মনঃস্থ দ্র

মনস্বী (প্রাজ্ঞ ; উদার) মোনোশ্শি/মনোশ্শি [mònòʃʃi/mɔnòʃʃi] **মনস্বিতা** ~তা [~ta]

মনান্তর (কলহ, ঝগড়া) মোনান্‌তর্/মনান্‌তর্ [mònantɔr/mɔnantɔr]

মনিব (প্রভু) মোনিব্ [mònib]

মনিহারি (শৌখিন জিনিস-সম্বন্ধীয়) মোনিহারি [mònifiari]

মনীষা (প্রজ্ঞা ; প্রতিভা) মোনিশা [mòniʃa]

মনীষিতা (মনীষীর ভাব) মোনিশিতা [mòniʃita]

মনীষী (প্রতিভাসম্পন্ন ব্যক্তি) মোনিশি [mòniʃi]

'মনু' (শাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ ; ব্রহ্মার পুত্র) মোনু [mònu] **মনুসংহিতা** ~শংহিতা/~শোংহিতা [~ʃɔŋfiita/~ʃòŋfiita]

মনুজেন্দ্র (রাজা) মোনুজেন্‌দ্রো [mònuɟʒendrò]

মনুষ্য (মানুষ) মোনুশ্‌শো [mònuʃʃò] **মনুষ্যত্ব** মোনুশ্‌শৎতো [mònuʃʃɔttò] **মনুষ্যলোক** (পৃথিবী) ~লোক্ [~lok] **মনুষ্যোচিত** ~চিতো [~cʃitò]

মনোগত (অন্তরের) মোনোগতো/মনোগতো [mònogɔtò/mɔnogɔtò]

মনোজ (মনে যার জন্ম ; কামদেব) মোনোজো [mònoɟʒò]

'মনোজ' (ব্যক্তি নামবিশেষ) মনোজ্/মোনোজ্ [mɔnoɟʒ/mònoɟʒ]

মনোজগৎ (চিন্তারাজ্য) মোনোজগোৎ/মনোজগোৎ [mònoɟʒɔgòt/mɔnoɟʒɔgòt]

মনোজ্ঞ (মনোহর ; সুন্দর) মোনোগ্‌গোঁ/মনোগ্‌গোঁ [mònoggõ/mɔnoggõ]

মনোদুঃখ (মনের দুঃখ, শোক) মোনোদুক্‌খো [mònodukkhò]

মনোনয়ন (নির্বাচন) মোনোনয়োন্/মনোনয়োন্ [mònonɔĕòn/mɔnonɔĕòn]

মনোনিবেশ (মন দেওয়া) মোনোনিবেশ্/মনোনিবেশ্ [mònonibeʃ/mɔnonibeʃ]

মনোনীত (নির্বাচিত) মোনোনিতো/মনোনিতো [mònonitò/mɔnonitò]

মনোবল (মনের জোর) মোনোবল্ [mònobɔl]

মনোবাঞ্ছা (মনের ইচ্ছা) মোনোবান্‌ছা [mònobancʃha]

মনোবিকার (মনের রোগ ; চিত্তচাঞ্চল্য) মোনোবিকার্ [mònobikar]

মনোবিজ্ঞান (মনস্তত্ত্ব, psychology) মোনোবিগ্‌গ্যাঁন্/মনোবিগ্‌গ্যাঁন্ [mònobiggæ̃n/mɔnobiggæ̃n]

মনোবৃত্তি (মনের ভাব) মোনোব্রিৎতি [mòno(b)britti]

মনোবেদনা (মনের কষ্ট) মোনোবেদোনা [mònobedòna]

মনোব্যথা (মনের কষ্ট) মোনোব্যাথা [mònobætha]

মনোভাব (মনের ভাব ; উদ্দেশ্য) মোনোভাব্ [mònobfiab]

মনোমতো (মনের মতন, পছন্দসই) মোনোমতো/মনোমতো [mònomɔto/mɔnomɔto]

মনোময় (মানস ; কল্পনার দ্বারা গঠিত) মোনোময়্/মনোময়্ [mònomɔĕ/mɔnomɔĕ]

মনোমালিন্য (মনান্তর, মনকষাকষি) মোনোমালিন্‌নো/ মনোমালিন্‌নো [mònomalinnò/mɔnomalinnò]

মনোমোহন (চিত্তাকর্ষক) মোনোমোহোন্/মনোমোহোন্ [mònomofiòn/mɔnomofiòn]

মনোযোগ (একাগ্রতা, অভিনিবেশ) মোনোজোগ্ [mònoɟʒog]

মনোরঞ্জন (মনের বিনোদন) মোনোরন্‌জোন্/মনোরন্‌জোন্ [mònorɔnɟʒòn/mɔnorɔnɟʒòn]

মনোরথ (বাসনা ;সংকল্প) মোনোরথ্/মনোরথ্ [mònorɔt(h)/mɔnorɔt(h)]

মনোরম (রমণীয় ; সুন্দর) মোনোরম্/মনোরম্ [mònorɔm/mɔnorɔm] **মনোরমা** মোনোরমা/মনোরমা [mònorɔma/mɔnorɔma]

মনোরাজ্য (কল্পনার জগৎ) মোনোরাজ্‌জো [mònoraɟɟʒò]

মনোলোভা (রমণীয়া) মোনোলোভা/মনোলোভা [mònolobfia/mɔnolobfia]

মনোহর (অতি সুন্দর) মোনোহর্/মনোহর্ [mònofiɔr/mɔnofiɔr] **মনোহরণ** মোনোহরোন্ [mònofiɔròn]

মনোহারী (রমণীয়) মোনোহারি/মনোহারি [mònofiari/mɔnofiari]

মন্তব্য (অভিমত, মতামত) মন্‌তোব্‌বো/মোন্‌তোব্‌বো [mɔntòbbò/mòntòbbò]

'মন্তেশ্বর' মনতেশ্‌শর্/মোন্‌তেশ্‌শর্ [mɔnteʃʃɔr/mònteʃʃor]

মন্ত্র (পবিত্র শব্দ বা বাক্য) মোন্‌ত্রো/মন্‌ত্রো [mòntrò/mɔntrò] **মন্ত্রগুপ্তি** (মন্ত্রণার গোপনীয়তা) ~গুপ্‌তি [~gupti] **মন্ত্রতন্ত্র** ~তন্‌ত্রো [~tɔntrò] **মন্ত্রদাতা** ~দাতা [~data] **মন্ত্রপূত** ~পুতো [~putò] **মন্ত্রবল** ~বল্ [~bɔl] **মন্ত্রমুগ্ধ** ~মুগ্‌ধো [~mugdɦò] **মন্ত্রশক্তি** ~শোক্‌তি [~ʃòkti] **মন্ত্রশিষ্য** (শিষ্য ; অনুগামী ব্যক্তি) ~শিশ্‌শো [~ʃiʃʃò] **মন্ত্রসাধন** ~শাধোন্ [~ʃadɦòn] **মন্ত্রসিদ্ধ** ~শিদ্‌ধো [~ʃiddɦò]

মন্ত্রক (মন্ত্রীর অধিকারভুক্ত বিভাগ, ministry) মোন্‌ত্রোক্/মন্‌ত্রোক্ [mòntròk/mɔntròk]

মন্ত্রণা (পরামর্শ) মোন্‌ত্রোনা/মন্‌ত্রোনা [mòntròna/mɔntròna] **মন্ত্রণাগৃহ** ~গ্রিহো [~(g)griɦò] **মন্ত্রণাদাতা** ~দাতা [~data] **মন্ত্রণালয়** ~লয় [~lɔĕ]

মন্ত্রী (অমাত্য ; সচিব ; minister) মোন্‌ত্রি [mòntri] **মন্ত্রিত্ব** মোন্‌ত্রিৎতো [mòntrittò] **মন্ত্রীসভা, মন্ত্রিসভা** ~শভা [~ʃɔbɦa]

মন্থন (মথিত বা আলোড়িত করা) মনথোন্/মোন্‌থোন্ [mɔnthòn/mònthòn]

মন্থর (ধীর) মনথোর্/মোন্‌থোর্ [mɔnthòr/mònthòr]

'মন্থরা' (রামায়ণোক্ত চরিত্রবিশেষ) মোনথোরা/মনথোরা [mònthòra/mɔnthòra]

মন্দ[১] (খারাপ) মোন্‌দো [mòndò] **মন্দবুদ্ধি** ~বুদ্‌ধি [~buddɦi] **মন্দভাগ্য** ~ভাগ্‌গো [~bɦaggò]

মন্দ[২] (ধীরগামী) মন্‌দো/মোন্‌দো [mɔndò/mòndò] **মন্দগতি** ~গোতি [~gòti] **মন্দগামী** (ধীরে যায় এমন) ~গামি [~gami]

মন্দা (হ্রাস ; হ্রাসপ্রাপ্ত) মন্‌দা [mɔnda]

'মন্দাকিনী' মনদাকিনি [mɔndakini]

মন্দাক্রান্তা (ছন্দবিশেষ) মনদাক্‌ক্রান্তা [mɔnda-kkranta]

মন্দার (মাদার গাছ) মন্‌দার্ [mɔndar]

মন্দির (দেবালয় ; উপাসনা-গৃহ) মোন্‌দির্ [mòndir]

মন্দিরা (করতাল জাতীয় বাদ্যযন্ত্র) মোন্‌দিরা [mòndira]

মন্দীভূত (মৃদু বা ক্ষীণ হয়েছে এমন) মোন্‌দিভুতো [mòndibɦutò]

'মন্দোদরী' (রাবণের পত্নী) মন্‌দোদোরি/মোন্‌দোদোরি [mɔndodòri/mòndodòri]

মন্দ্র (গম্ভীর ধ্বনি ; গম্ভীর) মন্‌দ্রো [mɔndrò] **মন্দ্রিত** মোন্‌দ্রিতো [mòndritò]

মন্মথ (কামদেব) মোন্‌মোথো/মন্‌মথো [mòn-mòthò/mɔnmɔthò]

মন্বন্তর (দুর্ভিক্ষ) মন্‌নোন্‌তর্/মোন্‌নোন্‌তর্ [mɔn-nòntɔr/mònnòntɔr]

মফস্বল, মফঃস্বল (নগরের বাইরের স্থান ; গ্রামাঞ্চল) মফোশ্‌শল্ [mɔphòʃʃɔl]

মম (আমার) মমো [mɔmò]

মমতা (মায়া) মমোতা [mɔmòta] **মমতাময়** ~ময় [~mɔĕ] **মমতাময়ী** ~মোয়ি/~মোই [~mòi]

মমত্ব (মায়া) মমোৎতো [mɔmòttò]

'ময়' (মহাভারতোক্ত দানব-শিল্পী) ময় [mɔːĕ]

ময়দা (মিহি আটাবিশেষ) ময়্‌দা [mɔĕda]

ময়দান (মাঠ) ময়্‌দান্ [mɔĕdan]

ময়না[১] (পাখিবিশেষ) ময়্‌না [mɔĕna]

ময়না[২] (অনুসন্ধান ও প্রত্যক্ষ পরিদর্শন) ময়্‌না [mɔĕna] **ময়নাতদন্ত** (post mortem) ~তদোন্‌তো [~tɔdòntò]

'ময়নাগুড়ি' ময়্‌নাগুড়ি [mɔĕnaguṛi]

'ময়মনসিংহ' (বাংলাদেশের জেলাবিশেষ) ময়্‌মন্‌শিংহো/ময়্‌মোন্‌শিংহো [mɔĕmɔnʃiŋɦò/mɔĕmònʃiŋɦò]

ময়রা (মিষ্টান্ন প্রস্তুতকারক) ময়্‌রা [mɔĕra]

ময়লা (নোংরা) ময়্‌লা [mɔĕla]

ময়ান (ময়দা মাখার সময় ঘিয়ের মিশেল) ময়ান্ [mɔĕan]

ময়াল (বড় সাপবিশেষ) ময়াল্ [mɔĕal]

ময়ূখ (কিরণ, জ্যোতি) মোয়ুখ্ [mòĕuk(h)]

ময়ূর (বিচিত্রবর্ণ পাখিবিশেষ, peacock) মোয়ুর্ [mòĕur] **ময়ূরী** মোয়ুরি [mòĕuri]

ময়ূরকণ্ঠী (ময়ূরের কণ্ঠের মতো বিচিত্র বর্ণযুক্ত) মোয়ুর্‌কোন্‌ঠি [mòĕurkònṭhi]

ময়ূরপঙ্খী (ময়ূরাকৃতি নৌকাবিশেষ) মোয়ুর্‌পোংখি [mòĕurpòŋkhi]

'ময়ূরাক্ষী' (নদীবিশেষ) মোয়ুরাক্‌খি [mòĕu-rakkhi]

মরকত (পান্না, মূল্যবান রত্নবিশেষ) মরোকৎ [mɔròkɔt]

মরচে (জং, rust) মোর্‌চে [mòrc∫e]
মরজি, মর্জি (ইচ্ছা, খেয়াল) মোর্‌জি [mòrɟʒi]
মরজিমাফিক ~মাফিক্ [~maphik]
মরণ (মৃত্যু) মরোন্ [mɔròn] **মরণকামড়** (শেষ ও কঠিনতম আঘাত) ~কামোড়্ [~kamòr] **মরণপণ** (প্রাণপণ) ~পোন্ [~pòn] **মরণশীল** ~শিল্ [~∫il] **মরণাপন্ন** মরোনাপন্‌নো [mɔrònapɔnnò] **মরণোত্তর** মরোনোৎতর্ [mɔrònottɔr] **মরণোন্মুখ** (মৃতপ্রায়) মরোনোন্‌মুখ্ [mɔrònonmuk(h)]
মরদ (মর্দ) মরোদ্ [mɔròd] **মরদানা, মর্দানা** মর্‌দানা [mɔrdana]
মরম (মর্ম) মরোম্ [mɔròm]
মরমর (মৃতপ্রায়) মরোমরো [mɔròmɔrò]
মরমিয়া (যিনি বিশ্বসংসারের গূঢ় মর্ম উপলব্ধি করেন) মরোমিয়া [mɔròmia]
মরমী (সহানুভূতিশীল) মরোমি [mɔròmi]
মরসুম, মরশুম (ঋতু) মোর্‌শুম্ [mòr∫um]
মরসুমি, মরশুমি মোর্‌শুমি [mòr∫umi]
মরহুম (মৃত) মোর্‌হুম্ [mòrɦum]
মরা (প্রাণত্যাগ করা) মরা [mɔra] **মরাকান্না** ~কান্‌না [~kanna] **মরামাস** (খুশকি) ~মাশ্ [~ma∫]
মরাই (ধান রাখার পাত্রবিশেষ) মরাই্ [mɔraĭ]
মরাঠা, মারাঠা (মহারাষ্ট্রের অধিবাসী) মারাঠা [maraṭha] **মরাঠি, মারাঠি** মারাঠি [maraṭhi]
মরাল (রাজহাঁস) মরাল্ [mɔral] **মরালী** মরালি [mɔrali]
মরিচ (গোলমরিচ, ঝাল মশলা ফলবিশেষ) মোরিচ্ [mòric∫]
মরিয়া (বেপরোয়া) মোরিয়া [mòria]
মরীচি (নক্ষত্রবিশেষ ; জ্যোতি) মোরিচি [mòric∫i]
মরীচিকা (মৃগতৃষ্ণিকা, mirage) মোরিচিকা [mòric∫ika]
মরু (মরুভূমি, desert) মোরু [mòru] **মরুভূমি** ~ভুমি [~bɦumi] **মরুময়** ~ময় [~mɔĕ]
মরুৎ, মরুত (বায়ু) মোরুৎ [mòrut]
মরূদ্যান (মরুভূমির মধ্যবর্তী জল ও গাছপালা-সমন্বিত স্থান, oasis) মোরুদ্‌দান্ [mòruddan]
মর্কট (বাঁদর) মর্‌কট্/মর্‌কোট্ [mɔr(k)kɔṭ/mɔr(k)kòṭ]
মর্গ (মড়িঘর, morgue) মর্‌গ্ [mɔ:rg]
মর্জি মরজি দ্র
মর্ত, মর্ত্য (পৃথিবী ; মরলোক) মর্‌তো [mɔr(t)tò] **মর্ত্যধাম** ~ধাম্ [~dɦam] **মর্ত্যভূমি** ~ভুমি [~bɦumi] **মর্ত্যলোক** ~লোক্ [~lok]
মর্তমান (একজাতীয় কলা) মর্‌তোমান্ [mɔrtòman]
মর্দ (মরদ) মর্‌দো [mɔr(d)dò]
মর্দন (দলন, পেষণ) মর্‌দোন্ [mɔr(d)dòn] **মর্দিত** মোর্‌দিতো [mòr(d)ditò]
মর্দানা মরদ দ্র
মর্ম (হৃদয় ; সার ; তাৎপর্য) মর্‌মো [mɔr(m)mò] **মর্মকথা** (অন্তরের কথা) ~কথা [~kɔtha] **মর্মঘাতী** (মর্মান্তিক, হৃদয়-বিদারক) ~ঘাতি [~gɦati] **মর্মন্তুদ** (মর্মান্তিক) ~ন্‌তুদ্ [~ntud] **মর্মপীড়া** ~পিড়া [~pira] **মর্মবেদনা** ~বেদোনা [~bedòna] **মর্মভেদী** ~ভেদি [~bɦedi] **মর্মস্থল** (হৃদয়) ~স্‌থল্ [~sthɔl] **মর্মস্পর্শী** ~স্‌পোর্‌শি [~spòr(∫)∫i] **মর্মাহত** মর্‌মাহতো [mɔr(m)maɦɔtò] **মর্মোদ্‌ঘাটন** (মর্ম বা স্বরূপ প্রকাশ) মর্‌মোদ্‌ঘাটোন্ [mɔr(m)modgɦaṭòn]
মর্মর (শ্বেতপাথর) মর্‌মর্ [mɔr(m)mɔr] **মর্মরিত** মর্‌মোরিতো [mɔr(m)mòritò]
মর্যাদা (সম্মান ; গৌরব) মোর্‌জাদা [mòr(ɟ)ɟʒada]
মল[১] (পায়ের অলংকারবিশেষ) মল্ [mɔ:l]
মল[২] (ক্লেদ ; বিষ্ঠা) মল্ [mɔ:l] **মলত্যাগ** মলোৎত্যাগ্ [mɔlòttæg] **মলদ্বার** মলোদ্‌দার্ [mɔlòddar] **মলনালী** মলোনালি [mɔlònali]
মলম (প্রলেপ দেওয়ার ওষুধবিশেষ) মলোম্ [mɔlòm]
মলমল (মিহি বস্ত্রবিশেষ) মল্‌মল্ [mɔlmɔl]
মলমাস (যে মাসে শুভকাজ নিষিদ্ধ) মলোমাশ্ [mɔlòma∫]
মলয় (বাতাস) মলয়্ [mɔlɔĕ]
মলাট (বইয়ের বহিরাবরণ, cover) মলাট্ [mɔlaṭ]
মলিদা (পশমি কাপড়বিশেষ) মোলিদা [mòlida]
মলিন (ম্লান ; ময়লাযুক্ত) মোলিন্ [mòlin] **মলিনতা** মোলিনতা/মোলিনোতা [mòlinɔta/mòlinòta]

মল্ল (পালোয়ান, কুস্তিগির) মল্লো [mɔllò] **মল্লভূমি** ~ভুমি [~bɦumi] **মল্লযুদ্ধ** ~জুদ্‌ধো [~ɟʒuddɦò]
মল্লার (রাগবিশেষ) মল্‌লার্ [mɔllar]
মল্লিক (পদবিবিশেষ) মোল্‌লিক্ [mòllik]
মল্লিকা (বেলফুল) মোল্‌লিকা [mòllika]
মশক (মশা ; ভিশতি) মশোক্ [mɔʃòk]
মশগুল (বিভোর) মোশ্‌গুল্ [mòʃgul]
মশলা মসলা দ্র
মশা (দংশনকারী ক্ষুদ্র পতঙ্গবিশেষ) মশা [mɔʃa]
মশান (শ্মশান) মশান্ [mɔʃan]
মশায় (মহাশয়) মশায়্ [mɔʃaĕ]
মশারি, মশারী (মশা-নিরোধক কাপড়ের আবরণ) মশারি [mɔʃari]
মশাল (লাঠিতে কাপড় জড়িয়ে তৈরি বাতিবিশেষ) মশাল্ [mɔʃal]
মসজিদ (মুসলমানদের উপাসনাগৃহ) মোশ্‌জিদ্ [mòʃɟʒid]
মসনদ (গদি ; রাজাসন) মশ্‌নদ/মস্‌নদ [mɔʃnɔd/mɔsnɔd]
মসলা, মশলা (রান্নার উপকরণবিশেষ, spice) মশ্‌লা [mɔʃla]
মসলিন (মিহি বস্ত্রবিশেষ) মোস্‌লিন্ [mòslin]
মসি, মসী (কালি) মোশি [mòʃi] **মসীজীবী** ~জিবি [~ɟʒibi]
মসিনা (তিসি, linseed) মোশিনা [mòʃina]
মসুর, মসূর (ডাল বিশেষ) মোশুর্ [mòʃur]
মসূরিকা (বসন্তরোগ) মোশুরিকা [mòʃurika]
মসৃণ (সমতল ও চিক্কণ) মোস্রিন্ [mò(s)srin]
মস্করা (পরিহাস) মশ্‌করা/মশ্‌কোরা [mɔʃkɔra/mɔʃkòra]
মস্ত (বড়) মস্‌তো [mɔstò]
মস্তক (মাথা) মস্‌তোক্ [mɔstòk]
মস্তান (মাতাল ; উপদ্রবকারী) মস্‌তান্ [mɔstan] **মস্তানি, মস্তানী** (মস্তানের আচরণ) মস্‌তানি [mɔstani]
মস্তিষ্ক (মগজ) মোস্‌তিশ্‌কো [mòstiʃkò]
মস্যাধার (দোয়াত) মোশ্‌শাধার্ [mòʃʃadɦar]
মহকুমা (জেলার অংশ, sub-division) মহোকুমা [mɔɦòkuma]
মহড়া (যুদ্ধ, নাটকাভিনয় ইত্যাদির প্রস্তুতি) মহোড়া [mɔɦòṛa]
মহৎ (মহান ; উদার) মহোৎ [mɔɦòt] **মহতী** মহোতি [mɔɦòti] **মহত্তর** (অধিকতর মহৎ) মহোৎতরো [mɔɦòttɔrò] **মহত্ত্ব** (মহৎ ভাব) মহোৎতো [mɔɦòttò]
মহনীয় (পূজনীয়) মহোনিয়ো [mɔɦònio]
মহরত (সূত্রপাত ; আরম্ভ) মহোরৎ [mɔɦòrɔt]
মহরম (মুসলমানি বছরের প্রথম মাস ; মুসলমানি উৎসববিশেষ) মহোরম্/মহ্‌রম্ [mɔɦòrɔm/mɔɦrɔm]
মহর্ষি (ঋষিশ্রেষ্ঠ) মহোর্‌শি [mɔɦòr(ʃ)ʃi]
মহল (গৃহ ; ভবন) মহোল্ [mɔɦòl]
মহল্লা (পাড়া ; পল্লী) মহোল্‌লা [mɔɦòlla]
মহাকবি (কবিশ্রেষ্ঠ ; মহাকাব্য-রচয়িতা) মহাকোবি [mɔɦakòbi]
মহাকরণ (secretariat) মহাকরোন্ [mɔɦakɔròn]
মহাকর্ষ (gravitation) মহাকর্‌শো [mɔɦakɔr(ʃ)ʃò]
মহাকাব্য (epic) মহাকাব্‌বো [mɔɦakabbò]
মহাকায় (বিরাট আকারবিশিষ্ট) মহাকায়্ [mɔɦakaĕ]
মহাকাল (শিবের রুদ্ররূপ ; নিরবচ্ছিন্ন কাল) মহাকাল্ [mɔɦakal]
মহাকাশ (space, অনন্ত আকাশ) মহাকাশ্ [mɔɦakaʃ] **মহাকাশচারী** (astronaut) ~চারি [~cʃari]
মহাজন (মহৎ ব্যক্তি ; উত্তমর্ণ) মহাজোন্ [mɔɦaɟʒòn] **মহাজনি** মহাজোনি [mɔɦaɟʒòni]
মহাত্মা (মহৎপ্রাণ, মহান) মহাৎতাঁ/মহাঁৎতা [mɔɦattã/mɔɦãtta]
মহাদেব (শিব, দেবাদিদেব) মহাদেব্ [mɔɦadeb]
মহাদেশ (continent) মহাদেশ্ [mɔɦadeʃ]
মহান্, মহান (শ্রেষ্ঠ ; উদার ; মহৎ) মহান্ [mɔɦan]
মহানগর (অতি বৃহৎ নগর) মহানগোর্ [mɔɦanɔgòr] **মহানগরী** মহানগোরি [mɔɦanɔgòri]
'মহানন্দা' (উত্তরবাংলার নদীবিশেষ) মহাননদা [mɔɦanɔnda]

মহানিদ্রা (মৃত্যু) মহানিদ্‌দ্রা [mɔɦaniddra]
মহানুভব (উদারহৃদয়) মহানুভব্ [mɔɦanubɦɔb]
মহানুভবতা মহানুভবোতা [mɔɦanubɦɔbòta]
মহাপুরুষ (মহাত্মা ব্যক্তি) মহাপুরুশ্ [mɔɦapuruʃ]
মহাপ্রভু (চৈতন্যদেব ; পুরীর জগন্নাথদেব) মহাপ্‌প্রোভু [mɔɦappròbɦu]
মহাপ্রয়াণ (মৃত্যু) মহাপ্‌প্রোয়ান্ [mɔɦappròĕan]
মহাপ্রস্থান (মৃত্যুর উদ্দেশ্যে যাত্রা) মহাপ্রোস্থান্ [mɔɦa(p)pròsthan]
মহাপ্রাণ (উদারচিত্ত ; অধিক প্রাণ বা বায়ুর সাহায্যে উচ্চারিত) মহাপ্‌প্রান্ [mɔɦappran]
মহাফেজখানা (সরকারি দলিলপত্রের সংরক্ষণাগার) মহাফেজ্‌খানা [mɔɦapheɟʒkhana]
মহাবল (অতি শক্তিশালী) মহাবল্ [mɔɦabɔl]
মহাবিদ্যা (দুর্গার দশমূর্তি) মহাবিদ্‌দা [mɔɦa-bidda]
মহাবিদ্যালয় (কলেজ) মহাবিদ্‌দালয়্ [mɔɦabid-dalɔĕ]
মহাবিশ্ব (universe) মহাবিশ্‌শো [mɔɦabiʃʃò]
'মহাবীর' (অত্যন্ত শক্তিধর ; জৈন তীর্থঙ্করবিশেষ) মহাবির্ [mɔɦabir]
'মহাবোধি' (বুদ্ধদেব) মহাবোধি [mɔɦabodɦi]
'মহাভারত' মহাভারোৎ [mɔɦabɦaròt]
মহামতি (মহানুভব) মহামোতি [mɔɦamòti]
মহামহোপাধ্যায় (সংস্কৃত পণ্ডিতদের উপাধিবিশেষ) মহামহোপাদ্‌ধায়্ [mɔɦamɔɦopaddɦaĕ]
মহামানব (সমগ্র মানুষ্যজাতি) মহামানোব্ [mɔɦamanòb]
মহামান্য (অত্যন্ত সম্মাননীয়) মহামান্‌নো [mɔ-ɦamannò]
মহামায়া (দুর্গা) মহামায়া [mɔɦamaĕa]
মহামারী (মড়ক) মহামারি [mɔɦamari]
মহামূল্য (অত্যন্ত মূল্যবান) মহামুল্‌লো [mɔɦa-mullò]
মহাযান (বৌদ্ধ সম্প্রদায়বিশেষ) মহাজান্ [mɔɦa-ɟʒan]
মহাযুদ্ধ (বিরাট যুদ্ধ ; বিশ্বযুদ্ধ) মহাজুদ্‌ধো [mɔɦaɟʒuddɦò]
মহারথী (অসাধারণ যোদ্ধা) মহারোথি [mɔɦa-ròthi]
মহারাজ (বড় রাজা) মহারাজ্ [mɔɦaraɟʒ]
মহারাষ্ট্র (ভারতের অঙ্গরাজ্যবিশেষ) মহারাষ্‌ট্রো [mɔɦaraʃṭrò]
মহার্ঘ (দুর্মূল্য) মহার্‌ঘো [mɔɦar(g)gɦò]
মহালয়া (দুর্গাপূজার পূর্ববর্তী অমাবস্যাতিথি) মহালয়া [mɔɦalɔĕa]
মহাশয় (মহাত্মা ; পুরুষকে ভদ্রতাসূচক সম্বোধনবিশেষ) মহাশয়্ [mɔɦaʃɔĕ]
মহাশূন্য (অনন্ত আকাশ) মহাশুন্‌নো [mɔɦaʃunnò]
মহাশ্বেতা (সরস্বতী) মহাশ্‌শেতা [mɔɦaʃʃeta]
মহাষ্টমী (দেবীপক্ষের অষ্টমী তিথি) মহাষ্‌টোমি [mɔɦaʃṭòmi]
মহাসাগর (বড় সাগর, ocean) মহাশাগোর্ [mɔɦaʃagòr]
মহাস্থবির (প্রবীণ বৌদ্ধ সন্ন্যাসীবিশেষ) মহাস্‌থোবির্ [mɔɦasthòbir]
মহিমময় (মহিমাপূর্ণ) মোহিমোময়্ [mòɦimòmɔĕ]
মহিমা (মাহাত্ম্য) মোহিমা [mòɦima] **মহিমান্বিত** ~ন্‌নিতো [~nnitò]
মহিলা (নারী ; ভদ্র বা সম্ভ্রান্ত রমণী) মোহিলা [mòɦila]
মহিষ (মোষ) মোহিশ্ [mòɦiʃ] **মহিষমর্দিনী** (দুর্গা) মোহিশোমোর্‌দিনি [mòɦiʃòmòr(d)dini]
মহিষাসুর (অসুরবিশেষ) মোহিশাশুর্ [mòɦiʃaʃur]
মহিষাসুরমর্দিনী (দুর্গা) মোহিশাশুরোমোর্‌দিনি [mòɦiʃaʃuròmòr(d)dini]
মহিষী (প্রধান রানী ; রাজপত্নী) মোহিশি [mòɦiʃi]
মহী, মহি (পৃথিবী) মোহি [mòɦi] **মহীতল** (ধরাতল, ভূপৃষ্ঠ) ~তল্ [~tɔl] **মহীধর** (রাজা) ~ধর্ [~dɦɔr] **মহীপাল** (রাজা) ~পাল্ [~pal] **মহীরুহ** ~রুহো [~ruɦò]
মহীয়সী (মহত্তরা) মোহিয়োশি [mòɦiòʃi]
মহীয়ান, মহীয়ান্ (মহান) মোহিয়ান্ [mòɦian]
মহুয়া (মউল গাছ ; মউল ফুল) মোহুয়া/মোহুআ [mòɦua]
'মহেন্দ্র' (দেবরাজ ইন্দ্র) মহেন্‌দ্রো [mɔɦendrò]
'মহেশ' (শিব) মহেশ্ [mɔɦeʃ] **মহেশ্বর** মহেশ্‌শর্ [mɔɦeʃʃɔr]

মহোৎসব (বিরাট অনুষ্ঠান) মহোৎশব্ [mɔɦotʃɔb]
মহোদয় (মহাশয়) মহোদয় [mɔɦodɔĕ]
মহৌষধ (অব্যর্থ ঔষধ) মহৌশধ্ [mɔɦoŭʃɔd(ɦ)]
মা (মাতা, mother) মা [ma:]
মাই (স্তন্য ; স্তন) মাই্ [maĭ] **মাইপোষ** (শিশুকে দুধ খাওয়ানোর চুষিযুক্ত বোতলবিশেষ) ~পোশ্ [~poʃ]
মাইরি (শপথসূচক শব্দবিশেষ) মাই্রি [maĭri]
মাইল (দূরত্বের পরিমাপবিশেষ, mile) মাইল্ [mail]
মাংস (জীবদেহের হাড়ের উপরের কোমল অংশবিশেষ, পেশি, flesh, ভোজ্য আমিষবিশেষ, meat) মাংশো [maŋʃò] **মাংসপেশি, মাংসপেশী** ~পেশি [~peʃi] **মাংসল** ~ল্ [~l] **মাংসাশী** মাংশাশি [maŋʃaʃi]
মাকড়সা (উর্ণনাভ, spider) মাকোড়্শা [makòṛʃa]
মাকড়ি, মাকড়ী (কানের গহনাবিশেষ) মাক্ড়ি [makṛi]
মাকাল (উদ্ভিদ্‌বিশেষ ; সুন্দর কিন্তু অখাদ্য ফলবিশেষ) মাকাল্ [makal]
মাকু (তাঁতে ব্যবহৃত যন্ত্রবিশেষ) মাকু [maku]
মাকুন্দ (দাড়ি-গোফঁহীন পুরুষ) মাকুন্দো [makundò]
মাখন (butter) মাখোন্ [makhòn]
মাখানো (লেপন করানো) মাখানো [makhano]
মাখামাখি (অত্যধিক অন্তরঙ্গতা) মাখামাখি [makhamakhi]
মাগধ (মগধদেশীয়) মাগোধ্ [magòd(ɦ)] **মাগধী** মাগোধি [magòdɦi]
মাগনা (বিনামূল্যে পাওয়া গেছে এমন) মাগ্না [magna]
মাগা (চাওয়া) মাগা [maga]
মাগুর (মাছবিশেষ) মাগুর্ [magur]
মাগ্‌গি, মাগ্যি (দুর্মূল্য) মাগ্‌গি [maggi] **মাগ্‌গিভাতা** ~ভাতা [~bɦata]
মাঘ[১] (বাংলা সনের দশম মাস) মাঘ্ [ma:g(ɦ)] **মাঘী** মাঘি [magɦi] **মাঘোৎসব** মাঘোৎশব্ [magɦotʃɔb]
মাঙ্গলিক (মঙ্গলজনক ; মঙ্গল) মাংগোলিক্ [maŋgòlik]

মাচা (মঞ্চ) মাচা [macʃa] **মাচান** ~ন্ [~n]
মাছ (মৎস্য) মাছ্ [ma:cʃ(h)] **মাছরাঙা** ~রাঙা [~raŋa]
মাছি (মক্ষিকা, fly) মাছি [macʃhi] **মাছিমারা** ~মারা [~mara]
মাজন (ঘষে পরিষ্কার করা ; দাঁতমাজার গুঁড়ো) মাজোন্ [maɟʒòn]
মাজা[১] (ঘষে পরিস্কার করা) মাজা [maɟʒa]
মাজা[২] (কোমর) মাজা [maɟʒa]
মাঝ (মধ্যস্থল ; অন্তর) মাঝ্ [ma:ɟʒ(ɦ)] **মাঝখান** ~খান্ [~khan] **মাঝনদী** ~নোদি [~nòdi] **মাঝামাঝি** মাঝামাঝি [maɟʒɦamaɟʒɦi]
মাঝার (মধ্য, ভিতর) মাঝার্ [maɟʒɦar]
মাঝারি (মধ্যম ধরনের) মাঝারি [maɟʒɦari]
মাঝি (নৌকাচালক) মাঝি [maɟʒɦi]
মাঞ্জা (ঘুড়ির সুতোয় কাচের গুঁড়ো ইত্যাদি মাখা) মান্জা [manɟʒa]
মাটি (মৃত্তিকা, soil) মাটি [maṭi]
মাঠ (প্রান্তর, field) মাঠ্ [ma:ṭ(h)] **মাঠঘাট** ~ঘাট্/মাট্ঘাট [~gɦaṭ/maṭgɦaṭ]
মাঠা (ঘোল) মাঠা [maṭha]
মাড় (ভাতের ফেন) মাড় [ma:ṛ]
মাড়ওয়ারি, মাড়োয়ারি (মাড়ওয়ার-নিবাসী) মাড়োআরি [maṛoari]
মাড়ি, মাঢ়ি (দাঁতের মাংসপ্রাচীর) মাড়ি [maṛi]
মাড়ানো (পদদলিত করা) মাড়ানো [maṛano]
মাড়োয়ারি মাড়ওয়ারি দ্র
মাঢ়ি মাড়ি দ্র
মাণবক (বামন ; ক্ষুদ্রাকৃতি মানুষ) মানোবক্/মানবক্ [manòbɔk/manɔbɔk]
মাণিক মানিক দ্র
মাণিক্য (রত্নবিশেষ) মানিক্কো [manikkò]
মাত, মাৎ (বিপক্ষের হার) মাৎ [ma:t]
মাতঙ্গ (হাতি) মাতোংগো [matòŋgò] **মাতঙ্গিনী** (হস্তিনী) মাতোংগিনি [matòŋgini]
মাতঙ্গী (দুর্গার দশমহাবিদ্যার অন্যতম মূর্তি ; হস্তিনী) মাতোংগি [matòŋgi]
মাতন (মত্ততা) মাতোন্ [matòn]

মাতব্বর (সর্দার ; মুরুব্বি) মাতোব্‌বর্ [matòbbɔr] **মাতব্বরি** মাতোব্‌বোরি [matòbbòri]
মাতরিশ্বা (বায়ু) মাতোরিশ্‌শা [matòriʃʃa]
'মাতলা' (পশ্চিমবঙ্গের নদীবিশেষ) মাৎলা [matla]
মাতলাম (মাতালের আচরণ) মাৎলামো [matlamò] **মাতলামি** মাৎলামি [matlami]
'মাতলি' (ইন্দ্রের সারথি) মাতোলি [matòli]
মাৎসর্য (ঈর্ষা) মাৎশোর্‌জো [matʃòr(ɟ)ɟʒò]
মাৎস্যন্যায় (অরাজকতা) মাৎশোন্‌ন্যায়্ [matʃònnæĕ]
মাতা (মা, জননী) মাতা [mata] **মাতামহ** (মাতার পিতা) ~মহো [~mɔɦò] **মাতামহী** (মাতার মাতা) ~মোহি [~mòɦi]
মাতামাতি (মত্ততা ; দুরন্তপনা) মাতামাতি [matamati]
মাতাল (মত্ত, মদ্যপ) মাতাল্ [matal]
মাতুল (মামা) মাতুল্ [matul] **মাতুলানী** (মামি) মাতুলানি [matulani] **মাতুলালয়** (মামার বাড়ি) মাতুলালয়্ [matulalɔĕ]
মাতৃ (মাতা, জননী) মাত্রি [ma(t)tri] **মাতৃকা** ~কা [~ka] **মাতৃদায়** (মৃতা জননীর শ্রাদ্ধের দায়িত্ব) ~দায়্ [~daĕ] **মাতৃদুগ্ধ** ~দুগ্‌ধো [~dugdɦò] **মাতৃবন্দনা** ~বন্‌দোনা [~bɔndòna] **মাতৃবিয়োগ** ~বিয়োগ্ [~biog] **মাতৃভক্ত** ~ভক্‌তো [~bɦɔktò] **মাতৃভক্তি** ~ভোক্‌তি [~bɦòkti] **মাতৃভাষা** ~ভাশা [~bɦaʃa] **মাতৃভূমি** ~ভুমি [~bɦumi] **মাতৃশ্রাদ্ধ** ~স্স্রাদ্‌ধো [~ssraddɦò] **মাতৃস্নেহ** ~স্‌নেহো [~ssneɦò] **মাতৃস্বসা** (মাসি) ~শ্‌শশা [~ʃʃɔʃa] **মাতৃহন্তা** ~হন্‌তা [~ɦɔnta]
মাতৃকা মাতৃ দ্র
মাতোয়ারা (বিভোর) মাতোআরা [matoara]
মাত্র (পরিমাণ ; শুধু, কেবল) মাৎত্রো [mattrò]
মাত্রা (পরিমাণ ; সীমা) মাৎত্রা [mattra] **মাত্রাজ্ঞান** ~গ্‌গ্যাঁন্ [~ggæ̃n] **মাত্রাতিরিক্ত** ~তিরিক্‌তো [~tiriktò] **মাত্রাবোধ** ~বোধ্ [~bod(ɦ)]
মাত্রিক (মাত্রাযুক্ত) মাৎত্রিক্ [mattrik]
মাথা (মস্তক) মাথা [matha] **মাথাওয়ালা** (বুদ্ধিমান) ~ওআলা [~oala] **মাথাপাগলা** ~পাগ্‌লা [~pagla] **মাথাপিছু** (perhead) ~পিছু [~picʃhu] **মাথাব্যথা** ~ব্যাথা [~bætha] **মাথামোটা** (বোকা) ~মোটা [~moṭa]
মাথুর (কৃষ্ণের মথুরা-লীলা) মাথুর্ [mathur]
মাদক (নেশার বস্তু) মাদোক্ [madòk] **মাদকতা** মাদোকতা/মাদোকোতা [madòkɔta/madòkòta]
মাদল (ঢোলক) মাদোল্ [madòl]
মাদার (কাঁটাওয়ালা বড় গাছবিশেষ) মাদার্ [madar]
'মাদারিপুর' (বাংলাদেশের শহরবিশেষ) মাদারিপুর্ [madaripur]
মাদী (স্ত্রীজাতীয়) মাদি [madi]
মাদুর (তৃণের তৈরি আস্তরণবিশেষ) মাদুর্ [madur]
মাদুলি, মাদুলী (কবচ) মাদুলি [maduli]
মাদৃশ (আমার মতো) মাদ্রিশো [ma(d)driʃò]
মাদ্রাজি (মাদ্রাজের অধিবাসী ; মাদ্রাজ-সংক্রান্ত) মাদ্‌দ্রাজি [maddraɟʒi]
মাদ্রাসা (মুসলমানি উচ্চবিদ্যালয়) মাদ্‌দ্রাশা [maddraʃa]
'মাদ্রী' মাদ্‌দ্রি [maddri]
'মাধব' (শ্রীকৃষ্ণ) মাধোব্ [madɦòb]
মাধবী (লতাবিশেষ ; মাধবের পত্নী ; বৈশাখী) মাধোবি [madɦòbi] **মাধবীকুঞ্জ** ~কুন্‌জো [~kunɟʒò]
মাধুকরী (ভিক্ষা) মাধুকোরি [madɦukòri]
মাধুরী (মধুরতা) মাধুরি [madɦuri]
মাধুর্য (মাধুরী) মাধুর্‌জো [madɦur(ɟ)ɟʒò]
মাধ্যম (যার মধ্যস্থতায় কাজ নিষ্পন্ন হয়, medium) মাদ্‌ধোম্ [maddɦòm] **মাধ্যমিক** মাদ্‌ধোমিক্ [maddɦòmik]
মাধ্যাকর্ষণ (অভিকর্ষ) মাদ্‌ধাকর্‌শোন্ [maddɦakɔr(ʃ)ʃòn]
মাধ্যাহ্নিক (মধ্যাহ্নকালীন) মাদ্‌ধান্‌নিক্ [maddɦannik]
মাধ্বী (মধুজাত মদবিশেষ ; দ্রাক্ষা) মাদ্‌ধি [maddɦi] **মাধ্বীক** ~ক্ [~k]
মান[১] (মাপের উপকরণ বা মাত্রা) মান্ [ma:n] **মানচিত্র** ~চিৎত্রো [~cʃittrò] **মানদণ্ড** ~দন্‌ডো [~dɔndò]
মান[২] (সম্মান) মান্ [ma:n] **মাননীয়** মানোনিয়ো

[manòniò] **মাননীয়েষু** মানোনিয়েশু [manònieʃu] **মাননীয়াসু** মানোনিয়াশু [manòniaʃu] **মানপত্র** (অভিনন্দন পত্র) ~পৎত্রো [~pɔttrò] **মানহানি** ~হানি [~ɦani]

মান³ (অভিমান ; দম্ভ) মান্ [ma:n] **মানভঞ্জন** (অভিমান দূর করা) ~ভন্‌জোন্ [~bɦɔnɟʒòn]

মানকচু (কন্দবিশেষ) মান্‌কোচু [mankòcʃu]

'মানকর' (বর্ধমান জেলার শহর) মান্‌কর্ [mankɔr]

মানচিত্র মান¹ দ্র

মানত (দেবতার কাছে অঙ্গীকার) মানোৎ [manòt]

মানদণ্ড মান¹ দ্র

মানব (মানুষ) মানোব্/মানব্ [manòb/manɔb] **মানবতা** (মানুষের ধর্ম বা গুণ) মানোবতা/মানবতা [manòbɔta/manɔbɔta] **মানবধর্ম** (মনুষ্যোচিত আচরণ বা ধর্ম) ~ধর্‌মো/মানোবোধর্‌মো [~dɦɔr(m)mò/manòbòdɦɔr(m)mò] **মানবিক** মানোবিক্ [manòbik] **মানবিকতা** মানোবিকতা [manòbikɔta] **মানবোচিত** মানোবোচিতো [manòbocʃitò]

মানভঞ্জন মান³ দ্র

মানমন্দির (গ্রহনক্ষত্র পর্যবেক্ষণের কেন্দ্র) মান্‌মোনদির্ [manmòndir]

মানস (মন ; ইচ্ছা) মানোশ্/মানশ্ [manòʃ/manɔʃ] **মানসতা** (মনের ভাব বা প্রকৃতি) মানোশতা/মানশতা [manòʃɔta/manɔʃɔta] **মানসকন্যা** (মনের সংকল্পজাত কন্যা) ~কোন্‌না [~kònna] **মানসপুত্র** ~পুৎত্রো [~puttrò] **মানসপ্রতিমা** ~প্রোতিমা [~pròtima] **মানসাঙ্ক** (মনে মনে কষতে হয় এমন অঙ্ক) মানোশাংকো [manòʃaŋkò] **মানসিক** মানোশিক্ [manòʃik] **মানসী** (মনঃকল্পিতা নারী) মানোশি [manòʃi]

'মানস সরোবর' মানোশ্ শরোবর্ [manòʃ-ʃɔrobɔr]

মানসিক, মানসী মানস দ্র

মানহানি মান¹ দ্র

মানা¹ (বারণ) মানা [mana]

মানা² (পালন করা, মান্য করা) মানা [mana]

মানানসই (উপযুক্ত) মানান্‌শোই্ [mananʃòĭ]

মানিক, মাণিক (মাণিক্য) মানিক্ [manik] **মানিকজোড়** (দুই অন্তরঙ্গ এবং সমভাবাপন্ন বন্ধু) ~জোড়্ [~ɟʒoɽ]

মানী (সম্মানিত) মানি [mani] **মানিনী** ~নি [~ni]

মানুষ (মনুষ্য, মানব) মানুশ্ [manuʃ]

মানে (অর্থ) মানে [mane]

মান্দ্য (অল্পতা, হ্রাস) মান্‌দো [mandò]

'মান্ধাতা' (প্রাচীন রাজাবিশেষ) মান্‌ধাতা [man dɦata]

মান্য (মাননীয়) মান্‌নো [mannò] **মান্যগণ্য** (সম্মানিত) ~গোন্‌নো [~gònnò] **মান্যবর** ~বর্ [~bɔr] **মান্যবরেষু** ~বরেশু [~bɔreʃu]

মাপ¹, **মাফ** (ক্ষমা) মাপ্/মাফ্ [ma:p(h)]

মাপ² (পরিমাণ) মাপ্ [ma:p] **মাপকাঠি** ~কাঠি [~kaṭhi] **মাপজোখ** ~জোখ্ [~ɟʒok(h)]

মাফ মাপ¹ দ্র

মাফিক (অনুযায়ী) মাফিক্ [maphik]

মাভৈ (ভয় কোরো না এই বাণী) মাভৈ [mabɦoĭ]

মামড়ি, মামড়ী (শুকনো ক্ষতের চামড়া) মাম্‌ড়ি [mamɽi]

মামদো (মুসলমান ভূত) মাম্‌দো [mamdo]

মামলা (মকদ্দমা) মাম্‌লা [mamla] **মামলাবাজ** ~বাজ্ [~baɟʒ]

মামা (মাতুল, মায়ের ভাই) মামা [mama] **মামাত, মামাতো** ~তো [~to] **মামাশ্বশুর** (স্বামী বা স্ত্রীর মামা) ~শোশুর্ [~ʃòʃur]

মামুলি, মামুলী (গতানুগতিক) মামুলি [mamuli]

মায় (সমেত) মায়্ [ma:ĕ]

মায়া (অস্তিত্বহীন ব্যাপার ; মমতা) মায়া [maĕa] **মায়াকানন** (জাদুবলে তৈরি উদ্যান) ~কানোন্ [~kanòn] **মায়াকান্না** (কপট কান্না) ~কান্‌না [~kanna] **মায়াজাল** ~জাল্ [~ɟʒal] **মায়াপ্রপঞ্চ** (মায়ার বিস্তার বা প্রকাশ) ~প্রোপোন্‌চো [~(p)pròpòncʃò] **মায়াবিনী** ~বিনি [~bini] **মায়াবী** ~বি [~bi] **মায়াময়** ~ময়্ [~mɔĕ]

মার (প্রহার) মার্ [ma:r]

মারকুটে (অল্পেই মারতে চায় এমন) মার্‌কুটে [markuṭe]

মারদাঙ্গা (প্রবল মারামারি) মার্‌দাংগা [mardaŋga]

মারধর (প্রহার) মার্‌ধোর্ [mardɦòr]

মারপিট (মারামারি) মার্‌পিট্ [marpiṭ]

মারপ্যাঁচ, মারপেঁচ (কৌশল) মার্‌প্যাঁচ্ [marpæ̃cʃ]

মারফত (মাধ্যম) মার্‌ফৎ/মার্‌ফোৎ [marphɔt/marphòt]

মারমুখী (মারামারি করতে উদ্যত) মার্‌মুখি [marmukhi]

মারমূর্তি (মারমুখো চেহারা) মার্‌মুর্‌তি [marmur(t)ti]

মারা (প্রহার করা ; নষ্ট করা ; আত্মসাৎ করা) মারা [mara]

মারাঠা মরাঠা দ্র

মারাত্মক (ভয়ানক) মারাৎতোঁক্/মারাৎতঁক্ [maratt̃òk/marattɔ̃k]

মারি, মারী (বসন্ত রোগ) মারি [mari]

'মারীচ' (রামায়ণোক্ত রাক্ষসবিশেষ) মারিচ্ [maricʃ]

মারুত (বাতাস) মারুৎ [marut]

মারুতি (হনুমান) মারুতি [maruti]

মারোয়াড়ি (মারোয়াড় এর অধিবাসী, রাজস্থান অঞ্চলের লোক) মারোআড়ি [maroaṛi]

'মার্কণ্ড' (মুনিবিশেষ) মার্‌কোন্‌ডো/মার্‌কন্‌ডো [mar(k)kònḍò/mar(k)kɔnḍò]

মার্কণ্ডেয় (মার্কণ্ড-প্রণীত) মার্‌কন্‌ডেয়ো [mar(k)kɔnḍeò]

মার্কা (চিহ্ন, ছাপ) মার্‌কা [mar(k)ka] **মার্কামারা** ~মারা [~mara]

মার্কিন (আমেরিকাবাসী ; মোটা কাপড়বিশেষ) মার্‌কিন্ [markin]

মার্গ (পথ) মার্‌গো [mar(g)gò]

মার্জনা (ক্ষমা) মার্‌জোনা [mar(ɟ)ɟʒòna] **মার্জনীয়** (ক্ষমার যোগ্য) মার্‌জোনিয়ো [mar(ɟ)ɟʒònio]

মার্জার (বিড়াল) মার্‌জার্ [mar(ɟ)ɟʒar]

মার্জিত (দোষমুক্ত ; পরিষ্কৃত) মার্‌জিতো [mar(ɟ)ɟʒitò]

মার্তণ্ড (সূর্য) মার্‌তোন্‌ডো/মার্‌তন্‌ডো [mar(t)tònḍò/mar(t)tɔnḍò]

মালকোঁচা (ধুতির কোঁচা পিছনে টেনে পরা) মাল্‌কোঁচা [malkõcʃa]

মালকোশ (রাগবিশেষ) মাল্‌কোশ্ [malkoʃ]

মালগাড়ি (মালবাহী গাড়ি) মাল্‌গাড়ি [malgaṛi]

মালঞ্চ (ফুলবাগান) মালোন্‌চো [malòncʃò]

মালতী (ফুলবিশেষ) মালোতি [malòti]

'মালদহ' মাল্‌দহো [maldɔɦò]

'মালদা' মাল্‌দা [malda]

মালদার (ধনবান) মাল্‌দার্ [maldar]

মালপো (খাবারবিশেষ) মাল্‌পো [malpo]

'মালব' (মধ্যভারতের দেশবিশেষ) মালব্ [malɔb]

মালভূমি (উঁচু সমতল প্রদেশ, plateau) মাল্‌ভুমি [malbɦumi]

মালমসলা (উপকরণ) মাল্‌মশ্‌লা [malmɔʃla]

মালশ্রী (রাগিণীবিশেষ) মালোস্‌স্রি [malòssri]

মালসা (সরাজাতীয় পাত্রবিশেষ) মাল্‌শা [malʃa]

মালা (হার ; মাল্য ; নারকেলের খোল) মালা [mala] **মালাবদল** (বিবাহে বরকনের মালাবিনিময়) ~বদোল্ [~bɔdòl]

মালাই (দুধের সর) মালাই্ [malai̯] **মালাইবরফ** ~বরোফ্ [~bɔròp(h)]

মালাকর (মালী ; পুষ্পমাল্যরচনাকারী) মালাকর্ [malakɔr]

মালাকার (মালী) মালাকার্ [malakar]

মালিক (অধিকারী ; প্রভু) মালিক্ [malik] **মালিকানা** মালিকানা [malikana]

মালিকা (ছোট মালা) মালিকা [malika]

মালিনী (মাল্যভূষিতা) মালিনি [malini]

মালিন্য (মলিনতা) মালিন্‌নো [malinnò]

মালিশ (প্রলেপ বা মর্দন করার ওষুধ) মালিশ্ [maliʃ]

মালী (মালাকর ; বাগানের ভৃত্য) মালি [mali]

মালুম (বোধ ; জ্ঞান) মালুম্ [malum]

মাল্য (মালা) মাল্‌লো [mallò]

মাল্লা (মাঝি) মাল্‌লা [malla]

মাশুল (শুল্ক, ভাড়া) মাশুল্ [maʃul]

মাস (বছরের বারো ভাগের এক ভাগ) মাশ্ [ma:ʃ] **মাসকাবারি** (মাসের শেষে করণীয় বা করণীয় কাজ) ~কাবারি [~kabari] **মাসোহারা** (মাসিক বৃত্তি বা বরাদ্দ) মাশোহারা [maʃoɦara]

মাসতুত, মাসতুতো (মাসির দিক থেকে সম্পর্কিত) মাস্‌তুতো/মাশ্‌তুতো [mastuto/maʃtuto]
মাসান্ত (মাসের শেষ) মাশান্‌তো [maʃantò]
মাসি, মাসী (মায়ের বোন) মাশি [maʃi]
মাসুল (শুল্ক) মাশুল্‌ [maʃul]
মাসোহারা মাস দ্র
মাস্টার (শিক্ষক) মাষ্‌টার্‌/মাস্‌টার্‌ [maʃṭar/ masṭar]
মাস্তুল (নৌকা বা জাহাজে পাল খাটাবার উঁচু দন্ড) মাস্‌তুল্‌ [mastul]
মাহাত্ম্য (মহত্ত্ব) মাহাৎতোঁ [mahattõ]
মাহিষ্য (হিন্দু জাতিবিশেষ) মাহিশ্‌শো[mahiʃʃò]
মাহুত (হাতির চালক) মাহুৎ [mahut]
মাহেন্দ্র (দেবরাজ ইন্দ্রসম্বন্ধীয়) মাহেন্‌দ্রো [mahendrò] **মাহেন্দ্রক্ষণ** (শুভ মুহূর্ত) ~ক্‌খোন্‌ [~kkhòn]
মিছরি (স্ফটিকের মতো দানা-বাঁধা চিনি) মিছ্‌রি [micʃ(h)ri]
মিছা (মিথ্যা) মিছা [micʃha] **মিছামিছি** ~মিছি [~micʃhi]
মিছিল (শোভাযাত্রা) মিছিল্‌ [micʃhil]
মিছে (মিথ্যে) মিছে [micʃhe]
মিঞা (মুসলমান ভদ্রলোক) মিয়াঁ/মিঁয়াঁ [miã/ mĩã]
মিটমাট (নিষ্পত্তি ; রফা) মিট্‌মাট্‌ [miṭmaṭ]
মিটমিটে (মৃদু ; বোঝা যায় না এমন) মিট্‌মিটে [miṭmiṭe]
মিঠাই (মিষ্টান্ন) মিঠাই্‌ [miṭhai̯]
মিড় (সংগীতের অলংকারবিশেষ) মিড়্‌ [mi:r]
মিতব্যয়ী (হিসাবী) মিতোব্‌ব্যায়ি [mitòbbæi]
মিতভাষী (অল্প কথা বলে এমন) মিতোভাশি [mitòbhaʃi]
মিতা (বন্ধু) মিতা [mita]
মিতাক্ষর (অন্ত্যমিলযুক্ত ছন্দ, মিত্রাক্ষর) মিতাক্‌খোর্‌ [mitakkhòr]
মিতাচার (সংযম) মিতাচার্‌ [mitacʃar]
মিতালি, মিতালী (বন্ধুত্ব) মিতালি [mitali]
মিতাহারী (যে অল্প আহার করে) মিতাহারি [mitahari]
মিতি (পরিমাপ) মিতি [miti]
মিত্র (বন্ধু) মিৎত্রো [mittrò] **মিত্রপক্ষ** ~পোক্‌খো [~pòkkhò]
মিত্রাক্ষর (অন্ত্যমিলযুক্ত ছন্দ) মিৎত্রাক্‌খোর্‌ [mittra-kkhòr] **মিত্রাক্ষরী** মিৎত্রাক্‌খোরি [mittrakk-hòri]
'মিথিলা' (প্রাচীন ভারতের রাজ্যবিশেষ) মিথিলা [mithila]
মিথুন (যুগল ; স্ত্রীপুরুষের মিলন) মিথুন্‌ [mithun]
মিথ্যা (অসত্য) মিৎথা [mittha] **মিথ্যাচার** ~চার্‌ ~cʃar] **মিথ্যাবাদী** (মিথ্যাকথা বলে এমন) ~বাদি [~badi] **মিথ্যাসাক্ষী** (যে মিথ্যা সাক্ষ্য দেয়) ~শাক্‌খি [~ʃakkhi]
মিথ্যুক (মিথ্যাবাদী) মিৎথুক্‌ [mitthuk]
মিথ্যে (মিথ্যা) মিৎথে [mitthe] **মিথ্যেকথা** ~কথা [~kɔtha]
মিনতি (অনুরোধ) মিনোতি [minòti]
মিনমিন (ক্ষীণভাব) মিন্‌মিন্‌ [minmin]
মিনসে (বয়স্ক পুরুষ সম্পর্কে তিরস্কারবিশেষ) মিন্‌শে [minʃe]
মিনা (ধাতুর উপর অলংকরণবিশেষ) মিনা [mina] **মিনে** মিনে [mine]
মিনার (স্তম্ভ ; চূড়া) মিনার্‌ [minar]
মিনিট (minute) মিনিট্‌ [miniṭ]
মিয়নো (নরম হয়ে যাওয়া) মিওনো [miòno]
মিয়া (মুসলমান ভদ্রলোক) মিয়া/মিয়াঁ [mia/ miã]
মিয়াদ (কালসীমা) মিয়াদ্‌ [miad] **মিয়াদি** (নির্দিষ্ট সময়সীমাযুক্ত ; নির্দিষ্ট সময়ে শেষ হবে এমন) মিয়াদি [miadi]
মিল[১] (কারখানা) মিল্‌ [mi:l]
মিল[২] (ঐক্য ; মিলন) মিল্‌ [mi:l] **মিলবর্জিত** ~বোর্‌জিতো [~bòr(ɟ)ɟʒitò] **মিলমিশ** ~মিশ্‌ [~miʃ]
মিলন (সংযোগ ; ঐক্য) মিলন্‌/মিলোন্‌ [milɔn/ milòn] **মিলনান্তক** (মিলনে যার সমাপ্তি) মিলনান্‌তক্‌/মিলোনান্‌তোক্‌ [milɔnantɔk/ milònantòk] **মিলনী** (মিলন উৎসব) মিলোনি [milòni]
মিলানো (সংযুক্ত করা) মিলানো [milano]

মিলিত (সমবেত) মিলিতো [militò]
মিশ (মিশ্রণ ; মিল) মিশ্ [mi:ʃ]
মিশন (ধর্মপ্রচার) মিশন্ [miʃɔn] **মিশনারি, মিশনারী** মিশোনারি [miʃònari]
'মিশর', 'মিসর' (Egypt) মিশর্ [miʃɔr] **মিশরীয়, মিসরীয়** (Egyptian) মিশোরিয়ো [miʃòriò]
মিশাল (মিশ্রণ) মিশাল্ [miʃal] **মিশেল** মিশেল্ [miʃel]
মিশুক (আলাপে পটু ; সামাজিক) মিশুক্ [miʃuk]
মিশ্র (মিশানো হয়েছে এমন) মিস্স্রো [missrò] **মিশ্রণ** ~ন/মিস্স্রন্ [~n/missrɔn] **মিশ্রিত** মিস্স্রিতো [missritò]
মিষ্ট (মধুর) মিশ্টো [miʃṭò] **মিষ্টতা** ~তা [~ta] **মিষ্টান্ন** (মিঠাই, sweets) মিশ্টান্নো [miʃṭannò]
মিষ্টি (মিষ্টস্বাদযুক্ত, sweet) মিশ্টি [miʃṭi] **মিষ্টিমুখ** (মিষ্টান্ন খাওয়া) ~মুখ্ [~muk(h)]
মিসমিসে, মিশমিশে (ঘোর কালো) মিশ্‌মিশে [miʃmiʃe]
মিসি (দাঁত মাজার চূর্ণবিশেষ) মিশি [miʃi]
মিস্ত্রি (কারিগর) মিস্ত্রি [mistri]
মিহি (সূক্ষ্ম) মিহি [mihi] **মিহিদানা** ~দানা [~dana]
মিহির (সূর্য) মিহির্ [mihir]
মীড় (মিড়) মিড়্ [mi:ṛ]
মীন (মাছ) মিন্ [mi:n]
মীনাক্ষী (দেবীবিশেষ ; মাছের মতো চোখবিশিষ্টা) মিনাক্খি [minakkhi]
মীমাংসা (নিষ্পত্তি) মিমাংশা [mimaŋʃa] **মীমাংসিত** মিমাংশিতো [mimaŋʃitò]
মুকুট (শিরোভূষণ) মুকুট্ [mukuṭ]
মুকুন্দ (বিষ্ণু) মুকুন্দো [mukundò]
'মুকুন্দরাম' মুকুন্দোরাম্ [mukundòram]
মুকুর (আয়না) মুকুর্ [mukur]
মুকুল (কুঁড়ি) মুকুল্ [mukul] **মুকুলিত** মুকুলিতো [mukulitò]
মুক্ত (উন্মুক্ত, খোলা) মুক্‌তো [muktò] **মুক্তকচ্ছ** (কাছা-খোলা) ~কচ্‌ছো [~kɔccʃhò] **মুক্তকণ্ঠে** ~কন্‌ঠে [~kɔnṭhe] **মুক্তকেশী** (এলোকেশী) ~কেশি [~keʃi] **মুক্তবেণী** ~বেনি [~beni] **মুক্তহস্ত** (উদারহস্ত) ~হস্‌তো [~hɔstò]
মুক্তা (মোতি ; রত্নবিশেষ) মুক্‌তা [mukta]
মুক্তি (মোক্ষ ; ত্রাণ) মুক্‌তি [mukti] **মুক্তিদাতা** ~দাতা [~data] **মুক্তিপত্র** ~পৎত্রো [~pɔttrò] **মুক্তিযোদ্ধা** (স্বাধীনতা সংগ্রামী) ~জোদ্‌ধা [~ɟʒoddha] **মুক্তিস্নান** ~স্‌স্নান্ [~ssnan]
মুখ (বদন, মুখবিবর ; face; mouth) মুখ্ [mu:k(h)] **মুখখারাপ** ~খারাপ্/মুক্‌খারাপ্ [~kharap/mukkharap] **মুখচোরা** ~চোরা/মুক্‌চোরা [~cʃora/mukcʃora] **মুখচ্ছবি** মুখোচ্‌ছোবি [mukhòccʃhòbi] **মুখঝামটা** (তিরস্কার) ~ঝাম্‌টা [~ɟʒhamṭa] **মুখনাড়া** (বকুনি) ~নাড়া [~naṛa] **মুখপত্র** মুখোপৎত্রো [mukhòpɔttrò] **মুখপাত্র** (প্রতিনিধি) মুখোপাৎত্রো [mukhòpattrò] **মুখপোড়া** ~পোড়া [~poṛa] **মুখবন্ধ** মুখোবন্‌ধো [mukhòbɔndhò] **মুখভঙ্গি** মুখোভোংগি [mukhòbhòŋgi] **মুখমণ্ডল** মুখোমন্‌ডোল্/মুখোমোন্‌ডোল্ [mukhòmɔnḍòl/mukhòmònḍòl] **মুখরোচক** মুখোরোচোক্ [mukhòrocʃòk] **মুখশুদ্ধি** (যা খেলে মুখের দুর্গন্ধ বা অরুচি দূর হয়) ~শুদ্‌ধি [~ʃuddhi] **মুখশ্রী** (মুখমণ্ডলের সৌন্দর্য) মুখোস্‌স্রি [mukhòssri] **মুখসর্বস্ব** মুখোশর্‌বোশ্‌শো/~শর্‌বোশ্‌শো [mukhòʃɔr(b)bòʃʃò/~ʃɔr(b)bòʃʃò] **মুখস্থ** মুখোস্‌থো [mukhòsthò]
মুখটি (উপাধিবিশেষ) মুখোটি [mukhòṭi]
মুখর (অতিভাষী) মুখর্ [mukhɔr] **মুখরা** মুখরা/মুখোরা [mukhɔra/mukhòra] **মুখরিত** (ধ্বনিত ; কোলাহলপূর্ণ) মুখোরিতো [mukhòritò]
মুখাগ্নি (মৃতের মুখে অগ্নিসংযোগ) মুখাগ্‌নি [mukhagni]
মুখাপেক্ষী (অন্যের সাহায্য প্রত্যাশী) মুখাপেক্‌খি [mukhapekkhi]
মুখোপাধ্যায় (পদবি-বিশেষ, Mukherji) মুখোপাদ্‌ধায় [mukhopaddhaĕ]
মুখোশ, মুখোস (নকল মুখ) মুখোশ্ [mukhoʃ]
মুখ্য (প্রধান) মুখ্‌খো [mukkhò] **মুখ্যত** (প্রধানত) ~তো [~tò] **মুখ্যমন্ত্রী** ~মোনত্রি [~mòntri]

মুগ (ডালবিশেষ) মুগ্ [mu:g]
মুগা (রেশম বস্ত্রবিশেষ) মুগা [muga]
মুগুর (গদা, club) মুগুর্ [mugur]
মুগ্ধ (মোহিত) মুগ্‌ধো [mugdĥò]
মুচকি (মৃদু) মুচ্‌কি [muc∫ki]
মুচলেকা (অঙ্গীকারপত্র) মুচ্‌লেকা [muc∫leka]
মুচি, মুচী (চর্মকার) মুচি [muc∫i]
মুজরা (নাচগানের প্রতিযোগিতা) মুজ্‌রা [muɟʒra]
মুজরো (মুজরা) মুজ্‌রো [muɟʒro]
মুঞ্জরিত (মুকুলিত) মুন্‌জোরিতো [munɟʒòritò]
মুটিয়া (মালবহনকারী) মুটিয়া [muṭia]
মুটে (মুটিয়া) মুটে [muṭe] **মুটেগিরি** (মুটের কাজ) ~গিরি [~giri] **মুটে-মজুর** ~মোজুর্ [~mòɟʒur]
মুঠ,- মুঠো (মুষ্টি) মুঠো [muṭho]
মুঠি (মুষ্টি) মুঠি [muṭhi]
মুড়কি (খইয়ের খাবারবিশেষ) মুড়কি [muṛki]
মুড়ি[১] (ভাজা চাল) মুড়ি [muṛi]
মুড়ি[২] (মাথা) মুড়ি [muṛi] **মুড়িঘন্ট** (মাছের মাথার ঘণ্ট) ~ঘন্‌টো [~gĥɔnṭò]
মুড়ো (মুন্ডু ; প্রান্ত) মুড়ো [muṛo]
মুণ্ড (মাথা) মুন্‌ডো [munḍò] **মুণ্ডচ্ছেদ** ~চ্‌ছেদ্ [~cc∫hed] **মুণ্ডপাত** (শাপান্ত ; নিন্দা) ~পাৎ [~paṭ] **মুণ্ডমালিনী** (কালীমাতা) ~মালিনি [~malini]
মুণ্ডন (নেড়া করা) মুন্‌ডন্/মুন্‌ডোন্ [munḍɔn/munḍòn] **মুণ্ডিত** মুন্‌ডিতো [munḍitò]
মুণ্ডু (মুণ্ড) মুন্‌ডু [munḍu]
মুত (প্রস্রাব) মুৎ [mu:ṭ]
মুৎসুদ্দি (কর্মচারী-বিশেষ) মুৎশুদ্‌দি [muṭ∫uddi]
মুথা (শিকড়যুক্ত ঘাস) মুথা [mutha] **মুথো** মুথো [mutho]
মুদা (মুদ্রিত করা ; রোগ-বিশেষ) মুদা [muda]
মুদারা (সংগীতের স্বরগ্রাম-বিশেষ) মুদারা [mudara]
মুদি, মুদী (চাল ডাল মশলা ইত্যাদি বিক্রেতা) মুদি [mudi]
মুদিত (মুদ্রিত) মুদিতো [muditò]
মুদ্গর (মুগুর) মুদ্‌গর্ [mudgɔr]
মুদ্রণ (মুদ্রিত করা ; ছাপানো) মুদ্‌দ্রন্/মুদ্‌দ্রোন্ [muddrɔn/muddròn] **মুদ্রিত** মুদ্‌দ্রিতো [muddritò]
মুদ্রা (টাকা ; নাচের ভঙ্গি) মুদ্‌দ্রা [muddra] **মুদ্রাদোষ** (স্বভাবসিদ্ধ বিকৃত অঙ্গভঙ্গি) ~দোশ্ [~do∫] **মুদ্রাস্ফীতি** (inflation) ~স্‌ফিতি [~sphiti]
মুদ্রাকর (মুদ্রক ; যে ছাপে) মুদ্‌দ্রাকর্ [muddrakɔr]
মুদ্রাযন্ত্র (ছাপার মেশিন) মুদ্‌দ্রাজন্‌ত্রো [muddraɟʒɔntrò]
মুদ্রিত মুদ্রণ দ্র
মুনশি, মুনসি (কেরানি) মুন্‌শি [mun∫i]
মুনসেফ (বিচারকবিশেষ) মুন্‌সেফ্ [munsep(h)]
মুনসেফি, মুনসেফী (মুনসেফের বৃত্তি ; মুনসেফ-সংক্রান্ত) মুন্‌সেফি [munsephi]
মুনাফা (লাভ) মুনাফা [munapha]
মুনাসিব (পছন্দসই) মুনাসিব্ [munasib]
মুনি (ঋষি) মুনি [muni]
মুনিব (মনিব) মুনিব্ [munib]
মুনিম (উদার) মুনিম্ [munim]
মুনিয়া (ছোট পাখিবিশেষ) মুনিয়া [munia]
মুফৎ, মুফত (মাগনা, বিনামূল্যে) মুফৎ/মুফোৎ [muphɔṭ/muphòṭ]
মুফতি (মুসলমান আইনজ্ঞ) মুফ্‌তি [mup(h)ti]
মুবারক (শুভ) মুবারক্/মুবারোক্ [mubarɔk/mubaròk]
মুমুক্ষা (মোক্ষলাভের ইচ্ছা) মুমুক্‌খা [mumukkha]
মুমূর্ষু (মৃতপ্রায়) মুমুর্‌শু [mumur(∫)∫u]
মুয়াজ্জিন, মুয়াজ্জীন (আজানকারী) মুয়াজ্‌জিন্ [muaɟɟʒin]
মুরগি (কুক্কুট বা কুক্কুটী) মুর্‌গি [murgi]
মুরজ (মৃদঙ্গ) মুরোজ্ [muròɟʒ]
'মুরজা' (কুবেরের পত্নী) মুরোজা [muròɟʒa]
মুরদ (ক্ষমতা) মুরোদ্ [muròd]
মুরলী (বাঁশি) মুরোলি [muròli]
'মুরারি' (শ্রীকৃষ্ণ) মুরারি [murari]
মুরিদ (মুসলমান ভক্ত) মুরিদ্ [murid]
মুর্গি, মুর্গী মুরগি-র অনুরূপ
মুর্দা (মৃতদেহ) মুর্‌দা [mur(d)da] **মুর্দাফরাশ** ~ফরাশ্ [~phɔra∫]
'মুর্শিদাবাদ' মুর্‌শিদাবাদ্ [mur∫idabad]
মুলতান (রাগবিশেষ) মুল্‌তান্ [multan]

মুলতুবি (স্থগিত) মুল্‌তুবি [multubi]
মুলা (সবজিবিশেষ) মুলা [mula]
মুলাকাত (সাক্ষাৎ) মুলাকাৎ [mulakat]
মুলুক (দেশ) মুলুক্ [muluk]
মুলো (মুলা) মুলো [mulo]
মুল্লুক (দেশ) মুল্‌লুক্ [mulluk]
মুশকিল (বিপত্তি) মুশ্‌কিল্ [muʃkil] **মুশকিল-আসান** (বিপদ-মুক্তি ; বিপদ দূরকারী) ~আশান্ [~aʃan]
মুষড়ানো (হতাশ হওয়া) মুশ্‌ড়ানো [muʃṛano]
মুষল, মুশল (মুদ্গর) মুশোল্/মুশল্ [muʃòl/muʃɔl] **মুষলধারা** (অঝোরে বৃষ্টি) ~ধারা [~dɦara]
মুষ্ক (অন্ডকোষ) মুশ্‌কো [muʃkò]
মুষ্টি (মুঠি) মুষ্‌টি [muʃṭi] **মুষ্টিবদ্ধ** ~বদ্‌ধো [~bɔddɦò] **মুষ্টিভিক্ষা** (একমুঠো পরিমাণ ভিক্ষা) ~ভিক্‌খা [~bɦikkha] **মুষ্টিমেয়** ~মেয়ো [~meò] **মুষ্টিযুদ্ধ** (ঘুসোঘুসি ; boxing) ~জুদ্‌ধো [~ɟʒuddɦò] **মুষ্টিযোগ** (টোটকা চিকিৎসা) ~জোগ্ [~ɟʒog] **মুষ্ট্যাঘাত** মুষ্‌টাঘাৎ [muʃṭagɦat]
মুসলমান (ইসলাম ধর্মাবলম্বী) মুশোল্‌মান্ [muʃòlman] **মুসলমানি, মুসলমানী** মুশোল্‌মানি [muʃòlmani]
মুসা (ইহুদি ধর্মনেতাবিশেষ) মুশা/মুসা [muʃa/musa]
মুসাফির (পথিক) মুসাফির্/মুশাফির্ [musaphir/muʃaphir] **মুসাফিরখানা** (সরাইখানা) ~খানা [~khana]
মুসাবিদা (খসড়া) মুশাবিদা [muʃabida]
মুহুরি (উকিলের কেরানি) মুহুরি [muɦuri]
মুহুর্মুহু, মুহুর্মুহুঃ (বারংবার) মুহুর্‌মুহু [muɦur(m)muɦu]
মুহূর্ত (অতি অল্প কাল) মুহুর্‌তো [muɦur(t)tò]
মুহ্যমান (কাতর ; আচ্ছন্ন) মুজ্‌ঝোমান্ [muɟɟʒɦòman]
মূক (বোবা) মুক্ [mu:k]
মূঢ় (মোহগ্রস্ত ; নির্বোধ) মুঢ়ো/মুড়্‌হো [muṛɦò]
মূত্র (প্রস্রাব) মুৎত্রো [muttrò] **মূত্রাশয়** মুৎত্রাশয় [muttraʃɔĕ]
মূর্খ (বোকা) মুর্‌খো [mur(k)khò]
মূর্ছনা (সংগীতের তরঙ্গ) মুর্‌ছোনা [mur(c)cʃhòna]
মূর্ছা (চৈতন্যলোপ) মুর্‌ছা [mur(c)cʃha] **মূর্ছিত** (অচৈতন্য) মুর্‌ছিতো [mur(c)cʃhitò]
মূর্ত (স্পষ্ট ; মূর্তিযুক্ত) মুর্‌তো [mur(t)tò]
মূর্তি (প্রতিমা ; দেহ ; আকৃতি) মুর্‌তি [mur(t)ti] **মূর্তিপূজা** ~পুজা [~puɟʒa] **মূর্তিমান** (দেহধারী ; প্রত্যক্ষ, সাক্ষাৎ) ~মান্ [~man]
মূর্ধন্য (মূর্ধা থেকে উচ্চারিত) মুর্‌ধোন্‌নো [mur(d)dɦònnò]
মূর্ধা (মাথা) মুর্‌ধা [mur(d)dɦa]
মূল (শিকড় ; গোড়া) মুল্ [mu:l] **মূলগত** মুলোগতো [mulògɔtò] **মূলত্রাণ** (root-cap) মুলোৎত্রান্ [mulòttran] **মূলধন** ~ধোন্ [~dɦòn] **মূলমন্ত্র** (বীজমন্ত্র ; প্রধান সংকল্প) ~মোন্‌ত্রো [~mòntrò] **মূলসূত্র** ~শুৎত্রো [~ʃuttrò] **মূলীভূত** মুলিভুতো [mulibɦutò] **মূলোচ্ছেদ** মুলোচ্‌ছেদ্ [mulocc∫hed] **মূলোৎপাটন** মুলোৎপাটোন্ [mulotpaṭòn]
মূলাধার (মূল কারণ) মুলাধার্ [muladɦar]
মূল্য (দাম) মুল্‌লো [mullò] **মূল্যবান** ~বান্ [~ban] **মূল্যবোধ** (নীতিবোধ, নৈতিকতা) ~বোধ্ [~bod(ɦ)] **মূল্যহীন** ~হিন্ [~ɦin] **মূল্যায়ন** (মূল্য নিরূপণ) মুল্‌লায়োন্ [mullaĕòn]
মূষিক (ইঁদুর) মুশিক্ [muʃik]
মৃগ (হরিণ) ম্রিগো [mrigò] **মৃগচর্ম** ~চর্‌মো [~cʃɔr(m)mò] **মৃগতৃষ্ণা** (মরীচিকা) ~ত্রিশ্‌না [~(t)triʃna] **মৃগনয়না** ~নয়োনা [~nɔĕòna] **মৃগনাভি** ~নাভি [~nabɦi] **'মৃগশিরা'** (নক্ষত্রবিশেষ) ~শিরা [~ʃira] **মৃগয়া** ম্রিগয়া [mrigɔĕa]
মৃগাঙ্ক (চাঁদ) ম্রিগাংকো [mrigaŋkò]
মৃগী (মূর্ছারোগ ; হরিণী) ম্রিগি [mrigi]
মৃগেন্দ্র (পশুরাজ, সিংহ) ম্রিগেন্‌দ্রো [mrigendrò]
মৃগেল (মাছবিশেষ) ম্রিগেল্ [mrigel]
মৃণাল (পদ্ম) ম্রিনাল্ [mrinal] **মৃণালিনী** ম্রিনালিনি [mrinalini]
মৃত (মারা গেছে এমন) ম্রিতো [mritò] **মৃতকল্প** (প্রায় মৃত) ~কল্‌পো [~kɔlpò] **মৃতদার** (যার পত্নী মৃত) ~দার্ [~dar] **মৃতপ্রায়** ~প্‌প্রায় [~ppraĕ] **মৃতসঞ্জীবনী** (যার দ্বারা মৃতকে জীবিত করা যায়) ~শন্‌জিবোনি [~ʃɔnɟʒibòni]
মৃৎপাত্র (মাটির পাত্র) ম্রিৎপাৎত্রো [mritpattrò]

মৃত্তিকা (মাটি) ম্রিৎতিকা [mrittika]
মৃত্যু (মরণ ; প্রাণত্যাগ) ম্রিৎতু [mrittu] **মৃত্যুঞ্জয়** ~ন্‌জয়্ [~nɟɟɔĕ] **মৃত্যুঞ্জয়ী** (মৃত্যুকে যে জয় করেছে) ~ন্‌জোই[~nɟɟòi] **মৃত্যুবাণ** ~বান্[~ban] **মৃত্যুশয্যা** ~শোজ্‌জা[~ʃòɟɟa]
মৃদঙ্গ (পাখোয়াজ) ম্রিদংগো/ম্রিদোংগো [mridɔŋgò/mridòŋgò]
মৃদু (ক্ষীণ ; কোমল) ম্রিদু [mridu] **মৃদুগমন** ~গমোন্ [~gɔmòn] **মৃদুজল** (soft water) ~জল্ [~ɟɔl] **মৃদুতা** ~তা[~ta] **মৃদুভাষণ** (মৃদু স্বরে কথা) ~ভাশোন্ [~bɦaʃòn] **মৃদুভাষী** (মৃদু স্বরে কথা বলে এমন) ~ভাশি [~bɦaʃi] **মৃদুমন্দ** (মন্থর, ধীর) ~মন্‌দো/~মোন্‌দো [~mɔndò/~mòndò]
মৃদুল (কোমল) ম্রিদুল্ [mridul] **মৃদুলা** ম্রিদুলা [mridula]
মৃন্ময় (মাটির তৈরি) ম্রিন্‌ময়্ [mrinmɔĕ] **মৃন্ময়ী** ম্রিন্‌মোই [mrinmòi]
মেওয়া (শুকনো ফল) মেওআ [meŏa]
মেকি, মেকী (নকল, কৃত্রিম) মেকি [meki]
মেখলা (কোমরের অলংকারবিশেষ) মেখোলা [mekhòla]
মেঘ মেঘ্ [me:g(ɦ)] **মেঘগর্জন** মেঘোগর্‌জোন্ [megɦògɔr(ɟ)ɟòn] **মেঘডম্বর** (মেঘের ঘটা) মেঘোডম্‌বর্/মেঘোডম্‌বোর্ [megɦòdɔmbɔr/megɦòdɔmbòr] **মেঘমল্লার** (রাগবিশেষ) মেঘোমল্‌লার্ [megɦòmɔllar] **মেঘাচ্ছন্ন** (মেঘে ঢাকা) মেঘাচ্‌ছন্‌নো [megɦaccʃhɔnnò]
'মেঘনা' (বাংলাদেশের নদীবিশেষ) মেঘ্‌না [meg(ɦ)na]
'মেঘনাদ' (রাবণের পুত্র) মেঘ্‌নাদ্ [meg(ɦ)nad]
'মেঘবাহন' (ইন্দ্র) মেঘোবাহোন্ [megɦòbaɦòn]
মেঘমেদুর (মেঘাচ্ছন্ন) মেঘোমেদুর্ [megɦòmedur]
মেঘলা (মেঘে ঢাকা) মেঘ্‌লা [meg(ɦ)la]
মেচেতা, মেছেতা (মুখের কালো দাগবিশেষ) মেচেতা [mecʃ(h)eta]
'মেচেদা' (মেদিনীপুর জেলার শহরবিশেষ) মেচেদা [mecʃeda]
মেজ (টেবিল) মেজ্ [me:ɟɟ]
মেজবান (আপ্যায়নকারী গৃহস্থ) মেজ্‌বান্ [meɟɟban]
মেজরাব (সেতারির আংটিবিশেষ) মেজ্‌রাব্ [meɟɟrab]
মেজাজি (মেজাজবিশিষ্ট ; রাশভারি) মেজাজি [meɟɟaɟɟi]
মেজে (গৃহতল) মেজে [meɟɟe]
মেজো (মধ্যম, দ্বিতীয়) মেজো [meɟɟo]
মেঝে (মেজে) মেঝে [meɟɟɦe]
মেটে (মাটির তৈরি ; ছাগলের যকৃৎ) মেটে [meṭe]
মেঠো (মাঠ-সম্বন্ধীয়) মেঠো [meṭho]
মেড়া (ভেড়া) ম্যাড়া [mæṛa]
মেড়ো (মাড়োয়ারি) মেড়ো [meṛo]
মেথর (ঝাড়ুদার) ম্যাথোর্ [mæthòr] **মেথরানি** ম্যাথ্‌রানি [mæt(h)rani]
মেথি (মসলাবিশেষ) মেথি [methi]
মেদ (চর্বি) মেদ্ [me:d] **মেদবহুল** ~বোহুল্/মেদোবোহুল্ [~bòɦul/medòbòɦul]
মেদা (মাদীর মতো ; নিস্তেজ) ম্যাদা [mæda] **মেদামারা** (পৌরুষহীন) ~মারা [~mara]
মেদিনী (পৃথিবী) মেদিনি [medini]
'মেদিনীপুর' (পশ্চিমবঙ্গের জেলাবিশেষ) মেদিনিপুর্ [medinipur]
মেদুর (স্নিগ্ধ ; আচ্ছন্ন) মেদুর্ [medur]
মেধ (যজ্ঞ) মেধ্ [me:d(ɦ)]
মেধা (বুদ্ধি) মেধা [medɦa] **মেধাবী** ~বি [~bi]
'মেনকা' (হিমালয়-পত্নী ; অপ্সরাবিশেষ) ম্যানোকা [mænòka]
মেনি, মেনী (বিড়ালী) মেনি [meni] **মেনিমুখো** ~মুখো [~mukho]
মেয় (পরিমাপযোগ্য, অনুমানযোগ্য) মেয়ো [meò]
মেয়াদ (কালসীমা, মিয়াদ) মেআদ্ [mead]
মেয়ে (কন্যা ; স্ত্রীলোক) মেএ [me(ĕ)e] **মেয়েলি** (নারীসুলভ) ~লি [~li] **মেয়েলিপনা** (নারীসুলভ হাবভাব) ~লিপনা [~lipɔna]
মেরজাই (ফতুয়াজাতীয় জামা) মের্‌জাই্ [merɟɟaĭ]
মেরাপ (মণ্ডপ) ম্যারাপ্ [mærap]
মেরামত (জীর্ণ-সংস্কার) ম্যারামোৎ/মেরামোৎ [mæramòt/meramòt] **মেরামতি** ম্যারামোতি/মেরামোতি [mæramòti/meramòti]

মেরু (পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্তদেশ, pole) মেরু [meru] **মেরুজ্যোতি** (মেরু অঞ্চলের আকাশে জ্যোতি) ~জ্‌জোতি [~ɟɟʒoti] **মেরুদণ্ড** ~দন্‌ডো [~dɔndò] **মেরুদণ্ডী** ~দোন্‌ডি [~dòndi] **মেরুরেখা** (axis) ~রেখা [~rekha]

মেল (মিলন, ঐক্য) মেল্ [me:l] **মেলবন্ধন** ~বন্‌ধোন্ [~bɔndɦòn]

মেলা[১] (অস্থায়ী হাট) ম্যালা [mæla]

মেলা[২] (অনেক) ম্যালা [mæla]

মেলা[৩] (খোলা ; প্রসারিত করা) ম্যালা [mæla]

মেলা[৪] (পাওয়া যাওয়া ; সদৃশ হওয়া) মেলা [mela] **মিলছে** মিল্‌ছে [milcʃhe] **মিলল** মিল্‌লো [millò]

মেলানো (মিলিয়ে দেওয়া ; একত্র করা) মেলানো [melano]

মেলামেশা (সঙ্গ ; মিলিতভাবে চলা) মেলামেশা [melameʃa]

মেষ (ভেড়া) মেশ্ [me:ʃ]

মেস (mess) মেস্ [me:s]

মেসো (মাসির স্বামী) মেশো [meʃo] **মেসোমশাই** ~মশাই্ [~mɔʃaĭ]

মেহ (প্রস্রাবের পীড়াবিশেষ) মেহো [meɦò]

মেহগনি (দামি কাঠবিশেষ) মেহোগোনি [meɦògòni]

মেহনত (পরিশ্রম) মেহোনৎ/মেহোনোৎ [meɦònɔt/meɦònòt] **মেহনতি** (মেহনত করে এমন) মেহোনোতি [meɦònòti]

মেহেদি (গাছবিশেষ) মেহেদি [meɦedi]

মেহেরবান (দয়ালু) মেহের্‌বান্ [meɦerban] **মেহেরবানি** (দয়া) মেহের্‌বানি [meɦerbani]

মৈ মই-এর অনুরূপ

মৈত্র (পদবিবিশেষ ; মিত্র-সম্বন্ধীয়) মৈৎত্রো [moittrò]

মৈত্রী (বন্ধুত্ব) মৈৎত্রি [moittri]

মৈত্রেয় (মিত্র-সম্বন্ধীয় ; মুনি-বিশেষ ; পদবিবিশেষ) মৈৎত্রেয়ো [moittreò]

মৈথিলী (সীতা ; ভাষাবিশেষ) মৈথিলি [moĭthili]

মৈথুন (রতিক্রিয়া) মৈথুন্ [moĭthun]

'মৈনাক' (পৌরাণিক পর্বতবিশেষ) মৈনাক্ [moĭnak]

মোকদ্দমা (মামলা) মোকোদ্‌দোমা [mokòddòma]

মোকররি, মোকররী (নির্দিষ্ট খাজনার বিনিময়ে ভোগ করা যায় এমন) মোকোরোরি [mokòròri]

মোকাবিলা (বোঝাপড়া) মোকাবিলা [mokabila]

মোকাম (বাসস্থান) মোকাম্ [mokam]

মোক্তার (উকিলের চেয়ে নিম্নতর আইনজীবী) মোক্‌তার্ [moktar]

মোক্ষ (মুক্তি) মোক্‌খো [mokkhò]

মোক্ষণ (মোচন) মোক্‌খোন্ [mokkhòn]

মোক্ষদা (মুক্তিদায়িনী ; দুর্গা) মোক্‌খোদা [mokkhòda]

মোক্ষম (সাংঘাতিক ; নির্ঘাত) মোক্‌খোম্ [mokkhòm]

মোগল (Moghul) মোগোল্ [mogòl] **মোগলাই** (মোগলসুলভ ; মোগল-সম্বন্ধীয়) মোগ্‌লাই্ [moglaĭ]

মোঘল (Moghul) মোঘোল্ [moɡɦòl]

মোচড় (পাক) মোচোড়্ [mocʃòr̨] **মোচড়ানো** মোচ্‌ড়ানো [mocʃr̨ano]

মোচন (মুক্তিদান) মোচোন্ [mocʃòn]

মোচা (কলার ফুল) মোচা [mocʃa]

মোছা (ঘষে পরিষ্কার করা) মোছা [mocʃha]

মোজা (পায়ের আবরণবিশেষ) মোজা [moɟʒa]

মোট[১] (সার ; আসল) মোট্ [mo:t̨] **মোটকথা** ~কথা [~kɔtha]

মোট[২] (সমষ্টি) মোট্ [mo:t̨]

মোট[৩] (বোঝা) মোট্ [mo:t̨] **মোটঘাট** ~ঘাট্/মোড্‌ঘাট্ [~ɡɦat̨/mod̨ɡɦat̨]

মোটর (যানবিশেষ, motor) মোটোর্ [mot̨òr] **মোটরগাড়ি** ~গাড়ি [~gar̨i]

মোটা (স্থূল ; পুরু) মোটা [~mot̨a] **মোটামুটি** (মোটের উপর) ~মুটি [~mut̨i] **মোটাসোটা** ~শোটা [~ʃot̨a]

মোড় (বাঁক) মোড়্ [mo:r̨]

মোড়ক (পুরিয়া) মোড়োক্ [mor̨òk]

মোড়ল (গ্রামের প্রধান ব্যক্তি) মোড়োল্ [mor̨òl] **মোড়লি** (মোড়লের মতো আচরণ ; মাতব্বরি) মোড়োলি [mor̨òli]

মোড়া[১] (বেতের আসনবিশেষ) মোড়া [mor̨a]

মোড়া[২] (পাক দেওয়া) মোড়া [mor̨a] **মোড়ামুড়ি** ~মুড়ি [~mur̨i]

মোতাবেক (অনুসারে) মোতাবেক্ [motabek]

মোতায়েন (নিযুক্ত) মোতাএন্/মোতায়েন্ [motaen]

মোতি (মুক্তা) মোতি [moti]

মোতিচুর (মিষ্টান্নবিশেষ) মোতিচুর্ [moticʃur]

মোদক (ময়রা জাতিবিশেষ, পদবিবিশেষ) মোদোক্ [modòk]

মোদিত (প্রফুল্ল ; আনন্দিত) মোদিতো [moditò]

মোদের (আমাদের) মোদের্ [moder]

মোদ্দা (মোটমাট ; আসল) মোদ্দা [modda]

মোম (প্যারাফিন চর্বি প্রভৃতি দিয়ে প্রস্তুত পদার্থবিশেষ) মোম্ [mo:m] **মোমদানি** ~দানি [~dani] **মোমবাতি** ~বাতি [~bati]

মোয়া (বড় নাড়ুজাতীয় খাবার) মোআ [moa]

মোর (আমার) মোর্ [mo:r]

মোরগ (কুক্কট, cock) মোরোগ্[moròg] **মোরগফুল** (লাল ফুলবিশেষ) ~ফুল্ [~phul]

মোরচা, মোর্চা (জোট) মোর্চা [morcʃa]

মোরব্বা (চিনির রসে পাক করা ফল) মোরোব্বা [moròbba]

মোলাকাত (সাক্ষাৎ) মোলাকাৎ [molakat]

মোলায়েম (কোমল ও মসৃণ) মোলায়েম্/মোলাএম্ [molaem]

মোল্লা (মুসলমান পণ্ডিত) মোল্লা [molla]

মোসম্বি (লেবুবিশেষ) মোশোম্বি [moʃòmbi]

মোসাহেব (চাটুকার) মোশাহেব্ [moʃaɦeb]

মোহ (চিত্তের মূঢ়তা ; মুগ্ধতা) মোহো [moɦò] **মোহনিদ্রা** (মোহের বশে অচেতন অবস্থা) ~নিদ্‌দ্রা [~niddra] **মোহভঙ্গ** ~ভংগো [~bɦɔŋgò] **মোহমুদ্গর** (শংকরাচার্য-প্রণীত শ্লোকসমূহ) ~মুদ্গর্ [~mudgɔr]

মোহন (মুগ্ধকর) মোহোন্ [moɦòn]

মোহনভোগ (খাবারবিশেষ) মোহোন্‌ভোগ্ [moɦònbɦog]

মোহনা (নদী ও সমুদ্রের মিলনস্থল) মোহোনা [moɦòna]

মোহানা (মোহনা) মোহানা [moɦana]

মোহিত (মুগ্ধ) মোহিতো [moɦitò]

'মোহিত' মোহিৎ [moɦit]

মোহিনী (মুগ্ধকারিণী) মোহিনি [moɦini]

মোহ্যমান (আচ্ছন্ন) মোজ্‌ঝোমান্ [moɟɟʒɦòman]

মৌক্তিক (মুক্তা) মৌক্তিক্ [mouktik]

মৌখিক (বাচনিক, oral) মৌখিক্ [moŭkhik]

মৌচাক (মৌমাছির বাসা) মৌচাক্ [moŭcʃak]

মৌজ (নেশাগ্রস্ত অবস্থা) মৌজ্ [mouɟʒ]

মৌজা (গ্রাম বা গ্রামের সমষ্টি) মৌজা [moŭɟʒa]

মৌতাত (নেশা ; নেশার ইচ্ছা) মৌতাৎ [moŭtat]

মৌদ্গল্য (গোত্রবিশেষ) মৌদ্গোল্লো [moudgòllò]

মৌন (নীরবতা ; নীরব) মৌনো [moŭnò] **মৌনব্রত** ~ব্‌ব্রোতো [~bbròtò] **মৌনী** মৌনি [moŭni]

মৌমাছি (মধু-সংগ্রহকারী পতঙ্গবিশেষ, bee) মৌমাছি [moŭmacʃhi]

মৌরলা (ছোট মাছবিশেষ) মৌরোলা [moŭròla]

মৌরসি, মৌরসী (পৈতৃক) মৌরোশি [moŭròʃi]

মৌর্য (প্রাচীন ভারতীয় রাজবংশবিশেষ) মৌর্‌জো [mour(ɟ)ɟʒò]

মৌল (মূলসম্বন্ধীয় ; আদিম) মৌলো [moŭlò] **মৌলবাদী** ~বাদি [~badi]

মৌলবী (মুসলমান পণ্ডিত বা শিক্ষক) মৌলোবি [moŭlòbi]

মৌলানা (মুসলমান পণ্ডিত) মৌলানা [moŭlana]

মৌলি, মৌলী (মুকুট) মৌলি [moŭli]

মৌলিক (মৌল) মৌলিক্ [moŭlik] **মৌলিকতা** মৌলিকতা/মৌলিকোতা [moŭlikɔta/moŭlikòta]

মৌসুমি (বর্ষাকালীন ; মরসুমি) মৌশুমি [moŭʃumi]

ম্যাও, মেও (বিড়ালের ডাক) ম্যাও [mæŏ]

ম্যাগাজিন (সাময়িক পত্রিকা, magazine) ম্যাগাজিন্ [mægaɟʒin]

ম্যাজম্যাজ (জ্বরভাব) ম্যাজ্‌ম্যাজ্ [mæɟʒmæɟʒ]

ম্যাড়মেড়ে (মলিন) ম্যাড়্‌মেড়ে [mæɽmeɽe]

ম্যালেরিয়া (জ্বরবিশেষ) ম্যালেরিয়া [mæleria]

ম্রিয়মাণ (মৃতপ্রায় ; ম্লান) ম্রিয়োমান্ [mriòman]

ম্লান (স্তিমিত ; নিষ্প্রভ) ম্লান্ [mla:n] **ম্লানতা** ম্লানোতা [mlanòta]

ম্লেচ্ছ (অনার্য জাতি ; যবন) ম্লেচ্ছো [mleccʃhò]

ম্লেচ্ছাচার (কদাচার) ম্লেচ্ছাচার্ [mleccʃhacʃar]

য

য (বাংলাভাষার ষড়্‌বিংশ ব্যঞ্জনবর্ণ) জ [ɟʒɔ:]

যক (যক্ষ) জক্ [ɟʒɔ:k]

যকৃৎ (liver) জক্রিৎ [ɟʒɔ(k)krit]

যক্ষ (দেবযোনিবিশেষ ; যক) জোক্‌খো [ɟʒòkkhò] **যক্ষপুরী** ~পুরি [~puri]

যক্ষ্মা (ক্ষয়রোগবিশেষ) জক্‌খা [ɟʒɔkkha]

যখ (যক্ষ) জখ্ [ɟʒɔ:k(h)]

যখন (যে সময়, when). জখোন্ [ɟʒɔkhòn] **যখনকার** ~কার্ [~kar] **যখন-তখন** (যে কোনো সময়) ~তখোন্ [~tɔkhòn]

যজন (যজ্ঞ ; পূজা) জজোন্ [ɟʒɔɟʒòn]

যজমান (পুরোহিত) জজ্‌মান্ [ɟʒɔɟʒman]

যজমানি (পৌরোহিত্য ব্যবসায়) জজ্‌মানি [ɟʒɔɟʒmani]

যজুর্বেদ (যজুঃ নামক বেদ) জোজুর্‌বেদ্ [ɟʒòɟʒur(b)bed]

যজ্ঞ (যাগ ; পূজা-অনুষ্ঠানাদি) জোগ্‌গোঁ [ɟʒòggõ] **যজ্ঞবেদী** ~বেদি [~bedi] **যজ্ঞভূমি** ~ভুমি [~bɦumi] **যজ্ঞশালা** ~শালা [~ʃala] **যজ্ঞীয়** জোগ্‌গিঁয়ো [ɟʒòggĩò]

যজ্য (পূজ্য) জোজ্‌জো [ɟʒòɟɟʒò]

যৎ[১] (সংগীতের তালবিশেষ) জৎ [ɟʒɔ:t]

যৎ[২] (যা ; যে) জৎ [ɟʒɔ:t] **যৎকিঞ্চিৎ** (সামান্য কিছু) ~কিন্‌চিৎ [~kincʃit] **যৎপরোনাস্তি** (যার পর নাই ; অত্যধিক) ~পরোনাস্‌তি [~pɔronasti] **যৎসামান্য** (সামান্য কিছু) ~শামান্‌নো [~ʃamannò]

যত (যে-পরিমাণ) জতো [ɟʒɔtò] **যতকাল** ~কাল্ [~kal] **যতকিছু** ~কিছু [~kicʃhu] **যতক্ষণ** ~ক্‌খোন্ [~kkhòn] **যতখানি** ~খানি [~khani] **যতদিন** ~দিন্ [~din]

যতি (বিরাম) জোতি [ɟʒòti] **যতিচিহ্ন** ~চিন্‌নহো [~cʃinnɦò]

যতেক (যতটা) জতেক্ [ɟʒɔtek]

যত্ন (মনোযোগ ; আগ্রহ ও পরিশ্রমসহকারে চেষ্টা ; সেবা) জৎনো [ɟʒɔtnò] **যত্নআত্তি** (আদর, খাতির) ~আৎতি [~atti] **যত্নপূর্বক** ~পুর্‌বক্ [~pur(b)bɔk] **যত্নবান, যত্নবান্** ~বান্ [~ban] **যত্নশীল** ~শিল্ [~ʃil]

যত্র (যেখানে) জৎত্রো [ɟʒɔttrò] **যত্রতত্র** ~তৎত্রো [~tɔttrò]

যথা (যেমন) জথা [ɟʒɔtha] **যথাকর্তব্য** (কর্তব্য অনুযায়ী) ~কর্‌তোব্‌বো/~কোর্‌তোব্‌বো [~kor(t)tòbbò/~kòr(t)tòbbò] **যথাক্রমে** ক্‌ক্রোমে [~kkròme] **যথাতথা** ~তথা [~tɔtha] **যথাপূর্বং** (আগের মতোই) ~পুর্‌বং/~পুর্‌বোং [~pur(b)bɔŋ/~pur(b)bòŋ] **যথাবিধি** (নিয়ম অনুসারে) ~বিধি [~bidɦi] **যথাবিহিত** ~বিহিতো [~biɦitò] **যথাযথ** (নির্ভুল, ঠিকঠিক) ~জথো [~ɟʒɔthò] **যথারীতি** ~রিতি [~riti] **যথাশক্তি** ~শোক্‌তি [~ʃòkti] **যথাসাধ্য** ~শাদ্‌ধো [~ʃaddɦò] **যথাস্থান** ~স্‌থান্ [~sthan]

যথার্থ (প্রকৃত) জথার্‌থো [ɟʒɔthar(t)thò]

যথেচ্ছ (যেমন ইচ্ছা তেমন) জথেচ্‌ছো [ɟʒɔthecc∫hò] **যথেচ্ছাচার** (স্বেচ্ছাচার, খুশিমতো আচরণ) জথেচ্‌ছাচার্ [ɟʒɔthecc∫hac∫ar]

যথেষ্ট (প্রচুর) জথেষ্‌টো [ɟʒɔtheʃṭò]

যথোচিত (যেমন উচিত) জথোচিতো [ɟʒɔthoc∫itò]

যথোপযুক্ত (যেমন উচিত) জথোপোজুক্‌তো [ɟʒɔtho pòɟʒuktò]

যদবধি (যে-পর্যন্ত) জদোবোধি [ɟʒɔdòbòdɦi]

যদি (কারণ সম্ভাবনা প্রভৃতি সূচক অব্যয়বিশেষ ; if) জোদি [ɟʒòdi]

যদিচ (সত্ত্বেও) জোদিচো [ɟʒòdic∫ò]

'যদু' (রাজা যযাতির পুত্রবিশেষ) জোদু [ɟʒòdu] **যদুকুল** (শ্রীকৃষ্ণের বংশ) ~কুল্ [~kul] **যদুনাথ** ~নাথ্ [~nat(h)] **যদুপতি** (শ্রীকৃষ্ণ) ~পোতি [~pòti]

